Ⓑ Explanation বাক্যটিতে would দ্বারা ইচ্ছা প্রকাশ পেয়েছে।

**12. The Bangladesh Cricket team — with a victory against England.**
Ⓐ bounced up Ⓑ bounced back Ⓒ sprang up Ⓓ turned up
Ⓑ Explanation 'Bounced back' একটি phrasal verb অর্থ-'দীর্ঘমেয়াদী ব্যর্থতার পরে সফলতার শুরু'।

**13. A person who studies the development of language is a —**
Ⓐ philatelist Ⓑ philanthropist
Ⓒ pharmacologist Ⓓ philologist
Ⓓ Explanation ভাষা বিজ্ঞানের উন্নতিতে যারা কাজ করে তাদের philologist বলে।

**14. Which of the following sentence is correct?**
Ⓐ The boat sinking in the Padma Ⓑ The boat sank in the Padma
Ⓒ The boat sunk in the Padma Ⓓ The boat sink in the Padma
Ⓑ Explanation Sink in- ডুবে যাওয়া, এখানে past form 'sank in' হয়েছে।

**15. Her grades this semester are excellent. She — worked hard. Which of the following is most appropriate to fill in the blank?**
Ⓐ will Ⓑ must have Ⓒ must Ⓓ could have
Ⓑ Explanation বর্তমানের কোন ফলাফল দ্বারা অতীতের কোন কার্যকে বোঝাতে বাক্যটিতে must have + $v^3$ - rules ব্যবহৃত হয়েছে।

**16. Which of the following sentence is correct?**
Ⓐ I saw them play soccer in the field
Ⓑ I saw them to playing soccer in the field
Ⓒ I saw them playing soccer in the field
Ⓓ I saw they were playing soccer in the field
Ⓒ Explanation একটি sentence -এ দুটি verb থাকলে পরের verb টিতে 'ing' যুক্ত হয়।

**17. I had to run to — the rickshaw.**
Ⓐ keep up Ⓑ keep with Ⓒ keep up with Ⓓ keep on
Ⓒ Explanation 'Keep up with' - তাল মিলিয়ে চলা [বিশেষ করে গতির ক্ষেত্রে]।

**18. Which of the following pairs best represents the relationship expressed in the given pair?**
**EXHAUSTING : REJUVENATING**
Ⓐ pitiful : miserable Ⓑ cruel : ruthless
Ⓒ disturbing : soothing Ⓓ vexing : irritating
Ⓒ Explanation Exhausting (নিঃশেষ করে ফেলা) : Rejuvenating (পুনর্যৌবন সঞ্চার করা) এবং disturbing (বিরক্ত করা) : Soothing (শান্ত করা) জোড়া শব্দগুলো পরস্পর বিপরীত।



CS CamScanner

**19. There are four underlined sections in the text. Which one is correct.**

Although non-renewable resources eventually returns to the earth after we have used them, they do so in different forms and are dispersed, and so it is often difficult to gather them for use again. Mercury is an example of an uncommon metal that are used in industrial processes, and in agriculture to kill fungi.

Ⓐ returns Ⓑ them Ⓒ are Ⓓ Industrial

Ⓑ Explanation Passage টিতে resources এর verb হিসেবে return হবে, mercury এর verb হিসেবে that এর পর verb singular (is) হবে। অর্থাৎ, underlined word গুলোর মধ্যে দুটি সঠিক এবং দুটি ভুল।

**20. A person who writes plays is called a -----**

Ⓐ play-write Ⓑ play righter Ⓒ lay righter Ⓓ playwright

Ⓓ Explanation যারা নাটক লিখেন তাদেরকে নাট্যকার (playwright) বলে।

**21. Choose the correct spelling:**

Ⓐ Humourous Ⓑ Humourious
Ⓒ Humorious Ⓓ Humorous

Ⓓ Explanation Humorous- রসিকতাপূর্ণ।

**22. What would have happened if — ?**

Ⓐ the bridge is broken Ⓑ the bridge would break
Ⓒ the bridge had been broken Ⓓ the bridge had broken

Ⓓ Explanation Sentence টিতে 3rd conditional → If + past perfect + would have / could have / might have + $v_3$ হয়েছে।

**23. Choose the passive form of the statement : She does not like eating too much.**

Ⓐ She does not like to have eaten too much
Ⓑ Eating too much is not liked by her
Ⓒ Too much eating in not to be liked by her
Ⓓ Eating is not liked much too by her

Ⓑ Explanation বাক্যটিতে Present Indefinite এর passive হয়েছে।

**24. Choose the antonym of the word 'emancipate'**

Ⓐ free Ⓑ incarcerate Ⓒ enclave Ⓓ enslave

Ⓓ Explanation Emancipate (মুক্তি দেওয়া), এর বিপরীত শব্দ enslave (দাসত্ব / অধীনে রাখা)।

## বাংলা

**01. 'সোনার বাংলা' কোন সমাসের উদাহরণ?**

Ⓐ অলুক তৎপুরুষ Ⓑ অলুক কর্মধারয়
Ⓒ উপমান কর্মধারয় Ⓓ উপমিত কর্মধারয়

Ⓐ Solve যে তৎপুরুষ সমাসে পূর্বপদের বিভক্তি লোপ হয় না, তাকে অলুক তৎপুরুষ সমাস বলে। যেমন : সোনার বাংলা = সোনার-বাংলা।

**02. 'লোকটি দরিদ্র হলেও সৎ'- বাক্যটির যৌগিক রূপ কী?**

Ⓐ লোকটি দরিদ্র এবং সৎ Ⓑ লোকটি দরিদ্র কিন্তু সৎ
Ⓒ লোকটি যদিও দরিদ্র তবুও সৎ Ⓓ যদিও লোকটি দরিদ্র বটে তথাপি সৎ

Ⓑ Solve কয়েকটি বাক্য রূপান্তর :

| সরল বাক্য | যৌগিক বাক্য |
|---|---|
| তার বয়স হলেও বুদ্ধি হয়নি। | তার বয়স হয়েছে, কিন্তু বুদ্ধি হয়নি। |
| সে পরিশ্রমী হলেও নির্বোধ। | সে পরিশ্রমী বটে, কিন্তু নির্বোধ। |

**03. 'সৃষ্টি করার ইচ্ছা'- এর বাক্য সংকোচন কোনটি?**

Ⓐ সৃষ্টিশীল Ⓑ সিসৃক্ষা Ⓒ সৃজনশীল Ⓓ দিদৃক্ষা

Ⓑ Solve গুরুত্বপূর্ণ বাক্য সংকোচন : স্ত্রীর সঙ্গে বর্তমান = সস্ত্রীক, সর্বজনের হিতকর = সর্বজনীন, সমতার ভাব = সাম্য, সভার সদস্য = সভ্য।

**04. 'দুগ্ধ' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি?**

Ⓐ √দুক + ত Ⓑ √দুক্ + ধ Ⓒ √দুহ্ + ক্ত Ⓓ √দুহ্ + ধ

Ⓒ Solve সংস্কৃত কৃৎপ্রত্যয় যোগে গঠিত শব্দ : √ভুজ্ + ক্ত = ভুক্ত, √ছিদ্ + ক্ত = ছিন্ন, √যুধ্ + ক্ত = যুদ্ধ, √সৃজ্ + ক্ত = সৃষ্ট, √হন্ + ক্ত = হত, √গম্ + ক্ত = গত।

**05. 'জলধি' কী ধরনের শব্দ?**

Ⓐ যোগরূঢ় Ⓑ রূঢ়ি Ⓒ যৌগিক Ⓓ প্রতিশব্দ

Ⓐ Solve সমাসনিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদের যোগরূঢ় শব্দ বলে। যেমন : জলধি 'জল ধারণ করে' এমন অর্থ পরিত্যাগ করে একমাত্র 'সমুদ্র' অর্থেই ব্যবহৃত হয়। এরূপ : পঙ্কজ, রাজপুত, মহাযাত্রা।

**06. 'লঙ্কার কলঙ্ক আজি ভঞ্জিব আহবে'- 'আহবে' শব্দের অর্থ-**

Ⓐ আসিবে Ⓑ দেবতার নাম Ⓒ যুদ্ধে Ⓓ সশব্দে

Ⓒ Solve চরণটি মাইকেল মধুসূদন দত্ত কর্তৃক রচিত 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতা থেকে নেওয়া হয়েছে। এখানে 'ভঞ্জিব' শব্দের অর্থ : বিনষ্ট/দূরীভূত করা।

**07. 'গড্ডল' শব্দের সমার্থক শব্দ কোনটি?**

Ⓐ ছাগল Ⓑ ভেড়া Ⓒ গরু Ⓓ মহিষ

Ⓑ Solve 'গড্ডল'-এর সমার্থক শব্দ : ভেড়া, মেষ, গাড়ল, দুম্বা, গাড়র।

**08. বিশালাক্ষী দিয়েছিল বর- এ 'বিশালাক্ষী' কে?**

Ⓐ বারুণী Ⓑ শঙ্খমালা Ⓒ দুর্গা Ⓓ রাধা

Ⓒ Solve জীবনানন্দ দাশ তাঁর 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় বলেছেন, '-বিশালাক্ষী দিয়েছিল বর,/ তাই-সে-জন্মেছে নীল বাংলার ঘাস আর ধানের ভিতর।' কবি বিশালাক্ষী বলতে দেবী দুর্গাকে বুঝিয়েছেন। উল্লেখ্য, 'বিশাল অক্ষি যার = বিশালাক্ষী'- বহুব্রীহি সমাস। 'বিশালাক্ষী' দ্বারা আয়তলোচনা দেবী দুর্গাকে বোঝায়।

**09. 'চিড়িয়াখানা' শব্দটির উৎস ভাষা-**

Ⓐ হিন্দি Ⓑ ফারসি Ⓒ হিন্দি ও ফারসি Ⓓ তুর্কি ও হিন্দি

Ⓒ Solve 'চিড়িয়াখানা' মিশ্র শব্দ। চিড়িয়া + খানা (হিন্দি + ফারসি)।

**10. 'নিরাকরণ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?**

Ⓐ নিঃ + আকরণ Ⓑ নির + আকরণ Ⓒ নিঃ + করণ Ⓓ নিরা + করণ

Ⓐ Solve গুরুত্বপূর্ণ বিসর্গ সন্ধি : ধনুঃ + বিদ্যা = ধনুর্বিদ্যা, সদ্যঃ + জাত = সদ্যোজাত, নিঃ + রস = নীরস, মনঃ + হর = মনোহর, নিঃ + আকার = নিরাকার।

**11. 'বিমুগ্ধ' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে গঠিত হয়েছে?**

Ⓐ প্রত্যয়যোগে Ⓑ সমাসযোগে Ⓒ উপসর্গযোগে Ⓓ সন্ধিযোগে

Ⓒ Solve বিশেষ অর্থে ব্যবহৃত 'বি' উপসর্গযোগে গঠিত কয়েকটি শব্দ : বিদগ্ধ, বিশুদ্ধ, বিধৃত, বিজ্ঞান, বিচিত্র, বিজ্ঞ, বিশুষ্ক।

**12. 'অগ্নিমান্দ্য' শব্দটির অর্থ-**

Ⓐ দিবারাত্রি Ⓑ জীর্ণতা Ⓒ অজীর্ণতা Ⓓ পাকস্থলীর রোগ

Ⓒ Solve 'অগ্নিমান্দ্য' শব্দের অর্থ : পরিপাক শক্তি হ্রাস, অজীর্ণ রোগ। 'অজীর্ণ' শব্দের অর্থ : অপরিপাকজনিত উদরের রোগ বিশেষ। হজম হয় না এমন।

**13. 'বান্ধব' শব্দের প্রকৃতি ও প্রত্যয়-**

Ⓐ বন্ধ + অ Ⓑ বন্ধ + ষ্ণ Ⓒ বন্ধু + অ Ⓓ বন্ধু + ব্য

Ⓒ Solve সংস্কৃত তদ্ধিত প্রত্যয় যোগে গঠিত শব্দ : মধুর + ষ্ণ = মাধুর্য, সুভগ + ষ্ণ্য = সৌভাগ্য, লঘু + ষ্ণ = লাঘব, শিশু + ষ্ণ = শৈশব, সভা + য = সভ্য।

**14. 'কুঞ্জর' এর সমার্থ শব্দ কোনটি?**

Ⓐ রমণী Ⓑ অক্ষি Ⓒ হাতি Ⓓ কোকিল

Ⓒ Solve 'কুঞ্জর'-এর সমার্থক শব্দ : হাতি, করী, গজ, মাতঙ্গ, হস্তী, রদনী, দ্বিপ।

**15. প্রয়োগের অর্থ বিবেচনায় নিচের কোন শব্দটি শুদ্ধ?**

Ⓐ সুস্বাস্থ্য Ⓑ স্বাগত Ⓒ সচিত্রিত Ⓓ শ্রেষ্ঠতম

Ⓑ Solve সন্ধির নিয়ম অনুযায়ী 'সু + আগত = স্বাগত' শুদ্ধ শব্দ। সুস্বাস্থ্য, সচিত্রিত, শ্রেষ্ঠতম শব্দ তিনটির শুদ্ধ রূপ : স্বাস্থ্য, চিত্রিত, শ্রেষ্ঠ।



CamScanner

16. সম্বন্ধ পদে কোন বিভক্তি যুক্ত হয়ে থাকে?
Ⓐ 'য' বা 'তে'/য়　Ⓑ 'এ' বা 'এতে'/এ
Ⓒ 'র' বা 'এর'/র　Ⓓ 'থেকে' বা 'চেয়ে'/ক
Ⓒ Solve ক্রিয়াপদের সঙ্গে সম্পর্ক না রেখে যে নামপদ বাক্যস্থিত অন্য পদের সঙ্গে সম্পর্কযুক্ত হয়, তাকে সম্বন্ধ পদ বলে। সম্বন্ধ পদে 'র' বা 'এর/র' বিভক্তি যুক্ত হয়ে থাকে। যেমন : মতিনের (মতিন + এর) ভাই বাড়ি যাবে।

17. কোন বানানটি শুদ্ধ?
Ⓐ মুহর্মুহ　Ⓑ মুর্হুমুহু　Ⓒ মুহর্মূহ　Ⓓ মুহুর্মুহু
Ⓓ Solve বানান সতর্কতা : মুহুর্মুহু, মরূদ্যান, মনঃকষ্ট, মধ্যাহ্ন, মরীচিকা, মাহাত্ম্য, মহাশ্বেতা।

18. 'দেখে যেন মনে হয় চিনি উহারে।' পঙ্‌ক্তির 'যেন' কোন পদ?
Ⓐ সংযোজক অব্যয়　Ⓑ পদান্বয়ী অব্যয়
Ⓒ অনন্বয়ী অব্যয়　Ⓓ ভাব বিশেষণ
Ⓐ Solve যে, যদি, যদিও, যেন প্রভৃতি কয়েকটি শব্দ সংযোজক অব্যয়ের কাজ করে থাকে। যেমন : এভাবে চেষ্টা করবে যেন কৃতকার্য হতে পারো।

19. 'ণ'-ত্ব বিধি অনুসারে কোন শব্দগুচ্ছ অশুদ্ধ?
Ⓐ পুরোণো, ধরণ　Ⓑ ধারণা, ঝরনা
Ⓒ বরণীয়, মানবীয়　Ⓓ রূপায়ণ, প্রণয়ন
Ⓐ Solve কতিপয় শুদ্ধ বানান : ধরন, পুরোনো, প্রোজ্জ্বল, পল্লি, পাণিনি, বৈদগ্ধ্য, শ্রদ্ধাঞ্জলি, ষাণ্মাসিক, শুশ্রূষা, স্বাচ্ছন্দ্য, স্বায়ত্তশাসন, হৃৎপিণ্ড।

20. কোনটি একাক্ষর শব্দ?
Ⓐ মামা　Ⓑ বোন
Ⓒ বাবা　Ⓓ খালা
Ⓑ Solve নিঃশ্বাসের স্বল্পতম প্রয়াসে উচ্চারিত ধ্বনিকে অক্ষর বলে। অক্ষর দুই প্রকার– মুক্তাক্ষর ও বদ্ধাক্ষর। বোন (বোন্) একাক্ষর শব্দ। অপরদিকে, মামা (মা মা), বাবা (বা বা), খালা (খা লা)– শব্দ তিনটি দুই অক্ষরবিশিষ্ট শব্দ।

21. কোনটি বাক্যের গুণ নয়?
Ⓐ আকাঙ্ক্ষা　Ⓑ আসক্তি　Ⓒ যোগ্যতা　Ⓓ আসত্তি
Ⓑ Solve একটি আদর্শ বাক্যে তিনটি গুণ থাকা আবশ্যক। যথা : আকাঙ্ক্ষা, আসত্তি, যোগ্যতা।

22. কোনটি স্পৃষ্ট ব্যঞ্জন?
Ⓐ ম　Ⓑ ল　Ⓒ শ　Ⓓ হ
Ⓐ Solve বাংলা ব্যঞ্জনবর্ণের ক-ম পর্যন্ত ২৫টি বর্ণকে স্পর্শ বা স্পৃষ্ট ব্যঞ্জনবর্ণ বলা হয়।

23. 'চাষার দুক্ষু' প্রবন্ধে রোকেয়া সাখাওয়াত হোসেন সভ্যতার যে নেতিবাচক দিকগুলো উল্লেখ করেছেন তা হলো-
Ⓐ যন্ত্রনির্ভরতা ও আলস্য　Ⓑ অনুকরণপ্রিয়তা ও বিলাসিতা
Ⓒ দারিদ্র্য ও দুর্ভোগ　Ⓓ কুটির শিল্পের বিলোপ ও আলস্য
Ⓑ Solve বিলাসিতার বিষে জর্জরিত সমাজকে অনুকরণপ্রিয়তা নামক ভূত বিপর্যস্ত করেছে। তাই রোকেয়া সাখাওয়াত হোসেন কৃষকদের দারিদ্র্যের জন্য সভ্যতার নামে এক শ্রেণির মানুষের বিলাসিতাকে দায়ী করেছেন।

24. 'যেমনি ঝড়ের মতো এসেছিল, তেমনি ঝড়ের মতোই উধাও হয়ে যায়।' কোন রচনায় এ ঝড়ের প্রসঙ্গ আছে?
Ⓐ অপরিচিতা　Ⓑ একটি তুলসী গাছের কাহিনী
Ⓒ আমার পথ　Ⓓ বায়ান্নর দিনগুলো
Ⓑ Solve সৈয়দ ওয়ালীউল্লাহর 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পটি সাতচল্লিশের দেশভাগের প্রেক্ষাপটে রচিত। গল্পে দেশভাগের অব্যবহিত পরেই ঢাকার একটি পরিত্যক্ত বাড়ি দখল করে কলকাতা থেকে আগত কয়েকজন উদ্বাস্তু কর্মচারীর কথা বলা হয়েছে। যারা মাত্র দশ দিন পরেই সদলবলে সেই বাড়িটি ত্যাগ করে চলে যায়। গল্পের বর্ণনামতে, "যেমনি ঝড়ের মতো এসেছিল, তেমনি ঝড়ের মতোই উধাও হয়ে যায়।"

## সাধারণ জ্ঞান [বাংলাদেশ বিষয়াবলী]

01. 'মাৎস্যন্যায়' ধারণাটি কিসের সাথে সম্পর্কিত?
Ⓐ মাছবাজার　Ⓑ ন্যায় বিচার　Ⓒ মাছ ধরার কৌশল　Ⓓ আইন-শৃঙ্খলাহীন
Ⓓ Solve 'মাৎস্যন্যায়' বলতে চরম অরাজকতাপূর্ণ অবস্থাকে বোঝায়, 'মাৎস্যন্যায়' যুগ চলছিল পাল যুগের আগে ৭ম ও ৮ম শতাব্দীতে (রাজা শশাঙ্কের মৃত্যুর পর)।

02. 'আমার সোনার বাংলা' গানের কটি লাইন বাংলাদেশের জাতীয় সংগীত হিসেবে নেয়া হয়েছে?
Ⓐ প্রথম আটটি　Ⓑ প্রথম নয়টি　Ⓒ প্রথম দশটি　Ⓓ প্রথম বারোটি
Ⓒ Solve জাতীয় সংগীত সর্বপ্রথম প্রকাশিত হয় বঙ্গদর্শন পত্রিকায় ১৯০৫ সালে। ১৯০৫ সালে বঙ্গভঙ্গের প্রেক্ষাপটে এটি রচিত হয়। 'আমার সোনার বাংলা' রবীন্দ্রনাথ ঠাকুরের গীতবিতান কাব্যের স্বরবিতান এর অন্তর্ভুক্ত। সংবিধানের ৪(১) অনুচ্ছেদে জাতীয় সংগীতের কথা বর্ণিত আছে।

03. ভারতের সাথে বাংলাদেশের সীমান্ত জেলা কয়টি?
Ⓐ ৩২　Ⓑ ২৮　Ⓒ ৩০　Ⓓ ৩৫
Ⓒ Solve বাংলাদেশের সাথে সীমান্ত সংযোগ রয়েছে ভারত ও মিয়ানমারের সাথে। মোট সীমান্তবর্তী জেলা ৩২টি। ভারতের সাথে ৩০টি জেলা এবং মিয়ানমারের সাথে ৩টি জেলার (রাঙ্গামাটি, বান্দরবান এবং কক্সবাজার) সীমান্ত সংযোগ রয়েছে। কেবল রাঙ্গামাটি জেলার সাথে উভয় দেশের সংযোগ রয়েছে।

04. বঙ্গ নামের প্রথম উল্লেখ পাওয়া যায় কোন প্রাচীন গ্রন্থে?
Ⓐ ঐতরেয় ব্রাহ্মণ　Ⓑ ঋগ্বেদ　Ⓒ মৎস্যপুরাণ　Ⓓ ঐতরেয় আরণ্যক
Ⓓ Solve সর্বপ্রথম 'বঙ্গ' শব্দটি পাওয়া যায় ৩০০০ বছর পূর্বের ঋগ্বেদের ঐতরেয় আরণ্যক গ্রন্থে।

05. নির্মাণাধীন পদ্মা সেতুর দৈর্ঘ্য কত কিলোমিটার?
Ⓐ ৬.১৫ কি.মি.　Ⓑ ৬.৩০ কি.মি.　Ⓒ ৬.০৫ কি.মি　Ⓓ ৫.০৩ কি.মি
Ⓐ Solve পদ্মাসেতুবিষয়ক গুরুত্বপূর্ণ তথ্য :

| | |
|---|---|
| সেতুর দৈর্ঘ্য | ৬.১৫ কিমি |
| সেতুর প্রস্থ | ১৮.১০ মিটার |
| মূল সেতুর স্প্যান | ৪১টি |
| পিলার সংখ্যা | ৪২টি (নদীতে ৪০টি) |
| নির্মাণকারী প্রতিষ্ঠান | চীনা কোম্পানি চায়না মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং কোম্পানি লিমিটেড। |
| অবস্থান | মাওয়া (মুন্সিগঞ্জ)-জাজিরা (শরীয়তপুর) |

06. 'বাংলাদেশ স্কয়ার' কোন দেশে অবস্থিত?
Ⓐ ইতালি　Ⓑ ভারত　Ⓒ ইরান　Ⓓ লাইবেরিয়া
Ⓓ Solve ২০০৮ সালে বাংলাদেশি শান্তিরক্ষীরা "বাংলাদেশ স্কয়ার" নামে একটি অবসর কাটামোর জন্য শিক্ষামূলক স্থাপনা নির্মাণ করেন। এটি দক্ষিণ আফ্রিকা মহাদেশের লাইবেরিয়া দেশে অবস্থিত।

07. "সোয়াচ অব নো গ্রাউন্ড" কোথায় অবস্থিত?
Ⓐ যমুনা নদীতে　Ⓑ বঙ্গোপসাগরে　Ⓒ মেঘনার মোহনায়　Ⓓ ভারত সাগরে
Ⓑ Solve বঙ্গোপসাগরের একটি খাদের নাম 'সোয়াচ অব নো গ্রাউন্ড'। সোয়াচ অব নো গ্রাউন্ড গঙ্গা খাত (Ganga Trough) নামেও পরিচিত।

08. বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির একমাত্র মহিলা সদস্য ছিলেন?
Ⓐ বেগম মতিয়া চৌধুরী　Ⓑ আমেনা বেগম
Ⓒ বেগম রাজিয়া বানু　Ⓓ সাজেদা চৌধুরী
Ⓒ Solve বাংলাদেশের সংবিধানের রূপকার ড. কামাল হোসেন। বাংলাদেশ সংবিধান রচনা কমিটির সদস্য ছিলেন ৩৪জন। কমিটির একমাত্র বিরোধী দলীয় সদস্য সুরঞ্জিত সেনগুপ্ত (ন্যাপ)।

09. বাংলাদেশের কোন অঞ্চলকে 'রূপসী বাংলা' বলে ঘোষণা করা হয়েছে?
Ⓐ বরেন্দ্র জাদুঘর এলাকাকে　Ⓑ সোনারগাঁওয়ের জাদুঘর এলাকাকে
Ⓒ নেত্রকোণার বিরিশিরি অঞ্চলকে　Ⓓ ফেনীর মহুরী প্রজেক্ট এলাকাকে
Ⓑ Solve সোনারগাঁও জাদুঘর এলাকার বর্তমান নাম জয়নুল লোক ও কারুশিল্প জাদুঘর। ১৯৭৫ সালে শিল্পাচার্য জয়নুল আবেদিন এটি প্রতিষ্ঠা করেন।



CamScanner

10. জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?
Ⓐ ঢাকা Ⓑ চট্টগ্রাম Ⓒ সন্দ্বীপ Ⓓ কক্সবাজার

Ⓓ Solve বিভিন্ন প্রতিষ্ঠান ও অবস্থান :

| প্রতিষ্ঠান | অবস্থান |
|---|---|
| জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট | কক্সবাজার |
| সমুদ্রবিদ্যা ইনস্টিটিউট | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় |
| নগর গবেষণা কেন্দ্র | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| পোস্টাল একাডেমি | রাজশাহী |

11. বাংলাদেশের দ্বিতীয় সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং স্টেশন কোথায়?
Ⓐ কুয়াকাটা (পটুয়াখালী) Ⓑ ঝিলংঝা (কক্সবাজার)
Ⓒ পারকি (চট্টগ্রাম) Ⓓ হাতিয়া (নোয়াখালী)

Ⓐ Solve বাংলাদেশ প্রথম সাবমেরিন ক্যাবলে যোগদান করে South East Asia-Middle East-West Europe 4 (SEA-ME-WE4) কনসোর্টিয়ামের মাধ্যমে। এর ল্যান্ডিং স্টেশন কক্সবাজারের ঝিলংজায় অবস্থিত। দেশের দ্বিতীয় সাবমেরিন ক্যাবল SEA-ME-WE5। এর ল্যান্ডিং স্টেশন পটুয়াখালীর কলাপাড়ায়।

12. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে চরমপত্র পাঠ করতেন?
Ⓐ আব্দুল গাফফার চৌধুরী Ⓑ বেলাল চৌধুরী
Ⓒ এম আর আখতার মুকুল Ⓓ দেবদুলাল বন্দোপাধ্যায়

Ⓒ Solve স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের প্রচারিত প্রধান দুইটি অনুষ্ঠান ছিল 'চরমপত্র' এবং 'জল্লাদের দরবার'। "জল্লাদের দরবার" লেখক : কল্যাণ মিত্র, ভয়েস : রাজু আহমেদ এবং নারায়ণ ঘোষ।

13. বাংলাদেশ প্রথম কবে বিশ্বকাপ ক্রিকেটে অংশ নেয়?
Ⓐ ১৯৯২ সালে Ⓑ ১৯৯৯ সালে Ⓒ ১৯৯৬ সালে Ⓓ ১৯৯৮ সালে

Ⓑ Solve বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশের অভিষেক হয় ১৯৯৯ সালে ইংল্যান্ডে অনুষ্ঠিত ৭ম বিশ্বকাপ ক্রিকেটে। বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশ জাতীয় দলের প্রথম অধিনায়ক ছিলেন আমিনুল ইসলাম বুলবুল। বিশ্বকাপে বাংলাদেশ প্রথম ম্যাচ খেলে নিউজিল্যান্ডের বিপক্ষে (১৭ মে ১৯৯৯ সালে)।

14. কোন সালে বাংলাদেশ সরকার বীরাঙ্গনাদের মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি প্রদান করে?
Ⓐ ২০১৫ Ⓑ ২০১৬ Ⓒ ২০১৪ Ⓓ ২০১২

Ⓐ Solve ২০১৫ সালে বাংলাদেশ সরকার প্রথম ৪১জন বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি প্রদান করে গেজেট প্রকাশ করে।

15. দেশের প্রথম উপগ্রহ 'বঙ্গবন্ধু-১' এর উৎক্ষেপণের সম্ভাব্য তারিখ কবে?
Ⓐ ১৬ ডিসেম্বর ২০১৬ Ⓑ ২৬ মার্চ ২০১৭
Ⓒ ১৬ ডিসেম্বর ২০১৭ Ⓓ ১০ জানুয়ারি ২০১৭

Blank Solve বাংলাদেশের প্রথম যোগাযোগ উপগ্রহ বঙ্গবন্ধু-১ উৎক্ষেপণ ও রক্ষণাবেক্ষণ করবে ফ্রান্সের থ্যালেস এলেনিয়া স্পেস কোম্পানি। ২০১৮ সালের ১২মে কেপ কেনেডি স্পেস সেন্টার স্যাটেলাইটটি উৎক্ষেপণ করা হয়। স্যাটেলাইটটির জীবনকাল ধরা হয়েছে ১৫ বছর। ৫৭তম দেশে হিসেবে নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণ করে বাংলাদেশ। ৯ নভেম্বর ২০১৮ বাংলাদেশ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মালিকানা বুঝে নেয়।

16. 'আইনের দৃষ্টিতে সবাই সমান'- সংবিধানের কোন অনুচ্ছেদের অন্তর্ভুক্ত?
Ⓐ ২৭ Ⓑ ২৮ Ⓒ ২৯ Ⓓ ৩০

Ⓐ Solve বাংলাদেশের সংবিধান ১৯৭২ সালের ৪ নভেম্বর গৃহীত হয় এবং ঐ বছরের ১৬ ডিসেম্বর তা কার্যকর হয়। এ সংবিধানের ১১টি ভাগ, ১৫৩ টি অনুচ্ছেদ এবং ৭টি তফসিল রয়েছে।

17. পায়রা সমুদ্র বন্দর কোন নদীর মোহনায়?
Ⓐ পায়রা Ⓑ কির্তোনখোলা Ⓒ রামনাবাদ নদী Ⓓ বিষখালী

Ⓒ Solve বাংলাদেশের তৃতীয় সমুদ্রবন্দর পায়রা সমুদ্রবন্দর। এটি পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার টিয়াখালী ইউনিয়নের হাটবাড়িয়া এলাকায় অবস্থিত। এটি স্থাপন করা হয়েছে আন্দরমানিক নদের রামনাবাদ চ্যানেলে।

## আন্তর্জাতিক বিষয়াবলি

01. সুয়েজ খাল কোন দুই সাগরকে যুক্ত করেছে?
Ⓐ আরব সাগর ও পারস্য সাগর Ⓑ লোহিত সাগর ও ভূমধ্যসাগর
Ⓒ আরব সাগর ও ভূমধ্যসাগর Ⓓ আরব সাগর ও লোহিত সাগর

Ⓑ Solve ফরাসি ইঞ্জিনিয়ার ফার্ডিনান্ড-এর নেতৃত্বে ১৮৫৯ সালে খনন কাজ শুরু হয় এবং ১৮৬৯ সালে সমাপ্ত এবং উদ্বোধন করা হয়। ১৯৫৬ সালে মিসর এটিকে জাতীয়করণ করে। সুয়েজ খালের দুইপাশে পোর্ট সৈয়দ ও সুয়েজ বন্দর রয়েছে। সুয়েজকাল জাতীয়করণ করার কারণে ইসরাইল মিশরকে আক্রমণ করে ১৯৫৬ সালে।

02. বাংলাদেশি বংশোদ্ভূত রুশ জিমন্যাস্ট মার্গারিতা মামুন অলিম্পিকে কোন ইভেন্টে সোনা জয় করেন?
Ⓐ পোল ভোল্ট Ⓑ রিদমিক জিমন্যাস্টিক
Ⓒ ফ্লোর এক্সারসাইজ Ⓓ সিঙ্কোনাইজ ডাঙ্গিং

Ⓑ Solve রিও অলিম্পিকে স্বর্ণজয়ী বাংলাদেশি বংশোদ্ভূত রাশিয়ান জিমন্যাস্ট মার্গারিতা মামুন। তিনি রিদমিক জিমন্যাস্টিকে স্বর্ণপদক লাভ করেন। মার্গারিতা মামুনের পৈত্রিক নিবাস রাজশাহীতে। তিনি 'দ্য বেঙ্গল টাইগার'/'বাঙলার বাঘিনী' হিসেবে নামে পরিচিত।

03. নিম্নের নদীবিহীন দেশ কোনটি?
Ⓐ ইরাক Ⓑ সৌদি আরব
Ⓒ সিরিয়া Ⓓ মিসর

Ⓑ Solve সৌদি আরবের আয়তন ২,১৪৯,৬৯০ কি.মি হলেও আশ্চর্যের ব্যাপার দেশটিতে কোন নদী নাই। টাইগ্রিস ও ইউফ্রেটিস ইরাকের, নীলনদ মিশরের এবং ফোরাত সিরিয়ার উল্লেখযোগ্য নদী।

04. মোবাইল ফোনে ব্যবহৃত GPRS প্রযুক্তির পূর্ণরূপ কী?
Ⓐ General Packet Radio System
Ⓑ General Package Radio Service
Ⓒ Gross Packet Radio Service
Ⓓ General Packet Radio Service

Ⓓ Solve GPRS হলো General Packet Radio Service। মূলত এটি একটি তারবিহীন যোগাযোগব্যবস্থা, যার মধ্য দিয়ে তথ্য পাঠানোর গতি প্রতি সেকেন্ডে ৫৬ থেকে ১১৪ কিলোবাইট।

05. মেক্সিকো ও যুক্তরাষ্ট্র বিভক্তিকারী সীমারেখা কোনটি?
Ⓐ ডুরান্ড লাইন Ⓑ সনোরা লাইন
Ⓒ ম্যাকনামারা লাইন Ⓓ হিন্ডারবার্গ লাইন

Ⓑ Solve সীমারেখা বিষয়ক তথ্য :

| সীমারেখা | যেসব দেশের মধ্যে বিদ্যমান |
|---|---|
| হিন্ডারবার্গ লাইন | জার্মানি ও পোল্যান্ড |
| ম্যাকনামারা লাইন | উত্তর ও দক্ষিণ ভিয়েতনাম |
| ডুরান্ড লাইন | আফগানিস্তান ও পাকিস্তান |
| লাইন অব কন্ট্রোল | ভারত ও পাকিস্তান |

06. তীরন্দাজি কোন দেশের জাতীয় খেলা?
Ⓐ নেপাল Ⓑ চীন
Ⓒ মঙ্গোলিয়া Ⓓ ভুটান

Ⓓ Solve দেশ ও জাতীয় খেলা বিষয়ক তথ্য :

| দেশ | জাতীয় খেলা | দেশ | জাতীয় খেলা |
|---|---|---|---|
| চীন | টেবিল টেনিস | যুক্তরাষ্ট্র | বেসবল |
| মঙ্গোলিয়া | রেসলিং | নেপাল | ভলিবল |

07. হিলারী ক্লিনটন আমেরিকার কোন নির্বাচনী এলাকা থেকে সিনেটর নির্বাচিত হন?
Ⓐ নিউইয়র্ক Ⓑ মেক্সিকো
Ⓒ ফ্লোরিডা Ⓓ ম্যাসাচুসেট

Ans Ⓐ



CamScanner

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা : ২০১৫-১৬; ইউনিট: খ

### বাংলা

**01. 'ফুলদানি' শব্দের 'দানি'র ভাষিক নাম কী?**

Ⓐ শব্দ প্রত্যয় Ⓑ শব্দ Ⓒ শব্দধাতু Ⓓ শব্দবিভক্তি

**A Solve** শব্দের শেষে যে বর্ণ বা বর্ণসমষ্টি যুক্ত হয় তাকে তদ্ধিত প্রত্যয় বলে। একে শব্দ প্রত্যয়ও বলা যায়। 'দানি' প্রত্যয়যোগে গঠিত শব্দ : কলমদানি, আতরদানি, ফুলদানি, পানদানি ইত্যাদি।

**02. নিচের কোনটি বিশেষ্য?**

Ⓐ দরিদ্রতা Ⓑ দরিদ্র Ⓒ এক Ⓓ সমর্থ

**A Solve** কতিপয় বিশেষ্য পদ : সৌন্দর্য, সততা, বীরত্ব, স্বাস্থ্য, বায়ু, উল্লাস, ঔদ্ধত্য, প্রত্যয়।

**03. পাশাপাশি অবস্থিত এবং উচ্চারিত দুটি স্বরের যুক্তরূপকে বলা হয়-**

Ⓐ পরাশ্রয়ী স্বর Ⓑ অর্ধস্বর Ⓒ সন্ধ্যক্ষর Ⓓ যুক্তাক্ষর

**C Solve** সন্ধ্যক্ষরকে যৌগিক স্বর, দ্বিস্বর, সন্ধিস্বরও বলা হয়। যেমন : অ + ই = অই (বই)।

**04. অপপ্রয়োগের দৃষ্টান্ত কোনটি?**

Ⓐ বৃক্ষরাজি Ⓑ শৈবালদল Ⓒ সমৃদ্ধশালী Ⓓ উর্মিমালা

**C Solve** অপপ্রয়োগ ও প্রয়োগ :

| অপপ্রয়োগ | প্রয়োগ | অপপ্রয়োগ | প্রয়োগ |
|---|---|---|---|
| স্বরস্বতী | সরস্বতী | স্নেহাশীষ | স্নেহাশিস |
| সমৃদ্ধশালী | সমৃদ্ধিশালী/সমৃদ্ধ | স্বস্ত্রীক | সস্ত্রীক |

**05. জীবনানন্দ দাশের প্রবন্ধগ্রন্থ কোনটি?**

Ⓐ কবিতার কথা Ⓑ ধূসর পাণ্ডুলিপি
Ⓒ অগ্নিসাক্ষী Ⓓ অনেক সূর্যের আশা

**A Solve** রচনা সম্পর্কিত তথ্য :

| রচনা | ধরন | রচয়িতা |
|---|---|---|
| কবিতার কথা | প্রবন্ধগ্রন্থ | জীবনানন্দ দাশ |
| ধূসর পাণ্ডুলিপি | কাব্য | |
| অগ্নিসাক্ষী | জহিরুল ইসলাম | উপন্যাস |
| অনেক সূর্যের আশা | সরদার জয়েনউদ্দীন | উপন্যাস |

**06. 'দেখেশুনে রাস্তা পার হবে।' বাক্যে কোনটি ক্রিয়াবিশেষণ?**

Ⓐ দেখেশুনে Ⓑ পার Ⓒ হবে Ⓓ রাস্তা

**A Solve** কতিপয় ক্রিয়াবিশেষণের উদাহরণ : আস্তে বল। দ্রুত চল। পরে এসো। জোরে বাতাস বইছে।

**07. নিচের কোনটি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ছদ্মনাম?**

Ⓐ বীরবল Ⓑ অনিলা দেবী Ⓒ বনফুল Ⓓ যাযাবর

**B Solve** প্রকৃত নাম ও ছদ্মনাম :

| প্রকৃত নাম | ছদ্মনাম | প্রকৃত নাম | ছদ্মনাম |
|---|---|---|---|
| মধুসূদন মজুমদার | দৃষ্টিহীন | বলাইচাঁদ মুখোপাধ্যায় | বনফুল |
| সুনীল গঙ্গোপাধ্যায় | নীললোহিত | নারায়ণ গঙ্গোপাধ্যায় | সুনন্দ |

**08. কোন কবিতার জন্য কাজী নজরুল ইসলাম কারাদণ্ড ভোগ করেছিলেন?**

Ⓐ আনন্দময়ীর আগমনে Ⓑ বিদ্রোহী Ⓒ কাণ্ডারী হুঁশিয়ার Ⓓ অগ্রপথিক

**A Solve** কবি কাজী নজরুল ইসলামের নিষিদ্ধ গ্রন্থ : বিষের বাঁশি, ভাঙার গান, প্রলয় শিখা, যুগবাণী, চন্দ্রবিন্দু।

**09. 'আষাঢ় ও শ্রাবণ এ দুই মাস শরৎকাল' এ বাক্যে কোন ধরনের ভুল আছে?**

Ⓐ আকাঙ্ক্ষা Ⓑ যোগ্যতা Ⓒ আসত্তি Ⓓ গুরুচণ্ডালী

**B Solve** বাক্যে ব্যবহৃত পদগুলোর মধ্যে অর্থগত ও ভাবগত মিলকে যোগ্যতা বলে। শরৎকালের সঙ্গে উল্লিখিত দুই মাসের মিল নেই। তাই বাক্যটি যোগ্যতাহীন। বাক্যটি হবে- 'আষাঢ় ও শ্রাবণ এ দুই মাস বর্ষাকাল।'

**10. 'পানি' শব্দটি কোন ভাষা থেকে বাংলায় এসেছে?**

Ⓐ সংস্কৃত Ⓑ হিন্দি Ⓒ ফারসি Ⓓ আরবি

**B Solve** কতিপয় হিন্দি শব্দ : খান, ঠান্ডা, ঠেস, ঠোকর, টোনা, ফি... ঝোলা, কাকা।

**11. 'সাগর' শব্দের কোন প্রতিশব্দ জোড় ঠিক?**

Ⓐ সমুদ্র, স্রোতস্বিনী Ⓑ পাথার, অম্বু
Ⓒ সমুদ্র, বারিধি Ⓓ জলধি, জলাধার

**C Solve** 'সাগর'-এর প্রতিশব্দ : অর্ণব, পারাবার, নীলাম্বু, পয়োধি, উদধি, অম্বুনিধি।

**12. গদ্যশৈলী ছাড়াও প্রমথ চৌধুরী বিশিষ্টতা অর্জন করেছেন-**

Ⓐ মহাকাব্যে Ⓑ সনেটকার হিসেবে Ⓒ গানে Ⓓ চিত্রাঙ্কনে

**B Solve** বাংলা সাহিত্যে প্রমথ চৌধুরী ছিলেন চলিত গদ্যরীতির প্রবর্তক। তিনি পরিশীলিত বাগবৈদগ্ধ্যময় রম্যরচনায় সিদ্ধহস্ত ছিলেন। প্রমথ চৌধুরী গদ্যশৈলী ছাড়াও গল্পকার ও সনেটকার হিসেবেও বাংলা সাহিত্যে বিশিষ্টতা অর্জন করেছেন। তাঁর উল্লেখযোগ্য সনেটজাতীয় কাব্যগ্রন্থ 'সনেট পঞ্চাশৎ'।

**13. 'To count one's chickens before they hatch' এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ অনুবাদ নয় কোনটি?**

Ⓐ ঘোড়ার আগে গাড়ি জোতা Ⓑ গাছে কাঁঠাল গোঁফে তেল
Ⓒ কালনেমির লঙ্কাভাগ Ⓓ গাছে না উঠতেই এক কাঁদি **Ans Ⓐ**

**14. 'রাজযোটক' বাগ্‌ধারাটি ব্যবহৃত হয় কোন অর্থে?**

Ⓐ বিত্তবান Ⓑ অন্তঃসারশূন্য Ⓒ চমৎকার মিল Ⓓ পণ্ডশ্রম

**C Solve** কয়েকটি বাগ্‌ধারা : আদিখ্যেতা (ন্যাকামি); উড়ো কথা (গুজব); গাছপাথর (হিসাবনিকাশ); ঝড়ো কাক (বিপর্যস্ত অবস্থা)।

**15. কোনটি অর্ধ-তৎসম শব্দ?**

Ⓐ বছর Ⓑ কুৎসিত Ⓒ মিথ্যা Ⓓ প্রত্যয়

**A Solve** তৎসম ও অর্ধ-তৎসম শব্দ :

| তৎসম রূপ | অর্ধ-তৎসম রূপ | তৎসম রূপ | অর্ধ-তৎসম রূপ |
|---|---|---|---|
| কুৎসিত | কুচ্ছিত | বৎসর | বচ্ছর>বছর (তদ্ভব) |
| জ্যোৎস্না | জোছনা | গৃহিণী | গিন্নি |

**16. মার্টিনো কোন দেশের লেখক?**

Ⓐ নেদারল্যান্ডস্ Ⓑ পর্তুগাল
Ⓒ ইংল্যান্ড Ⓓ জার্মানি

**C Solve** রবীন্দ্রনাথ ঠাকুরের 'হৈমন্তী' নামক ছোটগল্পে মার্টিনো নামে একজন ইংরেজ লেখকের নাম উল্লেখ আছে।

**17. 'জীবন-বন্দনা' কবিতায় 'পৃথিবী' শব্দের বিশেষণ হিসেবে ব্যবহৃত হয়েছে নিচের কোনটি?**

Ⓐ চঞ্চলমতি Ⓑ ভীষণা Ⓒ পার্থিব Ⓓ উষর

**B Solve** কাজী নজরুল ইসলাম 'জীবন-বন্দনা' কবিতায় বলেছেন, "বন্য-শ্বাপদ-সঙ্কুল জরা-মৃত্যু-ভীষণা ধরা/যাদের শাসনে হলো সুন্দর কুসুমিতা মনোহরা।". কবি পৃথিবী বা ধরাকে হিংস্র মাংসাশী জীবজন্তুতে পরিপূর্ণ এবং বার্ধক্য ও মৃত্যু সমাকীর্ণ ভয়ংকর বা 'ভীষণা' পৃথিবী বলে বিশেষিত করেছেন।

**18. 'বিলাসী' গল্পে ব্যবহৃত 'কৃতবিদ্য' কোন ধরনের শব্দ?**

Ⓐ সমাসযোগে গঠিত শব্দ Ⓑ সন্ধিযোগে গঠিত শব্দ
Ⓒ প্রত্যয়নিষ্পন্ন শব্দ Ⓓ যোগরূঢ় শব্দ

**A Solve** 'কৃতবিদ্য' শব্দটি সমাসযোগে গঠিত হয়েছে। 'কৃতবিদ্য' বহুব্রীহি সমাসের উদাহরণ। এর ব্যাসবাক্য : কৃত হয়েছে বিদ্যা যার।

**19. 'মাতৃকোষে রতনের রাজি'- এখানে 'মাতৃকোষ' বলতে বোঝানো হয়েছে-**

Ⓐ ভারতকে Ⓑ বাংলা সাহিত্যকে
Ⓒ কোলকাতাকে Ⓓ জন্মভূমিকে

**D Solve** মাইকেল মধুসূদন দত্ত তাঁর 'বঙ্গভাষা' কবিতায় 'মাতৃকোষ' বলতে জন্মভূমিকে বুঝিয়েছেন। অপরদিকে 'কমল-কানন' দ্বারা বাংলা ভাষা বা বাংলা সাহিত্যকে বুঝিয়েছেন।



CamScanner

**20. রবীন্দ্রনাথের 'সোনার তরী' কবিতা কোন ছন্দে রচিত?**

Ⓐ মাত্রাবৃত্ত Ⓑ অক্ষরবৃত্ত Ⓒ মন্দাক্রান্তা Ⓓ স্বরবৃত্ত

**A Solve** রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কবিতাটি তাঁর 'সোনার তরী' কাব্যগ্রন্থের একই নামের কবিতা। কবিতাটি ৮ মাত্রার মাত্রাবৃত্ত ছন্দে রচিত।

**21. 'কলিমদ্দি দফাদার' গল্পে 'আগুইনা চিতা' কী?**

Ⓐ এক ধরনের ফলদ উদ্ভিদ Ⓑ এক ধরনের ওষুধ
Ⓒ এক ধরনের ভেষজ উদ্ভিদ Ⓓ এক ধরনের পশু

**C Solve** আবু জাফর শামসুদ্দীনের 'কলিমদ্দি দফাদার' গল্পে উল্লেখকৃত 'আগুইনা চিতা' হলো এক ধরনের ভেষজ উদ্ভিদবিশেষ।

**22. 'ফুরফুরে হাওয়ায় তার কণ্ঠ কাহিনীময় হয়ে উঠতো'। 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পে কার প্রসঙ্গে এ কথা বলা হয়েছে?**

Ⓐ কাদের Ⓑ মতিন Ⓒ মোদাব্বের Ⓓ সালেহ

**A Solve** সৈয়দ ওয়ালীউল্লাহ্ 'একটি তুলসী গাছের কাহিনী' ছোটগল্পে কাদের চরিত্র সম্পর্কে বলেছেন, "কাদের গল্প-প্রেমিক। ফুরফুরে হাওয়ায় তার কণ্ঠ কাহিনিময় হয়ে উঠতো।"

**23. 'তুমি আমার পূর্ব বাংলা —।' শূন্যস্থানে বসবে-**

Ⓐ পুলকিত সচ্ছলতায়, প্রগাঢ় নিকুঞ্জ
Ⓑ পুলকিত সচ্ছলতা, সিক্ত নীলাম্বরী
Ⓒ পুলকিত সচ্ছলতা, একটি প্রগাঢ় নিকুঞ্জ
Ⓓ পুলকিত সচ্ছলতা

**A Solve** সৈয়দ আলী আহসানের 'আমার পূর্ব বাংলা' কবিতার শেষ দুটি চরণ হলো : তুমি আমার পূর্ব-বাংলা/পুলকিত সচ্ছলতায়, প্রগাঢ় নিকুঞ্জ।

**24. 'না-ওয়াকিফ' অর্থ -**

Ⓐ আকস্মিক Ⓑ অজ্ঞাত Ⓒ অলক্ষ্যে Ⓓ ভাবুক

**B Solve** 'ওয়াকিফ' শব্দের অর্থ জ্ঞাত, বিদিত, অভিজ্ঞ। 'না-ওয়াকিফ' অর্থ : অজ্ঞাত। 'ওয়াকিবহাল' শব্দের অর্থ কোনো বিশেষ অবস্থা সম্পর্কে জ্ঞাত বা অভিজ্ঞ। উল্লেখ্য, 'ওয়াকিফ' আরবি ভাষার শব্দ।

## English

**Question 1 - 3 Select the correct Sentences:**

**01.** Ⓐ My sister does not like backbiting and neither do I
Ⓑ My sister does not like backbiting and I do either
Ⓒ My sister does not like backbiting and neither I do
Ⓓ My sister does not like backbiting and I do

**A Explanation** Negative Agreement এর নিয়ম অনুসারে Correct answer: A

**02.** Ⓐ Where have you born? Ⓑ Where were you born?
Ⓒ Where had you born? Ⓓ Where did you born?

**B Explanation** Passive voice এর নিয়ম অনুসারে Correct answer: B

**03.** Ⓐ Do you know when the results will be published?
Ⓑ Do you know when the results publish?
Ⓒ Do you know when will the results publish?
Ⓓ Do you know when the results shall publish?

**A Explanation** Subordinate clause-এ কখনই question করা যায় না। উল্লেখ্য, result কখনই নিজে নিজে প্রকাশিত হয় না, তাই বাক্যটি passive হবে।

**04. The word 'infinity' means-**

Ⓐ a number smaller than any other
Ⓑ the basic form of a verb
Ⓒ a large number but possible to count
Ⓓ the state of having no end or limit

**C Explanation** Infinity অর্থ গণনাতীত সংখ্যা।

**05. Which of the following is not related to a way of laughing?**

Ⓐ Giggle Ⓑ Guffaw Ⓒ Grab Ⓓ Chuckle

**C Explanation** Grab অর্থ আকড়ে ধরা, এটা বাদে বাকীগুলো laughing এর সাথে সম্পর্কিত।

**06. 'Lavatory' means -**

Ⓐ a place of discharge from the bowels
Ⓑ the house of a gypsy
Ⓒ a place where official papers are kept
Ⓓ a shelter for a dog

**Ans A**

**07. The umbrella which has a broken handle is mine. Here 'Which has a broken handle' is an example of -**

Ⓐ noun clause Ⓑ adverb clause of time
Ⓒ adver clause Ⓓ adjective clause

**D Explanation** Noun এর পরে কোনো clause থাকলে সাধারণত তা adjective clause হয়।

**08. There are four underlined sections is the text below. Select the one which is wrong.**

*Evidently, the increasing popularity of internet shares has led to further investment out of this sector and there are persistent rumours of takeovers.*

Ⓐ out of Ⓑ of Ⓒ rumours of Ⓓ led to

**A Explanation** Out of এর পরিবর্তে on ব্যবহৃত হলে বাক্যটি সঠিক হত।

**09. The antonym of 'Clandestine' is -**

Ⓐ revealed Ⓑ covert Ⓒ secret Ⓓ concealed

**A Explanation** Clandestine মানে গুপ্ত। সুতরাং এর antonym হবে revealed বা প্রকাশিত।

**10. I am terrible at mathematics. Here 'terrible' means-**

Ⓐ fantastic Ⓑ good Ⓒ awful Ⓓ great

**B Explanation** এখানে terrible মানে খুবই ভাল বোঝানো হয়েছে।

**11. Which phrase contains words that are opposite in meaning to each other?**

Ⓐ plight and relief Ⓑ bright and shiny
Ⓒ death and dissolution Ⓓ war and contention

**A Explanation** এখানে plight মানে ঝামেলাপূর্ণ, অপরদিকে, relief মানে মুক্তি। তাই এরা পরস্পর বিপরীত।

**12. The correct translation of the sentence- তুমি কী কখনও বিদেশে গিয়েছ?**

Ⓐ Did you ever go to abroad?
Ⓑ Have you ever been to abroad?
Ⓒ Had you ever gone to abroad?
Ⓓ Have you ever been abroad?

**D Explanation** Abroad এর পূর্বে to বসে না।

**Read the passage carefully and answer questions 13 - 16:**

No one knows when we started using colour, but we think that ancient cultures may have used colours to symbolize specific things. Research shows us that each culture had a different system for colour use. In other words, the people chose what the colours represented- blue in one culture could mean the opposite in another.

Research suggests that over the years, we have learnt to recognize various colours as a warning. If a primitive man cut his hand and saw his blood, the red colour truly represented danger-it told him to do something about it or he could die. On the other hand, blue or green colour has a sort of healing effect and helps people reduce their stresses. But the same person would not eat meat if it was blue or green- something tells us that green or blue meat is bad. This is an experiment you can try for yourself with food colouring. Try serving a meal to your friends with the potatoes or rice coloured blue. You know that the food is harmless, but your guests will probably not eat it. And when they refuse the food, they are using a universal ability that humans have developed over thousands or years.



CamScanner

JYOTI PUBLICATIONS • JYOTI PUBLICATIONS • JYOTI PUBLICATIONS • JYOTI PUBLICATIONS

**13. Which of the following summarizes the extract appropriately?**
Ⓐ Our colour prejudice Ⓑ Colour use in our culture
Ⓒ Our fear for colours Ⓓ Colour and collar
Ⓑ Explanation: Option B passage টির সারাংশ প্রকাশ করে।

**14. Which colour or colours might help someone who is feeling stressed?**
Ⓐ Blue and green Ⓑ Red only
Ⓒ Blue only Ⓓ Red and yellow
Ⓐ Explanation: এই প্রশ্নের উত্তর passage এর ১৮ লাইনে সরাসরি দেওয়া আছে।

**15. If you serve blue food to a friend, he or she-**
Ⓐ is unlikely to try it Ⓑ will become ill
Ⓒ knows it is harmless Ⓓ can learn a useful skill
Ⓐ Explanation: এই প্রশ্নের উত্তর passage এর ৭ম, ৯ম এবং ১০ম লাইন থেকে বোঝা যায়।

**16. The 'word 'ability' in the extract means-**
Ⓐ truth Ⓑ capacity Ⓒ strength Ⓓ facility Ans Ⓑ

**17. Choose the correct analogy:**
**Vaccine : Prevent**
Ⓐ antidote: counteract Ⓑ victim: attend
Ⓒ antiseptic : infect Ⓓ wound : heal Ans Ⓐ

**18. The synonym of 'indolent' is -**
Ⓐ diligent Ⓑ assiduous Ⓒ industrious Ⓓ unoccupied
Ⓓ Explanation: Indolent মানে অলস, সুতরাং এর synonym হবে unoccupied (অলস/কর্মহীন)।

**19. Which of the following is not a response to an apology?**
Ⓐ No matter Ⓑ That's ok
Ⓒ Many thanks Ⓓ Never mind
Ⓒ Explanation: Many thanks ছাড়া বাকি সবগুলোই দুঃখ প্রকাশ বা কোন ভুলের এর প্রতি উত্তরে ব্যবহৃত হয়।

**20. 'So that I saw deeper into the clear well of his eyes'- what ornamentation of language has been used here?**
Ⓐ metaphor Ⓑ personification
Ⓒ simile Ⓓ exaggeration Ans Ⓐ

**21. 'Here shall he see**
**No enemy**
**But winter and rough weather' - Where do you find these lines?**
Ⓐ In 'To daffodils' by Robert Herrick
Ⓑ In 'Daffodil' by William Wordsworth
Ⓒ In 'Under the greenwood tree' by William Shakespeare
Ⓓ In 'The Cloud' by P.B. Shelley Ans Ⓒ

**Questions 22- 24: fill in the blanks:**

**22. Stella tried to be serious but she couldn't help______.**
Ⓐ to laugh Ⓑ laugh Ⓒ laughing Ⓓ that to laugh
Ⓒ Explanation: Couldn't help এর পর v + ing হয়। এবং couldn't + but এর পর verb এর present form হয়।

**23. The horror movie scared them out of their______.**
Ⓐ wits Ⓑ seats Ⓒ lives Ⓓ funds Ans Ⓐ

**24. The submarine dipped to avoid ____ by the enemy plane.**
Ⓐ see Ⓑ being seen Ⓒ seeing Ⓓ seen
Ⓑ Explanation: এখানে passive অর্থ প্রকাশ করে তাই being seen হবে।

## সাধারণ জ্ঞান

**01. 'The Universe in a Nutshell' বইটির লেখক কে?**
Ⓐ আইনস্টাইন Ⓑ টমাস মুর Ⓒ স্টিফেন হকিং Ⓓ ব্রায়ান গ্রিন
Ⓒ Solve: ২০০১ সালে তাত্ত্বিক পদার্থবিজ্ঞানের উপর লেখা স্টিফেন হকিং-এর 'The Universe in a Nutshell' বইটি ২০০২ সালে Aventis Prizes for Science Books পুরস্কার লাভ করে।

**02. বাংলাদেশ ও ভারতের মধ্যে ছিটমহল বিনিময় কার্যকর হয় কবে?**
Ⓐ ১ জুলাই ২০১৫ Ⓑ ১ আগস্ট ২০১৫
Ⓒ ১ আগস্ট ২০১৬ Ⓓ ৩০ জুলাই ২০১৫
Ⓑ Solve: ছিটমহল সমস্যা সমাধানের জন্য ১৯৭৪ সালে মুজিব-ইন্দিরা চুক্তি হয়। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বাংলাদেশ সফরে ঐতিহাসিক চুক্তি ৬ জুন ২০১৫ তে সই হয়। এই চুক্তি অনুযায়ী ১ আগস্ট ২০১৫ তে কার্যকর হয়।

**03. বিশ্বে সর্বপ্রথম কোন দেশ জাতীয় পতাকার প্রচলন শুরু করে?**
Ⓐ ডেনমার্ক Ⓑ সুইডেন Ⓒ চীন Ⓓ রাশিয়া
Ⓐ Solve: ১২১৯ সালে সর্বপ্রথম জাতীয় পতাকা হিসেবে ডেনমার্কের পতাকা উত্তোলন করা হয়।

**04. হাজার হ্রদের দেশ কোনটি?**
Ⓐ ফিনল্যান্ড Ⓑ ডেনমার্ক Ⓒ নরওয়ে Ⓓ জাপান
Ⓐ Solve: স্থান ও উপনাম :

| উপনাম | দেশ/স্থান | উপনাম | দেশ/স্থান |
|---|---|---|---|
| হাজার হ্রদের দেশ | ফিনল্যান্ড | সূর্য উদয়ের দেশ | জাপান |
| নিশীথ সূর্যের দেশ | নরওয়ে | পৃথিবীর ব-দ্বীপ | বাংলাদেশ |

**05. মধ্যযুগে মুসলিম শাসিত কোন শহরকে 'Light House of the Europe' বলা হয়?**
Ⓐ বাগদাদ Ⓑ কায়রো Ⓒ কনস্টান্টিনোপল Ⓓ কর্ডোভা
Ⓓ Solve: কর্ডোভা স্পেনের একটি প্রাচীন নগরী/শহর। প্রাচীন মুসলিম সভ্যতার নিদর্শন রয়েছে। এই শহরকে 'Light house of the Europe' বলা হয়।

**06. ১৯৫৬ সালে কোয়ালিশন সরকারের মন্ত্রিসভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন দপ্তরের মন্ত্রী ছিলেন?**
Ⓐ শিল্প, বাণিজ্য ও শ্রম Ⓑ আইন, বিচার ও সংসদ বিষয়ক
Ⓒ কৃষি ও পল্লি উন্নয়ন Ⓓ কৃষি ও খাদ্য
Ⓐ Solve: ১৯৫৩ সালে বঙ্গবন্ধু আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নির্বাচিত হন এবং যুক্তফ্রন্টে যোগ দিয়ে ১৯৫৪ সালের নির্বাচনে অংশগ্রহণ করেন। ১৯৫৪ সালের মন্ত্রিসভায় কৃষিমন্ত্রী হন এবং ১৯৫৬ সালে কোয়ালিশন সরকারের মন্ত্রিসভায় শিল্প, বাণিজ্য ও শ্রম মন্ত্রণালয়ের মন্ত্রী হন।

**07. কোন তারিখে বিশ্বব্যাংক বাংলাদেশকে নিম্ন মধ্যম আয়ের দেশের তালিকায় অন্তর্ভুক্ত করে?**
Ⓐ ১ জুলাই ২০১৫ Ⓑ ৩০ জুন ২০১৫
Ⓒ ৩০ জুলাই ২০১৫ Ⓓ ১ আগস্ট ২০১৫
Ⓐ Solve: গত ১ জুলাই ২০১৫ সালে বিশ্বব্যাংক মাথাপিছু আয়ের ভিত্তিতে বাংলাদেশকে নিম্নমধ্যম আয়ের দেশের মর্যাদা দেয়। বিশ্বব্যাংক-এর মতে দেশ বিভাজন- নিম্ন আয়ের দেশ (সর্বোচ্চ ১০৪৫ ডলার), নিম্নমধ্যম আয়ের দেশ (১০৪৬-৪১২৫ ডলার), উচ্চ মধ্যম আয়ের দেশ (৪১২৬-১২৭৪৫ ডলার) এবং উচ্চ আয়ের দেশ (১২৭৪৬ ডলারের বেশি)।

**08. ইয়াক-১৩০ কী?**
Ⓐ ইরানের তৈরি পারমাণবিক ক্ষেপণাস্ত্র
Ⓑ ইরানের অত্যাধুনিক যুদ্ধ বিমান
Ⓒ রাশিয়ার তৈরি অত্যাধুনিক প্রশিক্ষণ বিমান
Ⓓ চীনের তৈরি অত্যাধুনিক প্রশিক্ষণ বিমান
Ⓒ Solve: দেশ ও যুদ্ধ বিমান :

| দেশ | যুদ্ধ বিমান |
|---|---|
| রাশিয়া | MIG-21, MIG-29, Sukhoisu-27 |
| যুক্তরাষ্ট্র | F-15 Eagle, F A-18, F-16 |
| ফ্রান্স | রাফায়েল |

**09. কোন দুটি দেশ ঢাকার একই ভবনে নিজেদের দূতাবাস চালুর কার্যক্রম গ্রহণ করেছে?**
Ⓐ সুইডেন ও নরওয়ে Ⓑ ইতালি ও জার্মানি
Ⓒ জার্মানি ও ফ্রান্স Ⓓ কানাডা ও ডেনমার্ক
Ⓒ Solve: কূটনৈতিক সম্পর্ক এবং নিজ রাষ্ট্রের স্বার্থ সংশ্লিষ্ট ব্যাপারে অন্য রাষ্ট্রের সাথে যোগাযোগের প্রয়োজনীয়তার ভিত্তিতে দূতাবাসের উৎপত্তি। বাংলাদেশে বিশ্বের ৫৫টি দেশের দূতাবাস রয়েছে।

PUBLICATIONS • JYOTI PUBLICATIONS • JYOTI PUBLICATIONS • JYOTI PUBLICATIONS • JYOTI PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**. মোবাইল ফোনে ব্যবহৃত SIM এর পূর্ণরূপ কোনটি?**

Ⓐ Subscriber Identification Method
Ⓑ Subscriber Identity Module
Ⓒ Subscriber Identification Mode
Ⓓ Subscriber Identification Module

**B Solve** SIM (Subscriber Identity Module) যা মূলত একটি ছোট আকারে কার্ড। যেখানে একটি ছোট চিপ লাগানো থাকে এবং এই কার্ডের মধ্যে সকল গুরুত্বপূর্ণ তথ্য থাকে।

**1. ক্রিকেট জগতে সুপরিচিত 'জগমোহন ডালমিয়া' মৃত্যুবরণ করেন–**

Ⓐ ২১ সেপ্টেম্বর ২০১৫ Ⓑ ১৯ সেপ্টেম্বর ২০১৫
Ⓒ ২০ সেপ্টেম্বর ২০১৫ Ⓓ ২২ সেপ্টেম্বর ২০১৫

**C Solve** ভারতীয় ক্রিকেটের ম্যাকিওভেলি নামে পরিচিত জগমোহন ডালমিয়া আইসিসির সাবেক প্রেসিডেন্ট ছিলেন। তাঁর সময়ে বাংলাদেশ টেস্ট মর্যাদা লাভ করে এবং ক্রিকেটের অভিজাত শ্রেণির সদস্য হয়। বাংলাদেশ ২৬ জুন ২০০০ সালে টেস্ট মর্যাদা লাভ করে।

**12. নেদারল্যান্ডস্-এর হেগ-এ অবস্থিত স্থায়ী সালিসি আদালতের বিচারক হিসেবে নিয়োগপ্রাপ্ত প্রথম দুজন বাংলাদেশি–**

Ⓐ বিচারপতি এম এ আজিজ এব বিচারপতি আমিরুল কবীর চৌধুরী
Ⓑ বিচারপতি মোঃ রুহুল আমীন এবং বিচারপতি মোঃ ফজলুল হক
Ⓒ বিচারপতি এম তফাজ্জল হোসেন এবং বিচারপতি এম আওলাদ আলী
Ⓓ বিচারপতি এম রেজা চৌধুরী এবং বিচারপতি মোঃ গোলাম রব্বানী

**C Solve** জাতিসংঘের আন্তর্জাতিক আদালত স্থায়ী সালিশি আদালত নামে পরিচিত। এ আদালতের সদরদপ্তর নেদারল্যান্ডের হেগ শহরে অবস্থিত। এ আদালতের একজন বিচারক ৯ বছরের জন্য নির্বাচিত হন। মোট বিচারক ১৫ জন।

**13. বাংলাদেশের কোন পত্রিকাটি কলকাতা সংস্করণ প্রকাশিত হয় ?**

Ⓐ মনোজগত Ⓑ আনন্দ আলো
Ⓒ কালি ও কলম Ⓓ নতুন সময়

**C Solve** পত্রিকা ও সম্পাদক বিষয়ক তথ্য :

| পত্রিকার নাম | সম্পাদক |
|---|---|
| কালি ও কলম | আবুল হাসনাত |
| আনন্দ আলো | রেজানুর রহমান |
| নতুন সময় | সওগাত হোসেন বাবলু |
| মনোজগত | ডাঃ এ এইচ মোহাম্মদ ফিরোজ |
| ধুমকেতু | কাজী নজরুল ইসলাম |

**14. কোন দেশের ডাকটিকিটে সে দেশের নাম লেখা থাকে না?**

Ⓐ অস্ট্রিয়া Ⓑ যুক্তরাষ্ট্র Ⓒ যুক্তরাজ্য Ⓓ দক্ষিণ কোরিয়া

**C Solve** পৃথিবীর প্রথম ডাকটিকিট পেনিব্লাক ১৮৪০ সালে যুক্তরাজ্যে প্রকাশিত হয়। সর্বপ্রথম ডাকটিকিটের প্রচলনকারী যুক্তরাজ্যের ডাকটিকিটে সে দেশে নাম লেখা থাকে না। বাংলাদেশ ডাকটিকিট ১৯৭১ সালের ২৬ জুলাই প্রথম প্রকাশিত হয়। এ ডাকটিকিটের নকশাকার ছিলেন বিমান মল্লিক।

**15. সর্বপ্রথম কোন দেশে মহিলাদের ভোটাধিকার প্রদান করা হয়?**

Ⓐ নিউজিল্যান্ড Ⓑ ব্রিটেন
Ⓒ যুক্তরাষ্ট্র Ⓓ নেদারল্যান্ড

**A Solve** নিউজিল্যান্ডের নারীরা ভোটাধিকার পায় ১৮৯৩ সালে। অস্ট্রেলিয়ার নারীরা ভোটাধিকার পায় ১৯০২ সালে। ব্রিটেনের নারীরা ভোটাধিকার পায় ১৯১৮ সালে এবং যুক্তরাষ্ট্রের নারীরা ভোটাধিকার পায় ১৯২০ সালে।

**16. 'বেইল আউট' শব্দটি জড়িত–**

Ⓐ ক্রিকেট খেলায় Ⓑ অর্থনীতিতে
Ⓒ রাগবি খেলায় Ⓓ সংসদীয় কার্যক্রমে

**B Solve** বেইল আউট হলো অর্থনৈতিক পুনরুদ্ধার কৌশল। যখন কোন দেশ বা প্রতিষ্ঠান অর্থনৈতিকভাবে দেউলিয়া হয়ে পড়ে তখন সেই দেশ বা প্রতিষ্ঠানের অর্থনীতিকে পুনরুদ্ধার করার জন্য বেইল আউট ঘোষণা করা হয়। সাম্প্রতিক সময় গ্রিসকে তৃতীয় বেইল আউট ঋণ দেওয়া হয়েছে।

**17. 'সেপ্টেম্বর অন যশোর রোড'- এর লেখক কে?**

Ⓐ নাগিসা ওশিমা Ⓑ রবার্ট রজার্স
Ⓒ অ্যালেন গিসেনবার্গ Ⓓ জহির রায়হান

**C Solve** মার্কিন কবি অ্যালেন গিনেসবার্গ বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় অর্থ সংগ্রহের জন্য রাশিয়ার কবি ইয়েভগেনি ইয়েভ তুসোঙ্কোরের সাথে কবিতা পাঠের আয়োজন করেন। তিনি বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় "সেপ্টেম্বর অন যশোর রোড" কবিতাটি রচনা করেন।

**18. 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি'- গানটির গীতিকার কে?**

Ⓐ গোবিন্দ হালদার Ⓑ নজরুল ইসলাম Ⓒ আপেল মাহমুদ Ⓓ সুবীর নন্দী

**A Solve** গোবিন্দ হালদার রচিত উল্লেখযোগ্য গানের মধ্যে মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি, এক সাগর রক্তের বিনিময়ে, পূর্ব দিগন্তে সূর্য উঠেছে, লেফট রাইট লেফট রাইট, হুঁশিয়ার হুঁশিয়ার, পদ্মা মেঘনা যমুনা, চলো বীর সৈনিক, হুঁশিয়ার বাংলার মাটি অন্যতম। তিনি ১৭ জানুয়ারি ২০১৫ সালে মৃত্যুবরণ করেন।

**19. GSP -এর পূর্ণরূপ কী?**

Ⓐ Generalized System of Preferences
Ⓑ General Super Power
Ⓒ Generalized Subsidy Provision
Ⓓ General System of Publicity

**A Solve** GSP হলো Generalized System of Preferences। পোশাক রপ্তানির ক্ষেত্রে উন্নত বিশ্বে শুল্ক মুক্ত অগ্রাধিকারমূলক সুবিধা পাওয়াকেই GSP বলে।

**20. সার্কভুক্ত কোন দেশে সেনাবাহিনী নেই?**

Ⓐ মালদ্বীপ Ⓑ ভুটান
Ⓒ আফগানিস্তান Ⓓ নেপাল

**A Solve** মালদ্বীপের নিজস্ব একটি যৌথ প্রতিরক্ষা ব্যবস্থা আছে যা মালদ্বীপ ন্যাশনাল ডিফেন্স ফোর্স (MNDF) নামে পরিচিত। এ বাহিনীর মূল কাজ দেশের নিরাপত্তা এবং সার্বভৌমত্ব রক্ষা করা।

**21. তেল রিজার্ভে শীর্ষ দেশ কোনটি?**

Ⓐ সৌদি আরব Ⓑ ভেনিজুয়েলা Ⓒ কুয়েত Ⓓ ইরান

**B Solve** বর্তমানে তেল রিজার্ভে শীর্ষ দেশ হলো ভেনিজুয়েলা। পরিবর্তনশীল তথ্য, তাই সর্বশেষ তথ্য জেনে নেয়া ভাল।

**22. Sustainable Development Goals (SDG)– এর সময়কাল কত?**

Ⓐ ২০১৬-২০৩০ Ⓑ ২০১৫-২০২৫ Ⓒ ২০১৭-২০২৭ Ⓓ ২০১৬-২০২৫

**A Solve** এক পরিবর্তনশীল বিশ্বের সমতা ও বৈষম্যহীন উন্নয়ন নিশ্চিত করতে Sustainable Development Goals (SDG) বা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা প্রণয়ন করা হয়। SDG এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল। এতে মোট ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্য অর্ন্তভূক্ত রয়েছে।

**23. বাংলাদেশের জাতীয় সংগীতের ইংরেজি অনুবাদক কে?**

Ⓐ সৈয়দ আলী আহসান Ⓑ সিরাজুল ইসলাম চৌধুরী
Ⓒ আনিসুজ্জামান Ⓓ কবীর চৌধুরী

**A Solve** সৈয়দ আলী আহসান মূলত একজন অধ্যাপক ও লেখক ছিলেন। অনেক আকাশ, একক সন্ধ্যায় বসন্ত, সহসা সচকিত, সমুদ্রেই যাবো; এগুলো তাঁর উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ। হুইটম্যানের কবিতা ও ইডিপাস তাঁর অনুবাদ গ্রন্থ।

**24. ফেয়ার ফ্যাক্স কী?**

Ⓐ সংবাদ সংস্থা Ⓑ গোয়েন্দা সংস্থা
Ⓒ পরিবেশ সংস্থা Ⓓ মানবাধিকার সংস্থা

**B Solve** বিভিন্ন দেশের গোয়েন্দা সংস্থা বিষয়ক তথ্য :

| গোয়েন্দা সংস্থার নাম | দেশ |
|---|---|
| সিআইএ(CIA),এফবিআই (FBI) ফেয়ার ফ্যাক্স | যুক্তরাষ্ট্র |
| (RAW), সিবিআই (CBI) | ভারত |
| নাইচো | জাপান |
| মোসাদ, আমান | ইসরাইল |

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা : ২০১৪-১৫; ইউনিট: খ

### বাংলা

01. 'ভুঁই ফুঁড়ে চলে যায় দু দিনের পর্ব'-এ বাক্যে 'ভুঁই ফুঁড়ে' কোন কারক?
Ⓐ অধিকরণ Ⓑ অপাদান Ⓒ কর্ম Ⓓ করণ
Ⓐ Solve যে স্থানে, সময়ে বা বিষয়ে ক্রিয়া সম্পাদিত হয়, তাকে অধিকরণ কারক বলে। প্রদত্ত প্রশ্নবাক্যের 'ভুঁই ফুঁড়ে' শব্দ সময় বুঝিয়েছে। অনুরূপ : বিকালে এসো। অগ্রহায়ণে ছুটি।

02. 'ব্যাকরণ' শব্দের বিশ্লিষ্ট রূপ কোনটি?
Ⓐ বি + আ + ক + অন Ⓑ বী + আ + কৃ + অন
Ⓒ বি + আ + কৃ + অন Ⓓ বি + আ + কৃ + অনট
Ⓒ Solve 'ব্যাকরণ' শব্দটি সংস্কৃত ভাষা থেকে গৃহীত। শব্দটির অর্থ : বিশেষভাবে বিশ্লেষণ।

03. এ এক বিরাট সত্য। এ বাক্যে 'সত্য' কোন পদ?
Ⓐ সর্বনাম Ⓑ বিশেষ্য Ⓒ বিশেষণ Ⓓ অব্যয়
Ⓑ Solve বাংলা ভাষায় একই পদ বিশেষ্য ও বিশেষণ রূপে ব্যবহৃত হতে পারে। যেমন : ১. বিশেষ্য রূপে – এ এক বিরাট সত্য।
২. বিশেষণ রূপে – সত্য পথে থেকে সত্য কথা বল।

04. 'গিরীশ' শব্দের ব্যাসবাক্য কোনটি?
Ⓐ গিরিতে অবস্থিত Ⓑ গিরিতে যিনি অবস্থান করেন
Ⓒ গিরি হতে এসেছেন যিনি Ⓓ গিরি যার প্রাণ
Ⓑ Solve কয়েকটি বহুব্রীহি সমাসের ব্যাসবাক্য : সতীর্থ = সমান তীর্থ যাদের, বীণাপাণি = বীণা পাণিতে যার, তিমিরকুন্তলা = তিমিরের ন্যায় কুন্তল যার।

05. বিপরীতার্থক শব্দের মিলনে কোন দ্বন্দ্ব সমাসটি গঠিত?
Ⓐ হাট-বাজার Ⓑ ধন-দৌলত Ⓒ আয়-ব্যয় Ⓓ দা-কুমড়া
Ⓒ Solve কয়েকটি বিপরীতার্থক দ্বন্দ্ব সমাস :
জমা-খরচ, ছোট-বড়, ছেলে-বুড়ো, লাভ-লোকসান ইত্যাদি।

06. কোনটি চতুর্থী তৎপুরুষ সমাসের উদাহরণ?
Ⓐ দেবদত্ত Ⓑ গুরুজন Ⓒ বহুপীড়া Ⓓ পদাহত
Ⓐ Solve কয়েকটি চতুর্থী তৎপুরুষ সমাস : ডাকের নিমিত্ত ঘর = ডাকঘর, হজের জন্য যাত্রা = হজযাত্রা, মুক্তির জন্য যুদ্ধ = মুক্তিযুদ্ধ, দেবকে দত্ত = দেবদত্ত, রান্নার জন্য ঘর = রান্নাঘর।

07. কোন বানানটি শুদ্ধ?
Ⓐ দূরাকাঙ্খা Ⓑ দুরাকাঙ্ক্ষা Ⓒ দূরাকাঙ্ক্ষা Ⓓ দুরাকাংখা
Solve কয়েকটি শুদ্ধ বানান : দৈন্য/দীনতা, দূষিত, দুর্বিষহ, দুরবস্থা, নকশা, প্রকৃত, মুক্ত।

08. কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত?
Ⓐ [illegible] Ⓑ [illegible] Ⓒ [illegible] Ⓓ [illegible]
Ⓐ Solve অপপ্রয়োগ ও প্রয়োগের দৃষ্টান্ত :

| অপপ্রয়োগ | প্রয়োগ | অপপ্রয়োগ | প্রয়োগ |
|---|---|---|---|
| অদ্যপি | অদ্যাপি | অশ্রুজল | অশ্রু |
| কেবলমাত্র | কেবল/মাত্র | অঞ্জলী | অঞ্জলি |

09. কোন বানানগুচ্ছ অশুদ্ধ?
Ⓐ স্বায়ত্বশাসন, উর্ধমুখ, দোদুল্যমান Ⓑ ধরন, ত্রিভুজ, ধনাত্মক
Ⓒ নির্মাত্রী, চুলন, পরিপক্ব Ⓓ মহানাম, মূর্ধন্য, দুর্গম
Ⓐ Solve কতিপয় শব্দের শুদ্ধ রূপ : স্বায়ত্তশাসন, দোদুল্যমান, ঊর্ধ্বমুখী, মহত্ত্ব, স্বত্বাধিকার, স্বতঃস্ফূর্ত, আয়ত্ত, সূক্ষ্ম, বিদ্যুতায়িত।

10. 'মাদুরী' শব্দের অর্থ-
Ⓐ পিতামহী Ⓑ মাদুরের মতো Ⓒ অলংকার বিশেষ Ⓓ বাহু
Ⓓ Solve 'মাদুর' শব্দের অর্থ বাহু, ভেক। মাদুরি (মাদুরী) বাহু বা বালি বাহু।

11. বাংলা ভাষায় ব্যবহৃত '______' শব্দ বিদেশি শব্দ নয়।- শূন্যস্থানে কী...
Ⓐ আরবি Ⓑ ফারসি Ⓒ উর্দু Ⓓ সংস্কৃত

12. 'পিপুফিশু' দ্বারা কী বোঝানো হয়?
Ⓐ মাছিমারা Ⓑ অতি দ্রুত
Ⓒ দুর্বৃত্ত Ⓓ কুঁড়ের বাদশা
Ⓓ Solve প্রবাদ প্রবচন ছাড়াও শ্লেষ অথবা অর্থবহ নির্দেশ ব্যবহৃত হয়। পিঠ পুড়ে যাচ্ছে, ফিরে ত (শো)- বাক্য দুটির অর্থ পিপুফিশু। ঘরে আগুন লাগায় পিঠ পুড়তে থাকলে প্রথম অলসের প্রতি দ্বিতীয় অলসের ফিরে শোওয়ার উপদেশ।

13. কোনটি বিশেষণ পদ?
Ⓐ ইন্দ্রজাল Ⓑ শক্তি Ⓒ শক্ত Ⓓ সার্থক
Ⓒ Solve 'শক্ত' শব্দের অর্থ : দৃঢ় মজবুত। শক্তি থেকে ... কতিপয় বিশেষণ শব্দ : নীল আকাশ, সবুজ মাঠ, কাল মেঘ।

14. 'মহীলতা'র সমার্থক শব্দ-
Ⓐ স্বর্ণলতা Ⓑ শাক Ⓒ কেঁচো Ⓓ সাপ
Ⓒ Solve 'মহী' শব্দের সাথে 'লতা' যুক্ত হয়ে মহীলতা হ... আভিধানিক অর্থ 'কেঁচো'। 'মহী' যুক্ত অন্যান্য শব্দ হতে পারে মহীতল, মহীর...

15. 'অনা' উপসর্গটি নিচের কোন শব্দে 'অভাব' অর্থে ব্যবহৃত হয়েছে?
Ⓐ অনাবৃষ্টি Ⓑ অনাদর Ⓒ অনালোক Ⓓ অনাচার
Ⓐ Solve 'অনা' উপসর্গযোগে গঠিত শব্দ : অনাচার, অনাবৃষ্টি, অনা...

16. 'মাতা' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি?
Ⓐ মা + তৃ Ⓑ মা + আতা Ⓒ মাতৃ + আ Ⓓ মাতৃ + তৃ...
Ⓐ Solve 'তৃচ্' প্রত্যয়যোগে গঠিত কয়েকটি শব্দ : √দা + তৃচ্ = দাতা, √মা + তৃচ্ = মাতা, √ক্রী + তৃচ্ = ক্রেতা। বিশেষ নিয়মে : √যুধ্ + তৃ... √যুধ্ + ত = যোদ্ধা।

17. বিভক্তিহীন নামশব্দকে বলে-
Ⓐ ধাতু Ⓑ পদাশ্রিত নির্দেশক
Ⓒ প্রকৃতি Ⓓ প্রাতিপদিক
Ⓓ Solve শব্দ গঠনের একটি বিশেষ প্রক্রিয়ার নাম প্রাতিপদিক। ... ও নৈর্ব্যক্তিক শব্দসমূহ প্রাতিপদিক। যেমন : হাত, কলম, বই। প্রাতিপদিকের সাথে সাধারণত তদ্ধিত প্রত্যয়ের সম্পর্ক রয়েছে।

18. কোনটি যৌগিক শব্দের উদাহরণ?
Ⓐ জলধি Ⓑ পাঞ্জাবি
Ⓒ নিন্দুক Ⓓ বাঁশি
Ⓒ Solve যেসব শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ এ... সেগুলোকে যৌগিক শব্দ বলে। যেমন : গায়ক, চালক, পাঠক, নাবিক।

19. 'মেঘ আকাশের ঝরে বৃষ্টি থেকে।' এ বাক্যটিতে কোন গুণের অভাব ঘটেছে?
Ⓐ যোগ্যতা Ⓑ আকাঙ্ক্ষা
Ⓒ আসত্তি Ⓓ প্রাঞ্জলতা
Ⓒ Solve বাক্যের অর্থসংগতি রক্ষার জন্য সাজানো পদবিন্যাসকে আসত্তি বলে। প্রদত্ত প্রশ্নবাক্যের সাজানো সার্থক বাক্যরূপ হবে : আকাশের মেঘ থেকে বৃষ্টি ঝরে।

20. 'উকিল' কোন ভাষার শব্দ?
Ⓐ ফারসি Ⓑ বাংলা Ⓒ আরবি Ⓓ তুর্কি
Ⓒ Solve কতিপয় আরবি শব্দ : আল্লাহ, কোরআন, কবর, জনা... বাকেয়া, ওকালত, কায়েম, মিনতি।



CamScanner

OLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

'দ্যুলোক' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

Ⓐ দ্বি + লোক Ⓑ দিব্ + লোক Ⓒ দ্যু + লোক Ⓓ দিঃ + লোক

**B Solve** কয়েকটি নিপাতনে সিদ্ধ সন্ধি : সীমন + ত = সীমান্ত, প্র + ঊঢ় = প্রৌঢ়, কুল + অটা = কুলটা, গো + অক্ষ = গবাক্ষ, শুদ্ধ + ওদন = শুদ্ধোদন।

নিম্নের কোন গুচ্ছটি সমার্থক নয়?

Ⓐ আত্মজা, দুহিতা, সুতা Ⓑ শশধর, শশাঙ্ক, বিধু

Ⓒ সমাচার, সন্দেশ, বচন Ⓓ অভিলাষ, অভিপ্রায়, সাধ

**C Solve** প্রদত্ত 'সমাচার' ও 'সন্দেশ'-এর অর্থ : সংবাদ। আর 'বচন' শব্দের অর্থ : সংখ্যার ধারণা।

. 'Memorandum' শব্দের পরিভাষা-

Ⓐ অনুলিপি Ⓑ স্মারকলিপি Ⓒ প্রতিলিপি Ⓓ অভিযোগপত্র

**B Solve** গুরুত্বপূর্ণ পরিভাষা :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Magazine | সাময়িক পত্রিকা | Memo | স্মারক |
| Mandate | আইনগত আদেশ | Mortgage | বন্ধক |

4. 'আমাদের পৃথিবী আমরা আমাদের মনের মতো গড়িয়া লইব।' বাক্যটির রচয়িতা কে?

Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓑ রোকেয়া সাখাওয়াত হোসেন

Ⓒ কাজী নজরুল ইসলাম Ⓓ জহির রায়হান

**C Solve** 'আমাদের পৃথিবী আমরা আমাদের মনের মতো গড়িয়া লইব।'-বাক্যটি কাজী নজরুল ইসলামের 'যৌবনের গান' প্রবন্ধের অন্তর্ভুক্ত।

## English

**Read the passage carefully and answer questions 1–5**

The ancient Greeks were famous for their love of arguing and debating in public places– people like Plato and Aristotle gave the best presentations of their day. They thought that the best form of argument was reason, but they recognized that because of human weakness two further techniques would always be used: appeal to a person's good character and appeal to the emotions. These three techniques together they called 'rhetoric', and nowadays we use the expression 'rhetorical language' to refer to language that is deliberately intended to persuade and influence.

**01. What is the author's purpose in writing the above passage?**

Ⓐ to argue that the Greeks were good at arguing.

Ⓑ to describe the origin of 'rhetoric' and 'rhetorical language'.

Ⓒ to show how to give the best presentation.

Ⓓ to pay tribute to Plato and Aristotle.

**C Explanation** Passage টি পড়ার পরে স্পষ্টতই বোঝা যায় যে, এখানে লেখক অলঙ্কার এবং অলঙ্কার শাস্ত্রের ব্যবহারের মাধ্যমে কিভাবে অভিব্যক্তি প্রকাশ করা যায় তার কথা বলেছেন।

**02. The word 'reason', in the passage, can be replaced by-**

Ⓐ example Ⓑ logic

Ⓒ explanation Ⓓ cause

**D Explanation** Passage এর ২য় লাইনে reason এর অর্থ cause।

**03. Which of the following techniques is not mentioned by Plato and Aristotle?**

Ⓐ goodness of the audience Ⓑ reason

Ⓒ truth Ⓓ emotion

**D Explanation** Plato এবং Aristotle Passage এ truth ছাড়া অন্য Option গুলোর কথা বলেছেন।

**04. In the passage, the word 'deliberately' means-**

Ⓐ wrongly Ⓑ forcefully Ⓒ deceptively Ⓓ on purpose

**D Explanation** Passage এর শেষ লাইনে deliberately ব্যবহার করা হয়েছে on purpose (উদ্দেশ্য) বোঝাতে।

**05. Which of the following would be suitable title for the passage?**

Ⓐ The art of persuasive speech

Ⓑ The Greek Orators

Ⓒ Importance of arguments and debates

Ⓓ Appealing to the emotion

**A Explanation** Passage টি পড়ে বোঝা যায় যে, এখানে বোধগম্য মার্জিত ভাষার শিল্পের কথাই বলা হয়েছে।

**Questions 6-11: Fill in the blanks**

**06. In a storm lightning can —— trees and tall buildings.**

Ⓐ hit Ⓑ strike Ⓒ attack Ⓓ smash

**B Explanation** Sentence টির অর্থ ঝড়ের সময় বিজলি হঠাৎ করে গাছপালা এবং সুউচ্চ দালান কোঠাগুলোতে আঘাত করে। Hit আঘাত করা, Strike হঠাৎ প্রচণ্ড আঘাত করা।

**07. If you ——, you would have won.**

Ⓐ tried Ⓑ did try Ⓒ had tried Ⓓ have tried

**C Explanation** এখানে 3rd Conditional ব্যবহার করা হয়েছে। If + Sub + had + $V_3$ + Sub + would/could/might have + $V_3$ + (ext) অনুসারে Ans. C

**08. The smaller animals can easily leap —— tree to tree.**

Ⓐ from Ⓑ in Ⓒ on Ⓓ onto

**A Explanation** বলা হয়েছে যে, ছোট পশুগুলো অনায়াসে একগাছ থেকে অন্য গাছে লাফিয়ে যেতে পারে।

**09. The debutante could not —— the pressure of playing in an international match.**

Ⓐ cope Ⓑ cope with Ⓒ cope up with Ⓓ cope

**B Explanation** বলা হয়েছে যে, অভিষিক্ত খেলোয়াড়টি একটি আন্তর্জাতিক ম্যাচের খেলার চাপের সাথে মানিয়ে নিতে পারে নি। Cope with কোন কিছুর সাথে পেরে ওঠা।

**10. Nobody likes her, she talks about —— all the time.**

Ⓐ her Ⓑ hers Ⓒ herself Ⓓ self

**C Explanation** Reflexive Pronoun হিসাবে herself ব্যবহার করা হয়েছে। অর্থাৎ যে সারাক্ষন নিজের সাথেই কথা বলে।

**11. Exposure to different events forces the brain to think ——.**

Ⓐ happily Ⓑ differently Ⓒ nicely Ⓓ dangerously

**B Explanation** ভিন্নভিন্ন ঘটনার প্রদর্শন মস্তিষ্ককে ভিন্নভিন্ন ভাবে চিন্তা করতে বাধ্য করে।

**Questions 12-13: Select the correct sentences**

**12.** Ⓐ The committee approved by the new policy

Ⓑ The committee was approved by the new policy

Ⓒ The policy approved by the committee

Ⓓ The committee approved the new policy

**D Explanation** Committee নিজেই নতুন নীতিকে অনুমোদন দিয়েছিল। তাই Sentence টি active হবে।

**13.** Ⓐ I don't never go swimming in September

Ⓑ I never go swim in September

Ⓒ I never go swimming in September

Ⓓ I don't never swimming in September

**C Explanation** Never নিজেই Negative তাই এর পর আর Negative করার প্রয়োজন নেই।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CS CamScanner

**14. I ran into my teacher at the wedding last night. The underlined phrase means-**

Ⓐ I met Ⓑ I showed my respect
Ⓒ I talked to Ⓓ I avoided

Ⓐ Explanation Ran into অর্থ সাক্ষাৎ করা।

**15. Choose the meaning of the proverb. "Handsome is what handsome does"-**

Ⓐ if you believe you will be able to do something, you will be able to do it.
Ⓑ If you are determined to do something, you will find a way
Ⓒ Handsome people do handsome things
Ⓓ Behaviour is more important than appearance

Ⓐ Explanation প্রদত্ত প্রবাদটির অর্থ যদি তুমি মনে কর যে তুমি তা করতে পারবে, তাহলে পারবে।

**16. The direct narration of the sentence "He told me that he had killed the bird." is-**

Ⓐ He asked to me, "Why did you kill the bird?"
Ⓑ He said to me, "We did I kill the bird?"
Ⓒ He said to me, "He had killed the bird".
Ⓓ He said to me, "He killed the bird".

Ⓓ Explanation প্রদত্ত Sentence টি Assertive Sentence এর indirect narration এর direct narration ক্ষেত্রে reporting verb said হবে that এর পরে কমা (,) হবে এবং এখানে reported speech এ past indefinite tense হবে।

**17. The noun form of the verb 'repeat' is-**

Ⓐ repeatation Ⓑ repetition Ⓒ repentance Ⓓ repart

Ⓑ Explanation Repeat অর্থ পুনরাবৃত্তি করা। এর noun repetition.

**18. Which sentence is properly punctuated?**

Ⓐ Whatever, is, is right Ⓑ Whatever is, is right
Ⓒ Whatever is, is, right Ⓓ Whatever is is right

Ⓑ Explanation বাক্যের অর্থের স্পষ্টতা বৃদ্ধির জন্য পরপর একই ধরনের word ব্যবহার করা হয় এবং এদের মাঝে (,) কমা ব্যবহার করা হয়।

**19. The prefix 'pre' can be added to-**

Ⓐ hot Ⓑ heat Ⓒ hat Ⓓ hit

Ⓑ Explanation Pre Prefix টি heat এর পূর্বে বসে হয় Preheat।

**20. The correct translation of 'আমার মাথা ঘুরছে' is-**

Ⓐ My head is circling Ⓑ I feel nowhere
Ⓒ I feel giddy Ⓓ My head is giving spins

Ⓒ Explanation Giddy অর্থ মাথা ঘোরা। এক্ষেত্রে feel করা হয়।

**21. The synonym of the word 'pacify' is-**

Ⓐ cease Ⓑ exasperate Ⓒ soothe Ⓓ enthral

Ⓒ Explanation Pacify অর্থ শান্ত করা। Cease - থামা, exasperate - উত্তেজিত করা, Soothe – শান্ত করা, enthral – বিমুগ্ধ করা।

**22. An antonym for depressed is-**

Ⓐ distressed Ⓑ encouraged Ⓒ crestfallen Ⓓ impressed

Ⓑ Explanation Depressed – বিষণ্ণ, distressed- মর্মাহত, encouraged –উৎসাহিত করা হয়েছে এমন, Crestfallen – হতাশ, impressed – মুগ্ধ।

**23. A person who writes about his own life writes-**

Ⓐ a diary Ⓑ a biography
Ⓒ a chronicle Ⓓ an autobiography

Ⓓ Explanation যে ব্যক্তি তার নিজের জীবনী লিখে সেই আত্মজীবনীকে বলা হয় autobiography।

**24. Which phrase contains words that are opposite to each other?**

Ⓐ hope and aspiration Ⓑ bright and clear
Ⓒ death and dissolution Ⓓ conflict and resolution

Ⓓ Explanation Option D তে Conflict- দ্বন্দ্ব এবং resolution- মীমাংসা যা একে অপরের বিপরীত। বাকী Option গুলো সমার্থক।

## সাধারণ জ্ঞান

**01. বাংলাদেশের মোট সীমান্তবর্তী জেলা কয়টি?**

Ⓐ ৩০টি Ⓑ ৩৩টি Ⓒ ৩৫টি Ⓓ ৩২টি

Ⓓ Solve বাংলাদেশের মোট সীমান্তবর্তী জেলা ৩২টি। এর মধ্যে ভারতের সাথে ৩০টি এবং মিয়ানমারের সাথে ৩টি জেলার সীমান্ত সংযোগ রয়েছে। রাঙ্গামাটি জেলার সাথে ভারত ও মিয়ানমারের যৌথসীমান্ত সংযোগ রয়েছে।

**02. ভারতের সঙ্গে বাংলাদেশের সীমান্ত দৈর্ঘ্য কত?**

Ⓐ ৪১৫৬ কি.মি. Ⓑ ৪২২৫ কি.মি. Ⓒ ৮৫৫০ কি.মি. Ⓓ ৫১৮৩ কি.মি.

Ⓐ Solve ভারতের সাথে বাংলাদেশের মোট সীমান্ত দৈর্ঘ্য ৪১৫৬ কিলোমিটার, মিয়ানমারের সাথে ২৭১ কিলোমিটার এবং সমুদ্রসীমা ৭১১ কিলোমিটার।

**03. ঢাকার ১৮৫৭ সালে সিপাহি বিদ্রোহের স্মৃতিবিজড়িত স্থানের নাম-**

Ⓐ লালবাগ পার্ক Ⓑ সোহরাওয়ার্দী উদ্যান
Ⓒ বাহাদুর শাহ পার্ক Ⓓ রমনা পার্ক

Ⓒ Solve ১৮৫৭ সালে সিপাহি বিদ্রোহের স্মৃতিবিজড়িত স্থান বাহাদুর শাহ পার্কের পূর্বনাম ভিক্টোরিয়া পার্ক যা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সামনে অবস্থিত।

**04. জাতীয় মানবাধিকার কমিশন গঠিত হয়-**

Ⓐ ১ অক্টোবর, ২০০৮ Ⓑ ১ সেপ্টেম্বর, ২০০৮
Ⓒ ১ নভেম্বর, ২০০৮ Ⓓ ১ ডিসেম্বর, ২০০৮

Ⓑ Solve জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ সরকারের একটি সাংবিধানিক প্রতিষ্ঠান যা ২০০৮ সালের ১ সেপ্টেম্বর প্রতিষ্ঠিত হয়। একজন সভাপতি এবং ২জন কমিশনার নিয়ে জাতীয় মানবাধিকার কমিশন গঠিত। বর্তমান জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান হলেন কামাল উদ্দিন আহমেদ। (পরিবর্তনশীল তথ্য, সর্বশেষ তথ্য জেনে নেয়া ভাল)

**05. WTO চুক্তি অনুসারে বাংলাদেশ কোটাবিহীন বাজারে পোশাক সামগ্রী রপ্তানি শুরু করে-**

Ⓐ ২০০৫ সালে Ⓑ ২০০৬ সালে
Ⓒ ২০০৭ সালে Ⓓ ২০০৮ সালে

**06. পূর্ব বাংলার নাম কোন সালে পূর্ব পাকিস্তান রাখা হয়?**

Ⓐ ১৯৫৫ Ⓑ ১৯৫৬
Ⓒ ১৯৫৮ Ⓓ ১৯৫৯

Ⓑ Solve ২৩ মার্চ ১৯৫৬ সালে পাকিস্তানের প্রথম সংবিধান প্রণীত হয় এবং পূর্ব বাংলার নাম 'পূর্ব পাকিস্তান' করা হয়।

**07. ওয়ারী-বটেশ্বর কোথায় অবস্থিত?**

Ⓐ নারায়ণগঞ্জ Ⓑ মুন্সিগঞ্জ
Ⓒ নাটোর Ⓓ নরসিংদী

Ⓓ Solve উয়ারি বটেশ্বর নরসিংদী জেলার বেলাব উপজেলা থেকে ৪ কিলোমিটার পশ্চিমে উয়ারি ও বটেশ্বর গ্রামে অবস্থিত প্রত্নতাত্ত্বিক স্থান। ১৯৩০ এর দশকে মুহম্মদ হানিফ পাঠান নামে এক স্কুল শিক্ষক উয়ারি বটেশ্বরকে জনসমক্ষে তুলে ধরেন।

**08. রামপাল কয়লা বিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হবে-**

Ⓐ বাগেরহাট Ⓑ রূপপুর Ⓒ সাতক্ষীরা Ⓓ সুন্দরবন

Ⓐ Solve বাগেরহাট জেলার সুন্দরবন ঘেঁষা স্থানের পশুর নদীর তীরে রামপাল কয়লা বিদ্যুৎকেন্দ্রের অবস্থান। ভারতের সহায়তায় স্থাপিত বিদ্যুৎকেন্দ্রটিতে উৎপাদিত বিদ্যুতের পরিমাণ হবে ১৩২০ মেগাওয়াট।



CS CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

09. 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের লেখক-
Ⓐ আবুল মনসুর আহমেদ Ⓑ সুনীল গঙ্গোপাধ্যায়
Ⓒ শেখ মুজিবুর রহমান Ⓓ তাজউদ্দিন আহমদ

Ⓒ Solve 'অসমাপ্ত আত্মজীবনী' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনীমূলক বই। ১৯৬৭ থেকে ১৯৬৯ সালে কারাগারে থাকা অবস্থায় বইটি রচনা করেন। বইটি ২০১২ সালের জুন মাসে প্রকাশিত হয়। এর ইংরেজি অনূদিত নাম 'The Unfinished Memories'. কারাগারের রোজনামচা বঙ্গবন্ধুর ৯৮তম জন্মবার্ষিকীতে ২০১৭ সালের ১৭ মার্চ প্রকাশিত হয়।

10. 'আলোকিত মানুষ' তৈরির কর্মসূচি কোন সংগঠনের?
Ⓐ ইসলামিক ফাউন্ডেশন Ⓑ এশিয়াটিক সোসাইটি
Ⓒ বাংলা একাডেমি Ⓓ বিশ্বসাহিত্য কেন্দ্র

Ⓓ Solve 'আলোকিত মানুষ চাই' এই স্লোগানের উপর ভিত্তি করে বাংলাদেশে বই পড়া ও সৎ চিন্তা বিকাশ ঘটানোর জন্য অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদের উদ্যোগে ১৯৭৮ সালে সংগঠনটি প্রতিষ্ঠিত হয়। বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয় ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর এবং এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয় ৩ জানুয়ারি, ১৯৫২ সালে।

11. বিশ্ব শান্তি সূচকে বর্তমানে বাংলাদেশের অবস্থান-
Ⓐ ৯৮তম Ⓑ ১০২তম
Ⓒ ১০৪তম Ⓓ ১০০তম

Solve বিশ্ব শান্তি সূচক ২০২৪-তে বাংলাদেশ ১৬৩টি দেশের মধ্যে ৯৩তম অবস্থানে আছে। এই তালিকায় শীর্ষ দেশ আইসল্যান্ড।

12. বাংলাদেশের জনপদগুলোর মধ্যে সবচেয়ে প্রাচীন জনপদ-
Ⓐ পুণ্ড্র Ⓑ গৌড়
Ⓒ বঙ্গ Ⓓ হরিকেল

Ⓐ Solve বগুড়ার মহাস্থানগড়, রাজশাহী, রংপুর ও দিনাজপুর অঞ্চল নিয়ে পুণ্ড্র জনপদ গড়ে উঠে। পুণ্ড্রনগর/পুণ্ড্রবর্ধন ছিল এই জনপদের রাজধানী।

13. আন্তর্জাতিক জীববৈচিত্র্য দিবস-
Ⓐ ২২ মার্চ Ⓑ ২২ এপ্রিল
Ⓒ ২২ মে Ⓓ ২২ জুন

Ⓒ Solve তারিখ ও দিবসের নাম :

| তারিখ | দিবস | তারিখ | দিবস |
|---|---|---|---|
| ২২ মে | বিশ্ব জীববৈচিত্র্য দিবস | ১ ডিসেম্বর | বিশ্ব এইডস দিবস |
| ১১ জুলাই | বিশ্ব জনসংখ্যা দিবস | ২২ এপ্রিল | ধরিত্রী দিবস |

14. চিরশান্তির শহর নামে পরিচিত কোনটি?
Ⓐ রোম Ⓑ লন্ডন Ⓒ সিডনি Ⓓ নিউইয়র্ক

Ⓐ Solve বিভিন্ন শহরের উপনাম :

| শহর | উপনাম |
|---|---|
| লন্ডন | কমনওয়েলথের প্রাণকেন্দ্র |
| সিডনি | দক্ষিণের রানি |
| নিউইয়র্ক | বিগ অ্যাপেল/পৃথিবীর রাজধানী |

15. ইস্ট এশিয়ান মিরাকল বলতে কয়টি দেশকে বোঝায়?
Ⓐ ৭টি Ⓑ ৬টি Ⓒ ৫টি Ⓓ ৮টি

Ⓓ Solve East Asian Miracle বলতে Super Seven ভুক্ত ৭টি দেশ ও জাপানকে বোঝায়। অর্থাৎ সিঙ্গাপুর, দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, হংকং, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, থাইল্যান্ড ও জাপান।

16. কোন বাংলাদেশি নাইট উপাধি লাভ করেন?
Ⓐ ড. জিল্লুর রহমান সিদ্দিকী Ⓑ ড. মুহাম্মদ ইউনূস
Ⓒ ফজলে হাসান আবেদ Ⓓ ড. কামাল হোসেন

Ⓒ Solve স্যার ফজলে হাসান আবেদ বিশ্বের বৃহত্তম বেসরকারি সংগঠন ব্র্যাকের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান। সামাজিক উন্নয়নে তাঁর অসামান্য ভূমিকার জন্য র‍্যামন ম্যাগসেসে পুরস্কার, গেটস ফাউন্ডেশনের বিশ্ব স্বাস্থ্য পুরস্কার এবং দারিদ্র্য বিমোচন এবং দরিদ্রের ক্ষমতায়নে বিশেষ ভূমিকার স্বীকৃতিস্বরূপ ব্রিটিশ সরকারের নাইটহুডসহ অনেক আন্তর্জাতিক সম্মাননা লাভ করেন।

17. সুয়েজ খাল যে দুটি সাগরকে সংযোজিত করে-
Ⓐ লোহিত সাগর ও আরব সাগর Ⓑ লোহিত সাগর ও কাস্পিয়ান সাগর
Ⓒ লোহিত সাগর ও ভূ-মধ্যসাগর Ⓓ আরব সাগর ও ভূ-মধ্যসাগর

Ⓒ Solve সুয়েজ খাল লোহিত সাগর এবং ভূ-মধ্যসাগরকে সংযুক্ত করেছে এবং এশিয়া থেকে আফ্রিকাকে পৃথক করেছে।

18. বিশ্বের সর্বপ্রথম ইলেকট্রনিক কম্পিউটার-
Ⓐ IBM Ⓑ Macintosh Ⓒ Laptop Ⓓ ENIAC

Ⓓ Solve Project PX নামে বিশ্বের প্রথম ইলেকট্রনিক কম্পিউটার ENIAC তৈরি করা হয়। এর পূর্ণরূপ Electronic Numerical Integrator and Computer

19. আন্তর্জাতিক শিক্ষক দিবস-
Ⓐ ১ অক্টোবর Ⓑ ৪ অক্টোবর Ⓒ ৫ অক্টোবর Ⓓ ৯ অক্টোবর

Ⓒ Solve তারিখ ও দিবসের নাম :

| তারিখ | দিবস |
|---|---|
| ১৮ ডিসেম্বর | বিশ্ব অভিবাসী দিবস |
| ১০ ডিসেম্বর | বিশ্ব মানবাধিকার দিবস |
| ২৪ অক্টোবর | জাতিসংঘ দিবস, |
| ৫ অক্টোবর | আন্তর্জাতিক শিক্ষক দিবস |

20. ২০১৮ সালে বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে-
Ⓐ জার্মানি Ⓑ রাশিয়া Ⓒ কাতার Ⓓ যুক্তরাষ্ট্র

Ⓑ Solve ২০২৬ সালে বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে যৌথভাবে কানাডা, যুক্তরাষ্ট্র এবং মেক্সিকোতে। ২০২২ সালে বিশ্বকাপ ফুটবলের ২২তম আসর অনুষ্ঠিত হয় কাতারে।

21. BRICS Bank- এর সাথে যে দেশের সংশ্লিষ্টতা নেই-
Ⓐ কানাডা Ⓑ রাশিয়া Ⓒ ভারত Ⓓ দক্ষিণ আফ্রিকা

Ⓐ Solve উদীয়মান অর্থনীতির পাঁচ দেশের সংগঠন BRICS (Brazil, Russia, India, China & South Africa) গঠিত হয় ২০০৬ সালে। মিশর, ইরান, ইথিওপিয়া এবং সংযুক্ত আরব আমিরাতের যোগদানের ফলে বর্তমান সদস্যদেশ ১০টি। চীনের সাংহাইতে অবস্থিত ব্রিকস ব্যাংকের আনুষ্ঠানিক নাম নিউ ডেভেলপমেন্ট ব্যাংক।

22. ঘাতক ভাইরাস ইবোলা প্রথম সনাক্ত করা হয় কোন দেশে?
Ⓐ ভারত Ⓑ কঙ্গো Ⓒ ইথিওপিয়া Ⓓ সুদান

Ⓑ Solve ১৯৭৬ সালে আফ্রিকার কঙ্গোতে প্রথম এই ভাইরাস সনাক্ত করা হয়। কঙ্গোর ইবোলা নদীর নাম থেকে এই ভাইরাসের নামকরণ করা হয়েছে।

23. আন্তর্জাতিক আদালতের বিচারকের সংখ্যা-
Ⓐ ১২ জন Ⓑ ১৪ জন Ⓒ ১৫ জন Ⓓ ১৬ জন

Ⓒ Solve ১৯৪৫ সালে প্রতিষ্ঠিত আন্তর্জাতিক আদালত জাতিসংঘের ৬টি মূল সংস্থার একটি। এর সদরদপ্তর নেদারল্যান্ডসের হেগ শহরে। বর্তমান প্রেসিডেন্ট নওয়াফ সালাম, লেবানন, ৬ ফেব্রুয়ারি ২০২৪ হতে বর্তমান।

24. পশ্চিম ইউরোপের দেশ কোনটি?
Ⓐ হাঙ্গেরি Ⓑ আয়ারল্যান্ড Ⓒ আলবেনিয়া Ⓓ পোল্যান্ড

Ⓑ Solve পশ্চিম ইউরোপের দেশ পাঁচটি। যথা- আয়ারল্যান্ড, যুক্তরাজ্য, বেলজিয়াম, ফ্রান্স ও নেদারল্যান্ডস।


CamScanner

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা : ২০১৩-১৪; ইউনিট: খ

### বাংলা

**01. ধ্বনি বিপর্যয়ের উদাহরণ কোনটি?**
Ⓐ বড়দিদি > বড়দি Ⓑ লাফ > ফাল Ⓒ শরীর > শরীল Ⓓ আজি > আইজ

Ⓑ **Solve** শব্দের মধ্যে দুটো ব্যঞ্জনের পরস্পর স্থান বিনিময়ের ফলে ধ্বনিগত যে অসংগতির সৃষ্টি হয়, তাই ধ্বনি বিপর্যয়। যেমন : বাক্স > বাসক, লাফ > ফাল।

**02. 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে'- লাইনটি বাংলা সাহিত্যের নিম্নোক্ত কোন কবির কাব্য থেকে নেওয়া?**
Ⓐ মদনমোহন তর্কালঙ্কার Ⓑ মুকুন্দরাম চক্রবর্তী Ⓒ ভারতচন্দ্র রায়গুণাকর Ⓓ কামিনী রায়

Ⓒ **Solve** ভারতচন্দ্রের জীবনকাল : ১৭১২ থেকে ১৭৬০ খ্রিষ্টাব্দ। তিনি আঠারো শতকের মঙ্গলকাব্য ধারার শ্রেষ্ঠ কবি। তিনি 'অন্নদামঙ্গল' কাব্যের রচয়িতা। 'রায়গুণাকর' হলো তাঁর উপাধি।

**03. 'হাভাতে' কোন সমাস?**
Ⓐ প্রাদি সমাস Ⓑ দ্বিগু সমাস Ⓒ অব্যয়ীভাব সমাস Ⓓ বহুব্রীহি সমাস

Ⓒ **Solve** যে সমাসে অব্যয়পদ পূর্বে বসে সামীপ্য, সদৃশ, পুনঃপুন, পর্যন্ত, পশ্চাৎ, ঈষৎ, অভাব, অনতিক্রম্যতা প্রভৃতি অর্থ প্রকাশ করে তাকে অব্যয়ীভাব সমাস বলে। যেমন : ভাতের অভাব = হাভাত, জীবন পর্যন্ত = আজীবন, মিলের অভাব = গরমিল ইত্যাদি।

**04. 'তেজস্বী' শব্দের সন্ধিবিচ্ছেদ-**
Ⓐ তেজস + বিন Ⓑ তেজঃ + বিন Ⓒ তেজ + বিন Ⓓ তেজন + বী

Ⓑ **Solve** স-জাত বিসর্গ সন্ধির কয়েকটি উদাহরণ : তিরঃ + কার = তিরস্কার, নমঃ + কার = নমস্কার, বাচঃ + পতি = বাচস্পতি।

**05. নিচের কোন বাক্যটি শুদ্ধ?**
Ⓐ সমুদয় পক্ষীই নীড় বাঁধে Ⓑ চোরটি সব মালশুদ্ধ ধরা পড়েছে। Ⓒ তার বৈমাত্রেয় সহোদর অসুস্থ Ⓓ এ বিষয়ে সকলে ঐক্যমত পোষণ করেন

Ⓐ **Solve** শব্দের শুদ্ধ রূপ :

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| সব মালশুদ্ধ | মালশুদ্ধ | ঐক্যমত | ঐকমত্য |
| বৈমাত্রেয় সহোদর | বৈমাত্রেয় | সকল মানুষেরা | সকল মানুষ /মানুষেরা |

**06. মহাকবি নন-**
Ⓐ হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় Ⓑ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓒ নবীনচন্দ্র সেন Ⓓ মাইকেল মধুসূদন দত্ত

Ⓑ **Solve** রবীন্দ্রনাথ মহাকাব্য লিখেননি তবে তিনি লেখক, কবি, নাট্যকার, ঔপন্যাসিক, ছোটগল্পকার, দার্শনিক, সংগীত রচয়িতা, সুরস্রষ্টা, গায়ক, চিত্রশিল্পী, অভিনেতা, সমাজসেবী ও শিক্ষাবিদ ছিলেন।

**কোন বানানটি শুদ্ধ?**
Ⓐ রৌদ্রকরজ্জ্বল Ⓑ রৌদ্রকরোজ্জল Ⓒ রৌদ্রকারোজ্জ্বল Ⓓ রৌদ্রকরোজ্জ্বল

Ⓓ **Solve** কয়েকটি শুদ্ধ বানান : রামায়ণ, রুগ্‌ণ, রমণীয়, রাষ্ট্রীয়, রপ্তানি।

**'ঘণ্টাগরুড়' অর্থ কী?**
Ⓐ গরুড় পাখি Ⓑ অকর্মণ্য লোক Ⓒ কর্মঠ লোক Ⓓ গরুর ঘণ্টা

Ⓑ **Solve** কয়েকটি বাগধারা : অপোগণ্ড (অকর্মণ্য), অগাকান্ত/ঘাচণ্ডী/অঘারাম (নির্বোধ), হস্তীমূর্খ (নির্বোধ), আকাট মূর্খ (নিরেট বোকা), মরো কাটা বট ঠাকুর (অকর্মণ্য লোক), ঠুঁটো জগন্নাথ (অকর্মণ্য)।

**09. 'জোড়' এবং 'জোর' শব্দ দুটি অর্থ পার্থক্যের যথার্থ উদাহরণ কোনটি?**
Ⓐ জোরবিজোড়, জোরাসাঁকো Ⓑ জোড়হাত, মানিকজোর Ⓒ জোড়পুকুর, জোরদাবি Ⓓ জোরগলা, জোরহাত

Ⓒ **Solve** সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ :
সাড়া – শব্দ। শোনা – শ্রবণ করা। দেড়ি – দেড়গুণ।
সারা – সমগ্র। সোনা – স্বর্ণ। দেরি – বিলম্ব।

**10. 'পৃষ্ঠপ্রদর্শন' বাগধারার অর্থ-**
Ⓐ অপমান করা Ⓑ পালিয়ে যাওয়া Ⓒ ক্ষমা চাওয়া Ⓓ পিঠ দেখানো

Ⓑ **Solve** গুরুত্বপূর্ণ বাগধারা : অঞ্চল প্রভাব (স্ত্রীর প্রভাব), অন্ধিসন্ধি (ফাঁকফোকর), অকালবোধন (অসময়ে আবির্ভাব), অগস্ত্য যাত্রা (শেষ বিদায়)।

**11. 'যেমন কর্ম তেমন ফল' বাক্যটিতে নিম্নরেখ শব্দ দুটি কোন পদ?**
Ⓐ বিশেষ্য Ⓑ বিশেষণ Ⓒ সর্বনাম Ⓓ অব্যয়

Ⓓ **Solve** 'যেমন-তেমন' নিত্য সম্বন্ধীয় অব্যয় বা সাপেক্ষ সর্বনাম হিসেবেও পরিচিত। যে-সে, যা-তা, যিনি-তিনি, যত-তত, যদি-তবে, যদিও-তথাপি, যখন-তখন, যেমন-তেমন — এসব হলো নিত্য সম্বন্ধীয় অব্যয়।

**12. 'DEADLOCK' শব্দটির বাংলা পরিভাষা কী?**
Ⓐ গুরুতর অবস্থা Ⓑ অচলাবস্থা Ⓒ কফিন Ⓓ মরণাপন্ন অবস্থা

Ⓑ **Solve** কয়েকটি পারিভাষিক শব্দ :

| |
|---|
| Appendix – পরিশিষ্ট। |
| Cockpit - বিমানে চালকের বসার স্থান। |
| Thesaurus - সমার্থ শব্দকোষ। |
| Review - পুনর্নিরীক্ষণ। |

**13. 'তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি'- কোন ধরনের বাক্য?**
Ⓐ যৌগিক Ⓑ সরল Ⓒ মিশ্র Ⓓ জটিল

Ⓐ **Solve** নিরপেক্ষভাবে সংযোজক বিয়োজক অব্যয় অর্থাৎ ও, এবং, কিন্তু, কিংবা, অথচ, নতুবা, তাই, তবে, তথাপি, এজন্য, সেজন্য, সুতরাং, অতএব, সংযুক্ত হয়ে পূর্ণ বাক্য গঠন করলে তা হয় যৌগিক। যেমন : তার চুল পেকেছে কিন্তু শয়তানি কমেনি।

**14. 'তুলার তৈরি' এক কথায় প্রকাশ-**
Ⓐ তুলোট Ⓑ তুলটে Ⓒ তুলতুলে Ⓓ তুলার মতো

Ⓐ **Solve** ফল পাকলে যে গাছ মরে যায় = ওষধি; কাঁচের তৈরি বাড়ি = শিশমহল; রেশম দিয়ে তৈরি = রেশমি।

**15. 'আষাঢ়-শ্রাবণ দুই মাস বসন্তকাল'- বাক্যটিতে কোন গুণের অভাব?**
Ⓐ প্রাঞ্জলতা Ⓑ যোগ্যতা Ⓒ আসত্তি Ⓓ আকাঙ্ক্ষা

Ⓑ **Solve** বাক্যস্থিত পদসমূহের অন্তর্গত এবং ভাবগত মিলবন্ধনের নাম যোগ্যতা। যেমন : 'ফাল্গুন-চৈত্র দুই মাস বসন্তকাল।'- এটি একটি যোগ্যতাসম্পন্ন বাক্য। কারণ, বাক্যটিতে পদসমূহের অর্থগত এবং ভাবগত সমন্বয় রয়েছে। কিন্তু 'আষাঢ়-শ্রাবণ দুই মাস বসন্তকাল।' বললে বাক্যটি ভাব প্রকাশের যোগ্যতা হারাবে।

**16. 'অনুশাসন' এর শুদ্ধ উচ্চারণ কোনটি?**
Ⓐ ওনুশাশোন্ Ⓑ অনুশাসোন Ⓒ ওনুশাসোন Ⓓ অনুশাশোন

Ⓐ **Solve** শব্দের প্রমিত উচ্চারণ : অধ্যক্ষ (ওদ্‌ধোক্‌খো), আহ্বান (আওভান্), পদ্য (পোদ্‌দো), ব্রাহ্মণ (ব্রাম্‌হোন্/ব্রাম্‌মোন্)।

**17. 'প্রজ্ঞা' শব্দটিতে উপসর্গ ব্যবহৃত হয়েছে কী অর্থে?**
Ⓐ ব্যাপ্তি Ⓑ ইতিবাচক Ⓒ নেতিবাচক Ⓓ প্রকৃষ্ট

Ⓓ **Solve** তৎসম 'প্র' উপসর্গটির উদাহরণ :

| | |
|---|---|
| প্রকৃষ্ট অর্থে | প্রভাব, প্রচলন, প্রস্ফুটিত। |
| খ্যাতি অর্থে | প্রসিদ্ধ, প্রতাপ, প্রভাব। |
| আধিক্য অর্থে | প্রগাঢ়, প্রবল, প্রসার। |
| গতি অর্থে | প্রবেশ, প্রস্থান। |



CS CamScanner

18. কাজী নজরুল ইসলামের নামের সাথে জড়িত 'ধূমকেতু' কোন ধরনের প্রকাশনা?

Ⓐ উপন্যাস Ⓑ কবিতা
Ⓒ পত্রিকা Ⓓ ছোটগল্প

Ⓒ Solve ১৯২২ সালে অর্ধ-সাপ্তাহিক পত্রিকা হিসেবে 'ধূমকেতু' কলকাতা থেকে প্রকাশিত হয়। এ পত্রিকায় ব্রিটিশ-বিরোধী লেখা ছাপা হতো। এ পত্রিকায় 'আনন্দময়ীর আগমনে' ছাপা হলে পত্রিকাটি নিষিদ্ধ হয় এবং কাজী নজরুলকে কারাবরণ করতে হয়। উল্লেখ্য, লাঙল (১৯২৫), নবযুগ (১৯২০) তাঁর সম্পাদিত পত্রিকা।

9. যার বংশ পরিচয় এবং স্বভাব কেউই জানে না এমন ব্যক্তিকে বলা হয়-

Ⓐ বেওয়ারিশ Ⓑ কুলকলঙ্ক
Ⓒ অজ্ঞাতকুলশীল Ⓓ কুলহীন

Ⓒ Solve কয়েকটি এক কথায় প্রকাশ : যার আগমনের কোনো তিথি নেই = অতিথি, যার চারদিকে জল = হ্রদ, যার দু হাত সমান চলে = সব্যসাচী।

0. 'বাবা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

Ⓐ ফার্সি Ⓑ তুর্কি
Ⓒ হিন্দি Ⓓ তেলেগু

Ⓑ Solve কয়েকটি তুর্কি শব্দ : উজবুক, উর্দু, কাঁচি, কুলি, কোর্মা, কাঁচি, বাবুর্চি, চকমক, বেগম, বোচকা।

1. কোনটি ঠিক নয়?

Ⓐ শিক্ষকমণ্ডলী Ⓑ বৃক্ষরাজি
Ⓒ অলিকুল Ⓓ তরুদল

Ⓓ Solve বাংলায় বহুবচন প্রকাশের জন্য রা, এরা, গুলো, গুলি, দিগ, দের, সব, সকল, সমুদয়, কুল, বৃন্দ, নিচয়, রাজি, রাশি, পাল, দাম, নিকর, মালা, আবলি প্রভৃতি সমষ্টিবোধক শব্দ ব্যবহৃত হয়। সমষ্টিবোধক শব্দগুলোর বেশির-ভাগই সংস্কৃত বা তৎসম ভাষা থেকে আগত।

. 'এ জগতে হায় সেই বেশি চায়, আছে যার ভূরি ভূরি', এ পঙ্ক্তির পর্ববিন্যাসের সাথে মিল রয়েছে নিচের কোন পঙ্ক্তির?

Ⓐ তবু আঠারোর শুনেছি জয়ধ্বনি
Ⓑ এতটুকু তারে ঘরে এনেছিনু সোনার মতন মুখ
Ⓒ ঠাঁই নাই ঠাঁই নাই ছোট সে তরী
Ⓓ রাত পোহাবার কত দেরি পাঞ্জেরি?

Ⓑ Solve 'এ জগতে, হায়, সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি' পঙ্ক্তিটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত। পঙ্ক্তিটির পর্ববিন্যাস নিম্নরূপ : এ জগতে, হায়/ সেই বেশি চায়/আছে যার ভূরি/ভূরি (৬ + ৬ + ৬ + ২) পঙ্ক্তিটির সাথে নিম্নোক্ত পঙ্ক্তিটির ছন্দগত মিল রয়েছে :

এতটুকু তারে/ঘরে এনেছিনু/সোনার মতন/মুখ (৬ + ৬ + ৬ + ২) উভয়ক্ষেত্রেই পর্ববিন্যাস (৬ + ৬ + ৬ + ২) মাত্রার।

. 'ঠিক যেন শৈলচূড়ার বরফের উপর সকালের আলো ঠিকরিয়া পড়িয়াছে, কিন্তু বরফ গলিল না।'- বাক্যটি কোন প্রসঙ্গে বলা হয়েছে?

Ⓐ হৈমন্তীর রূপ Ⓑ হৈমন্তীর যৌবন
Ⓒ হৈমন্তীর স্বভাব Ⓓ হৈমন্তীর বয়স

Ⓒ Solve প্রশ্নোক্ত বাক্যটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'হৈমন্তী' গল্পের অন্তর্ভুক্ত।

'বিলাসী' গল্পে ব্যবহৃত 'ফোর্থ ক্লাস' শব্দটি বর্তমানে কোন শ্রেণিকে বোঝায়?

Ⓐ সপ্তম শ্রেণি Ⓑ চতুর্থ শ্রেণি
Ⓒ নবম শ্রেণি Ⓓ অষ্টম শ্রেণি

Ⓐ Solve শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের রচিত 'বিলাসী' গল্পে উল্লেখকৃত ফোর্থ ক্লাস বর্তমানে সপ্তম শ্রেণি, থার্ড ক্লাস বর্তমানে অষ্টম শ্রেণি, সেকেন্ড ক্লাস বর্তমানে নবম শ্রেণি এবং এন্ট্রান্স বা প্রবেশিকা পরীক্ষা বর্তমানে মাধ্যমিক পরীক্ষার সমতুল্য।

## English

**Read the passage carefully and answer questions 1-5:**

Unlike the eye, the ear has no lids. Therefore noise penetrates without obstruction. Loud noises instinctively signal danger to any organism with a hearing mechanism, including human beings. In response, heartbeat and respiration accelerate. In fact, there is a general increase in functioning brought about by the flow of adrenalin released in response to fear.

Because noise is unavoidable in a complex industrial society, we are constantly responding in the same ways that we would respond to danger. Recently, researchers have concluded that noise and our response may be much more than an annoyance. It may be a serious threat to physical and psychological health and well-being causing damage not only to the ear and brain but also to the heart and stomach. We have long known that hearing loss is America's number one nonfatal health problem, but now we are learning that some of us with heart disease and ulcer may be victims of noise as well.

**01. What is the author's main contention?**

Ⓐ noise may pose a serious threat to our physical and psychological health
Ⓑ loud noises signal danger
Ⓒ hearing loss is America's number one nonfatal health problem
Ⓓ the ear is not like the eye

Ⓐ Explanation Passage টি ভালোভাবে লক্ষ্য করলে বুঝা যায় যে লেখক Passage টিতে আমাদের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের উপর শব্দের (কোলাহল) প্রভাব আলোচনা করেছেন।

**02. According to the passage, people respond to loud noises in the same way that they respond to ——.**

Ⓐ annoyance Ⓑ damage Ⓒ danger Ⓓ disease

Ⓒ Explanation মানুষের বিপদের সময় যেভাবে সাড়া দেয় উচ্চ শব্দেও সেভাবে সাড়া দেয় যেটি দ্বিতীয় প্যারায় প্রথম লাইন পড়লে পাওয়া যায়।

**03. It can be inferred from this passage that the eye-**

Ⓐ responds to fear
Ⓑ enjoys greater protection than the ear
Ⓒ increases function
Ⓓ is damaged by noise

Ⓑ Explanation Passage থেকে এটা অনুমেয় যে চোখ কানের চেয়ে বেশি নিরাপত্তা পায়।

**04. Noise is —.**

Ⓐ not a serious problem today
Ⓑ America's number one problem
Ⓒ an unavoidable problem in an industrial society
Ⓓ a complex problem

Ⓒ Explanation Industrial society তে শব্দদূষণ রোধ করা অসম্ভব যা passage এর ৬ষ্ঠ বাক্যে রয়েছে।

**05. Which of the following is subject-matter in the paragraph that preceded this passage?**

Ⓐ the eye Ⓑ ulcer Ⓒ heart disease Ⓓ fear

Ⓐ Explanation passage টির subject-matter হচ্ছে eye যা passage এর শুরুতেই রয়েছে।



CS CamScanner

JOYKLY PUBLICATIONS • JOYKLY PUBLICATIONS • JOYKLY PUBLICATIONS • JOYKLY PUBLICATIONS • JOYKLY PUBLICATIONS • JOYKLY PUBLICATIONS • JOYKLY PUBLICATIONS • JOYKLY PUBLICATIONS

**Questions 06 - 09: Fill in the blanks**

**06. She seemed —— and ill at ease, and bent her head**

Ⓐ embarrass Ⓑ embarrassing
Ⓒ had been embarrassed Ⓓ embarrassed

Ⓓ Explanation Sentence টি পড়লে বুঝা যায় যে Gap এ adjective ব্যবহার করতে হবে সেক্ষেত্রে Option (D) ব্যবহার করলেই বাক্যটি অর্থ পূর্ণ হবে। তাকে বিব্রত এবং অসুস্থ মনে হলো।

**07. My house is adjacent —— the mosque.**

Ⓐ into Ⓑ to Ⓒ onto Ⓓ unto

Ⓑ Explanation Adjacent to এর সাথে appropriate preposition হিসাবে to বসে। যার অর্থ সংলগ্ন।

**08. Many poor people live —— the island.**

Ⓐ across Ⓑ on Ⓒ in Ⓓ at

Ⓒ Explanation Live in→ বাস করা, Live on→ খেয়ে বাঁচা, Sentence এর সাথে live in ব্যবহার করতে হবে।

**09. If the parliamentary body——, the bill will be placed in the parliament.**

Ⓐ approved Ⓑ had approved
Ⓒ approves Ⓓ has approved

Ⓒ Explanation Sentence টিতে 1st conditional এর নিয়ম (If + present indefinite tense + Sub + shall/will + verb এর base form) মেনেছে।

**Questions 10-12: Select the correct sentence:**

10. Ⓐ Distribute the clothes within the poor people
Ⓑ Distribute the clothes among the poor people
Ⓒ Distribute the clothes between the poor people
Ⓓ Distribute the clothes at the poor people

Ⓑ Explanation দুই এর মধ্যে বুঝাতে between এবং অনেকের মধ্যে বুঝাতে among ব্যবহৃত হয়।

11. Ⓐ The prosecution began their closing arguments yesterday
Ⓑ The prosecution begins their closing arguments yesterday
Ⓒ The prosecution had begun their closing arguments yesterday
Ⓓ The prosecution being began their closing arguments yesterday

Ⓐ Explanation অতীত নির্দেশক শব্দ (yesterday, ago, last day, last night, last year, before ইত্যাদি) থাকলে বাক্যটি সাধারণত past indefinite হয়।

12. Ⓐ The roads of Dhaka is wider than Khulna
Ⓑ The roads of Dhaka are wider than those of Khulna
Ⓒ The roads of Dhaka is wider than of Khulna
Ⓓ The roads of Dhaka is wider than those of Khulna

Ⓑ Explanation (Ⓑ) তে those of দিয়ে Dhaka'র রাস্তা গুলোকে বুঝানো হচ্ছে তাই are হবে। অর্থাৎ Dhaka'র রাস্তাগুলো Khulna'র রাস্তা গুলোর চেয়ে চওড়া।

**13. Choose the comparative form of the sentence: 'He is as clever as a fox'**

Ⓐ He is cleverer than a fox
Ⓑ A fox is cleverer than him
Ⓒ A fox is not as clever as him
Ⓓ A fox is not cleverer than him

Ⓓ Explanation As ........ as যুক্ত positive degree কে comparative করতে হলে Object এর Subjective form + verb + not + comparative form + than + sub এর Objective from।

**14. Choose the antonym of 'Tangible'-**

Ⓐ concrete Ⓑ manifest Ⓒ initial Ⓓ abstract

Ⓓ Explanation Tangible- শরীরী, বাস্তব, স্পর্শগ্রাহ্য। অপরদিকে concrete- স্পর্শগ্রাহ্য; manifest- সু-স্পষ্ট; initial- প্রারম্ভিক; abstract- স্পর্শগ্রাহ্য নয়।

**15. When should we use the passive sentence?**

Ⓐ When the doer is less important
Ⓑ When the doer is more important
Ⓒ When the subject is very short
Ⓓ When we use an informal style

Ⓐ Explanation যখন কর্তা (doer) কম গুরুত্বপূর্ণ হয়, তখন passive

**16. Choose the indirect form:**

**'Could I help you, Sir"? said the receptionist to the custom**

Ⓐ The receptionist asked if she could help the customer
Ⓑ The receptionist asked the customer if they could help him
Ⓒ The receptionist asked the customer if she could help him
Ⓓ The receptionist said that she could help the customer

Ⓒ Explanation Auxiliary /modal verb যুক্ত Interroga sentence কে indirect করতে হলে- Reporting verb এর sub + as object + if/whether + tense ও person অনুযায়ী reported speech sub + verb + Obj হবে।

**17. The prefix 'mis' can be added to-**

Ⓐ fool Ⓑ fire
Ⓒ obey Ⓓ personal

Ⓑ Explanation Fire এর সাথে mis যুক্ত হয়ে misfire শব্দটি গঠন হয় যার অর্থ বন্দুক থেকে গুলি বের হতে ব্যর্থ হওয়া।

**18. Synonym of the word 'annoy' is-**

Ⓐ irritate Ⓑ invest Ⓒ fight Ⓓ frighten

Ⓐ Explanation Annoy অর্থ রাগানো, বিরক্ত করা। irritate- রাগানো invest- বিনিয়োগ করা, fight- যুদ্ধ করা, frighten- ভীতি প্রদর্শন।

**19. The four underlined parts of the following sentences are marked as A, B, C, D. Identify the word or phrase that is not correct.**

When the queen (Ⓐ) heard that, (Ⓑ) the prince herself was ill (Ⓒ) she went to his room, (Ⓓ) to have a look at him.

Ⓑ Explanation The prince masculine gender, তাই এর emphatic pronoun হিসাবে himself বসবে।

**20. The word 'beautify' is-**

Ⓐ a noun Ⓑ a verb Ⓒ an adverb Ⓓ an adjective

Ⓑ Explanation Beautify→ (সুন্দর করা) verb, beauty (সৌন্দর্য)→ noun, beautiful→ Adj, beautifully→ adverb.

**21. Dhaka is famous for mosque. The correct WH question to this sentence is-**

Ⓐ What for is Dhaka famous? Ⓑ For what is Dhaka famous?
Ⓒ Why is Dhaka famous for? Ⓓ What is Dhaka famous for?

Ⓓ Explanation কিসের জন্য প্রশ্ন করতে What ব্যবহৃত হয়।

**22. The verb form of the word 'danger' is-**

Ⓐ endangered Ⓑ dangerous
Ⓒ endanger Ⓓ endangering

Ⓒ Explanation Danger- হচ্ছে noun (বিপদ)। এর verb হলো- endenger (বিপদগ্রস্থ করা), এবং adjective- dangerous (বিপজ্জনক)।

**23. The phrase 'make headway' means-**

Ⓐ doing hard work Ⓑ to make progress
Ⓒ to make loss Ⓓ to find highway

Ⓑ Explanation Make headway এর phrase এর অর্থ উন্নত করা।

**24. The feminine gender of the word 'horse' is-**

Ⓐ mare Ⓑ vixen Ⓒ drone Ⓓ ewe

Ⓐ Explanation Mare এর অর্থ ঘোটকী, মাদী ঘোড়া।

JOYKLY PUBLICATIONS • JOYKLY PUBLICATIONS • JOYKLY PUBLICATIONS • JOYKLY PUBLICATIONS • JOYKLY PUBLICATIONS • JOYKLY PUBLICATIONS • JOYKLY PUBLICATIONS • JOYKLY PUBLICATIONS

CamScanner

[illegible]

[illegible]

[illegible]

Wailing Wall-[illegible]

[illegible]

Solve Wailing Wall [illegible]

[illegible]

Solve [illegible]

[illegible]

Solve [illegible]

[illegible]

Solve [illegible]

| [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
|---|---|---|---|
| [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| [illegible] | [illegible] | | |

[illegible]

Note: [illegible]

06. 'ডেটন চুক্তি' স্বাক্ষরিত হয় কোন শহরে?

Ⓐ আলাস্কা Ⓑ নিউইয়র্ক Ⓒ প্যারিস Ⓓ মিউনিখ

Ⓑ Solve ডেটন চুক্তি স্বাক্ষরিত হয় ২১ নভেম্বর, ১৯৯৫ সালে। চুক্তির প্রধান উদ্যোক্তা ছিলেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন। এই চুক্তির প্রধান উদ্দেশ্য ছিল বসনিয়া যুদ্ধের অবসান ঘটানো।

07. ফুটবল খেলোয়াড়দের জার্সিতে নম্বর লাগানোর প্রথা প্রথম চালু হয় কোন সালে?

Ⓐ ১৯২৫ Ⓑ ১৯২৯
Ⓒ ১৯৩৫ Ⓓ ১৯৩৯

Ⓒ Solve প্রথম বিশ্বকাপ ফুটবল ১৯৩০ সালে উরুগুয়েতে অনুষ্ঠিত হয়েছিল। বিশ্বকাপ ট্রফির প্রথম নাম ছিল জুলেরিমে কাপ। বর্তমানে তা ফিফা বিশ্বকাপ নামে পরিচিত। ১৯৩৫ সালে ফুটবল খেলোয়াড়দের জার্সিতে নম্বর লাগানোর প্রথা শুরু হয়েছিল।

08. 'লাইন অব কন্ট্রোল' বলতে কোন দুটি দেশের সীমান্তবর্তী রেখাকে চিহ্নিত করে?

Ⓐ ইসরাইল ও জর্ডান Ⓑ ভারত ও পাকিস্তান
Ⓒ দক্ষিণ কোরিয়া ও উত্তর কোরিয়া Ⓓ চীন ও তাইওয়ান

Ⓑ Solve সীমারেখা বিষয়ক তথ্য:

| সীমারেখা | যেসব দেশের মধ্যে |
|---|---|
| লাইন অব কন্ট্রোল | ভারত ও পাকিস্তান |
| ডুরান্ড লাইন | পাকিস্তান ও আফগানিস্তান |
| র‍্যাডক্লিফ | বাংলাদেশ ও ভারত এবং ভারত ও পাকিস্তান |
| ম্যাকমোহন লাইন | ভারত ও চীন |

09. ইতিহাসের জনক কে?

Ⓐ হেরোডোটাস Ⓑ অ্যারিস্টটল Ⓒ টলেমি Ⓓ প্লেটো

Ⓐ Solve বিভিন্ন শাস্ত্র ও শাস্ত্রের জনক।

| শাস্ত্র | জনক | শাস্ত্র | জনক |
|---|---|---|---|
| ইতিহাস | হেরোডোটাস | রাষ্ট্রবিজ্ঞান | অ্যারিস্টটল |

টলেমি ছিলেন একজন গ্রিক জ্যোতির্বিদ এবং দার্শনিক। প্লেটো দার্শনিক সক্রেটিসের ছাত্র এবং এরিস্টটলের গুরু ছিলেন।

10. মালালা ইউসুফজাই ২০১৩ সালে যে পুরস্কারে ভূষিত হয়েছেন তার নাম-

Ⓐ Clinton Citizens Award
Ⓑ Clinton Global Award
Ⓒ Clinton Global Citizens Award
Ⓓ Clinton World Citizen Award

Ⓒ Solve দৃষ্টান্তমূলক নেতৃত্বগুণ এবং বিশ্ব আর্তমানবতার জন্য কল্যাণকর কাজের স্বীকৃতিস্বরূপ ক্লিনটন গ্লোবাল সিটিজেন অ্যাওয়ার্ড প্রদান করা হয়। এটি ২০০৭ সালে প্রতিষ্ঠিত হয়।

11. আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তি প্রয়োগ নিষিদ্ধকারী 'প্যারিস প্যাক্ট' স্বাক্ষরিত হয়-

Ⓐ ১২ আগস্ট, ১৯২৭ Ⓑ ২৭ আগস্ট, ১৯২৮
Ⓒ ৩ নভেম্বর, ১৯২৮ Ⓓ ৫ জানুয়ারি, ১৯২৯

Ⓑ Solve বিভিন্ন চুক্তি ও সাল :

| চুক্তি | সাল | চুক্তি | সাল |
|---|---|---|---|
| প্যারিস প্যাক্ট | ২৭ আগস্ট ১৯২৮ | দ্বিতীয় ভার্সাই চুক্তি | ১৯১৯ |
| ক্যাম্প ডেভিড চুক্তি | ১৭ সেপ্টেম্বর ১৯৭৮ | সিমলা চুক্তি | ১৯৭২ |

12. আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস কবে?

Ⓐ ৫ জুন Ⓑ ২৬ জুন Ⓒ ২৭ জুন Ⓓ ২৩ জুন

Ⓑ Solve গুরুত্বপূর্ণ দিবস ও তারিখ :

| তারিখ | দিবস |
|---|---|
| ৮ মার্চ | আন্তর্জাতিক নারী দিবস |
| ৫ জুন | বিশ্ব পরিবেশ দিবস |
| ২৬ জুন | আন্তর্জাতিক মাদকবিরোধী দিবস |
| ৫ অক্টোবর | বিশ্ব শিক্ষক দিবস |

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা : ২০১২-১৩; ইউনিট: খ

### বাংলা

01. কোন গল্প রচনা করে শরৎচন্দ্র 'কুন্তলীন' পুরস্কার পান?

Ⓐ অভাগীর স্বর্গ Ⓑ মামলার ফল
Ⓒ মন্দির Ⓓ বড়দিদি

Ⓒ Solve বাংলা সাহিত্যে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৭৬-১৯২৩) অপরাজেয় কথাশিল্পী হিসেবে পরিচিত। তাঁর প্রথম গল্প 'মন্দির' কুন্তলীন পুরস্কার লাভ করে। *অভাগীর স্বর্গ*, *মামলার ফল* তাঁর ছোটগল্প এবং 'বড়দিদি' তাঁর প্রথম উপন্যাস।

02. ঢাকা বিশ্ববিদ্যালয়ে কিছুকাল অধ্যাপনা করেছেন যে কবি –

Ⓐ বেগম সুফিয়া কামাল Ⓑ শামসুর রাহমান
Ⓒ জসীমউদ্দীন Ⓓ বুদ্ধদেব বসু

Ⓒ Solve জসীমউদ্দীন বাংলা সাহিত্যে 'পল্লিকবি' হিসেবে পরিচিত। কর্মজীবনের শুরুতে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে কিছুকাল অধ্যাপনা করেন।

03. সমাসবদ্ধ পদ কোনটি?

Ⓐ আকাশ Ⓑ ছাড়পত্র Ⓒ মৃত্তিকা Ⓓ সাগর

Ⓑ Solve সমাস নির্ণয় :

| সমস্তপদ | ব্যাসবাক্য | সমাসের নাম |
|---|---|---|
| ছাড়পত্র | ছাড়ের পত্র | ষষ্ঠী তৎপুরুষ |

04. তুলতুলা>লুতলুতা কোন ধরনের ধ্বনির পরিবর্তন?

Ⓐ সমাক্ষর লোপ Ⓑ সমীকরণ Ⓒ ব্যঞ্জনচ্যুতি Ⓓ ধ্বনি বিপর্যয়

Ⓓ Solve শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে, তাকে ধ্বনি বিপর্যয় বা বর্ণ বিপর্যয় বলে। যেমন : লাফ > ফাল, তুলতুলা > লুতলুতা।

05. শুধু বিশেষ্য ও সর্বনাম জাতীয় শব্দের কী হয়?

Ⓐ ভাষাভেদ Ⓑ বচনভেদ Ⓒ লিঙ্গভেদ Ⓓ পদভেদ

Ⓑ Solve ব্যাকরণে বিশেষ্য ও সর্বনামের সংখ্যাগত ধারণা প্রকাশের উপায়কে বচন বলে। বচন দুই প্রকার : একবচন ও বহুবচন। শুধু বিশেষ্য ও সর্বনাম শব্দের ক্ষেত্রেই বচনভেদ হয়।

06. বাতাস কোনোরকম বাধা ছাড়া একইসঙ্গে মুখ ও নাক দিয়ে বেরিয়ে গিয়ে উচ্চারিত বাগ্‌ধ্বনিগুলিকে কী বলে?

Ⓐ নাসিক্য ধ্বনি Ⓑ মৌখিক ধ্বনি
Ⓒ অনুনাসিক স্বরধ্বনি Ⓓ স্পৃষ্ট ধ্বনি

Ⓒ Solve স্বরধ্বনি উচ্চারণের সময় বাতাস বাধাহীনভাবে একইসঙ্গে মুখ ও নাক দিয়ে বেরিয়ে এলে যেরকম ধ্বনি হয় তাকে বলা হয় অনুনাসিক বা সানুনাসিক স্বরধ্বনি। স্বরধ্বনির এই অনুনাসিকতা বোঝাতে বাংলা স্বরবর্ণের উপরে চন্দ্রবিন্দু (ঁ) ব্যবহৃত হয়ে থাকে।

07. উচ্চারণের একক (Unit)-কে কী বলা হয়?

Ⓐ অক্ষর Ⓑ অনুসর্গ Ⓒ উপসর্গ Ⓓ ধ্বনি

Ⓐ Solve নিঃশ্বাসের স্বল্পতম প্রয়াসে উচ্চারিত ধ্বনিকে অক্ষর বলে। যেমন : 'বোন' শব্দে এক অক্ষর কিন্তু 'মামা' শব্দে দুই অক্ষর।

08. 'কড়ি' এর বিপরীতার্থক শব্দ কোনটি?

Ⓐ কোমল Ⓑ মধুর Ⓒ পয়সা Ⓓ কানা

Ⓐ Solve 'কড়ি' শব্দের অর্থ কড়া, তীব্র। 'কড়ি' শব্দের বিপরীত শব্দ 'কোমল'।



CamScanner

09. 'মই' কথাটির 'ই'-কে কী বলে?

Ⓐ হ্রস্বস্বর Ⓑ অর্ধস্বর Ⓒ দ্বিস্বর Ⓓ অন্তঃস্বর

Ⓑ Solve যেসব স্বরধ্বনি পুরোপুরি উচ্চারিত হয় না সেগুলোকে অর্ধস্বরধ্বনি বলে। বাংলা ভাষায় অর্ধস্বরধ্বনি চারটি। যথা : [ই] [উ], [এ], [ও]। যেমন : মই, তাই, নাই, খাই শব্দগুলোতে 'ই' হলো অর্ধস্বর।

10. সকল বালিকারা বাগানে গেল। এটি কেন সার্থক বাক্য হয়নি?

Ⓐ যোগ্যতার অভাবে Ⓑ বাহুল্যদোষে
Ⓒ রীতিসিদ্ধ অর্থের অভাবে Ⓓ আসক্তির অভাবে

Ⓑ Solve বাক্যটিতে প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহারের জন্য সার্থক বাক্য হয়নি।

11. 'Industrious' এর বঙ্গানুবাদ –

Ⓐ শিল্পোদ্যোগী Ⓑ শিল্পায়ন Ⓒ শিল্পানুরাগী Ⓓ পরিশ্রমী

Ⓓ Solve কতিপয় পারিভাষিক শব্দ :

| | | | |
|---|---|---|---|
| Inflation | মুদ্রাস্ফীতি | Blueprint | প্রতিচিত্র |
| Innovation | উদ্ভাবন | Invoice | চালান |
| Inquiry | অনুসন্ধান | Ineligible | অযোগ্য |

12. 'চত্বারিংশ' শব্দটি কোন সংখ্যাজ্ঞাপক?

Ⓐ চব্বিশ Ⓑ চৌত্রিশ Ⓒ চল্লিশ Ⓓ চৌচল্লিশ

Ⓒ Solve কয়েকটি সংখ্যাবাচক শব্দ : চত্বারিংশ (৪০), একচত্বারিংশ (৪১) দ্বিচত্বারিংশ (৪২), ত্রিচত্বারিংশ (৪৩), চতুশ্চত্বারিংশ (৪৪), পঞ্চচত্বারিংশ (৪৫)।

13. 'পুস্তিকা' কী অর্থে ব্যবহৃত হয়?

Ⓐ স্ত্রীলিঙ্গ Ⓑ উভয়লিঙ্গ Ⓒ ক্ষুদ্রার্থে Ⓓ বৃহদার্থে

Ⓒ Solve ক্ষুদ্রার্থে 'ইকা' যোগ হয়। যেমন : নাটক - নাটিকা, মালা - মালিকা, গীত - গীতিকা, পুস্তক - পুস্তিকা ইত্যাদি। (এগুলো স্ত্রী প্রত্যয় নয়, ক্ষুদ্রার্থক প্রত্যয়)।

14. 'যত চাও তত নও' বাক্যটি কী জাতীয় বাক্যের উদাহরণ?

Ⓐ নির্ধারক বিশেষণ Ⓑ ব্যতিহার বহুব্রীহি
Ⓒ সাপেক্ষ সর্বনাম Ⓓ ক্রিয়া বিশেষণ

Ⓒ Solve কখনো কখনো পরস্পর সম্পর্কযুক্ত একাধিক পদ একই সঙ্গে ব্যবহৃত হয়ে দুটো বাক্যের সংযোগ সাধন করে থাকে। এদেরকে বলা হয় সাপেক্ষ সর্বনাম। যেমন : যত গর্জে তত বর্ষে না। যেমন কর্ম তেমন ফল।

15. বাহিরের জগৎ সম্পর্কে জ্ঞান নেই এমন ব্যক্তিকে বলা হয় –

Ⓐ মূর্খ Ⓑ কূপমণ্ডূক Ⓒ ক্ষুদ্রমনা Ⓓ বর্বর

Ⓑ Solve 'কূপমণ্ডূক' শব্দের অর্থ কুয়োর ব্যাঙ। আলংকারিক অর্থে 'কূপমণ্ডূক' বলতে সংকীর্ণচেতা ব্যক্তি, কুয়োর ব্যাঙের মতো সীমাবদ্ধ জ্ঞানবিশিষ্ট ব্যক্তিকে বোঝায়।

16. নিচের কোন শব্দ ভুল?

Ⓐ স্বায়ত্তশাসন Ⓑ শ্রদ্ধাঞ্জলি Ⓒ অভ্যন্তরীন Ⓓ মুহুর্মুহু

Ⓒ Solve বানানশুদ্ধি : অভ্যন্তরীণ, অহর্নিশ, অন্তঃসত্ত্বা, অভাবগ্রস্ত, অপরাহ্ণ।

17. নিচের কোন নাম শুদ্ধ বানানে লেখা হয়েছে?

Ⓐ শরতচন্দ্র চট্টোপাধ্যায় Ⓑ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
Ⓒ শরৎচন্দ চট্টোপাধ্যায় Ⓓ শরচ্চন্দ্র চট্টোপাধ্যায়

Ⓑ Solve লেখক নাম হিসেবে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় শুদ্ধ বানানে লিখিত। অপরদিকে সন্ধির নিয়মানুসারে শরৎ + চন্দ্র = শরচ্চন্দ্র, যার অর্থ শরৎকালের চাঁদ। শব্দ হিসেবে 'শরচ্চন্দ্র' শুদ্ধ হলেও লেখক-নাম হিসেবে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় শুদ্ধ।

18. 'আকাল' কার সম্পাদিত গ্রন্থ?

Ⓐ শামসুর রাহমান Ⓑ অমিয় চক্রবর্তী
Ⓒ সৈয়দ ওয়ালীউল্লাহ Ⓓ সুকান্ত ভট্টাচার্য

Ⓓ Solve সুকান্ত ভট্টাচার্য ফ্যাসিবিরোধী লেখক শিল্পী সংঘের পক্ষে 'আকাল' নামে একটি কাব্যগ্রন্থ সম্পাদনা করেন। এটি তাঁর সম্পাদিত কাব্যগ্রন্থ, রচিত কাব্যগ্রন্থ নয়।

19. 'ষাট বছর পূর্ণ হওয়ার উৎসব' কে এক কথায় বলে –

Ⓐ রজতজয়ন্তী Ⓑ সুবর্ণজয়ন্তী
Ⓒ হীরক জয়ন্তী Ⓓ সার্ধশতবর্ষ

Ⓒ Solve এক কথায় প্রকাশ : পঁচিশ বছর পূর্ণ হওয়ার উৎসব – রজতজয়ন্তী, পঞ্চাশ বছর পূর্ণ হওয়ার উৎসব – সুবর্ণজয়ন্তী, ষাট বছর পূর্ণ হওয়ার উৎসব – হীরক জয়ন্তী, একশত পঞ্চাশ বছরের পূর্তি – সার্ধশতবর্ষ।

20. 'কেলিনু শৈবালে ভুলি কমল-কানন'–এখানে 'শৈবাল' কীসের প্রতীক?

Ⓐ মাতৃভাষা Ⓑ পরভাষা
Ⓒ বঙ্গভাষা Ⓓ বঙ্গ-সংস্কৃতি

Ⓑ Solve পঙ্‌ক্তিটি মাইকেল মধুসূদন দত্তের 'বঙ্গভাষা' সনেট থেকে নেওয়া হয়েছে।

21. 'ইহাই-হউক তরুণের সাধনা।' এ বাক্যটি কোন রচনার শেষবাক্য?

Ⓐ কলিমদ্দি দফাদার Ⓑ যৌবনের গান
Ⓒ রচনার শিল্পগুণ Ⓓ হৈমন্তী

Ⓑ Solve 'যৌবনের গান' কাজী নজরুল ইসলাম রচিত একটি প্রবন্ধ।

22. কবির মতিগতির সম্পূর্ণ বিপরীত অবস্থানে কাদের মতিগতি?

Ⓐ ছাত্রদের Ⓑ রাজনীতিবিদদের
Ⓒ সাংবাদিকদের Ⓓ শিক্ষকদের

Ⓓ Solve 'সাহিত্যে খেলা' প্রবন্ধে প্রাবন্ধিক প্রমথ চৌধুরী বলেছেন, "তবে কি সাহিত্যের উদ্দেশ্যে লোককে শিক্ষা দেওয়া? – অবশ্য নয়। কেননা কবির মতিগতি শিক্ষকের মতিগতির সম্পূর্ণ বিপরীত।"

23. '–নামক অমৃতে যে আমাদের অরুচি জন্মেছে, তার জন্য দায়ী এ যুগের স্কুল ও তার মাস্টার।' শূন্যস্থানে বসবে –

Ⓐ সাহিত্য Ⓑ লেখাপড়া
Ⓒ কাব্যরস Ⓓ গদ্যপাঠ

Ⓒ Solve প্রমথ চৌধুরী তাঁর 'সাহিত্যে খেলা' প্রবন্ধে বলেছেন, "কাব্যরস নামক অমৃতে যে আমাদের অরুচি জন্মেছে, তার জন্য দায়ী এ যুগের স্কুল এবং তার মাস্টার।"

24. 'গান গেয়ে তরী বেয়ে কে আসে পারে'–পরের পঙ্‌ক্তি –

Ⓐ যেন দেখে মনে হয় চিনি উহারে Ⓑ মনে হয় দেখে যেন চিনি উহারে
Ⓒ দেখে মনে হয় যেন চিনি উহারে Ⓓ দেখে যেন মনে হয় চিনি উহারে

Ⓓ Solve রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কাব্যের অংশবিশেষ :

গান গেয়ে তরী বেয়ে কে আসে পারে!
দেখে যেন মনে হয় চিনি উহারে।

## English

01. The only medium of literature is —— .

Ⓐ language Ⓑ painting
Ⓒ sculpture Ⓓ architecture

Ⓐ Explanation The medium of literature is language, which is used to create meaning, evoke emotions and engage readers. Literature can be written or spoken and can be presented in print or digitally.



CamScanner

**02. An antonym of the word 'extempore' is —.**

Ⓐ prompt Ⓑ immediate
Ⓒ spontaneous Ⓓ prepared

Ⓓ Explanation Extempore এর অর্থ পূর্বপ্রস্তুতিহীন, উপস্থিতমত। যার বিপরীত শব্দ হচ্ছে Prepared (প্রস্তুত, উদ্যত)। অন্যদিকে promt – শীঘ্র, চটপটে spontaneous – স্বতঃস্ফূর্ত, স্বাভাবিক Immediate – আশু, অবিলম্ব।

**03. The adjective of the word 'mother' is —.**

Ⓐ motherly Ⓑ motherhood
Ⓒ mothering Ⓓ mother-in-law

Ⓐ Explanation Mother শব্দটির Adjective রূপ হচ্ছে Motherly or Maternal কিন্তু Motherhood (N) – মাতৃত্ব, Mothering (V) – পালন করা এবং Mother – in – law – শাশুড়ি এটা Noun

**04. To greet someone at 10pm, we say —.**

Ⓐ good late evening Ⓑ good late night
Ⓒ good night Ⓓ good evening

Ⓓ Explanation Good evening is commonly used after 6 pm or when the sun sets. Good Morning : 5 am to 12 pm and Good afternoon used 12 pm to 6 pm and Good night used when you go to bed.

**05. *Paradise Lost* is an epic written by —.**

Ⓐ Homer Ⓑ Tagore Ⓒ Dante Ⓓ Milton

Ⓓ Explanation Paradise Lost is an epic poem in blank verse written by the English poet John Milton.

**06. Epics are divided into — types.**

Ⓐ six Ⓑ four Ⓒ two Ⓓ five

Ⓒ Explanation Epics are divided into two types – folk epic and literary epic. The folk epic in basically in oral form while literary epic is in written form.

**07. An epic is based on — performed by a hero.**

Ⓐ heroic deeds Ⓑ a narrative
Ⓒ intervention Ⓓ trifle subjects

Ⓐ Explanation Epic হচ্ছে মহাকাব্য। একটি মহাকাব্য প্রাচীন কোনো কাহিনি বা বীরত্বপূর্ণ (Heroic deeds) কাজ নিয়ে লেখা হয়ে থাকে।

**08. The word 'proportionate' is —.**

Ⓐ a noun Ⓑ an adverb Ⓒ an adjective Ⓓ a verb

Ⓒ Explanation Proportionate .- শব্দটি Adjective যার অর্থ সমানুপাতিক আবার, Proportion – (Noun) সমানুপাত এবং Proportionate কে Verb করলে অর্থ দাঁড়ায় উপযোগী হওয়া।

**09. A synonym of the word 'deliberately' is —.**

Ⓐ carelessly Ⓑ intentionally
Ⓒ delightfully Ⓓ dementedly

Ⓑ Explanation Deliberately অর্থ – ইচ্ছাকৃতভাবে, স্বেচ্ছায়। যার সমার্থক শব্দ হচ্ছে intentionally – স্বেচ্ছাপ্রণোদিতভাবে। অন্যদিকে Carelessly – উদাসীনভাবে delightfully – অত্যন্ত আনন্দের সাথে, Dementedly – উন্মত্তভাবে, অস্থিরভাবে।

**10. *Hamlet* is a play written by —.**

Ⓐ Milton Ⓑ Shaw
Ⓒ Ibsen Ⓓ Shakespeare

Ⓓ Explanation William Shakespeare এর একটি বিখ্যাত নাটক (play) হলো Hamlet আর এই নাটকের একটা বিখ্যাত উক্তি "To be or not to be, that is the question."

**11. Rabindranath Tagore wrote —.**

Ⓐ Balaka Ⓑ Banalata Sen
Ⓒ Bidrahi Ⓓ Chhar Patra

Ⓐ Explanation 'Balaka' is a book poetry on the theme of dynamic consciousness, written by Rabindranath Tagore in 1916. 'Banalata Sen' by Jibanananda Das, 'Bidrahi' by Kazi Nazrul Islam and 'Chhar Patra' by Sukanta Bhattacharya.

***The four underlined parts of the following sentences are marked as A, B, C, D. Identify the word or phrase that is not correct (12-24) :***

**12.** After she(Ⓐ) had bought (Ⓑ) himself a new car (Ⓒ) she sold (Ⓓ) her bicycle.

Ⓑ Explanation She এর reflexive pronoun "herself" হবে।

**13.** (Ⓐ) The only teachers (Ⓑ) who were required (Ⓒ) to attend the meeting were Amirul, Mahtab, Sadeka and (Ⓓ) me.

Ⓓ Explanation একটি Complex sentence একের অধিক Subject আসলে আমরা objective form নয় subjective form ব্যবহার করতে হবে me এর জায়গায় I হবে।

**14.** Please (Ⓐ) give me (Ⓑ) a few sugar and (Ⓒ) some biscuits (Ⓓ) if you have any left.

Ⓑ Explanation A few এর স্থলে A little হবে। কারণ Sugar Uncountable noun.

**15.** Umme Kulsum is (Ⓐ) studying(Ⓑ)law (Ⓒ)at Khulna University (Ⓓ) so does Mahin.

Ⓓ Explanation দুই Subject একই বিষয়ে পড়াশোনা করার কথা বলা হয়েছে তাই অপশন D তে ভুল আছে। ওখানে so do Mahin হলে সঠিক হতো।

**16.** The professor (Ⓐ) is thinking (Ⓑ) to go to the conference (Ⓒ) on history in Kolkata (Ⓓ) next month.

Ⓑ Explanation Thinking about going হবে। কারণ এখানে নিকট ভবিষ্যৎ বোঝাতে এবং Think এর পর about preposition এর পরে verb এর পরে ing যুক্ত হয়।

**17.** Children enjoy (Ⓐ) telling and listening to (Ⓑ) ghosts stories (Ⓒ) especially (Ⓓ) on a moonlit night.

Ⓑ Explanation Ghosts stories না হয়ে ghost stories হবে। Here do not pluralize the word ghost when there is another noun behind it.

**18.** We wish today (Ⓐ) was sunny (Ⓑ) so that we (Ⓒ) could spend the day (Ⓓ) in the village enjoying nature.

Ⓐ Explanation কোনো কিছুর wish করলে পরবর্তী be verb were হয়ে যায়। সুতরাং was না হয়ে were হবে।

**19.** Talukder used to (Ⓐ) living in Sylhet (Ⓑ) but his company (Ⓒ) had him transferred to (Ⓓ) a better position in Dinajpur.

Ⓐ Explanation Used to এর পর verb এর base form ব্যবহৃত হয়। তাই এখানে living না হয়ে live হবে। Used to দ্বারা অতীতের কোনো অভ্যাস বোঝায়।

**20.** (Ⓐ). The candidate talked as if he (Ⓑ) has already (Ⓒ) been elected (Ⓓ) to the membership of the Parliament.

Ⓑ Explanation As if এর সূত্র অনুযায়ী প্রথম অংশ past indefinite হলে পরের অংশে past perfect হয়। সুতরাং অপশন (B) তে has না হয়ে had হবে।

**21.** (Ⓐ). Writers (Ⓑ) like William Shakespeare and Rabindranath Tagore (Ⓒ) are not only prolific (Ⓓ) but too interesting.

Ⓓ Explanation Not only এর পর prolific যা Adjective, ঠিক তেমনি but also এর পর Adjective Interesting রাখতে হবে তাই "too" এটা বাদ দিতে হবে।



CamScanner

22. (A) Visitors are not permitted (B) entering the park after dark (C) because of the lack (D) of security and lighting.

B Explanation Entering না হয়ে to enter হবে। Verbs in the to infinitive form after the passive structure to be + permitted.

23. Professor Tariq will (A) be divided (B) the biology class (C) into two sections to prevent (D) overcrowding in his classroom.

A Explanation Be divided না হয়ে divide হবে। কারণ The sentence is in the active voice so there is no will be + $v_3$.

24. No one would have (A) attended the lecture if you (B) told (C) the truth about the (D) guest speaker.

B Explanation অপশন (B) তে had told হবে। কারণ if যুক্ত conditional sentence – এ যখন এক অংশ would / could / might + have + $v_3$ হবে অন্য অংশে past perfect হবে।

## সাধারণ জ্ঞান

01. একটি রাষ্ট্রের কয়টি মৌলিক উপাদান থাকে?
Ⓐ ৩টি Ⓑ ৪টি Ⓒ ৫টি Ⓓ ৬টি

B Solve একটি রাষ্ট্রের ৪টি মৌলিক উপাদান থাকে। যথা: নির্দিষ্ট ভূ-খণ্ড, জনসংখ্যা, সরকার ও সার্বভৌমত্ব। সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান সার্বভৌমত্ব।

02. বাংলাদেশ সফরকারী প্রথম বিদেশি সরকার প্রধান কে?
Ⓐ জুলফিকার আলী ভুট্টো Ⓑ লুনা দ্যা সিলভা
Ⓒ ইন্দিরা গান্ধী Ⓓ মার্শাল ফুকো

C Solve ভারতের মহিলা রাজনীতিবিদ দুবারের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী ১৯৭২ সালের ১৭ মার্চ বাংলাদেশে আসেন। মুক্তিযুদ্ধে তাঁর অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁকে "বাংলাদেশ স্বাধীনতা সম্মাননা" (মরণোত্তর) পদক দেয়া হয়।

03. বড় পুকুরিয়া কয়লা খনি কোন জেলায় অবস্থিত?
Ⓐ রংপুর Ⓑ দিনাজপুর Ⓒ নীলফামারী Ⓓ ঠাকুরগাঁও

B Solve বড় পুকুরিয়া কয়লা খনি দিনাজপুর জেলায় অবস্থিত। ১৯৮৫ সালে এটি আবিষ্কৃত হয়। রংপুরের বদরগঞ্জে কঠিন শিলা পাওয়া যায়।

04. ক্রিকেটে সবচেয়ে বেশি সেঞ্চুরি করেছেন কে?
Ⓐ শচীন টেন্ডুলকার Ⓑ ব্রায়ান লারা Ⓒ জয়সুরিয়া Ⓓ রিকি পন্টিং

A Solve লিটল মাস্টার খ্যাত শচীন টেন্ডুলকার ক্রিকেটে সবচেয়ে বেশি ১০০টি সেঞ্চুরি করেছেন। এর মধ্যে টেস্টে ৫১টি এবং ওয়ানডেতে ৪৯টি।

05. 'বিজু' বাংলাদেশের কোন নৃ-গোষ্ঠীর উৎসব?
Ⓐ রাখাইন Ⓑ মণিপুরি Ⓒ চাকমা Ⓓ সাঁওতাল

C Solve উপজাতি ও উৎসব বিষয়ক তথ্য :

| উপজাতি / নৃ-গোষ্ঠী | উৎসবের নাম | উপজাতি / নৃ-গোষ্ঠী | উৎসবের নাম |
|---|---|---|---|
| চাকমা | বিজু | সাঁওতাল | সোহরাই |
| রাখাইন | সাংগ্রে | গারো | ওয়ানগালা |

06. 'সকালে উঠিয়া আমি মনে মনে বলি,
সারাদিন আমি যেন ভালো হয়ে চলি।'
পঙক্তির রচয়িতা কে?
Ⓐ মদনমোহন তর্কালঙ্কার Ⓑ ফজলল করিম
Ⓒ গোলাম মোস্তফা Ⓓ বুদ্ধদেব বসু

A Solve উনবিংশ শতাব্দীর অন্যতম পণ্ডিত ব্যক্তিত্ব মদনমোহন তর্কালঙ্কার ফোর্ট উইলিয়াম কলেজের অধ্যাপক ছিলেন এবং বাল্যশিক্ষার জন্য একাধিক পাঠ্যপুস্তক রচনা করেন। "পাখি সব করে রব, রাতি পোহাইল", "সকালে উঠিয়া আমি মনে মনে বলি, সারা দিন আমি যেন ভালো হয়ে চলি", "লেখাপড়া করে যে, গাড়ি ঘোড়া চড়ে সে" এগুলো তাঁর বিখ্যাত পঙক্তি।

07. এভারেস্ট বিজয়ী প্রথম বাংলাদেশি মহিলা কে?
Ⓐ লীনু Ⓑ নিশাত মজুমদার Ⓒ ওয়াসফিয়া Ⓓ সালমা

B Solve এভারেস্ট বিজয়ী প্রথম বাংলাদেশি নারী- নিশাত মজুমদার, লক্ষীপুর (১৯ মে ২০১২)। দ্বিতীয় বাংলাদেশি নারী ওয়াসফিয়া নাজরীন (২৬ মে ২০১২)। এভারেস্ট বিজয়ী প্রথম বাংলাদেশি- মুসা ইব্রাহিম, লালমনিরহাট (২৩ মে ২০১০)।

08. উষ্ণতা পরিমাপে কোনটি ব্যবহৃত হয়?
Ⓐ মিটার স্কেল Ⓑ কেলভিন স্কেল Ⓒ ভার্নিয়ার স্কেল Ⓓ স্লাইড ক্যালিপার্স

B Solve পরীক্ষাগারে দৈর্ঘ্য পরিমাপের জন্য মিটার স্কেল, প্রধান স্কেলের ক্ষুদ্রতম ভাগের ভগ্নাংশের নির্ভুল পরিমাপের জন্য ভার্নিয়ার স্কেল, বস্তুর দু'প্রান্তের মধ্যবর্তী দূরত্ব নির্ণয় করার জন্য স্লাইড ক্যালিপার্স এবং উষ্ণতা পরিমাপের জন্য কেলভিন স্কেল ব্যবহৃত হয়।

09. কোনটির কারণে মরিচ ঝাল লাগে?
Ⓐ ক্যাপসিসিন Ⓑ ভিটামিন এ Ⓒ ভিটামিন সি Ⓓ ভিটামিন ই

A Solve মরিচে ক্যাপসিসিন নামক রাসায়নিক পদার্থ থাকে, যা জিভের স্বাদ গ্রন্থিতে উদ্দীপনা জাগায়। তাই মরিচ ঝাল লাগে।

10. জাতিসংঘের কততম সাধারণ অধিবেশনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলায় ভাষণ দিয়েছিলেন?
Ⓐ ২৯তম Ⓑ ৩১তম Ⓒ ১৯তম Ⓓ ৩৯তম

A Solve বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ২৫ সেপ্টেম্বর ১৯৭৪ সালে জাতিসংঘের ২৯তম অধিবেশনে বাংলায় ভাষণ দেন। বাংলাদেশ ২৯তম অধিবেশনে জাতিসংঘের ১৩৬তম সদস্য দেশ হিসেবে সদস্যপদ লাভ করে।

11. সম্প্রতি কোন জেলায় চা চাষ হচ্ছে?
Ⓐ টাঙ্গাইল Ⓑ কুড়িগ্রাম Ⓒ পঞ্চগড় Ⓓ দিনাজপুর

C Solve প্রশ্নের সাল অনুযায়ী অপশন (C)। বাংলাদেশের প্রথম চা বাগান সিলেটের মালনিছড়ায়। প্রথম পঞ্চগড়ে অর্গানিক চা উৎপাদন শুরু হয়। সাম্প্রতিক সময়ে ২০২৪ সালে সর্বশেষ চা চাষ শুরু হয় (১৬৯তম বাগান) মানিকছড়ি, খাগড়াছড়ি জেলায়। মৌলভীবাজারের শ্রীমঙ্গলে চা জাদুঘর অবস্থিত।

12. পূর্বাশা দ্বীপের অপর নাম কী?
Ⓐ সেন্টমার্টিন Ⓑ দুবলার চর
Ⓒ চর ফ্যাশন Ⓓ দক্ষিণ তালপট্টি

D Solve সাতক্ষীরা জেলার হাড়িয়াভাঙ্গা নদীর মোহনায় দক্ষিণ তালপট্টি দ্বীপ অবস্থিত। দক্ষিণ তালপট্টি দ্বীপের অপর নাম পূর্বাশা দ্বীপ। ২০১০ এ বিবিসি খবর অনুযায়ী দ্বীপটি বর্তমানে ২ মিটার সমুদ্রতলে নিমজ্জিত। আন্তর্জাতিক সালিশি আদালত-এর রায় অনুযায়ী দ্বীপটি ভারতের সমুদ্রসীমায় পড়েছে।

13. আলেপ্পো শহরটি কোন দেশের?
Ⓐ লিবিয়ার Ⓑ সিরিয়ার Ⓒ ইরাকের Ⓓ ইয়েমেনের

B Solve দেশ ও বিখ্যাত শহর :

| শহর | দেশ | শহর | দেশ |
|---|---|---|---|
| আলেপ্পো | সিরিয়া | বাগদাদ | ইরাক |
| বেনগাজী | লিবিয়া | সানা | ইয়েমেন |

14. রামু উপজেলা কোন জেলায় অবস্থিত?
Ⓐ বান্দরবান Ⓑ রাঙামাটি Ⓒ খাগড়াছড়ি Ⓓ কক্সবাজার

D Solve রামু উপজেলা কক্সবাজার জেলায় অবস্থিত। এখানে শাহসুজা সড়ক, কেন্দ্রীয় সীমা বিহার, রাবার বাগান সহ বিভিন্ন প্রত্নতাত্ত্বিক নিদর্শন রয়েছে।

15. অলিম্পিক ইতিহাসের সবচেয়ে বেশি পদকধারী ফেলপসের স্বর্ণপদকের সংখ্যা কত?
Ⓐ ১৮ Ⓑ ২২ Ⓒ ২০ Ⓓ ১৫

A Solve ২০১২ লন্ডন অলিম্পিক শেষে মোট পদক ১২টি, স্বর্ণ ১৮টি। মাইকেল ফেলপস একজন মার্কিন সাঁতারু এবং ২৩টি অলিম্পিক স্বর্ণপদক বিজয়ী। ফেলপস অলিম্পিকে সর্বোচ্চ ২৮টি পদক জিতেছেন।



CamScanner

16. বাংলাদেশের কোন জাতিসত্তার ভাষার নাম 'মান্দি খুসিক'?
Ⓐ চাকমা Ⓑ মারমা Ⓒ গারো Ⓓ সাঁওতাল
Ⓒ Solve উপজাতি ও ভাষা:

| জাতিসত্তা | ভাষা | জাতিসত্তা | ভাষা |
|---|---|---|---|
| গারো | মান্দি | ওঁরাও | কুরুখ |
| ত্রিপুরা | ককবরক | সাঁওতাল | সাঁওতালী |

17. জাতিসংঘের মহাসচিব বান কি মুন কোন দেশের অধিবাসী ছিলেন?
Ⓐ দক্ষিণ কোরিয়া Ⓑ মায়ানমার Ⓒ জাপান Ⓓ চীন
Ⓐ Solve জাতিসংঘের প্রধানকে মহাসচিব বলা হয়। জাতিসংঘের মহাসচিব ৫ বছরের জন্য নির্বাচিত হন। বান কি মুন ছিলেন জাতিসংঘের অষ্টম মহাসচিব এবং দক্ষিণ কোরিয়ার অধিবাসী। বর্তমান মহাসচিব (৯ম) পর্তুগালের নাগরিক অ্যান্টেনিও গুতেরেস (২০১৭-বর্তমান)।

18. আরাকান রাজসভায় বাংলা সাহিত্য চর্চার ইতিহাস লিখেছেন কে?
Ⓐ মুহাম্মদ মনসুর উদ্দীন Ⓑ এনামুল হক
Ⓒ আব্দুল করিম সাহিত্য বিশারদ Ⓓ আবুল ফজল
Ⓒ Solve আব্দুল করিম সাহিত্যবিশারদ ও মুহাম্মদ এনামুল হক যৌথভাবে "আরাকান রাজসভায় বাঙ্গলা সাহিত্য" শিরোনামে গ্রন্থ রচনা করেন। মুহাম্মদ মনসুর উদ্দীন "হারামণি" লোকসংগীতের সংগ্রাহক।

19. বাংলায় স্বাধীন সুলতানি শাসন প্রতিষ্ঠা করেন কে?
Ⓐ নবাব সিরাজউদ্দৌলা
Ⓑ নবাব আলীবর্দী খাঁ
Ⓒ ফখরুদ্দিন মোবারক শাহ
Ⓓ ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ বিন বখতিয়ার খিলজি
Ⓒ Solve ফখরুদ্দিন মোবারক শাহ সর্বপ্রথম বাংলায় স্বাধীন সুলতানি যুগের সূচনা করেন। তাঁর সময়ে মরক্কোর অধিবাসী ইবনে বতুতা বাংলায় আগমন করেন।

20. বাংলাপিডিয়া প্রকাশিত হয় –
Ⓐ বাংলা একাডেমি থেকে Ⓑ ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে
Ⓒ শিল্পকলা একাডেমি থেকে Ⓓ এশিয়াটিক সোসাইটি থেকে
Ⓓ Solve বাংলা ও ইংরেজি উভয় ভাষায় দশ খণ্ডের বাংলাপিডিয়া ২০০৩ সালে বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি থেকে বের হয়েছে। বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি ১৯৫২ সালে প্রতিষ্ঠিত হয়।

21. লালন শাহ ছিলেন একজন –
Ⓐ গীতি কবি Ⓑ লোক কবি Ⓒ মরমী কবি Ⓓ কোনটিই নয়
Ⓒ Solve লালন শাহ ছিলেন একজন বাউল সাধক ও মরমী কবি। তিনি কুষ্টিয়ার ছেউড়িয়া গ্রামে আখড়া স্থাপন করেন। 'খাঁচার ভিতর অচিন পাখি', "বাড়ির কাছে আরশি নগর", "আমার ঘর খানায় কে বিরাজ করে" ইত্যাদি লালন শাহের অমূল্য গান।

22. মোঃ জিল্লুর রহমান বাংলাদেশের কততম রাষ্ট্রপতি?
Ⓐ ১৯তম Ⓑ ২০তম Ⓒ ১৬তম Ⓓ ১৮তম
Ⓐ Solve মোঃ জিল্লুর রহমান বাংলাদেশের ১৯তম প্রেসিডেন্ট ছিলেন। বাংলাদেশের বর্তমান রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন (২২তম)।

23. বাংলাদেশের মানুষের গড় আয়ু –
Ⓐ ৬৫ বছর Ⓑ ৭০.৭ বছর Ⓒ ৬৮ বছর Ⓓ ৬৪ বছর
Ⓑ Solve অর্থনৈতিক সমীক্ষা ২০২৪ অনুযায়ী বাংলাদেশের মানুষের গড় আয়ু ৭২.৩ বছর।

24. চাহিদা বিধি কী?
Ⓐ চাহিদা কমলে দাম বাড়ে Ⓑ দাম বাড়লে চাহিদা কমে
Ⓒ আয় বাড়লে চাহিদা বাড়ে Ⓓ দাম বাড়লে চাহিদা বাড়ে
Ⓑ Solve অন্যান্য অবস্থা অপরিবর্তিত বিবেচনা করে কোনো পণ্যের দাম বাড়লে চাহিদা কমে এবং দাম কমলে চাহিদা বাড়ে। দাম ও চাহিদার এই বিপরীতমুখী সম্পর্ক যে নিয়ম দ্বারা নির্দেশিত হয় তাই চাহিদাবিধি।

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা : ২০১১-১২; ইউনিট: খ

### বাংলা

01. 'গোকুলের ষাঁড়' বলতে বোঝায়-
Ⓐ আদুরে ছেলে Ⓑ মালিকবিহীন বলদ
Ⓒ গোঁয়ার Ⓓ স্বেচ্ছাচারী
Ⓓ Solve বাগধারা ও নিহিতার্থ :- গোকুলের ষাঁড় (স্বেচ্ছাচারী), (চিলেমি, কুঁড়েমি), গলায় দড়ি (আত্মহত্যা করা), গভীর গাড্ডা (গভীর সম

02. 'যুদ্ধে যিনি থাকেন' এক শব্দে হবে :
Ⓐ নির্ভীক Ⓑ যুযুধান Ⓒ যুদ্ধবিদ Ⓓ যুধিষ্ঠির
Ⓑ Solve গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ : যে বেঁচে থেকেও মৃ জীবন্মৃত, যা অধ্যয়ন করা হয়েছে = অধীত, যে নারীর হিংসা নেই = য যা সহজে লঙ্ঘন করা যায় না = দুর্লঙ্ঘ্য, যা সহ্য করা যায় না = দুর্বিষ ন্যায়শাস্ত্রে পণ্ডিত = নৈয়ায়িক।

03. গরম লাগছিল তাই পাখাটি ছাড়িয়ে দিলাম। এ বাক্যে 'তাই' কী ধরনের
Ⓐ অব্যয় Ⓑ ক্রিয়া-বিশেষণ Ⓒ সমন্ধ পদ Ⓓ বিশেষণ
Ⓐ Solve যে পদ সর্বদা অপরিবর্তনীয় থেকে কখনো বাক্যের শোভ করে, কখনো একাধিক পদের, বাক্যাংশের বা বাক্যের সংযোগ বা বিয়োগ ঘটায়, তাকে অব্যয় পদ বলে। আর, ও, আবার, হ্যাঁ, না, নতুবা, তাই, সুতরাং শব্দগুলো অব্যয় পদ।

04. কোনটি 'শিক্ষক' শব্দের শুদ্ধ বিশ্লিষ্ট রূপ?
Ⓐ √শিক্ষ্ + ক Ⓑ √শিক্ষ্ + অক Ⓒ √শিক্ষ + নক Ⓓ √শিক্ষ +
Ⓑ Solve 'অক' প্রত্যয় যোগে গঠিত শব্দ : √মুড় + অ মোড়ক, √ঝল্ + অক = ঝলক, √শিক্ষ্ + অক = শিক্ষক ইত্যাদি।

05. 'পাষন্ড স্বামীর অত্যাচারে অতিষ্ট হয়েও নববধূটি পতিগৃহ ত্যাগ করিতে হইল না।' চলিত রীতির বাক্যটিতে মোট ভুলের সংখ্যা –
Ⓐ চার Ⓑ পাঁচ Ⓒ ছয় Ⓓ সাত
Ⓐ Solve চলতি রীতির বাক্যটিতে অশুদ্ধ শব্দগুলোর শুদ্ধ রূপ : প অতিষ্ঠ, করতে, হলো।

06. 'সাগর' শব্দের সমার্থক নয়-
Ⓐ রত্নাকর Ⓑ পয়োধি Ⓒ অর্ণব Ⓓ অম্বর
Ⓓ Solve 'সাগর' শব্দের সমার্থক : রত্নাকর, পয়োধি, অর্ণব। ' শব্দের অর্থ : আকাশ।

07. নিচের কোনটি স্বরসঙ্গতির উদাহরণ?
Ⓐ জন্ম > জনম Ⓑ হিসাব > হিসেব
Ⓒ মুক্তা > মুকুতা Ⓓ কন্যা > কইন্যা
Ⓑ Solve একটি স্বরধ্বনির প্রভাবে শব্দের অপর স্বরের পরিবর্তন ঘ তাকে স্বরসঙ্গতি বলে। যেমন : হিসাব > হিসেব, মুলা > মুলো ইত্যাদি।

08. কোন বাক্যে কর্মকারকে শূন্য বিভক্তি রয়েছে?
Ⓐ শিক্ষক মহোদয় ছাত্রকে পড়াচ্ছেন Ⓑ তোমায় বলব
Ⓒ ডাক্তার ডাক Ⓓ আমি ঢাকা যাচ্ছি
Ⓒ Solve কর্মকারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার :
শূন্য বিভক্তি : আমাকে একটি বই দাও। ডাক্তার ডাক।
দ্বিতীয়া বিভক্তি : তাকে বলো। ডাক্তারকে ডাক।

09. কোনটি যোগরূঢ় শব্দ?
Ⓐ বাঁশি Ⓑ পাঞ্জাবি Ⓒ বাবুয়ানা Ⓓ পঙ্কজ
Ⓓ Solve সমাসনিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহে অর্থের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে তাদের যোগরূঢ় শ বলে। যেমন : পঙ্কজ, রাজপুত্র, মহাযাত্রা, জলধি।



CamScanner

10. 'পরজীবী' শব্দের 'জীবী'-র ব্যাকরণিক নাম কী?
Ⓐ পরপদ Ⓑ পেশা Ⓒ প্রত্যয় Ⓓ নির্দেশক
**A** Solve 'পরজীবী শব্দে 'পর' এবং 'জীবী' দুটি পদ রয়েছে। এখানে 'জীবী' পরপদ।

11. 'সফেদ' এর বিপরীতার্থক শব্দ কোনটি?
Ⓐ শুভ্র Ⓑ নিকষ Ⓒ লোহিত Ⓓ নীলিমা
**B** Solve বিপরীত শব্দ :

| মূল শব্দ | বিপরীত শব্দ | মূল শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| ইদানীং | তদানীং | উত্তরায়ণ | দক্ষিণায়ন |
| ঈষৎ | অধিক | উত্তমর্ণ | অধমর্ণ |

12. 'কী সহজে হয়ে গেল বলা'। এ চরণে 'কী'-এর ব্যাকরণিক পরিচয় –
Ⓐ সর্বনাম Ⓑ ক্রিয়া-বিশেষণ
Ⓒ বিশেষণ Ⓓ ক্রিয়া-বিশেষণের বিশেষণ
**D** Solve যে পদ ক্রিয়া-বিশেষণকে বিশেষিত করে, তাকে ক্রিয়া-বিশেষণের বিশেষণ বলে। যেমন : রকেট অতি দ্রুত চলে।

13. 'বিদূষক' অর্থ-
Ⓐ দূষণহীন Ⓑ ভাঁড় Ⓒ বিদগ্ধ Ⓓ হিংসুটে
**B** Solve 'বিদূষক' অর্থ : সংস্কৃত নাটকে নায়কের রসিক সহচর অর্থাৎ ভাঁড়।

14. 'প্রত্যুপকার' শব্দে কতটি উপসর্গ আছে?
Ⓐ ১ Ⓑ ২ Ⓒ ৩ Ⓓ ৪
**B** Solve 'প্রত্যুপকার = প্রতি + উপ– এ দুটি সংস্কৃত উপসর্গ পাওয়া যায়।

15. চারদিক ধোঁয়াতে আচ্ছন্ন হলো। এ বাক্যে 'ধোঁয়াতে'–
Ⓐ উপাদানবাচক করণ কারক Ⓑ উপাদানবাচক বিশেষণ
Ⓒ উপাদান সম্বন্ধ Ⓓ উপায়াত্মক করণ কারক
**A** Solve চারদিক ধোঁয়াতে আচ্ছন্ন হলো। অর্থাৎ ধোঁয়া দ্বারা আচ্ছন্ন হলো। কারকের সংজ্ঞা অনুযায়ী তাই 'ধোঁয়াতে' উপাদানবাচক করণ কারক।

16. নিচের কোনটি একাক্ষর শব্দ?
Ⓐ মামা Ⓑ ঘুম Ⓒ বন্ধ Ⓓ জলজ
**B** Solve নিঃশ্বাসের স্বল্পতম প্রয়াসে উচ্চারিত ধ্বনিকে অক্ষর বলে। ইংরেজিতে এটি সিলেবল (syllable) হিসেবে বিবেচিত। কয়েকটি একাক্ষর শব্দ : মা, ঘুম, দেশ, রাগ। উল্লেখ্য, মামা = দুই অক্ষর, বন্ধ = দুই অক্ষর, জলজ = তিন অক্ষর বিশিষ্ট শব্দ।

17. 'Constituency' এর বাংলা-
Ⓐ সংবিধান Ⓑ সংগঠন
Ⓒ নির্মাণ সামগ্রী Ⓓ নির্বাচনী এলাকা
**D** Solve পারিভাষিক শব্দ : Constitution- সংবিধানে, Council- পরিষদ, Coup- অভ্যুত্থান, Custody- হেফাজত।

18. 'অহরহ' এর সন্ধিবিচ্ছেদ-
Ⓐ অহঃ + অহ Ⓑ অহ + রহ
Ⓒ অহঃ + অহঃ Ⓓ অহর + হ
**A** Solve অহঃ + অহ = 'অহরহ' – বিশেষ বিসর্গ সন্ধির উদাহরণ। এরূপ : বাচঃ + পতি = বাচস্পতি, ভাঃ + কর = ভাস্কর, অহঃ + নিশা = অহর্নিশ ইত্যাদি।

19. 'অজুহাত' শব্দটি মূলত কোন ভাষার?
Ⓐ আরবি Ⓑ উর্দু Ⓒ ফারসি Ⓓ দেশি
**A** Solve আরবি শব্দ : আদালত, উকিল, ঈদ, মহকুমা, কিতাব, কলম ইত্যাদি।

20. নিচের কোন বানানটি অশুদ্ধ?
Ⓐ পঙ্ক্তি Ⓑ স্বায়ত্বশাসন
Ⓒ দুরবস্থা Ⓓ ঊর্ধ্বমুখী
**B** Solve কতিপয় শুদ্ধ শব্দ : গীতাঞ্জলি, অন্ত্যেষ্টিক্রিয়া, স্বায়ত্তশাসন, আকাঙ্ক্ষা, সমীচীন, স্বাচ্ছন্দ্য, স্বাজাত্যবোধ।

21. কোনটি সঙ্কর শব্দ?
Ⓐ সাংবাদিক Ⓑ ফুলদানি
Ⓒ সংক্রমণ Ⓓ তৃণক্ষেত্র
**B** Solve 'ফুলদানি' শব্দটি বাংলা 'ফুল' + ফারসি 'দানি' শব্দযোগে গঠিত হয়েছে, যার অর্থ ফুল সাজিয়ে রাখার পাত্রবিশেষ। উল্লেখ্য, 'সাংবাদিক, সংক্রমণ, তৃণক্ষেত্র' শব্দ তিনটি তৎসম শব্দ।

22. কোন রচনায় পুলিশ চরিত্র পাওয়া যায়?
Ⓐ একটি তুলসী গাছের কাহিনী Ⓑ হৈমন্তী
Ⓒ বিলাসী Ⓓ শকুন্তলা
**A** Solve সৈয়দ ওয়ালীউল্লাহর 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পে পুলিশ চরিত্রের উল্লেখ রয়েছে।

23. 'খরপরশা' শব্দের অর্থ-
Ⓐ তীব্র স্রোত Ⓑ অত্যন্ত টক
Ⓒ থৈ থৈ জল Ⓓ শাণিত বর্শা
**D** Solve 'খরপরশা' শব্দের অর্থ ধারালো বর্শা। 'সোনার তরী' কবিতায় 'খরপরশা' শব্দটি ধারালো বর্শার মতো অর্থে ব্যবহৃত হয়েছে।

24. 'হেথায় ঘুমায় তোর ছোট ফুপু সাত বছরের মেয়ে'- 'কবর' কবিতায় এই চরণটির পরবর্তী চরণ-
Ⓐ ফুলের মতন মুখখানি তার দেখিতাম যবে চেয়ে
Ⓑ তোমার দাদির ছবিখানি মোর হৃদয়ে উঠিত ছেয়ে
Ⓒ বিয়ে দিয়েছিনু কাজিদের বাড়ি বনিয়াদি ঘর পেয়ে
Ⓓ রামধনু বুঝি নেমে এসেছিল ভেস্তের দ্বার বেয়ে
**D** Solve 'কবর' পল্লিকবি জসীমউদ্দীনের একটি বিখ্যাত কবিতা।

## English

01. "The job was not plain sailing" means-
Ⓐ The job was difficult to get
Ⓑ The job was not easy to do
Ⓒ The job was not sailing a ship
Ⓓ The job was easy to do
**B** Explanation The job was not plain sailing একটি idioms and phrase যার বাংলা অর্থ-কাজটি সহজ ছিল না। সঠিক উত্তর (B) তে আছে।

02. A gastronome is a person who ——. [Choose the correct option]
Ⓐ loves good food Ⓑ works in a gas-field
Ⓒ knows astronomy Ⓓ suffers from gastric ulcer
**A** Explanation Gastronome-পাকপণ্ডিত, ভোজনরসিক। যে ভালো খাবার খেতে ভীষণ ভালোবাসে তাকে gastronome বলে।

03. I came home after the rain ——. [Choose the correct option]
Ⓐ stopped Ⓑ stop
Ⓒ was stop Ⓓ had stopped
**D** Explanation Past perfect tense এর নিয়ম অনুযায়ী অতীতে দুইটি কাজ পরপর ঘটে থাকলে after ব্যবহৃত হয় এবং সেক্ষেত্রে After এরপর past perfect অর্থাৎ had + $V_3$ ব্যবহার করতে হয়।

04. I do not know ———. [Choose the correct option]
Ⓐ where does he live Ⓑ where is he live
Ⓒ where he does live Ⓓ where he lives
**D** Explanation WH যুক্ত বাক্যে যখন দুইটি অংশ থাকে অর্থাৎ কোনো বাক্যের মাঝে যদি Relative Pronoun or WH question থাকে তবে WH এর পরে স্বাভাবিক sub + V ব্যবহার করতে হয়।



CamScanner

**05. Which phrase would best describe 'the cuckoo'?**
Ⓐ 'the scavenger of Nature'
Ⓑ 'a bird that does not sleep at night'
Ⓒ 'the harbinger of spring'
Ⓓ 'the queen of the forest'
Ⓒ Explanation "The cuckoo" কে বাংলায় বলা হয় "বসন্তের দূত" ঠিক তেমনি ইংরেজিতে বলা হয়- "The harbinger of spring" Harbinger → অগ্রদূত।

**06. Put the following into indirect speech-**
**"When I got home, I found I had lost my umbrella," Laila said**
Ⓐ Laila said that when she had got home she found that she had lot her umbrella.
Ⓑ Laila said that when she got home she found that she had lost her umbrella.
Ⓒ Laila said when she got home she had found that she lost her umbrella.
Ⓓ Laila said when she had got home she found she lost her umbrella.
Ⓑ Explanation Indirect speech এ Interrogative sentence এর ক্ষেত্রে When এর স্থলে When ই থাকবে reported speech এর subject (I) follow করে reporting verb এর subject কে। তাই Laila (proper noun) এর পরিবর্তে personal pronoun she হয়েছে। আর বাকি অংশ একই রকম থাকবে।

**07. Study of languages is -**
Ⓐ Philosophy
Ⓑ Philology
Ⓒ Theology
Ⓓ Anthropology
Ⓑ Explanation Study of Languages is called philology (ভাষাতত্ত্ব) study of religion is called Theology (ধর্মবিজ্ঞান), study of mankind is called Anthropology (নৃবিজ্ঞান)।

**08. Which of the following sentences is correct?**
Ⓐ Inspite the delay he arrived on time
Ⓑ Inspite the delay he arrived at time
Ⓒ In spite of the delay he arrived on time
Ⓓ Despite of the delay he arrived in time
Ⓒ Explanation Inspite এরপর of হয় এবং তারপর Noun বসে এ জন্য অপশনগুলোর মধ্যে (C) ই সঠিক।

**09. The correct combination of the following groups of sentences: "It was winter. We went to Cox's Bazar. We wanted to see the sea beach. That was the longest in the world." would be-**
Ⓐ In winter we went to Cox's Bazar to see the longest sea beach in the world
Ⓑ In winter it is beautiful to see the longest sea beach in Cox's Bazar
Ⓒ In winter we wanted to see the longest sea beach of Cox's Bazar
Ⓓ In winter Cox's Bazar was the longest sea beach to see.
Ⓐ Explanation বাক্যটির Subject একই, তাই we বারবার ব্যবহার না করে একবার ব্যবহার করেই বাক্য গঠন করা যায় এবং ঘটনা যেহেতু অতীত কালের তাই অপশন (A) সঠিক।

**10. —— that there are billions of stars in our galaxy. [Fill in the blank with appropriate words]**
Ⓐ In the belief
Ⓑ It is believed
Ⓒ The belief
Ⓓ Believing
Ⓑ Explanation কোনো কিছু বিশ্বাস করা হয় এমন বোঝাতে It is believed ব্যবহার করা হয়। প্রশ্নটির অর্থ এমন বিশ্বাস করা হয় যে আমাদের গ্রহে বিলিয়নের মতো নক্ষত্ররাজি আছে।

**11. The most important chemical catalyst on the planet chlorophyll, —— carbon dioxide and water react to fo carbohydrates. [Fill in the blank with appropriate one]**
Ⓐ whose presence
Ⓑ which is present
Ⓒ presenting
Ⓓ in the presence of which
Ⓓ Explanation Chlorophyll এর উপস্থিতির জন্য কার্বন ডাইঅক্সাইড ও পানি তার প্রতিক্রিয়া করতে পারে। এখানে Which দ্বারা chlorophyll বোঝানো হয়েছে।

**12. Our national flag can symbolize political ideas that — express. [Fill in the blank with appropriate words]**
Ⓐ take many words otherwise would
Ⓑ would take to many otherwise words
Ⓒ many words to take otherwise
Ⓓ would otherwise take many words to
Ⓓ Explanation That দ্বারা Simple Sentence কে বিভক্ত করা এ সেখানে modal verb ব্যবহার করে National flag এর গুরুত্ব তুলে ধ হয়েছে। অপশনগুলোর মধ্যে (D) ই সঠিক that এরপর would + $V_1$ ব নিয়ম অনুযায়ী।

**13. Had I been in your shoes, —— the job. [Fill in the blan with appropriate words]**
Ⓐ I would not accept
Ⓑ I would accept
Ⓒ I had accepted
Ⓓ I would have gone for
Ⓓ Explanation Conditional structure এর তৃতীয় নিয়ম এটি। প্রথ অংশে Had + sub + $v_3$ থাকলে পরের অংশে would/could/might + have + $v_3$ হয়।

**14. The antonym of "infatuation" is-**
Ⓐ security
Ⓑ celebrity
Ⓒ apathy
Ⓓ separation
Ⓒ Explanation Infatuation এর অর্থ মায়া। এর বিপরীত শব্দ হবে apathy অনীহা, ঔদাসীন্য।

**Read the passage and answer Questions 15-19**

A most important truth, which we are apt to forget, is that a teacher can never truly teach unless he is still learning himself. A lamp can never light another lamp unless it continues to burn its own flame. The teacher who has come to the end of his subject, who has no living traffic with his knowledge, but merely repeats his lessons to his students, can only load their minds; he cannot quicken them. Truth not only must inform but inspire. If the inspiration dies out, and the information only accumulates, then truth loses its infinity. The greater part of our learning in the schools has been wasted because, for most of our teachers, their subjects are like dead specimens of once living things, with which they have a learned acquaintance, but no communication of life and love.

**15. Our school learning is wasted because ——.**
Ⓐ the teachers deal with dead subjects
Ⓑ the teachers do not love the subjects they teach
Ⓒ most of the good teachers are dead
Ⓓ the teachers cannot communicate
Ans Ⓑ

**16. What we need for our students is ——.**
Ⓐ more information
Ⓑ more communication
Ⓒ more inspiration
Ⓓ more teachers
Ans Ⓒ



CamScanner

**17. The writer of the passage is basically ——.**

Ⓐ glorifying the job of a teacher
Ⓑ chastising teachers for their negligence of duty
Ⓒ stressing the importance of new knowledge
Ⓓ criticizing our school system

Ans Ⓒ

**18. The passage is an example of —— writing-**

Ⓐ reflective Ⓑ descriptive
Ⓒ narrative Ⓓ functional

Ans Ⓐ

**19. The noun form of the word 'repeat' is ——.**

Ⓐ repeatance Ⓑ repeation
Ⓒ repeatation Ⓓ repetition

Ans Ⓓ

**20. The equivalent Bangla saying for 'To count the chickens before they are hatched' is**

Ⓐ চোর পালালে বুদ্ধি বাড়ে
Ⓑ আগে দর্শনধারী, পরে গুণবিচারী
Ⓒ ভাবিয়া করিও কাজ করিয়া ভাবিও না
Ⓓ গাছে কাঁঠাল গোঁফে তেল

Ans Ⓓ

**21. Identify the sentence with the appropriate subject-verb agreement-**

Ⓐ Each of them have five minutes to do the job
Ⓑ Karim as well as Rahim has visited the zoo
Ⓒ Many a man come to see the temple every year
Ⓓ Neither you nor I are to blame

Ⓑ Explanation অপশন (a) তে Each-subject থাকার পর ও Verb কে Plural করা হয়েছে এ জন্য (a) ভুল। অপশন (C) তে বলা হয়েছে Every year অনেক মানুষ Temple দেখতে আসে সুতরাং Present indefinite-এ come না হয়ে comes হবে। অপশন (D) তে Neither ------ nor যুক্ত Sentence-এ nor এর পর যে Sub তারপর সে অনুযায়ী verb বসবে। সুতরাং অপশন (B) ই সঠিক।

**22. "The wearer knows where the shoe pinches". In this sentence 'where' is a-**

Ⓐ relative pronoun Ⓑ demonstrative pronoun
Ⓒ personal pronoun Ⓓ interrogative pronoun

Ⓐ Explanation 'The wearer knows where the shoe pinches'-এটি একটি প্রবাদ বাক্য যার অর্থ- 'যার জ্বালা সেই বোঝে।' যেখানে 'Where' relative Pronoun হিসেবে ব্যবহার হয়েছে।

**23. By asking many questions, the instructor tried to —— information from the students. [Fill in the blank with appropriate word]**

Ⓐ elicit Ⓑ illicit Ⓒ experiment Ⓓ ignore

Ⓐ Explanation এই বাক্যের সাথে মিল রেখে শূন্যস্থানে Elicit (প্রকাশ করা) শব্দটি দিলে অর্থের সংগতি পায়। অন্য শব্দগুলো অর্থ যেমন : illicit-অবৈধ, experiment-গবেষণা, পরীক্ষা, ignore-অবজ্ঞা করা।

**24. You are not amenable —— reasons. [Fill in the blank with appropriate word]**

Ⓐ from Ⓑ of Ⓒ to Ⓓ with

Ⓒ Explanation Amenable to একটি appropriate preposition- যার অর্থ বাধ্য, মান্য করা যায় এমন।

## সাধারণ জ্ঞান

**01. বাংলার আদি জনগোষ্ঠী কোন ভাষাভাষী ছিল?**

Ⓐ সংস্কৃত Ⓑ প্রাকৃত Ⓒ অস্ট্রিক Ⓓ হিন্দি

Ⓒ Solve বাংলার আদি জনগোষ্ঠী অস্ট্রিক ভাষাভাষী ছিল। এ ভাষা আর্যদের আগমণের পর ধীরে ধীরে হারিয়ে যায়। বাংলা ভাষা ইন্দো-ইউরোপীয় ভাষা গোষ্ঠীর অন্তর্গত।

**02. Millennium Development Goals (MDG) অর্জনের সময়সীমা নির্ধারণ করা হয়েছিল-**

Ⓐ ২০১০ সাল Ⓑ ২০১৫ সাল Ⓒ ২০২০ সাল Ⓓ ২০২৫ সাল

Ⓑ Solve বিশ্বের ক্ষুধা ও দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে জাতিসংঘ কর্তৃক Millennium Development Goals কর্মসূচি হাতে নেয়া হয়। এর লক্ষ্য ছিল ৮টি। এই লক্ষ্যগুলো পূরণের মেয়াদ ছিল ২০১৫ সাল পর্যন্ত।

**03. বাংলা কার্টুন সিরিজ 'মীনা' কোন শিল্পীর সৃষ্টি?**

Ⓐ রফিকুন্নবী Ⓑ হাশেম খান Ⓒ কাইয়ুম চৌধুরী Ⓓ মুস্তফা মনোয়ার

Ⓓ Solve বাংলাদেশের একজন গুণী চিত্রশিল্পী মুস্তফা মনোয়ার। তিনি বাংলা কার্টুন সিরিজ 'মীনা'র রূপকার। রফিকুন্নবী একজন দেশসেরা কার্টুনিস্ট 'রনবী'র স্রষ্টা।

**04. নিচের কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চিত্র?**

Ⓐ একাত্তরের যীশু Ⓑ দূরন্ত Ⓒ পতাকা Ⓓ মুক্তির গান

Ⓓ Solve 'মুক্তির গান' মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চলচ্চিত্র। এর পরিচালক ছিলেন তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদ। একাত্তরের যীশু মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ। এর রচয়িতা হলেন শাহরিয়ার কবির।

**05. সার্কভুক্ত দেশগুলোর মধ্যে শিক্ষিতের হার সর্বাধিক কোন দেশে?**

Ⓐ মালদ্বীপ Ⓑ ভারত Ⓒ শ্রীলংকা Ⓓ পাকিস্তান

Ⓐ Solve দেশ, রাজধানী, শিক্ষার হার ও মুদ্রা :

| দেশের নাম | রাজধানী | শিক্ষার হার | মুদ্রা |
|---|---|---|---|
| মালদ্বীপ | মালে | ৯৮.৪% | রুপিয়া |
| ভারত | নয়াদিল্লি | ৭২.৯০% | রুপি |
| শ্রীলংকা | শ্রী জয়বর্ধনপুরা কোটে | ৯২.৪৯% | রুপি |
| পাকিস্তান | ইসলামাবাদ | ৬২.৩% | রুপি |

**06. আন্না হাজারীর আসল নাম কী?**

Ⓐ জয়ন্তী হাজারী Ⓑ রামচন্দ্র হাজারী
Ⓒ কৃষ্ণচন্দ্র সেন Ⓓ কিষাণ বাবুরাও হাজারী

Ⓓ Solve আন্না হাজারে হলেন একজন ভারতীয় সমাজ সংস্কারক। তাঁর প্রকৃত নাম কিষাণ বাবুরাও হাজারী। ১৯৯২ সালে ভারত সরকার কর্তৃক পদ্মভূষণ সম্মান পান।

**07. ২০১০ সালের অর্থনৈতিক সমীক্ষা অনুসারে বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির হার কত?**

Ⓐ ১.৩২% Ⓑ ২.৩২% Ⓒ ২.৮০% Ⓓ ২.১%

Ⓐ Solve ২০২৪ সালের অর্থনৈতিক সমীক্ষা অনুসারে জনসংখ্যা বৃদ্ধির হার ১.৩%।

**08. সকাল বেলার শান্তি বলা হয় কোনটিকে?**

Ⓐ ফিনল্যান্ডকে Ⓑ কোরিয়াকে Ⓒ থাইল্যান্ডকে Ⓓ ইতালিকে

Ⓑ Solve দেশ ও উপনাম :

| উপনাম | দেশ/স্থান | উপনাম | দেশ/স্থান |
|---|---|---|---|
| সকাল বেলার শান্তি | কোরিয়া | হাজার হ্রদের দেশ | ফিনল্যান্ড |
| ইউরোপের বুট | ইতালি | শ্বেতহস্তীর দেশ | থাইল্যান্ড |

**09. 'দুবলার চর' কোথায় অবস্থিত?**

Ⓐ সেন্ট মার্টিনে Ⓑ সুন্দরবনের দক্ষিণ উপকূলে
Ⓒ ভোলা জেলায় Ⓓ মাধবকুন্ডের পাশে

Ⓑ Solve বিখ্যাত চর ও অবস্থান :

| চর | অবস্থান |
|---|---|
| দুবলার চর, পাটনির চর | সুন্দরবনের দক্ষিণ উপকূলে |
| চর জব্বার, চর নিউটন | ভোলা |
| মুহুরীর চর | ফেনী |
| নির্মল চর | রাজশাহী |



CamScanner

**10. বাংলাদেশের প্রথম মোবাইল হাসপাতালের নাম কী?**

Ⓐ জীবন তরী Ⓑ রকেট
Ⓒ শান্তি Ⓓ কোনটিই নয়

**Ⓐ Solve** বাংলাদেশের প্রথম মোবাইল/ভাসমান হাসপাতালের নাম জীবনতরী। গ্রামের মানুষের চিকিৎসা এবং পঙ্গুত্বরোধের জন্য ইমপ্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশ কর্তৃক এটি চালু হয়।

**11. কোন রাষ্ট্র 'বাংলা'-কে অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে?**

Ⓐ রুয়াডা Ⓑ ইরিত্রিয়া
Ⓒ লাইবেরিয়া Ⓓ সিয়েরা লিয়ন

**Ⓓ Solve** সিয়েরালিয়ন বাংলা ভাষাকে দ্বিতীয় ভাষা হিসেবে সে দেশে স্বীকৃতি দিয়েছে। হাজার পাহাড়ের দেশ বলা হয় রুয়ান্ডাকে। হুতু ও টুটসি জাতি রুয়ান্ডায় বাস করে।

**12. পর্তুগিজ নাবিক ভাস্কো দা গামা কত সালে ভারত পৌছেন?**

Ⓐ ১৪৫৩ Ⓑ ১৪৭৬
Ⓒ ১৪৯২ Ⓓ ১৪৯৮

**Ⓓ Solve** ভারতের প্রাচীন নাম জম্বুদ্বীপ। ভারতে আসার জলপথ পর্তুগীজ নাবিক ভাস্কো-দা-গামা ১৪৯৮ সালে আবিষ্কার করেন। ভারতে ইউরোপীয় বণিকদের মধ্যে পর্তুগীজরা সর্বপ্রথম এসেছিল।

**13. স্বাধীন বাংলাদেশের প্রথম ব্যক্তি, যিনি ব্রিটেনের 'নাইট' উপাধি লাভ করেন-**

Ⓐ ফজলে হাসান আবেদ Ⓑ ড. মুহম্মদ ইউনুস
Ⓒ আতিউর রহমান Ⓓ আব্দুল্লাহ আবু সাইঈদ

**Ⓐ Solve** স্যার ফজলে হাসান আবেদ একজন বাংলাদেশি সমাজকর্মী এবং বিশ্বের বৃহত্তম বেসরকারী সংগঠন ব্র্যাকের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান। দারিদ্র্য বিমোচনে বিশেষ ভূমিকার জন্য ব্রিটেন কর্তৃক ২০০৯ সালে নাইট উপাধি লাভ করেন। স্বাধীন বাংলাদেশের তিনিই প্রথম নাইট উপাধি লাভকারী ব্যক্তি।

**14. মার্কিন নিগ্রো অধিকার আন্দোলনের অহিংসবাদী নেতা-**

Ⓐ মোহাম্মদ আলী ক্লে Ⓑ মাইকেল ডুকাকিস
Ⓒ নেলসন ম্যান্ডেলা Ⓓ মার্টিন লুথার কিং

**Ⓓ Solve** মার্কিন নিগ্রো অধিকার আন্দোলনের অহিংসবাদী নেতা মার্টিন লুথার কিং "I have a dream" শীর্ষক বিখ্যাত ভাষণ দেন। ১৯৬৪ সালে শান্তিতে নোবেল পুরস্কার পান। ১৯৬৮ সালে গুপ্তঘাতক কর্তৃক নিহত হন।

**15. গ্রিনিচ মান সময়ের সাথে বাংলাদেশ সময়ের পার্থক্য কত?**

Ⓐ +৪ ঘন্টা Ⓑ +৫ ঘন্টা
Ⓒ +৬ ঘন্টা Ⓓ +৭ ঘন্টা

**Ⓒ Solve** জ্যোতির্বিদ্যা সংক্রান্ত গ্রিনিচ মানমন্দিরটি ইংল্যান্ডের লন্ডনে অবস্থিত। গ্রিনিচ মান সময়ের সাথে বাংলাদেশের সময়ের পার্থক্য + ৬ ঘন্টা।

**16. মানবদেহের সবচেয়ে লম্বা অস্থির নাম কী?**

Ⓐ কার্পাল Ⓑ আলনা
Ⓒ টিবিয়া Ⓓ ফিমার

**Ⓓ Solve** মানবদেহের সবচেয়ে বড় অস্থির নাম ফিমার। কানের 'স্টেপিস' মানুষের দেহে সবচেয়ে ছোট অস্থি।

**17. কোন ভিটামিন রক্ত জমাট বাঁধতে সাহায্য করে?**

Ⓐ ভিটামিন-বি Ⓑ ভিটামিন-সি
Ⓒ ভিটামিন-কে Ⓓ ভিটামিন-ডি

**Ⓒ Solve** ভিটামিন কে রক্ত জমাট বাঁধতে সাহায্য করে। হাড় ও দাঁত গঠনে ভিটামিন ডি সহায়তা করে। ভিটামিন সি ক্ষতস্থান শুকাতে সাহায্য করে। ভিটামিন বি মুখের, ঠোঁটের ঘাঁ রোধে সহায়তা করে।

**18. 'নজরুল মঞ্চ' কোথায় অবস্থিত?**

Ⓐ এশিয়াটিক সোসাইটিতে Ⓑ কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে
Ⓒ বাংলা একাডেমিতে Ⓓ ঢাকা বিশ্ববিদ্যালয়ে

**Ⓒ Solve** নজরুল মঞ্চ, নজরুল স্মৃতিকথা, লেখক জাদুঘর, ... মোদের গরব বাংলা একাডেমি প্রাঙ্গনে অবস্থিত। অপরাজেয় বাংলা, ... স্বাধীনতা, গুরুদুয়ারা নানক শাহী ঢাকা বিশ্ববিদ্যালয়ে অবস্থিত।

**19. কোন আরব দেশ সর্বপ্রথম বাংলাদেশকে স্বীকৃতি দিয়েছিল?**

Ⓐ ইরান Ⓑ ইরাক Ⓒ কুয়েত Ⓓ সৌদি আরব

**Ⓑ Solve** বাংলাদেশকে স্বীকৃতি প্রদানকারী দেশ :

| স্বীকৃতি প্রদান | দেশ | তারিখ |
|---|---|---|
| প্রথম দেশ | ভুটান | ৬ ডিসেম্বর ১৯৭১ |
| প্রথম আফ্রিকান দেশ | সেনেগাল | ১ ফেব্রুয়ারি ১৯৭২ |
| প্রথম আরব দেশ | ইরাক | ৮ জুলাই ১৯৭২ |

**20. 'Justice delayed is justice denied'- কার উক্তি?**

Ⓐ Churchill Ⓑ Disraeli
Ⓒ Abraham Lincoln Ⓓ Gladstone

**Ⓓ Solve** বিখ্যাত উক্তি ও বক্তা :

| উক্তি | বক্তা |
|---|---|
| "Justice delayed is justice denied" "Justice hurried is justice burried" | Gladstone |
| "Democracy is a government of the people, by the people, for the people" | আব্রাহাম লিংকন |
| "Impossible is a word to be found in a fool's dictionary" | নেপোলিয়ন |
| "যুদ্ধই জীবন, যুদ্ধই সার্বজনীন" | এডলফ হিটলার |

**21. মঙ্গোলিয়ার রাজধানীর নাম-**

Ⓐ লাসা Ⓑ উলানবাটোর Ⓒ থিম্পু Ⓓ মস্কো

**Ⓑ Solve** দেশ ও রাজধানী বিষয়ক তথ্য :

| দেশ | রাজধানী | দেশ | রাজধানী |
|---|---|---|---|
| মঙ্গোলিয়া | উলানবাটোর | ইয়েমেন | সানা |
| ভুটান | থিম্পু | ওমান | মাস্কট |

**22. কোনটি শামসুর রাহমানের রচিত নয়?**

Ⓐ অন্বেষা Ⓑ বিধ্বস্ত নীলিমা
Ⓒ অক্টোপাস Ⓓ এক ধরনের অহংকার

**Ⓐ Solve** শামসুর রাহমান ১৯২৯ সালের ২৪ অক্টোবর ঢাকায় জন্মগ্রহণ করেন। বিধ্বস্ত নীলিমা, রৌদ্র করোটিতে, বন্দী শিবির থেকে তাঁর কাব্যগ্রন্থ। অক্টোপাস, কালের ধুলোয় লেখা তাঁর উল্লেখযোগ্য উপন্যাস।

**23. DVD শব্দটির পূর্ণরূপ কী?**

Ⓐ Digital Versatile Disk Ⓑ Digital Version Disk
Ⓒ Digital Video-audio Disk Ⓓ Distance Version Disk

**Ⓐ Solve** কম্পিউটারের সহায়ক মেমোরিগুলো :
DVD- Digital Versatile Disk
CD- Compact Disk
CD-R – Comapct Disk Readable

**24. 'হ্যারি পটার' বইটির রচয়িতা কে?**

Ⓐ জে কে রাউলিং Ⓑ এম কে রাউরিং
Ⓒ জোনাথান সুইফট Ⓓ প্যাট বার্কার

**Ⓐ Solve** লেখক ও গ্রন্থের নাম :

| লেখক | বইয়ের নাম |
|---|---|
| জে কে রাওলিং | হ্যারি পটার সিরিজ |
| প্লেটো | The Republic, The Laws |
| রুশো | The Social Contract |
| লিও টলস্টয় | War and Peace |

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা : ২০১০-১১; ইউনিট: খ

### বাংলা

01. 'শান্তশিষ্ট' এটি কোন সমাসের উদাহরণ?
Ⓐ অলুক দ্বন্দ্ব Ⓑ কর্মধারয় Ⓒ ব্যতিহার বহুব্রীহি Ⓓ দ্বিগু
B Solve সমাস নির্ণয় :

| সমস্তপদ | ব্যাসবাক্য | সমাসের নাম |
|---|---|---|
| শান্তশিষ্ট | শান্ত অথচ শিষ্ট | কর্মধারয় |

02. 'উত্থাপন' শব্দটির সন্ধিবিচ্ছেদ করলে পাই-
Ⓐ উৎ + থাপন Ⓑ উৎ + স্থাপন Ⓒ উঃ + স্থাপন Ⓓ উঃ + থাপন
B Solve উৎ-উপসর্গের পরে 'স্থা' ধাতুযোগে সন্ধিতে 'স্থা' ধাতুর প্রথম ধ্বনি তথা স্ বর্জিত হয়। যেমন : উৎ + স্থান = উত্থান, উৎ + স্থাপন = উত্থাপন, উৎ + স্থিত = উত্থিত, উৎ + স্থিতি = উত্থিতি।

03. 'ডালে ডালে কুসুম ভার'- এখানে 'ভার' কোন অর্থ প্রকাশ করছে?
Ⓐ বোঝা Ⓑ সমূহ Ⓒ উজ্জ্বল Ⓓ শুকিয়ে যাওয়া
B Solve 'ডালে ডালে কুসুম ভার।' বাক্যটিতে 'ভার' শব্দটি বহুবচন অর্থ বা সমূহ অর্থ প্রকাশ করছে।

04. 'তোমারা চোখ তুলে তাকাও'- এটি কোন ধরনের বাক্য?
Ⓐ নির্দেশাত্মক Ⓑ প্রার্থনাসূচক
Ⓒ অনুজ্ঞাবাচক Ⓓ কার্যকারণাত্মক
C Solve যে বাক্য দ্বারা আদেশ, অনুরোধ, অনুমতি, প্রার্থনা প্রভৃতি বোঝায় সেই বাক্যকে অনুজ্ঞাবাচক বাক্য বলে। যেমন : তোমরা চোখ তুলে তাকাও। চেষ্টা কর, সবই বুঝতে পারবে। সদা সত্য কথা বলবে।

05. নিচের কোন শব্দটি অশুদ্ধ?
Ⓐ অনুসরণ Ⓑ অনুসারী Ⓒ অনুসৃতি Ⓓ অনুসঙ্গী
D Solve 'অনুসঙ্গী'-এর শুদ্ধ রূপ : অনুষঙ্গী।

06. 'জুলমাত' শব্দের অর্থ-
Ⓐ জুলুমের ধন Ⓑ অত্যাচারিত Ⓒ অন্ধকার Ⓓ শোকগীতি
C Solve ফররুখ আহমদ রচিত 'পাঞ্জেরী' কবিতায় ব্যবহৃত কয়েকটি শব্দের অর্থ : জুলমাত = অন্ধকার, হেলাল = চাঁদ, ঘন-সিয়া = নিবিড় কালো, খাব = খোয়াব/স্বপ্ন, তক্দির = ভাগ্য, শর্বরী = রাত্রি।

07. কোন শব্দটি ভিন্নার্থক?
Ⓐ কামিনী Ⓑ রামা Ⓒ অঙ্গনা Ⓓ চারু
D Solve 'নারী' শব্দের সমার্থক : কামিনী, রামা, অঙ্গনা। 'চারু' অর্থ : মনোহর, সুন্দর, সুদর্শন।

08. 'The situation has come to a head' এর অর্থ-
Ⓐ পরিস্থিতির উন্নতি ঘটেছে Ⓑ পরিস্থিতির অবনতি ঘটেছে
Ⓒ পরিস্থিতি চরম অবস্থায় পৌছেছে
Ⓓ পরিস্থিতি উল্লেখযোগ্য হারে ভালো অবস্থায় এসে দাঁড়িয়েছে Ans A

09. কোনটি তদ্ভব শব্দ নয়?
Ⓐ ছাতা Ⓑ বোন Ⓒ নদী Ⓓ রাখাল
C Solve ছাতা, বোন– তদ্ভব শব্দ। নদী– সংস্কৃত (তৎসম) শব্দ এবং 'রাখাল'– দেশি শব্দ।

10. কোনটি নিপাতনে সিদ্ধ নয়?
Ⓐ দশ + ঋণ = দশার্ণ Ⓑ পো + অন = পবন
Ⓒ গো + অক্ষ = গবাক্ষ Ⓓ স্ব + ঈর = স্বৈর
B Solve পো + অন = পবন, প্রতি + উষ = প্রত্যূষ, মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য, সতী + ঈশ = সতীশ, বধূ + উৎসব = বধূৎসব, উপরি + উপরি = উপর্যুপরি – স্বরসন্ধির উদাহরণ।

11. 'অন্ধকার' এর সমার্থক শব্দ-
Ⓐ তমসা Ⓑ বিমর্ষ Ⓒ হতাশা Ⓓ কুঁয়াশা
A Solve 'অন্ধকার' এর সমার্থক শব্দ : আঁধার, তম, তিমির, শর্বর, জুলমাত, আলোকশূন্যতা।

12. 'ক্ষয়িষ্ণু' এর বিপরীত শব্দ-
Ⓐ বাড়ন্ত Ⓑ কৃশ Ⓒ বর্ধিষ্ণু Ⓓ অবনতি
C Solve বিপরীতার্থক শব্দ : কৃষ - স্থূল, অবনতি - উন্নতি, ক্রন্দন - হাস্য, ক্ষীয়মাণ- বর্ধমান, তাপ - শৈত্য, দুর্মতি - সুমতি।

13. 'Attested' এর পারিভাষিক শব্দ-
Ⓐ সংযুক্ত Ⓑ স্বাক্ষরযুক্ত Ⓒ পরিচিত Ⓓ প্রত্যায়িত
D Solve পারিভাষিক শব্দ :

| | | | |
|---|---|---|---|
| Autonomy | স্বায়ত্তশাসন | Acting | ভারপ্রাপ্ত |
| Assembly | পরিষদ/সভা | Affidavit | শপথনামা |
| Anarchy | নৈরাজ্য | Appendix | পরিশিষ্ট |

14. বিদেশি উপসর্গযুক্ত শব্দ–
Ⓐ গরহাজির Ⓑ প্রতিবাদ Ⓒ অধিকার Ⓓ সুপ্রভাত
A Solve 'গরহাজির' এর 'গর' আরবি উপসর্গ।

15. 'নগরে রাজা এলো।' 'রাজা' এর কারক ও বিভক্তি–
Ⓐ কর্মে শূন্য Ⓑ অধিকরণে শূন্য Ⓒ কর্তায় শূন্য Ⓓ করণে শূন্য
C Solve কে বা কারা দ্বারা প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাকে কর্তৃকারক বলে। কে এলো?– রাজা। তাই 'রাজা' কর্তৃকারক।

16. অস্তিবাচক বাক্য–
Ⓐ আপনি আমায় অবিশ্বাস করেছেন Ⓑ আমি অন্য ঘরে যাব না
Ⓒ সে কিছুতেই সন্তুষ্ট নয় Ⓓ দুবারের বেশি ফোন করিনি
A Solve যে বাক্যে কোনো ঘটনা, ভাব বা বক্তব্যের অস্তিত্ব বা হ্যাঁ-সূচক অর্থ প্রকাশ পায়, তাকে অস্তিবাচক বাক্য বলে। যেমন : মিথ্যাবাদীকে সবাই অপছন্দ করে। আপনি আমায় অবিশ্বাস করেছেন। মানুষ অমর নয়। উল্লেখ্য, 'আপনি আমায় অবিশ্বাস করেছেন' বাক্যটির নেতিবাচক রূপ 'আপনি আমায় বিশ্বাস করছেন না'।

17. শুদ্ধ বানান-
Ⓐ ইতোমধ্যে Ⓑ সম্বর্ধনা Ⓒ গীতাঞ্জলী Ⓓ ভৌগলিক
A Solve কতিপয় শুদ্ধ বানান : অভীক্ষা, আবেস্তা, সংবর্ধনা, পরিপক্ব, ঊর্ণনাভ, কলুষ, গীতাঞ্জলি, দারিদ্র্য, শিরশ্ছেদ, ভৌগোলিক, মুহুর্মুহু, মুখস্থ, আত্মস্থ, ইতঃপূর্বে।

18. 'মৃন্ময়' শব্দের সন্ধিবিচ্ছেদ-
Ⓐ মৃত + ময় Ⓑ মৃদ + ময় Ⓒ মৃৎ + ময় Ⓓ মৃন্ + ময়
C Solve আগে ত্ বা দ্ এবং পরে ম্ থাকলে ত্ বা দ্ সন্ধিতে ন্ হয়ে যায় এবং পরের ম্ এর সঙ্গে মিলে ন্ম হয় অর্থাৎ ত/দ+ম = ন্ম। যেমন : মৃৎ + ময় = মৃন্ময়, তৎ + ময় = তন্ময়, তৎ + মধ্যে = তন্মধ্যে।

19. 'যা বলা হয়েছে' এক কথায় প্রকাশ করলে হবে-
Ⓐ বক্তব্য Ⓑ বক্তৃতা Ⓒ উক্ত Ⓓ বিবৃতি
C Solve এক কথায় প্রকাশ : যা বলা হয়েছে – উক্ত, যা বলা হয়নি – অনুক্ত, যা বলা হচ্ছে – বক্ষ্যমাণ, বলার যোগ্য – বক্তব্য, বলার ইচ্ছা – বিবক্ষা, সাধারণের জ্ঞাতার্থে প্রকাশিত মতামত – বিবৃতি, জনসমক্ষে প্রদত্ত ভাষণ – বক্তৃতা।

20. 'চিঁড়ে চেপটা' প্রবাদটির অর্থ –
Ⓐ চেপটা চিঁড়ে Ⓑ নাজেহাল Ⓒ বিপদগ্রস্ত Ⓓ ব্যর্থ
B Solve বাগ্‌ধারা ও অর্থ : চিঁড়ে চেপটা (নাজেহাল), চাল মারা (মিথ্যা বাহাদুরি), চিনির পুতুল (শ্রমকাতর), চোখ নাচা (শুভাশুভের লক্ষণ), চোরাবালি (অদৃশ্য বিপদের আশঙ্কা)।

21. ভিন্নার্থক শব্দ –
Ⓐ অরি Ⓑ বৈরী Ⓒ অহি Ⓓ রিপু
C Solve 'শত্রু' শব্দের সমার্থক : অরি, বৈরী, রিপু। 'অহি' শব্দের অর্থ : সাপ।



CamScanner

**22. সাধু ও চলিত রীতির পার্থক্য সূচিত হয়-**

Ⓐ বিশেষ্য ও বিশেষণে Ⓑ সন্ধি ও উপসর্গে
Ⓒ প্রকৃতি ও প্রত্যয়ে Ⓓ ক্রিয়াপদ ও সর্বনামে

Ⓓ Solve সাধু রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদের পূর্ণাঙ্গ রূপ ব্যবহৃত হয়। কিন্তু চলিত রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদ সংক্ষিপ্ত রূপে ব্যবহৃত হয়। যেমন : সাধু রীতিতে 'তাহার, তাহাদের, ইহাদের, কাহাকে' সর্বনামপদগুলো চলিত রীতিতে সংক্ষিপ্ত হয়ে 'তার, তাদের, এদের, কাকে' হয়। ক্রিয়াপদের ক্ষেত্রেও 'যাইতেছিল, আসিতেছে, করিবে' চলিত রীতিতে 'যাচ্ছিল, আসছে, করবে' হয়।

**23. 'দেশবাসীর উচিত বিদ্যোৎসাহী ব্যক্তিদের গণপ্রতিনিধি নির্বাচনে অংশগ্রহনে সাহায্যে-সহযোগিতা করিয়া দেশ ও দশের কল্যাণ সাধনে নিজেদের বলিষ্ট ভূমিকা সমুজ্জল রাখবেন।' চলিত বাংলায় লেখা বাক্যটিতে ভুলের সংখ্যা-**

Ⓐ নয় Ⓑ আট Ⓒ সাত Ⓓ ছয় Ans Ⓑ

**24. সুফিয়া কামালের 'তাহারেই পড়ে মনে' কবিতা প্রথম প্রকাশিত হয় কোন পত্রিকায়?**

Ⓐ কল্লোল Ⓑ সমকাল Ⓒ সওগাত Ⓓ মোহাম্মদী

Ⓓ Solve সুফিয়া কামালের 'তাহারেই পড়ে মনে' কবিতাটি ১৯৩৫ খ্রিষ্টাব্দে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়।

**25. কবি জসীমউদ্দীনকে সম্মানসূচক ডি.লিট. উপাধি প্রদান করে কোন বিশ্ববিদ্যালয়?**

Ⓐ কলকাতা বিশ্ববিদ্যালয় Ⓑ ঢাকা বিশ্ববিদ্যালয়
Ⓒ রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় Ⓓ বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়

Ⓒ Solve কবি জসীমউদ্দীনকে প্রদত্ত বিভিন্ন উপাধি/পুরস্কার : প্রেসিডেন্ট এওয়ার্ড ফর প্রাইড অফ পারফরম্যান্স, পাকিস্তান (১৯৫৮); রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় থেকে ডি.লিট ডিগ্রি (১৯৬৯); একুশে পদক (১৯৭৬), স্বাধীনতা দিবস পুরস্কার (১৯৭৮, মরণোত্তর)।

**26. 'জ্যৈষ্ঠের খররৌদ্রই তো জ্যৈষ্ঠের অশ্রুশূন্য রোদন।' - বাক্যটি আছে যে রচনায়-**

Ⓐ বিলাসী Ⓑ যৌবনের গান Ⓒ হৈমন্তী Ⓓ সাহিত্যে খেলা

Ⓒ Solve প্রশ্নোক্ত বাক্যটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'হৈমন্তী' নামক ছোটগল্পের অন্তর্ভুক্ত।

**27. কলম্বাস-এর আমেরিকা আবিষ্কারের প্রসঙ্গ আছে যে রচনায় তার নাম-**

Ⓐ হৈমন্তী Ⓑ অর্ধাঙ্গী Ⓒ বিলাসী Ⓓ যৌবনের গান

Ⓑ Solve 'অর্ধাঙ্গী' রোকেয়া সাখাওয়াত হোসেনের একটি প্রবন্ধ। বাঙালি মুসলিম নারীদের স্বীয় শক্তিতে বলীয়ান হওয়ার আশা প্রবন্ধটিতে তিনি ব্যক্ত করেছেন।

**28. 'একুশের গল্প' রচনায় তপুর সঙ্গে হোঁৎকা মোটা লোকটার দেখা হয়েছিল-**

Ⓐ বিউটি বোর্ডিং-এ Ⓑ মধুর ক্যান্টিনে
Ⓒ ক্যাপিটালে Ⓓ শরিফ মিয়ার ক্যান্টিনে

Ⓒ Solve ১৯৫২ সালের ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে জহির রায়হান রচনা করেন 'একুশের গল্প' নামক গল্পটি।

**29. 'হৈমন্তী' গল্পে 'ঋষি বাবা' কথাটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?**

Ⓐ শ্রদ্ধা Ⓑ কটাক্ষ Ⓒ প্রার্থনা Ⓓ অনুরোধ

Ⓑ Solve যৌতুকপ্রথার কুফল সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত ছোটগল্প 'হৈমন্তী'। এ গল্পের প্রধান চরিত্র হৈমন্তী রবীন্দ্রনাথের নারী চরিত্রগুলোর মধ্যে অন্যতম। হৈমন্তীর বাবার নাম গৌরীশংকর।

**30. 'কিন্তু গোড়াতেই একটা বড় মিথ্যা বলিয়া আরম্ভ করিব'- উক্তিটি কার?**

Ⓐ প্রসন্ন গোয়ালিনী Ⓑ মুহুরী Ⓒ উকিল Ⓓ কমলাকান্ত

Ⓓ Solve 'কমলাকান্তের জবানবন্দি' নামক রচনা থেকে উক্তিটি নেওয়া হয়েছে। 'কমলাকান্তের জবানবন্দি' হলো বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের একটি ব্যঙ্গাত্মক ও রসাত্মক প্রবন্ধ।

**31. 'শূন্য নদীর তীরে রহিনু পড়ি'- এখানে যে ভাবটি প্রকাশ পেয়েছে-**

Ⓐ ভয় Ⓑ উল্লাস Ⓒ বিরক্তি Ⓓ অপূর্ণতার বেদনা

Ⓓ Solve রবীন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত 'সোনার তরী' কবিতার শেষাংশে কবি বলেছেন, 'শূন্য নদীর তীরে/রহিনু পড়ি-/যাহা ছিল নিয়ে গেল সোনার তরী।' কবি 'শূন্য নদীর তীরে রহিনু পড়ি' কথাটি দ্বারা নিঃসঙ্গ অপূর্ণতার বেদনা নিয়ে আসন্ন ও অনিবার্য মৃত্যুর প্রতীক্ষার ইঙ্গিত করেছেন।

**32. 'কত উর্ণাজাল বুনে কেটেছে' 'একটি ফটোগ্রাফ' কবিতায় 'উর্ণাজাল' শব্দটি কী অর্থে ব্যব**

Ⓐ মাকড়সার জাল Ⓑ গতিশীল সময়
Ⓒ পুঞ্জীভূত স্মৃতি Ⓓ বর্তমান ঘটনা

Ⓒ Solve 'উর্ণাজাল' শব্দের অর্থ মাকড়সার জাল। কিন্তু শাম রাহমানের 'একটি ফটোগ্রাফ' কবিতায় 'উর্ণাজাল' বলতে পুঞ্জীভূত স্মৃতি বোঝানো হয়েছে।

## English

**Read the passage and answer Questions 1-5:**

The word 'patriotism' comes form a Greek word meanin fatherland. For most of history love of fatherland or homelan signifed an attachment to the physical features of the land. Bu that notion changed after the eighteenth century, when th ideas of democracy, socialism, and communism strongl emerged in political thought. Patriotism was still a love o one's country that included connections to the land and people but then also included its customs and traditions, pride in it history, and devotion to its welfare. Today most people agree that patriotism also involves service to their country, but many disagree on how to best perform such service. Some believe that the national government speaks for a country; therefore, al its citizens should actively support government policies and actions. Others argue that a true patriot speaks out when convinced that their country is following an unwise or unjust action.

**01. The passage mainly deals with-**

Ⓐ democracy Ⓑ socialism Ⓒ communism Ⓓ patriotism

Ⓓ Explanation প্রদত্ত passage টিতে মূলত দেশপ্রেম (patriotism) নিয়ে আলোচনা করা হয়েছে।

**02. Which, according to the passage, is not true?**

Ⓐ The notion of patriotism is the same over time.
Ⓑ People do not have the same views about patriotism
Ⓒ The eighteenth century saw the emergence of democracy
Ⓓ Patriotism is related to one's love for the native land.

Ⓐ Explanation এখানে জানতে চাওয়া হয়েছে কোন তথ্যটি passage অনুযায়ী সত্য নয়। Passage এ বলা হয়েছে যে patriotism বা দেশপ্রেমের ধারণা (notion) টি সবসময় একরকম নয়/ছিল না। বিভিন্ন সময়ে পরিস্থিতিতে দেশপ্রেমের ধারণাটি পরিবর্তিত হয়েছে। সুতরাং এখানে option Ⓐ তে দেওয়া তথ্যটি সঠিক নয়।

**03. The word 'patriotism' is-**

Ⓐ an English word Ⓑ a Greek word
Ⓒ an Italian word Ⓓ an Arabic word

Ⓐ Explanation 'Patriotism' একটি English word যা Greek word 'patriotes' থেকে এসেছে।

**04. Which is not expected from a patriot?**

Ⓐ to speak in favour of the government
Ⓑ to speak against the government
Ⓒ to conspire against the homeland
Ⓓ to criticize the government when it goes wrong

Ⓒ Explanation একজন দেশপ্রেমিক কখনো দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র (to conspire against the homeland) করতে পারেন না। সুতরাং সঠিক উত্তর option Ⓒ.

**05. The word 'emerged' in the passage means-**

Ⓐ appeared Ⓑ arose
Ⓒ came out Ⓓ all of the above

Ⓓ Explanation 'Emerged' অর্থ-হাজির হওয়া appear), উদ্ভূত হওয়া (arise) আবির্ভূত হওয়া (come out) ইত্যাদি। অতএব, এই প্রশ্নের সঠিক উত্তর হবে Ⓓ all of the above.



CS CamScanner

**06. Which of the following words is not used as a linker?**
Ⓐ so Ⓑ namely Ⓒ budget Ⓓ too
Ⓒ Explanation So, namely এবং too শব্দগুলো linker হিসেবে ব্যবহৃত হয়, কিন্তু budget (আয়-ব্যয়ের অনুমান পত্র) শব্দটি কখনো linker হিসেবে ব্যবহৃত হতে পারে না।

**07. The word 'oil' has been used as a verb in-**
Ⓐ I bought an oil painting Ⓑ I need some kerosene oil
Ⓒ Oil your own machine Ⓓ There is no oil in the lamp
Ⓒ Explanation Ⓐ তে oil শব্দটি painting কে modify করার কারণে objective. Ⓑ ও Ⓒ তে oil শব্দটি noun হিসেবে রয়েছে। option Ⓒ তে oil শব্দটি verb হিসেবে বসেছে। এটি একটি প্রবাদ বাক্য যার অর্থ - নিজের চরকায় তেল দেও।

**08. Which of the following words has no plural form?**
Ⓐ analysis Ⓑ crisis Ⓒ information Ⓓ louse
Ⓒ Explanation Information একটি uncountable noun. আমরা জানি, uncountable noun কে কখনো plural করা যায় না।

**09. Identify the informal expression-**
Ⓐ Hi Ⓑ Thank you
Ⓒ Yours obediently Ⓓ Yes
Ⓐ Explanation প্রদত্ত অপশনগুলোর মধ্যে Ⓐ Hi একটি informal expression.

**10. The underlined phrase in 'I spoke to him <u>quite often</u>' is a-**
Ⓐ Noun phrase Ⓑ Adjective phrase
Ⓒ Adverb phrase Ⓓ Prepositional phrase
Ⓒ Explanation 'Quite often' অর্থ- প্রায়ই। এখানে 'quite often' phrase টি বাক্যের verb (spoke) কে modify করেছে বিধায় এটি হবে একটি Adverb phrase.

**11. Find the antonym of 'impertinent':**
Ⓐ bold Ⓑ respectful
Ⓒ talkative Ⓓ godless
Ⓑ Explanation Impertinent (উদ্ধত, শিষ্টাচারহীন) শব্দটির antonym হবে respectful (বিনীত, শ্রদ্ধাশীল)। এছাড়া bold- সাহসী। talkative- বাচাল ও godless- নাস্তিক।

**12. Identify the sentence with the appropriate subject-verb agreement**
Ⓐ Many a boy waste their time in idleness
Ⓑ Neither Karim nor Rahim smokes cigarette
Ⓒ The students along with the teacher was working in the project
Ⓓ He, as well as his friends, were visiting the museum
Ⓑ Explanation Ⓐ তে Mony a boy (singular) তাই verb হবে wastes. Neither... nor থাকলে verb এর নিকটবর্তী subject (Rahim) অনুযায়ী verb নির্ধারিত হয়। Ⓑ তে Rahim অনুযায়ী smokes (singular verb) হয়েছে বিধায় সঠিক উত্তর এটি। এছাড়া আমরা জানি, along with এবং as well as এর পূর্বে থাকা subject অনুযায়ী verb বসে। সেক্ষেত্রে Ⓒ তে was এর পরিবর্তে were এবং Ⓓ তে were এর জায়গায় was থাকলে সঠিক হতো।

**13. Find the complex form of 'He is poor but honest'**
Ⓐ Although he is poor he is honest
Ⓑ He being poor is honest
Ⓒ Despite his poverty he is honest
Ⓓ In spite of his honesty he is poor
Ⓐ Explanation Complex sentence এ একাধিক finite verb এবং subordinate conjunction প্রয়োজন হয় যা শুধু option Ⓐ তে রয়েছে।

**14. The equivalent Bangla saying for 'Better an empty house than a bad tenant' is-**
Ⓐ দাঁত থাকতে দাঁতের মর্যাদা বোঝা যায় না
Ⓑ তেলা মাথায় তেল দেওয়া
Ⓒ দুষ্ট গরুর চেয়ে শূন্য গোয়াল ভাল
Ⓓ চেনা বামুনের পৈতের দরকার হয় না
Ⓒ Explanation Better an empty house than a bad tenant. প্রবাদটির অর্থ - দুষ্ট গরুর চেয়ে শূন্য গোয়াল ভালো।

**15. 'Read between the lines' means-**
Ⓐ read carelessly Ⓑ read critically
Ⓒ read superficially Ⓓ read to get pleasure
Ⓑ Explanation Read between the lines অর্থ - খুঁটিয়ে খুঁটিয়ে পড়া, খুব মনোযোগ দিয়ে পড়া (Read critically).

**16. It is high time we —— the matter**
Ⓐ will discuss Ⓑ would discuss
Ⓒ discussed Ⓓ should discuss
Ⓒ Explanation It is high time এর পরে subject থাকলে পরবর্তী verb এর past form বসাতে হয় বিধায় সঠিক উত্তর হবে option Ⓒ.

**17. I have —— enemies, but they can do me —— harm**
Ⓐ no, little Ⓑ many, many
Ⓒ little, much Ⓓ a few, little
Ⓓ Explanation 'Enemies' countable noun বিধায় এর পূর্বে countable determiner (a few) বসবে। অন্যদিকে, 'harm' uncountable noun হওয়ার কারণে এর পূর্বে uncountable determiner (little) বসবে।

**18. Which of the following has a correct tag?**
Ⓐ I am late, shan't I?
Ⓑ Don't forget, cold you?
Ⓒ There are some chairs upstairs, are there?
Ⓓ Let's have a party, shall we?
Ⓓ Explanation Let's / Let us এর tag সর্বদা **shall we?** হবে। অন্য তিন option এর tag যথাক্রমে **aren't / ain't I?, doesn't she?** এবং **doesn't she?** হবে।

**19. 'My sister has been to London' indicates that-**
Ⓐ My sister is permanently living in London
Ⓑ My sister always goes to London
Ⓒ My sister goes to London very often
Ⓓ My sister has gone to London at least once
Ⓓ Explanation 'Has been to a place' বলতে কোনো জায়গায় যাওয়ার অভিজ্ঞতা আছে বুঝায়। অতএব সঠিক উত্তর হবে option Ⓓ যার অর্থ- আমার বোন অন্তত একবার লন্ডনে গিয়েছেন।

**20. The active form of 'Why wasn't the matter brought to my notice?'**
Ⓐ Why didn't you bring the matter to my notice?
Ⓑ Why you did not bring the matter to my notice?
Ⓒ Why don't you bring the matter to my notice?
Ⓓ Why is the matter not brought to my notice?
Ⓐ Explanation Voice change করার সময় tense এর পরিবর্তন করা যায় না। প্রশ্নটি past tense এ রয়েছে বিধায় এর passive structure টি ও past tense এ হতে হবে। option Ⓒ এবং Ⓓ তে present tense থাকার কারণে ভুল। প্রশ্নটি interrogative style এ রয়েছে কিন্তু option Ⓑ তে assertive style আছে বিধায় এটিও ভুল। সুতরাং সঠিক উত্তর হবে option Ⓐ.



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**Questions 21-23: Transform the following sentences as directed:**

**21. Who made the mistake? (into passive)**

Ⓐ By whom is the mistake made?
Ⓑ By whom has the mistake been made?
Ⓒ By whom was the mistake made?
Ⓓ Who the mistake was made?

Ⓒ Explanation: Active voice এর who সাধারণত passive এ গিয়ে By whom হয়ে যায় বিধায় option Ⓓ ভুল। প্রশ্নটি past tense (made) এ রয়েছে কিন্তু option Ⓐ এবং Ⓑ তে present tense ব্যবহার করা হয়েছে বিধায় এই দুইটি option ও ভুল। অতএব, সঠিক উত্তর option Ⓒ.

**22. They said, 'We won the game.' (indirect narration)**

Ⓐ They said that they have won the game.
Ⓑ They said that they had been won the game.
Ⓒ They said that they had won the game.
Ⓓ They said that they would have won the game.

Ⓒ Explanation: Direct narration এ past indefinite tense (won) থাকলে indirect narration এ সেটি past perfect (had won) হয়ে যায় বিধায় প্রদত্ত সঠিক উত্তর হবে option Ⓒ.

**23. He wished that he might have a glass of water. (into direct narration)**

Ⓐ He said, "Let us have a glass of water."
Ⓑ He says, "Let me have a glass of water."
Ⓒ He asked, "Let me have a glass of water."
Ⓓ He said, "Let me have a glass of water."

Ⓓ Explanation:
Ⓐ ভুল। কারণ, প্রশ্নে একজন লোক ইচ্ছা পোষণ (wished) করেছে কিন্তু এখানে us রয়েছে।
Ⓑ ভুল। কারণ, প্রশ্নে past tense (wished) কিন্তু এখানে present tense (says) ব্যবহার করা হয়েছে।
Ⓒ ভুল। কারণ, এখানে speaker কোন প্রশ্ন জিজ্ঞাস করেনি বরং ইচ্ছা পোষণ করেছে।
Ⓓ সঠিক। কারণ, "Let me have a glass of water" দ্বারা পানি পান করার ইচ্ছা (wish) প্রকাশিত হয়েছে।

**24. He will take examination.**

Ⓐ drop Ⓑ give Ⓒ appear at Ⓓ discontinue

Ⓒ Explanation: Take examination অর্থ পরীক্ষা দেওয়া যা appear at examination এর সমার্থক।

**25. He at once agreed ——— my proposal.**

Ⓐ for Ⓑ with Ⓒ upon Ⓓ to

Ⓓ Explanation: Agree শব্দটির পর ব্যক্তি থাকলে preposition with বসে এবং ব্যক্তি ছাড়া অন্য কিছু থাকলে preposition to বসে। সুতরাং, সঠিক উত্তর Ⓓ.

**26. The charge of murder was brought ——— him.**

Ⓐ against Ⓑ for Ⓒ about Ⓓ with

Ⓐ Explanation: বাক্যটির অর্থ- তার বিরুদ্ধে (against) হত্যার অভিযোগ আনা হয়েছিল। সুতরাং option Ⓐ against – ই হবে সঠিক উত্তর।

**27. The Titanic ——— during its first voyage.**

Ⓐ drowned Ⓑ wreck Ⓒ sank Ⓓ lost

Ⓒ Explanation: Sank অর্থ - ডুবে যাওয়া। বাক্যটির অর্থ - টাইটানিক জাহাজটি তার প্রথম যাত্রাতেই (fast voyage) ডুবে গিয়েছিল।

**28. ——— since he settled in London.**

Ⓐ Ten years have passad Ⓑ Ten years had passed
Ⓒ Ten years passed Ⓓ Ten years had been passed

Ⓐ Explanation: আমরা জানি, since এর পূর্বের অংশে present tense থাকলে পরের অংশে past indefinite tense বসে। এখানে since এর পরের অংশে past indefinite tense দেওয়া আছে বিধায় since এর পূর্বের অংশে present tense (Ten years have passed) বসাতে হবে।

**29. I shall meet my friend when ——— .**

Ⓐ he will come Ⓑ he came
Ⓒ he comes Ⓓ he will have come

Ⓒ Explanation: বাক্যের একটি clause future tense (I shall meet my friend) এ থাকলে অন্য clause টি কে অবশ্যই present tense এ থাকতে হবে বিধায় সঠিক উত্তর হবে option Ⓒ he comes.

**30. It was difficult to see clearly ——— .**

Ⓐ becauswe the rain Ⓑ because raining
Ⓒ becaues it is raining Ⓓ because it was raining

Ⓓ Explanation: বাক্যটির অর্থ - কোনো কিছু পরিষ্কার দেখা যাচ্ছিল না/দেখতে কষ্ট হচ্ছিলো কারণ তখন বৃষ্টি হচ্ছিলো (because it was raining)। সঠিক উত্তর হবে option Ⓓ. এখানে Ⓒ হবে না কারণ প্রশ্নে অতীত কালের কথা বলা হয়েছে।

**31. If he had invited me, ——— .**

Ⓐ I would go Ⓑ I might go
Ⓒ I would have gone Ⓓ I has gone

Ⓒ Explanation: Third conditional এর নিয়ম অনুযায়ী বাক্যের এক পাশে past perfect tense (It he had invited me) থাকলে অন্যপাশে would have/ could have/ might have + $V_3$ বসে। সুতরাং, সঠিক উত্তর হবে option Ⓒ. I would have gone.

**32. "To leave no stone unturned" means-**

Ⓐ To ramain idle
Ⓑ To try in all possible ways
Ⓒ To work hard
Ⓓ To apply unfair means to achieve something

Ⓑ Explanation: "To leave no stone unturned" অর্থ- চেষ্টার কোনো রকম ত্রুটি না করা/ সম্ভব সব রকম চেষ্টা করা (To try in all possible ways).

## সাধারণ জ্ঞান

**01. বাংলাদেশের জাতীয় পতাকার নকশা কে তৈরি করেন?**

Ⓐ মোস্তফা মনোয়ার Ⓑ জয়নুল আবেদীন
Ⓒ রফিকুন্নবী Ⓓ কামরুল হাসান

Ⓓ Solve: বাংলাদেশের জাতীয় প্রতীক ও জাতীয় পতাকার ডিজাইনার হলেন পটুয়া কামরুল হাসান। বাংলাদেশের জাতীয় পতাকার অনুপাত হল ৫:৩। ২ মার্চ বাংলাদেশের পতাকা উত্তোলন দিবস।

**02. আই সি সি বিশ্বকাপ ক্রিকেট-২০১১ তে বাংলাদেশে কয়টি ম্যাচ অনুষ্ঠিত হয়?**

Ⓐ ৯টি Ⓑ ৮টি Ⓒ ১০টি Ⓓ ১১টি

Ⓑ Solve: আই সি সি বিশ্বকাপ ক্রিকেট ২০১১ তে ভারত, শ্রীলংকা ও বাংলাদেশ আয়োজক দেশ ছিল। বাংলাদেশে ৮টি ম্যাচ অনুষ্ঠিত হয়েছিল।

**03. ব্যানবেইসের তথ্যানুযায়ী বাংলাদেশের কোন জেলার শিক্ষার হার সবচেয়ে বেশি?**

Ⓐ বরগুনা Ⓑ বরিশাল Ⓒ পিরোজপুর Ⓓ পটুয়াখালী

Ⓐ Solve: বাংলাদেশের শিক্ষার হার বরিশাল বিভাগে বেশি, আর জেলা হিসেবে বরগুনাতে বেশি। অপরদিকে জামালপুর জেলায় এবং সিলেট বিভাগে শিক্ষার হার কম। সূত্র: ব্যানবেইস

**04. বাংলায় মুসলিম আধিপত্য প্রতিষ্ঠিত হয় কোন শতকে?**

Ⓐ একাদশ শতক Ⓑ দ্বাদশ শতক Ⓒ ত্রয়োদশ শতক Ⓓ পঞ্চদশ শতক

Ⓒ Solve: ১২০৪ সালে বখতিয়ার খিলজী বাংলার শেষ হিন্দু রাজা লক্ষণ সেনকে পরাজিত করেন এবং বাংলায় মুসলিম আধিপত্যের সূচনা করেন।

**05. 'ধূমকেতু' কোন কবির ছদ্মনাম ছিল?**

Ⓐ আব্দুল কাদির Ⓑ জসীমউদ্‌দীন
Ⓒ জীবনানন্দ দাস Ⓓ কাজী নজরুল ইসলাম

Ⓓ Solve: কাজী নজরুল ইসলাম: জন্ম ২৫ মে ১৮৯৯ মৃত্যু ২৯ আগস্ট ১৯৭৬। প্রাপ্ত সম্মাননা : (ডি-লিট) ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯৭৪ সালে, একুশে পদক- বাংলাদেশ সরকার (১৯৭৬ সালে)। ছদ্মনাম : ধূমকেতু উপাধি : বিদ্রোহী কবি আব্দুল কাদিরকে ছান্দসিক কবি, জীবনানন্দ দাশকে রূপসী বাংলার কবি, জসীমউদ্দীনকে পল্লীকবি বলা হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

০৬. বাংলাদেশের জাতীয় সংসদ ভবনটি কত তলা বিশিষ্ট?
Ⓐ ৭ তলা Ⓑ ৮ তলা Ⓒ ৯ তলা Ⓓ ১০ তলা

C Solve যুক্তরাষ্ট্রের স্থপতি লুই-আই কান এর নকশার আদলে তৈরি ৯ তলা বিশিষ্ট বাংলাদেশের জাতীয় সংসদ ভবন ২১৫ একর জমির উপর প্রতিষ্ঠিত।

০৭. কোন সামুদ্রিক প্রাণী সামনের দিকে সাঁতার কাটতে পারে না?
Ⓐ পেঙ্গুইন Ⓑ তিমি Ⓒ অক্টোপাস Ⓓ জেলী ফিশ Ans B

০৮. জাতিসংঘ নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য নয়-
Ⓐ জার্মানি Ⓑ ফ্রান্স Ⓒ যুক্তরাজ্য Ⓓ রাশিয়া

A Solve নিরাপত্তা পরিষদ স্বস্তি পরিষদ নামে পরিচিত। এর সদস্য সংখ্যা ১৫টি। ৫টি স্থায়ী এবং ১০টি অস্থায়ী সদস্য রয়েছে। স্থায়ী সদস্য রাষ্ট্রগুলো হলো যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, রাশিয়া, ফ্রান্স ও চীন।

০৯. সিরডাপের সদরদপ্তর কোথায় অবস্থিত?
Ⓐ ঢাকা Ⓑ কলম্বো Ⓒ জাকার্তা Ⓓ কাঠমুন্ডু

A Solve Centre on Integrated Rural Development for Asia and the Pacific (CIRDAP). সদস্য রাষ্ট্র ১৫টি। সদরদপ্তর ঢাকা (চামেলী হাউজ)।
সার্কের সদরদপ্তর নেপালের রাজধানী কাঠমান্ডুতে অবস্থিত। ইন্দোনেশিয়ার জাকার্তায় আসিয়ানের সদরদপ্তর অবস্থিত।

10. ঢাকায় ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহের স্মৃতি বিজড়িত স্থান-
Ⓐ রমনা পার্ক Ⓑ গুলশান পার্ক
Ⓒ বাহাদুর শাহ পার্ক Ⓓ ন্যাশনাল পার্ক

C Solve বাহাদুর শাহ পার্ক ১৯৫৭ সালের পূর্ব পর্যন্ত ভিক্টোরিয়া পার্ক নামে পরিচিত ছিল। ১৯৫৭ সালে সিপাহি বিদ্রোহের শতবার্ষিকী পালন উপলক্ষে একটি স্মৃতিসৌধ নির্মাণ করা হয় এবং পার্কের নতুন নামকরণ করা হয় মুঘল সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহের নামানুসারে। এখানে অসংখ্য সিপাহি বিদ্রোহের বিপ্লবীকে ফাঁসি দিয়েছিল ইংরেজ সরকার।

11. মাৎস্যন্যায় বাংলার কোন সময়কাল নির্দেশ করে?
Ⓐ ৫ম - ৬ষ্ঠ শতক Ⓑ ৬ষ্ঠ - ৭ম শতক
Ⓒ ৭ম - ৮ম শতক Ⓓ ৮ম - ৯ম শতক

C Solve কৌটিল্যের অর্থ শাস্ত্রে মাৎস্যন্যায় বলতে দণ্ডধরের অভাবে যখন বলবান দুর্বলকে গ্রাস করে বুঝায়। অর্থাৎ মৎস্যের রাজত্বের মতো, যেখানে বড় মাছ ছোট মাছকে ভক্ষণ করে। শশাঙ্কের পরবর্তী শতকীকাল (৬০৬খ্রি:-৭০০খ্রি: পর্যন্ত) ৭ম-৮ম শতকে বাংলায় মাৎস্যন্যায়ের সময়কাল নির্দেশ করে।

12. ধানসিঁড়ি নদী কোন জেলায় অবস্থিত?
Ⓐ ঢাকা Ⓑ রাজশাহী Ⓒ নোয়াখালী Ⓓ বরিশাল

D Solve নদী তীরবর্তী স্থান :

| স্থান | নদী |
|---|---|
| ঢাকা | বুড়িগঙ্গা, ধলেশ্বরী, শীতলক্ষা |
| রাজশাহী | পদ্মা, মহানন্দা, যমুনা, আত্রাই |
| নোয়াখালি | মেঘনা, ফেনী ও ডাকাতিয়া |
| বরিশাল | কীর্তনখোলা, আড়িয়াল খাঁ, বিশখালী |

ধানসিঁড়ি নদীটি বরিশাল বিভাগের ঝালকাঠি জেলায় অবস্থিত। কিন্তু অপশনে ঝালকাঠি নাই বিধায় বরিশাল উত্তর দিতে হবে।

13. সুইডেনের মুদ্রার নাম-
Ⓐ ক্রোন Ⓑ ক্রোনা Ⓒ লিরা Ⓓ গুলট্রাম

B Solve দেশ ও মুদ্রা বিষয়ক তথ্য :

| দেশ | মুদ্রা | দেশ | মুদ্রা |
|---|---|---|---|
| সুইডেন | ক্রোনা | ভুটান | গুলট্রাম |
| ঘানা | সিডি | তুরস্ক | লিরা |
| ভিয়েতনাম | ডং | লাওস | কিপ |
| থাইল্যান্ড | বাথ | | |

14. অলিম্পিক গেমসের প্রতীকে কয়টি বৃত্ত আছে?
Ⓐ ৫টি Ⓑ ৪টি Ⓒ ৩টি Ⓓ ৬টি

A Solve হলুদ, নীল, কালো, লাল, সবুজ এই পাঁচ রঙের পাঁচটি বৃত্ত রয়েছে অলিম্পিক গেমসের প্রতীকে। ২০২৪ সালে অলিম্পিক ৩৩তম অনুষ্ঠিত হয়।

15. Duma কোন দেশের পার্লামেন্ট?
Ⓐ রাশিয়া Ⓑ ইরান Ⓒ থাইল্যান্ড Ⓓ কুয়েত

A Solve দেশ ও পার্লামেন্ট :

| দেশ | পার্লামেন্ট | দেশ | পার্লামেন্ট |
|---|---|---|---|
| রাশিয়া | ডুমা (নিম্নকক্ষের নাম) | ইসরাইল | নেসেট |
| থাইল্যান্ড | ন্যাশনাল অ্যাসেম্বলি | ডেনমার্ক | ফোকেটিং |

16. মাদার তেরেসার জন্মস্থান-
Ⓐ কলিকাতা Ⓑ ভেনেজুয়েলা Ⓒ রোম Ⓓ মেসিডোনিয়া

D Solve মাদার তেরেসার জন্ম ১৯১০ সালে মেসিডোনিয়ায়। মৃত্যু ১৯৯৭ সালে ভারতে। পুরস্কার: নোবেল শান্তি পুরস্কার (১৯৭৯), ভারতরত্ন (১৯৮০)।

17. ২০১০ সালের শান্তিতে নোবেল পুরস্কার বিজয়ী-
Ⓐ লিউ সিয়াওবো Ⓑ বারাক ওবামা
Ⓒ কফি আনান Ⓓ ড. মুহাম্মদ ইউনূস

A Solve ২০২৪ সালে শান্তিতে নোবেল পায় জাপানি পারমাণবিক নিরস্ত্রীকরণ সংস্থা নিহন হিদানকিও। পরমাণু অস্ত্রমুক্ত বিশ্ব অর্জনের প্রচেষ্টায় অবদানের জন্য এই পুরস্কার পায়।

18. ফরায়েজী আন্দোলনের নেতা-
Ⓐ হাজী শরিয়ত উল্লাহ Ⓑ দুদু মিয়া
Ⓒ শাহ ওয়ালিউল্লাহ Ⓓ কেরামত আলী

A Solve ফরায়েজী আন্দোলনের প্রবর্তক হাজী শরিয়তউল্লাহ শরীয়তপুর জেলায় জন্মগ্রহণ করেন। তিনি মুসলমানদের ফরজ কাজ মেনে চলার নির্দেশ দেন। "জমি থেকে খাজনা আদায় আল্লাহর আইনের পরিপন্থী" বলে দুদু মিয়া মতবাদ প্রচার করেন।

19. বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয়-
Ⓐ ১৯৫০ সালে Ⓑ ১৯৫১ সালে Ⓒ ১৯৫২ সালে Ⓓ ১৯৫৪ সালে

C Solve ৩ জানুয়ারি ১৯৫২ সালে বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয়। এখান থেকে 'বাংলাপিডিয়া' নামক একটি এনসাইক্লোপিডিয়া বের হয়েছে।

20. নেপোলিয়ন কোথায় জন্মগ্রহণ করেন?
Ⓐ সিসিলি Ⓑ মাল্টা Ⓒ কর্সিকা Ⓓ সার্দিনিয়া

C Solve ফ্রান্সের শ্রেষ্ঠ নেতা ও সেনাপতি নেপোলিয়ন বোনাপার্ট কর্সিকার এজাক্সিও শহরে জন্মগ্রহণ করেন। তিনি ১৮১৫ সালে ওয়াটারলুর যুদ্ধে হেরে যান এবং তাকে সেন্ট হেলেনায় নির্বাসন দেয়া হয়। ১৮২১ সালে তিনি সেখানে মারা যান।

21. NATO-এর একমাত্র মুসলিম সদস্য দেশ কোনটি?
Ⓐ মিসর Ⓑ তুরস্ক Ⓒ সিরিয়া Ⓓ সৌদি আরব

B Solve পূর্ণরূপ : North Atlantic Treaty Organization (NATO)। প্রতিষ্ঠাকাল ৪ এপ্রিল ১৯৪৯ সালে এবং সদরদপ্তর ব্রাসেলস (বেলজিয়াম)। ন্যাটোভুক্ত মুসলিম দেশ তুরস্ক ও আলবেনিয়া। সদস্যদেশ ৩২টি (সর্বশেষ সদস্য দেশ সুইডেন)।

22. 'ম্যালেরিয়া' শব্দটি কোন ভাষা থেকে আগত?
Ⓐ ফ্রেঞ্চ Ⓑ ইতালিয়ান Ⓒ পর্তুগিজ Ⓓ স্প্যানিশ

B Solve ইতালিয়ান শব্দ-সনেট, ফ্যাসিস্ট, ম্যালেরিয়া। পর্তুগীজ শব্দ-আতা, আনারস, আলপিন, আলমারি, ইস্পাত।

23. বিশ্বের সবচেয়ে জনবহুল শহর কোনটি?
Ⓐ টোকিও Ⓑ ঢাকা Ⓒ নিউ ইয়র্ক Ⓓ সাংহাই

A Solve বিশ্বের বর্তমানে সবচেয়ে জনবহুল শহর জাপানের টোকিও। এই সব প্রশ্নের উত্তর পরিবর্তনশীল। তাই সর্বশেষ তথ্য জেনে নেয়া ভাল।



CamScanner

24. বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের উপর ভিত্তি করে যে ছায়াছবি নির্মিত হয়েছে তার নাম কী?
Ⓐ অস্তিত্বে আমার দেশ Ⓑ ওরা এগার জন
Ⓒ জন্মভূমি Ⓓ আলোর মিছিল
Ⓐ Solve অস্তিত্বে আমার দেশ চলচ্চিত্রটির পরিচালক খিজির হায়াত খান ও মিনি রহমান
কাহিনী বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের জীবনের উপর ভিত্তি করে নির্মিত।

25. নির্মিতব্য পদ্মা সেতুর দৈর্ঘ্য কত?
Ⓐ ৪.০৩ কিলোমিটার Ⓑ ৫.০৩ কিলোমিটার
Ⓒ ৮.০৩ কিলোমিটার Ⓓ ৬.১৫ কিলোমিটার
Ⓓ Solve পদ্মা সেতু বিষয়ক তথ্য :

| | |
|---|---|
| অবস্থান | মাওয়া (মুন্সিগঞ্জ)- জাজিরা (শরিয়তপুর) |
| দৈর্ঘ্য: ৬.১৫ কি.মি. | প্রস্থ: ১৮.১০ মিটার |
| লেন: ৪টি | পিলার: ৪২টি |

26. বায়ুমণ্ডলে কোন গ্যাস সবচেয়ে বেশি পাওয়া যায়?
Ⓐ অক্সিজেন Ⓑ নাইট্রোজেন
Ⓒ কার্বন ডাইঅক্সাইড Ⓓ হাইড্রোজেন
Ⓑ Solve বায়ুমণ্ডলে নাইট্রোজেন গ্যাস বেশি পাওয়া যায়।

| উপাদানসমূহ | শতকরা পরিমাণ |
|---|---|
| নাইট্রোজেন | ৭৮.০১% |
| অক্সিজেন | ২০.৭১% |
| কার্বন ডাই অক্সাইড | ০.০৩% |
| হাইড্রোজেন | ০.০০০০৫% |

27. উজবেকিস্তানের রাজধানী কোনটি?
Ⓐ এসতানা Ⓑ বিশকেক Ⓒ দুশানবে Ⓓ তাশখন্দ
Ⓓ Solve দেশ ও রাজধানী বিষয়ক তথ্য :

| দেশ | রাজধানী | দেশ | রাজধানী |
|---|---|---|---|
| উজবেকিস্তান | তাশখন্দ | কিরগিজিস্তান | বিশকেক |
| তাজিকিস্তান | দুশানবে | কাজাকিস্তান | নূর সুলতান |

28. বাংলাদেশের জাতীয় স্মৃতিসৌধের উচ্চতা কত?
Ⓐ ৪৬.৫ মিটার Ⓑ ৪৫.৫ মিটার Ⓒ ৪৭.৫ মিটার Ⓓ ৪৮.৫ মিটার
Ⓐ Solve জাতীয় স্মৃতিসৌধ ঢাকার সাভারে অবস্থিত। এটির ৭টি ফলক রয়েছে এবং এর উচ্চতা ৪৬.৫ মিটার বা ১৫০ ফুট। জাতীয় স্মৃতিসৌধের স্থপতি হলেন সৈয়দ মাইনুল হোসেন।

29. গ্রিক পুরাণে ভালোবাসার দেবতা কে ছিলেন?
Ⓐ আফ্রোডাইট Ⓑ এথেনা Ⓒ হেরা Ⓓ ভেনাস
Ⓐ Solve গ্রিকদের স্বর্গের রাজা জিউস দেবতার তিন স্ত্রী হীরা, এথেনা এবং আফ্রোডাইট। এদের মধ্যে আফ্রোডাইট ভালবাসার দেবী।

30. কোন দুটি রং মিলে বেগুনি রং হয়?
Ⓐ নীল ও হলুদ Ⓑ সবুজ ও কমলা Ⓒ লাল ও নীল Ⓓ লাল ও সবুজ
Ⓒ Solve মৌলিক বর্ণ যথা : নীল (ন), হলুদ(হ), লাল(ল) মিশিয়ে বিভিন্ন বর্ণ তৈরি করা যায় : লাল + নীল = বেগুনি, লাল + হলুদ = কমলা, নীল + হলুদ = সবুজ।

31. বিশ্বের সর্বাপেক্ষা উঁচু ভবনের নাম কী?
Ⓐ বুর্জ খলিফা Ⓑ টুইন টাওয়ার
Ⓒ পেট্রোনাস টাওয়ার Ⓓ তাইপে ১০১
Ⓐ Solve নির্মিতব্য বিশ্বের সর্বোচ্চ স্থাপনার নাম কিংডম টাওয়ার সৌদি আরব। এর উচ্চতা হবে ১০০০ মিটার।

32. তাজমহল কোন শতাব্দীতে তৈরি হয়েছিল?
Ⓐ ষোড়শ Ⓑ সপ্তদশ Ⓒ অষ্টাদশ Ⓓ উনবিংশ
Ⓑ Solve "Prince of Builders" নামে পরিচিত সম্রাট শাহজাহান সপ্তদশ শতকে (১৬৩২-১৬৫৩ খ্রিষ্টাব্দ) তাজমহল নির্মাণ করেন। তাজমহল আগ্রার যমুনা নদীর তীরে অবস্থিত।

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা : ২০০৯-১০; ইউনিট: খ

### বাংলা

01. আধার-আধেয় সম্বন্ধ হলো–
Ⓐ টিনের দুধ Ⓑ রাজশাহীর পদ্মা Ⓒ বঙ্গবন্ধু-সেতু Ⓓ টর্চের আলো
Ⓐ Solve আধার-আধেয় সম্বন্ধ হলো : টিনের দুধ, বাটির দুধ, শিশির জল

02. প্রত্যয়ের অপপ্রয়োগজনিত অশুদ্ধ শব্দ–
Ⓐ তর্দশনে Ⓑ আবশ্যকীয় Ⓒ নির্দেশিত্য Ⓓ অধীন
Ⓑ Solve 'আবশ্যক' বিশেষণ শব্দ। বিশেষণ শব্দের সঙ্গে পুনরায় বিভক্তিবশত বিশেষণবাচক উপসর্গ বা প্রত্যয়ের অপপ্রয়োগের ফলে কিছু বিশেষ ভুল শব্দ গঠিত হয়। যেমন : আবশ্যক (আবশ্যকীয় নয়), উজ্জ্বল (উজ্জ্বলিত নয়), একত্র (একত্রিত নয়)।

03. 'খাড়ির বিরম্বনা যে কী দুস্সহ তা ভুক্তভোগি ব্যক্তিমাত্রই অবহিত বলে চৌধুরী সাহেব সবিনয়ে এ প্রস্তাব প্রত্যাক্ষান করিলেন।' - সাধু গদ্যরীতিতে লেখা বাক্যটিতে ভুলের সংখ্যা –
Ⓐ সাত Ⓑ আট Ⓒ নয় Ⓓ দশ
Ⓑ Solve প্রশ্নে উল্লেখকৃত সাধু গদ্যরীতিতে লেখা বাক্যটিতে ভুলের সংখ্যা ৮টি। অশুদ্ধ শব্দগুলোর শুদ্ধ রূপ : ১. বিড়ম্বনা ২. দুঃসহ ৩. তাহা ৪. ভুক্তভোগী ৫. ব্যক্তিমাত্রই ৬. বলিয়া ৭. এই ৮. প্রত্যাখ্যান।

04. 'ফুল পাগলেই রবীন্দ্রনাথ হওয়া যায় না' 'ফুল' এর কারক ও বিভক্তি–
Ⓐ অধিকরণে শূন্য Ⓑ কর্তায় শূন্য
Ⓒ অপাদানে শূন্য Ⓓ করণে শূন্য
Ⓒ Solve অপাদান কারকের উদাহরণ : বিপদে মোরে রক্ষা করো। সব ঝিনুকে মুক্তা হয় না। পরাজয়ে ডরে না বীর।

05. 'মেঘ' এর প্রতিশব্দ–
Ⓐ ঘন Ⓑ পবন Ⓒ অম্বু Ⓓ জলধি
Ⓐ Solve 'মেঘ'-এর প্রতিশব্দ : জলদ, পয়োদ, অভ্র, ঘন, তোয়দ।

06. কোনটি অস্তিবাচক বাক্য?
Ⓐ সে বিস্মিত না হয়ে পারে না। Ⓑ দেখি, সে শ্রেণিকক্ষে অনুপস্থিত।
Ⓒ গাছটি উপড়াতে কেউ এলো না। Ⓓ একথা সে মুখে আনতে পারে না।
Ⓑ Solve বাক্যটির নেতিবাচক রূপ হবে : দেখি, সে শ্রেণিকক্ষে উপস্থিত ছিল না।

07. 'আপনি কি পুকুরে গোসল করবেন?' এখানে 'পুকুর' হলো–
Ⓐ করণ Ⓑ অধিকরণ Ⓒ অপাদান Ⓓ কর্ম
Ⓑ Solve ক্রিয়া সম্পাদনের স্থান, কাল বা আধারকে অধিকরণ কারক বলে। 'পুকুর' দ্বারা স্থান বোঝানোর জন্য এটি অধিকরণ কারক হবে।

08. 'প্রাতরাশ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
Ⓐ প্রাতঃ + রাশ Ⓑ প্রাত + রাশ
Ⓒ প্রাতঃ + আশ Ⓓ প্রাত্ + রাশ
Ⓒ Solve বিসর্গ – স্থানে 'র' হয় এরকম কয়েকটি বিসর্গ সন্ধি হলো : অন্তঃ + অঙ্গ = অন্তরঙ্গ, প্রাতঃ + আশ = প্রাতরাশ, পুনঃ + আয় = পুনরায়, অহঃ + অহ = অহরহ, পুনঃ + আবৃত্তি = পুনরাবৃত্তি।

09. Did he leave the country for good? বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ–
Ⓐ সে কি দেশ ছাড়লো? Ⓑ সে কি ভালোর জন্য দেশ ছাড়লো?
Ⓒ সে কি চিরতরে দেশ ছাড়লো? Ⓓ সে কি অবশেষে দেশ ছাড়লো?
Ⓒ Solve For good = চিরতরে, Leave = ত্যাগ করা, ছেড়ে যাওয়া।



CamScanner

10. 'Circular' এর পারিভাষিক শব্দ–
Ⓐ নির্দেশনামা Ⓑ বিজ্ঞপ্তি
Ⓒ প্রজ্ঞাপন Ⓓ পরিপত্র

Ⓓ Solve কতিপয় পারিভাষিক শব্দ :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Conference | সম্মেলন | Context | প্রসঙ্গ |
| Copyright | লেখস্বত্ব | Caption | শিরোনাম |
| Criticism | সমালোচনা | Cabinet | মন্ত্রিপরিষদ |

11. 'প্রিয় বাক্য বলে যে নারী' এক কথায় প্রকাশ করলে হবে–
Ⓐ প্রিয়ভাষিণী Ⓑ সুভাষিণী
Ⓒ মিতভাষিণী Ⓓ প্রিয়ংবদা

Ⓓ Solve এক কথায় প্রকাশ : প্রিয় বাক্য বলে যে নারী– প্রিয়ংবদা, প্রিয় বাক্য বলে যে– প্রিয়ভাষী।

12. 'কেঁচে যাওয়া' প্রবাদটির অর্থ–
Ⓐ ফেঁসে যাওয়া Ⓑ কাপড় কাঁচা
Ⓒ নতুন করে শুরু Ⓓ পণ্ড হওয়া

Ⓓ Solve বাগ্‌ধারা ও নিহিত অর্থ : কেঁচে যাওয়া (আয়োজন পণ্ড হওয়া), কূর্ম অবতার (অলস), কথা চালা (রটনা করা), কেঁচে গণ্ডূষ করা (পুনরায় আরম্ভ করা), কলা দেখানো (ফাঁকি দেওয়া)।

13. কোনটি ভিন্নার্থক?
Ⓐ সোনায় সোহাগা Ⓑ মণিকাঞ্চন যোগ
Ⓒ অহিনকুল সম্বন্ধ Ⓓ রাজযোটক

Ⓒ Solve বাগ্‌ধারা ও নিহিত অর্থ : 'অহিনকুল সম্বন্ধ' বাগ্‌ধারার অর্থ : ভীষণ শত্রুতা। অপরদিকে 'সোনায় সোহাগা, মণিকাঞ্চন যোগ, রাজযোটক' বাগ্‌ধারাগুলোর অর্থ : উপযুক্ত মিলন।

14. 'জ্বর জ্বর' বলতে বোঝায়–
Ⓐ জ্বরের ভাব Ⓑ খুব জ্বর
Ⓒ কম জ্বর Ⓓ জ্বর

Ⓐ Solve 'জ্বর জ্বর' বলতে ঠিক জ্বর নয়, জ্বরের ভাব বোঝায়। যেমন : আমার আজ জ্বর জ্বর লাগছে।

15. সুশীল সমাজের কাজ–
Ⓐ বিতর্ক সৃষ্টি করা Ⓑ সরকারকে দিকনির্দেশনা দেওয়া
Ⓒ সুবিধা ভোগ Ⓓ সরকারের বিরোধিতা করা

Ⓑ Solve সিভিল সোসাইটি (Civil Society) বা সুশীল সমাজ হলো এমন এক ধরনের গোষ্ঠী, যারা সবসময় জনগণের কল্যাণের জন্য কাজ করে। সুশীল সমাজের ব্যক্তিবর্গ কোনো রাজনৈতিক দলের সাথে সংযুক্ত না থেকে সবসময় জনগণের কল্যাণে কাজ করে। সরকারের বিভিন্ন বিষয়ের সমালোচনার পাশাপাশি সরকারকে প্রয়োজনীয় দিক নির্দেশনা দেওয়া সুশীল সমাজের একটি কাজ।

16. 'টেকর' কী?
Ⓐ টাকা রাখে যেখানে Ⓑ হাট
Ⓒ উঁচু টিলা Ⓓ ধ্বন্যাত্মক শব্দ

Ⓒ Solve 'টেকর' শব্দের অর্থ : উঁচু স্থান বা জায়গা, আলি, বাঁধ, উঁচু স্তূপ।

17. 'গণতন্ত্র' এর ব্যাসবাক্য–
Ⓐ গণ ও তন্ত্র Ⓑ গণ রূপ তন্ত্র
Ⓒ গণ হইতে তন্ত্র Ⓓ গণের তন্ত্র

Ⓓ Solve সমাস নির্ণয় :

| সমস্তপদ | ব্যাসবাক্য | সমাসের নাম |
|---|---|---|
| গণতন্ত্র | গণ নিয়ন্ত্রিত তন্ত্র | মধ্যপদলোপী কর্মধারয় |
| গণতন্ত্র | গণের তন্ত্র | ষষ্ঠী তৎপুরুষ |

18. 'গীতগোবিন্দ' কে লিখেছেন?
Ⓐ কালিদাস Ⓑ জয়দেব Ⓒ কাশীরাম দাস Ⓓ ভারতচন্দ্র

Ⓑ Solve 'গীতগোবিন্দম' কাব্যটির রচয়িতা সংস্কৃত কবি জয়দেব। কাব্যটিতে রয়েছে ২৮৬টি শ্লোক ও ২৪টি গীত।

19. 'সেরকশ' অর্থ–
Ⓐ বিনয়ী Ⓑ উদ্ধত Ⓒ চালক Ⓓ বোকা

Ⓑ Solve 'সেরকশ' একটি ফারসি শব্দ, যার অর্থ : একরোখা, বেয়াড়া, উদ্ধত।

20. 'এল নিনিও' শব্দটি–
Ⓐ পর্তুগিজ Ⓑ স্প্যানিশ Ⓒ জার্মানি Ⓓ সুইডিশ

Ⓑ Solve কয়েকটি স্প্যানিশ শব্দ : এল নিনিও, কুইনাইন, ডেঙ্গু।

21. '.... কাব্যজগতে যার নাম আনন্দ, তারই নাম বেদনা।' উক্তিটি কোন রচনার অন্তর্গত?
Ⓐ যৌবনের গান Ⓑ সাহিত্যে খেলা
Ⓒ একুশের গল্প Ⓓ ভাষার কথা

Ⓑ Solve প্রমথ চৌধুরী তাঁর 'সাহিত্যে খেলা' প্রবন্ধে আলোচ্য উক্তিটি করেছেন।

22. 'হরিদাস' ছিল–
Ⓐ হরিজন Ⓑ মুসলমান Ⓒ হিন্দু Ⓓ খ্রিষ্টান Ans Ⓑ

23. 'বনের ঘুঘুরা উহু উহু করি কেঁদে মরে রাতদিন' কার মৃত্যুতে?
Ⓐ দাদী Ⓑ বুজী Ⓒ ফুপু Ⓓ মা

Ⓑ Solve জসীমউদ্‌দীনের 'কবর' কবিতা থেকে পঙ্‌ক্তিটি নেওয়া হয়েছে।

24. 'মজিনু বিফল তপে অবরেণ্যে বরি' কাকে বরণ করেছিলেন কবি?
Ⓐ কমল-কাননকে Ⓑ বিদেশি সাহিত্যকে
Ⓒ মাতৃভাষাকে Ⓓ বিদেশি ভাষাকে

Ⓓ Solve 'বঙ্গভাষা' কবিতায় মাইকেল মধুসূদন দত্ত বলেছেন, "অনিদ্রায়, অনাহারে সঁপি কায়, মন :/মজিনু বিফল তপে অবরেণ্যে বরি;/ কেলিনু শৈবালে, ভুলি কমল-কানন।" কবি মাতৃভাষাকে উপেক্ষা করে বিদেশি ভাষায় সাহিত্য রচনা করে অনুশোচনা বোধ করছেন।

25. 'বাবা, কার ক্ষেতে ধান খেয়েছি যে, আমাকে এর ভিতরে পুরিলে?' উক্তিটি–
Ⓐ প্রসন্ন গোয়ালিনীর Ⓑ কমলাকান্তের
Ⓒ উকিলের Ⓓ জজ সাহেবের

Ⓑ Solve প্রশ্নোক্ত উক্তিটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'কমলাকান্তের জবানবন্দি' নামক রচনার অংশ।

## English

*Questions 1-7: Choose the best word for the following sentences.*

01. The woman is carrying a ——— of clothes.
Ⓐ sheet Ⓑ bunch Ⓒ bundle Ⓓ block

Ⓒ Explanation ইংরেজি ভাষা যথাযথভাবে ব্যবহার করার ক্ষেত্রে collocation (বিন্যাস) সম্পর্কে ধারণা থাকা আবশ্যক। Collocation হলো একাধিক শব্দ একসঙ্গে ব্যবহারের রীতি যা দীর্ঘদিন থেকে একসঙ্গে বলা ও লেখা হয়। নিচে collocation এর কিছু নমুনা দেওয়া হলো :

| Collocation | বাংলা অর্থ |
|---|---|
| A school of fish | এক ঝাঁক মাছ |
| A pile of books | এক গাঁদা বই |
| A bundle of clothes | এক পাঁজা/গাঁইট কাপড় |
| A spoonful of salt<br>Two spoonful of salt | পূর্ণ ১ চামচ লবণ<br>পূর্ণ ২ চামচ লবণ |
| A sack of cement | এক বস্তা সিমেন্ট |



CS CamScanner

**02. Put two — of salt in the saucepan.**
Ⓐ mouthsful Ⓑ mouthful Ⓒ spoonfuls Ⓓ spoonful

Ⓓ Explanation ইংরেজি ভাষা যথাযথভাবে ব্যবহার করার ক্ষেত্রে collocation (বিন্যাস) সম্পর্কে ধারণা থাকা আবশ্যক। Collocation হলো একাধিক শব্দ একসঙ্গে ব্যবহারের রীতি যা দীর্ঘদিন থেকে একসঙ্গে বলা ও লেখা হয়। নিচে collocation এর কিছু নমুনা দেওয়া হলো :

| Collocation | বাংলা অর্থ |
|---|---|
| A school of fish | এক ঝাঁক মাছ |
| A pile of books | এক গাদা বই |
| A bundle of clothes | এক পোঁজা/গাঁইট কাপড় |
| A spoonful of salt<br>Two spoonful of salt | পূর্ণ ১ চামচ লবণ<br>পূর্ণ ২ চামচ লবণ |
| A sack of cement | এক বস্তা সিমেন্ট |

**03. The man is carrying a — of cement.**
Ⓐ sack Ⓑ mouthful Ⓒ reel Ⓓ bunch

Ⓐ Explanation ইংরেজি ভাষা যথাযথভাবে ব্যবহার করার ক্ষেত্রে collocation (বিন্যাস) সম্পর্কে ধারণা থাকা আবশ্যক। Collocation হলো একাধিক শব্দ একসঙ্গে ব্যবহারের রীতি যা দীর্ঘদিন থেকে একসঙ্গে বলা ও লেখা হয়। নিচে collocation এর কিছু নমুনা দেওয়া হলো :

| Collocation | বাংলা অর্থ |
|---|---|
| A school of fish | এক ঝাঁক মাছ |
| A pile of books | এক গাদা বই |
| A bundle of clothes | এক পোঁজা/গাঁইট কাপড় |
| A spoonful of salt<br>Two spoonful of salt | পূর্ণ ১ চামচ লবণ<br>পূর্ণ ২ চামচ লবণ |
| A sack of cement | এক বস্তা সিমেন্ট |

**04. Yesterday we had —— twenty minutes for a bus.**
Ⓐ wait Ⓑ to wait Ⓒ to waiting Ⓓ to waited

Ⓑ Explanation বাংলায় '-তে হয়েছিল' অর্থে ইংরেজিতে was to/had to + verb in base form ব্যবহৃত হয়। বাক্যটির অর্থ- গতকাল বাসের জন্য আমাদের বিশ মিনিট অপেক্ষা করতে হয়েছিল। সুতরাং, সঠিক উত্তর option Ⓑ to wait.

**05. '—— you tomorrow?' 'Yes, OK'.**
Ⓐ Do I phone Ⓑ Am I going to phone
Ⓒ Shall I phone Ⓓ I am going to phone

Ⓒ Explanation বাক্যে tomorrow শব্দটি থাকার কারণে future tense ব্যবহার করতে হবে বিধায় সঠিক উত্তর হবে option Ⓒ Shall I phone.

**06. Which is the longest river —— Europe?**
Ⓐ in Ⓑ of Ⓒ within Ⓓ by

Ⓐ Explanation মহাদেশের নামের পূর্বে সাধারণত preposition in বসে। যেমন in Asia, in Europe, in Africa ইত্যাদি।

**07. Control —— Farhana! Don't get hysterical.**
Ⓐ you Ⓑ oneself Ⓒ self Ⓓ yourself

Ⓓ Explanation Imperative sentence-এ reflexive pronoun হিসেবে শুধু yourself/yourselves বসে। এখানে একজনকে (Farhana) বুঝিয়েছে বিধায় yourself হবে।

***Questions 8-9: Fill in the blanks with appropriate word(s).***

**08. Had I been in your situation, —— the offer.**
Ⓐ I would not accept Ⓑ I would accept
Ⓒ I had accepted Ⓓ I would have accepted

Ⓓ Explanation Third conditional এর নিয়ম অনুযায়ী বাক্যের এক অংশে past perfect tense (Had I been) থাকলে অন্য অংশে would have/could have/might have + $v_3$ বসে। অতএব, সঠিক উত্তর হবে option Ⓓ.

**09. The most important chemical catalyst on the planet, chlorophyll, —— carbon dioxide and water react to form carbohydrates.**
Ⓐ whose presence Ⓑ which is present
Ⓒ presenting Ⓓ in the presence of which

Ⓓ Explanation বাক্যটির অর্থ হবে- পৃথিবীর সবচেয়ে গুরুত্বপূর্ণ বিক্রিয়া সংঘটনকারী প্রভাবক হচ্ছে ক্লোরোফিল, যার উপস্থিতিতে (in the presence of which) কার্বন ডাইঅক্সাইড ও পানির বিক্রিয়ার মাধ্যমে শর্করা (carbohydrates) উৎপন্ন হয়। অর্থানুযায়ী সঠিক উত্তর হবে option Ⓓ.

***Read the passage and answer Questions 10-14***

A coral reef is a flower garden of stone, growing like a wall or like a tower from the depths, and filled with the most confusing and most colourful varieties of life. The colours are very beautiful, especially in the shallow region down to sixty feet where some of the red and yellow light of the sun's rays still penetrates. But most corals are greenish, brown, bluish or yellow. Coral reefs offer shelter and food to thousands of creatures. The warmer the climate, the greater the variety of species there is. In the tropics, it is easier to find, in one place, ten different species than ten specimens of the same species, and a coral reef provides ample proof of that rule. Living conditions are most favourable, so that many forms are able to develop and survive in their struggle for existence.

**10. A coral reef is ——**
Ⓐ a beautiful park Ⓑ a stone wall
Ⓒ a watch tower Ⓓ a rock formation in the sea

Ⓓ Explanation Passage-এর ১ম লাইন থেকেই এই প্রশ্নের উত্তর পাওয়া যায়। এখানে coral reef (প্রবাল প্রাচীর) কে 'flower garden of stone' বলা হয়েছে যা option Ⓓ এর "a rock formation in the sea" এর সমার্থক।

**11. The word 'shallow' in the fourth line means–**
Ⓐ very distant Ⓑ very deep
Ⓒ not very deep Ⓓ cold

Ⓒ Explanation Shallow শব্দটির অর্থ- অগভীর হল, অর্থাৎ সঠিক উত্তর হবে option Ⓒ not very deep.

**12. The tropics is where ——.**
Ⓐ the climate is warm Ⓑ shelter and food are easy to find
Ⓒ many subjects are discussed Ⓓ it is quite cold

Ⓐ Explanation Tropics বলতে গ্রীষ্মমণ্ডলীয় বা গ্রীষ্মপ্রধান এলাকা বুঝানো হয় যেখানে উষ্ণ (warm) আবহাওয়া বিরাজমান থাকে। সুতরাং সঠিক উত্তর হবে option Ⓐ the climate is warm.

**13. The word 'ample' in the eleventh line is an adjective. The noun form of it is–**
Ⓐ amplifier Ⓑ amplitude Ⓒ amply Ⓓ amplify

Ⓑ Explanation Ample (প্রচুর) শব্দটি adjective এর noun form হবে amplitude (প্রাচুর্য, বিস্তার)।

**14. The main subject of the passage is ——.**
Ⓐ The beauty of a coral reef
Ⓑ The correlation of climate and life
Ⓒ The struggle for existence
Ⓓ The colours of a coral reef

Ⓐ Explanation প্রদত্ত passageটিতে মূলত সামুদ্রিক প্রবাল প্রাচীরের সৌন্দর্য (the beauty of a coral reef) তুলে ধরা হয়েছে। অতএব, সঠিক উত্তর হবে option Ⓐ.



CamScanner

***Questions 15-17: Choose the correct options :***

**15. The correct translation of 'আমি আম পছন্দ করি' would be–**

Ⓐ I like mango Ⓑ I would like a mango
Ⓒ I like mangoes Ⓓ I like the mango

Ⓒ Explanation Countable noun কে বাক্যে ব্যবহার করার সময় সাধারণত determiner সহ বসাতে হয় অথবা plural আকারে বসাতে হয়। এখানে mango একটি countable noun বিধায় সঠিক উত্তর হবে opption Ⓒ I like mangoes.

**16. Humayun Ahmed is a prolific writer. This indicates that–**

Ⓐ he writes a lot Ⓑ he is highly popular
Ⓒ he is an amusing writer Ⓓ he is an excellent writer

Ⓐ Explanation 'Prolific writer' বলতে সেই লেখককে বুঝানো হয় যিনি প্রচুর লেখালেখি (বিশেষত সাহিত্যকর্ম) করেন/করেছেন। অতএব, সঠিক উত্তর option Ⓐ.

**17. Identify the wrong section in the following sentence.**

<u>Neither have</u> (Ⓐ) I said <u>and nor I will</u> (Ⓑ) ever say that <u>I am</u> (Ⓒ) desirous <u>of</u> (Ⓓ) power.

Ⓑ Explanation Parallel structure অনুযায়ী option Ⓑ তে <u>and nor will I</u> হবে।

**18. The tag for the blank in 'You forgot my birthday, —— ?'**

Ⓐ haven't you Ⓑ didn't you Ⓒ hadn't you Ⓓ wouldn't you

Ⓑ Explanation 'Forgot' verbটি যেহেতু past form এ রয়েছে সেহেতু did দিয়ে tag question তৈরি করতে হবে। Sentenceটি affirmative বিধায় tag question টি হবে negative (didn't you?).

**19. The pronoun agrees with its antecedent in**

Ⓐ The family does their best to make a living
Ⓑ The family are doing its best to make a living
Ⓒ The family is doing their best to make a living
Ⓓ The family does its best to make a living

Ⓓ Explanation 'Family' শব্দটি singular ও plural উভয় হিসেবে ব্যবহৃত হতে পারে। Ⓐ তে does এবং Ⓒ তে is doing রয়েছে বিধায় এখানে their (plural pronoun) হবে না। option Ⓑ তে 'are doing' plural কিন্তু its আবার singular অর্থাৎ এটিও ভুল। Option Ⓓ তে does একটি singular verb এবং its একটি singular pronoun সুতরাং সঠিক উত্তর option Ⓓ.

**20. The correct use of verb has been made in–**

Ⓐ He lay the book on the table
Ⓑ He lay the book on the table
Ⓒ He had lain the book on the table
Ⓓ He laid the book on the table

Ⓓ Explanation Lay verb টির অর্থ– রাখা/স্থাপন করা। Verb টির past এবং past participle form হলো 'laid'. Option Ⓑ ভুল কারণ present tense এর বাক্যে 'He' third person singular number হওয়া সত্ত্বেও lay ব্যবহার হয়েছে (সঠিক হতো lays). অর্থাৎ, প্রশ্নটির সঠিক উত্তর Ⓓ যার অর্থ– সে টেবিলের ওপর বইটি রেখেছিল।

**21. The word closest in meaning to 'loyal' is–**

Ⓐ obedient Ⓑ honest Ⓒ truthful Ⓓ faithful

Ⓓ Explanation 'Loyal' অর্থ বিশ্বস্ত/অনুগত (faithful).

**22. 'Proclaim' means-**

Ⓐ claim loudly Ⓑ shout
Ⓒ cry Ⓓ make known publicly

Ⓓ Explanation 'Proclaim' অর্থ কোনো কিছু ঘোষণা করা, জনগণের অবগতির স্বার্থে প্রচার করা। সুতরাং সঠিক উত্তর হবে Ⓓ make known publicly.

**23. The most appropriate preposition for the blank in 'She has great fondness —— classical music' is–**

Ⓐ of Ⓑ for Ⓒ in Ⓓ over

Ⓑ Explanation 'Fondness for' অর্থ কোনো বিষয়ে অনুরাগ থাকা বা বিষয়টি খুব পছন্দ করা। এখানে সঠিক উত্তর option Ⓑ. বাক্যটির অর্থ Classical music (উচ্চাঙ্গ সংগীত) এর প্রতি তার ব্যাপক অনুরাগ রয়েছে।

**24. Choose the passive form of "Somebody will clean the office tomorrow'.**

Ⓐ The office must be cleaned tomorrow
Ⓑ The office will be cleaned tomorrow
Ⓒ The office has be cleaned tomorrow
Ⓓ The office should be cleaned tomorrow

Ⓑ Explanation এখানে active voice এর 'will clean' অংশটি passive voice এ 'will be cleaned' এ পরিবর্তিত হবে বিধায় সঠিক উত্তর option Ⓑ.

**25. Two men —— a lady and —— her bag away but they were caught by the police.**

Ⓐ stole, brought Ⓑ robbed, took
Ⓒ stole, took Ⓓ robbed, brought

Ⓑ Explanation 'Rob someone' অর্থ– কাউকে অপহরণ করা। বাক্যটির অর্থ– দুইজন লোক একজন মহিলাকে অপহরণ করে (robbed) তার ব্যাগ নিয়ে পালিয়ে গিয়েছিল (took her bag away), কিন্তু পরবর্তীতে তারা পুলিশের কাছে ধরা পড়েছিল।

## সাধারণ জ্ঞান

**01. TIN এর পূর্ণরূপ -**

Ⓐ ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল নেটওয়ার্ক
Ⓑ ট্যাক্স ইনডেক্স নম্বর
Ⓒ ট্যাক্স প্যায়ার্স আইডেন্টিফিকেশন নম্বর
Ⓓ ট্রান্সফার অব ইনফরমেশন নেটওয়ার্ক

Ⓒ Solve TIN – Taxpayer Identification Number (TIN)

**02. ভাষা আন্দোলনের ফলে কোন্ প্রতিষ্ঠানটি সৃষ্টি হয়?**

Ⓐ ঢাকা বিশ্ববিদ্যালয় Ⓑ এশিয়াটিক সোসাইটি
Ⓒ বাংলা একাডেমি Ⓓ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

Ⓒ Solve ভাষা আন্দোলনের পরিপ্রেক্ষিতে ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয়। ১৯২১ সালে ১ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। ১৭৮৪ সালে স্যার উইলিয়াম জোন্স কর্তৃক এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয়।

**03. বাংলাদেশের দীর্ঘতম নদী কোনটি?**

Ⓐ পদ্মা Ⓑ মেঘনা Ⓒ সুরমা Ⓓ কর্ণফুলী

Ⓑ Solve বাংলাদেশের দীর্ঘতম নদী পদ্মা (৩৪১ কি.মি.) হিমালয়ের গঙ্গোত্রী হিমবাহ থেকে উৎপত্তি হয়েছে। উৎপত্তিস্থলে পদ্মা গঙ্গা নদী নামে পরিচিত। ইছামতি দ্বিতীয় দীর্ঘতম নদী। কর্ণফুলি বাংলাদেশের সবচেয়ে খরস্রোতা নদী।

**04. জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবস -**

Ⓐ ১২ নভেম্বর Ⓑ ২০ অক্টোবর Ⓒ ২০ নভেম্বর Ⓓ ১৫ অক্টোবর

Ⓑ Solve জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন-২০০৫ অনুযায়ী প্রতিষ্ঠিত হয়।

**05. বীর প্রতীক খেতাব প্রাপ্ত একমাত্র বিদেশি মুক্তিযোদ্ধা-**

Ⓐ এডওয়ার্ড কেনেডি Ⓑ ডব্লিউ এ.এস. ওডারল্যান্ড
Ⓒ মার্ক টালি Ⓓ আন্দ্রে মালরোক্স

Ⓑ Solve অস্ট্রেলিয়ার নাগরিক নেদারল্যান্ডের বংশোদ্ভূত ডব্লিউ এ.এস ওডারল্যান্ড একমাত্র বিদেশি যিনি ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য সরকার কর্তৃক "বীর প্রতীক" রাষ্ট্রীয় খেতাবে ভূষিত হন।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**06. কোন বছর বাংলাদেশ ইসলামী সম্মেলন সংস্থার সদস্যপদ লাভ করে?**

Ⓐ ১৯৭২ Ⓑ ১৯৭৪ Ⓒ ১৯৭৫ Ⓓ ১৯৭৬

Ⓑ Solve পূর্ণরূপ: Organization of Islamic Co-operation. সদর দফতর: জেদ্দা, সৌদিআরব। সদস্য রাষ্ট্র: ৫৭টি
বাংলাদেশ সদস্যপদ লাভ করে: ১৯৭৪ সালে (লাহোর ২য় সম্মেলনে)।

**07. কোন আরব দেশ বাংলাদেশকে সর্বপ্রথম স্বীকৃতি দিয়েছিল?**

Ⓐ সৌদি আরব Ⓑ জর্ডান Ⓒ ইরান Ⓓ ইরাক

Ⓓ Solve বাংলাদেশকে স্বীকৃতি প্রদানকারী দেশ :

| স্বীকৃতি প্রদান | দেশ | তারিখ |
|---|---|---|
| প্রথম দেশ | ভুটান | ৬ ডিসেম্বর ১৯৭১ |
| প্রথম আফ্রিকান দেশ | সেনেগাল | ১ ফেব্রুয়ারি ১৯৭২ |
| প্রথম অ-আরব মুসলিম দেশ | মালয়েশিয়া | ২৫ ফেব্রুয়ারি ১৯৭২ |
| প্রথম আরব দেশ | ইরাক | ৮ জুলাই ১৯৭২ |

**08. সোমপুর বিহার কোথায় অবস্থিত?**

Ⓐ ময়নামতি Ⓑ মহাস্থানগড় Ⓒ পাহাড়পুর Ⓓ রংপুর

Ⓒ Solve ■ সোমপুর বিহার: নওগাঁ জেলার পাহাড়পুরে অবস্থিত।
■ শালবন বিহার : কুমিল্লা জেলার ময়নামতিতে অবস্থিত।
■ ভাসু বিহার : বগুড়ার মহাস্থানগড়ে অবস্থিত।
■ সীমা বিহার : পটুয়াখালি জেলায় অবস্থিত।

**09. সতীদাহ প্রথা বিলোপ করেন-**

Ⓐ লর্ড বেন্টিঙ্ক Ⓑ বিদ্যাসাগর
Ⓒ রামমোহন রায় Ⓓ হেস্টিংস

Ⓐ Solve ১৮২৯ সালে লর্ড বেন্টিঙ্ক সতীদাহ প্রথা উচ্ছেদ আইন পাস করেন। রাজা রামমোহন রায় একজন সমাজ, ধর্ম, শিক্ষা সংস্কারক। তিনি সতীদাহ প্রথা রহিত করার জন্য আন্দোলন করেন। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর হিন্দু বিধবা বিবাহ প্রচলন করেন।

**10. বাংলাদেশের জাতীয় সংসদের বর্তমান আসন সংখ্যা**

Ⓐ ৩১২টি Ⓑ ৩৪৫টি Ⓒ ৩৫০টি Ⓓ ৩৬২টি

Ⓒ Solve বাংলাদেশের আইনসভার নাম জাতীয় সংসদ। বর্তমানে বাংলাদেশের জাতীয় সংসদে ৩৫০টি আসন রয়েছে। এর মধ্যে ৫০টি আসন মহিলাদের জন্য সংরক্ষিত।

**11. আয়তনে বাংলাদেশের সবচেয়ে বড় জেলা-**

Ⓐ ঢাকা Ⓑ রাঙ্গামাটি
Ⓒ বান্দরবান Ⓓ খাগড়াছড়ি

Ⓑ Solve আয়তনে বাংলাদেশের বড় জেলা- রাঙ্গামাটি (৬১১৬ বর্গ কি.মি)।
আয়তনে বাংলাদেশের ছোট জেলা- নারায়ণগঞ্জ (৭৬০ বর্গ কি.মি)।
জনসংখ্যায় বাংলাদেশের বড় জেলা- ঢাকা।
জনসংখ্যায় বাংলাদেশের ছোট জেলা- বান্দরবান।

**12. সিলেটের প্রাচীন নাম ছিল-**

Ⓐ শ্রীহট্ট Ⓑ জালালাবাদ Ⓒ শ্রীভূমি Ⓓ আফজালাবাদ

Ⓐ,Ⓑ Solve পুরাতন নাম ও বর্তমান নাম :

| পুরাতন নাম | বর্তমান নাম | পুরাতন নাম | বর্তমান নাম |
|---|---|---|---|
| জালালাবাদ / শ্রী হট্ট | সিলেট | জাহাঙ্গীরনগর | ঢাকা |
| বঙ্গ / বাংলা | বাংলাদেশ | সুধুরাম / ভুলুয়া | নোয়াখালী |

**13. বিশেষ ক্ষমতা আইন প্রণীত হয়**

Ⓐ ১৯৭০ সালে Ⓑ ১৯৭২ সালে Ⓒ ১৯৭৪ সালে Ⓓ ২০০৬ সালে

Ⓒ Solve বিশেষ ক্ষমতা আইন, ১৯৭৪ জারি করা হয়- ১৯৭৪ সালের ৯ ফেব্রুয়ারি। এর উদ্দেশ্য ছিল বিশেষ ব্যবস্থার মাধ্যমে রাষ্ট্রবিরোধী কিছু কার্যকলাপ প্রতিহত করা এবং কিছু গুরুতর অপরাধের দ্রুত বিচার করা এবং কঠোর শাস্তির ব্যবস্থা করা।

**14. 'মাটির ময়না' ছবিটির পরিচালক কে?**

Ⓐ হুমায়ুন আহমেদ Ⓑ আবু সাঈদ
Ⓒ গোলাম রব্বানী বিপ্লব Ⓓ তারেক মাসুদ

Ⓓ Solve মাটির ময়না ২০০২ সালের বাংলাদেশের স্বাধীনতা সম্পর্কিত একটি বাংলাদেশী ফিচার চলচ্চিত্র। এ ছবির পরিচালক তারেক মাসুদ। এটি "শ্রেষ্ঠ বিদেশি ভাষার চলচ্চিত্র" বিভাগে একাডেমি পুরস্কার প্রতিদ্বন্দ্বিতার জন্য বাংলাদেশের মনোনয়ন লাভ করে।

**15. কখন বাংলাদেশের ঘৃণ্যতম বিডিআর বিদ্রোহ সংঘটিত হয়?**

Ⓐ ২৩-২৪ জানুয়ারি ২০০৯ Ⓑ ২৩-২৪ ফেব্রুয়ারি ২০০৯
Ⓒ ২৫-২৬ ফেব্রুয়ারি ২০০৯ Ⓓ ২৫-২৬ মার্চ ২০০৯

Ⓒ Solve ২০০৯ সালের ২৫ ফেব্রুয়ারি বাংলাদেশ রাইফেলস (বর্তমান নাম বর্ডার গার্ড বাংলাদেশ) এর সদস্যরা বাংলাদেশের রাজধানী ঢাকা পিলখানা এলাকায় অবস্থিত বিডিআর সদর দফতরে বিডিআর থেকে সেনাবাহিনীর কর্মকর্তাদের কর্তৃত্বের অবসান, রেশন ও বেতন বৈষম্য দূর করাসহ বেশ কিছু দাবিতে ২৫-২৬ ফেব্রুয়ারি সশস্ত্র বিদ্রোহ করে।

**16. হ্যারিকেন আইলা কখন বাংলাদেশের সমুদ্র উপকূলে আঘাত হানে?**

Ⓐ ২৫-২৬ মার্চ ২০০৯ Ⓑ ২৫-২৬ এপ্রিল ২০০৯
Ⓒ ২৫-২৬ মে ২০০৯ Ⓓ ২৫-২৬ জুন ২০০৯ Ans Ⓒ

**17. বাংলাদেশের সীমান্তবর্তী কোন জেলার সাথে ভারতের কোন সংযোগ নেই?**

Ⓐ বান্দরবান Ⓑ চাঁপাই নবাবগঞ্জ Ⓒ পঞ্চগড় Ⓓ জয়পুরহাট

Ⓐ Solve বাংলাদেশের রাঙ্গামাটি জেলার সাথে ভারত ও মিয়ানমারের সীমা রয়েছে। বান্দরবান ও কক্সবাজার জেলার সাথে ভারতের কোনো সংযোগ নেই। ঢাকা ও বরিশাল বিভাগের সাথে ভারতের কোনো সংযোগ নাই। চাঁপাইনবাবগঞ্জ, পঞ্চগড় ও জয়পুরহাটের সাথে ভারতের সংযোগ আছে।

**18. বাংলাদেশের জাতীয় সংসদ ভবনের স্থপতি কে?**

Ⓐ লুই আই কান Ⓑ নভেরা আহমেদ
Ⓒ এ আর খান Ⓓ শামীম সিকদার

Ⓐ Solve শেরে বাংলা নগরে অবস্থিত জাতীয় সংসদ ভবন ২১৫ একর জমির উপর প্রতিষ্ঠিত। যুক্তরাষ্ট্রের নাগরিক লুই-আই-কান এ ভবনের স্থপতি।

**19. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কার্যকর হয়**

Ⓐ ১৫ ডিসেম্বর ১৯৭২ তারিখে Ⓑ ১৬ ডিসেম্বর ১৯৭২ তারিখে
Ⓒ ১৭ ডিসেম্বর ১৯৭২ তারিখে Ⓓ ১৮ ডিসেম্বর ১৯৭২ তারিখে

Ⓑ Solve সংবিধান হচ্ছে একটি রাষ্ট্রের মূল ও সর্বোচ্চ আইন। বাংলাদেশের সংবিধান ১৯৭২ সালের ৪ নভেম্বর গৃহিত হয় এবং ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর তা কার্যকর হয়। বাংলাদেশ সংবিধান রচনা কমিটি ৩৪ জন সদস্য নিয়ে গঠিত হয়েছিল। ড. কামাল হোসেন সংবিধান রচনা কমিটির প্রধান ছিলেন।

**20. প্রথম মহিলা জাতীয় অধ্যাপকের নাম**

Ⓐ ড. নীলিমা ইব্রাহিম Ⓑ ড. সুফিয়া আহমেদ
Ⓒ শায়লা সুলতানা Ⓓ ড. খালেদা খানম

Ⓑ Solve ড. সুফিয়া আহমেদ ১৯৯৪ সালে প্রথম নারী জাতীয় অধ্যাপক নির্বাচিত হন। ভাষা আন্দোলনে অবদানের জন্য সরকার তাঁকে একুশে পদকে ভূষিত করে। শিক্ষামন্ত্রী জাতীয় অধ্যাপক নির্ধারণ কমিটির সভাপতির দায়িত্ব পালন করেন।

**21. পাকিস্তানী সেনাবাহিনীর হাতে শহিদ দার্শনিকের নাম-**

Ⓐ ড. জি. সি. দেব Ⓑ মুনীর চৌধুরী
Ⓒ রাশিদুল হাসান Ⓓ বিজয়কৃষ্ণ গোস্বামী

Ⓐ Solve ড. গোবিন্দ চন্দ্র দেব ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগ একজন অধ্যাপক ছিলেন। তিনি জি সি দেব নামেই সমধিক পরিচিত। ১৯৭১ সালের ২৬ মার্চের প্রথম প্রহরে তাঁকে হানাদার বাহিনীর সদস্যরা হত্যা করেছিল। মুনীর চৌধুরীকেও পাকিস্তানি বাহিনীর সহযোগী আল-বদর বাহিনী বাড়ি থেকে তুলে নিয়ে যায় ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর। সম্ভবত ঐ দিনই তাঁকে হত্যা করে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CamScanner

22. ভারত বাংলাদেশকে স্বীকৃতি দেয়-

Ⓐ ৬ ডিসেম্বর ১৯৭১ সালে Ⓑ ৪ ডিসেম্বর ১৯৭১ সালে
Ⓒ ৭ ডিসেম্বর ১৯৭১ সালে Ⓓ ২৯ এপ্রিল ১৯৭১ সালে

Ⓐ Solve ভারত বাংলাদেশকে দ্বিতীয় স্বীকৃতি দানকারী দেশ। ৬ ডিসেম্বর ১৯৭১ সালে ভারত বাংলাদেশকে স্বীকৃতি দেয়। ৬ ডিসেম্বর ১৯৭১ সালে ভুটান ভারতের কয়েক ঘণ্টা আগে বাংলাদেশকে স্বীকৃতি দেয়। চীন ৩১ আগস্ট ১৯৭৫ সালে এবং সৌদি আরব ১৫ আগস্ট ১৯৭৫ সালে বাংলাদেশকে স্বীকৃতি দেয়।

23. লালবাগ কেল্লা নির্মাণ করা হয়-

Ⓐ ১৬০৫ সালে Ⓑ ১৬৭৮ সালে Ⓒ ১৭৫৭ সালে Ⓓ ১৫২৭ সালে

Ⓑ Solve লালবাগ কেল্লার পূর্ব নাম ছিল কেল্লা আওরঙ্গবাদ। সম্রাট আওরঙ্গজেব এর ৩য় পুত্র আজম শাহ ১৬৭৮ খ্রিষ্টাব্দে এ দূর্গের কাজ শুরু করেন, কিন্তু তিনি শেষ করতে পারেননি। অতঃপর শায়েস্তা খান ১৬৮০ সালে পুনরায় নির্মাণ কাজ শুরু করেন এবং নির্মাণ কাজ সম্পন্ন করেন। এখানে শায়েস্তা খানের কন্যা পরী বিবির সমাধি রয়েছে।

24. ঐতিহাসিক একুশ দফা দাবীর প্রথম দাবী ছিল-

Ⓐ বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করা Ⓑ প্রাদেশিক স্বায়ত্তশাসন
Ⓒ শেখ মুজিবুর রহমানকে মুক্তি দেয়া Ⓓ কেন্দ্রীয় রাজধানী ঢাকায় স্থানান্তর করা

Ⓐ Solve একুশ দফা ১৯৫৪ সালে পূর্ব বাংলা প্রাদেশিক পরিষদ নির্বাচনে ক্ষমতাসীন মুসলিম লীগের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বীতা এবং পূর্ব বাংলার মুসলিম লীগের শাসনের অবসানের উদ্দেশ্যে আওয়ামী মুসলিম লীগের নেতৃত্বে ৪টি সমমনা দল নিয়ে ১৯৫৩ সালের ৪ ডিসেম্বর গঠিত যুক্তফ্রন্টের নির্বাচনী কর্মসূচী। ২১ দফার প্রথম দফা ছিল বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করা।

25. অবিভক্ত বাংলার শেষ মুখ্য মন্ত্রী ছিলেন-

Ⓐ শেরে বাংলা Ⓑ সোহরাওয়ার্দী Ⓒ নূরুল আমীন Ⓓ নাজিম উদ্দিন

Ⓑ Solve গণতন্ত্রের মানসপুত্র হোসেন শহীদ সোহরাওয়ার্দী ছিলেন অবিভক্ত বাংলার শেষ মুখ্য মন্ত্রী। তিনি বঙ্গবন্ধুর রাজনৈতিক গুরু ছিলেন। বাংলার প্রথম মুখ্যমন্ত্রী ছিলেন শেরে বাংলা একে ফজলুল হক। পূর্ববঙ্গ প্রদেশের প্রথম মুখ্যমন্ত্রী ছিলেন খাজা নাজিমউদ্দীন। ৫২ এর ভাষা আন্দোলনের সময় পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী ছিলেন নুরুল আমিন।

26. ভার্সাই চুক্তি স্বাক্ষরিত হয় কত সালে?

Ⓐ ১৯২৮ Ⓑ ১৯৪৫ Ⓒ ১৯৬২ Ⓓ ১৯১৯

Ⓓ Solve প্রথম বিশ্বযুদ্ধের মিত্রশক্তি ও জার্মানির মধ্যে ফ্রান্সের ভার্সাই নগরীতে ১৯১৯ সালে দ্বিতীয় ভার্সাই চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তির লক্ষ্য ও উদ্দেশ্য ছিল জার্মানিকে যুদ্ধাপরাধী হিসেবে চিহ্নিত করা এবং ক্ষতিপূরণ আদায় করা।

27. যুক্তরাজ্যের আইনসভার নিম্ন কক্ষের নাম কী?

Ⓐ হাউজ অব লর্ডস Ⓑ হাউজ অব রিপ্রেজেন্টেটিভ
Ⓒ হাউজ অব কমন্স Ⓓ সিনেট

Ⓒ Solve যুক্তরাজ্যের আইনসভার নাম পার্লামেন্ট। যুক্তরাজ্যের পার্লামেন্টের ২ টি কক্ষ। যথা: উচ্চ কক্ষের নাম হাউজ অব লর্ডস ও নিম্নকক্ষের নাম হাউজ অব কমন্স।

28. ২০০৯ সালে সাহিত্যে নোবেল বিজয়ী কোন্ দেশের নাগরিক?

Ⓐ রুমানিয়া Ⓑ জার্মানি Ⓒ আমেরিকা Ⓓ কানাডা

Ⓑ Solve হের্টা মুলার রোমানিয়ার বংশোদ্ভূত জার্মান ঔপন্যাসিক। তিনি ২০০৯ সালে সাহিত্যে নোবেল পুরস্কার পান। ২০২৪ সালে সাহিত্যে নোবেল পেয়েছেন দক্ষিণ কোরিয়ান লেখিকা হান কাং।

29. তৃতীয় বিশ্ব জলবায়ু সম্মেলন সম্প্রতি কোথায় অনুষ্ঠিত হয়?

Ⓐ জেনেভা Ⓑ কোপেনহেগেন
Ⓒ নিউইয়র্ক Ⓓ দ্য হেগ

Ⓑ Solve COP-29 সম্মেলন ১১-২২ নভেম্বর ২০২৪ সালে অনুষ্ঠিত হয় আজারবাইজানের বাকুতে। COP-30-এর শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে ২০২৫ সালে ব্রাজিলে।

30. ওয়াল স্ট্রিট জার্নাল কী?

Ⓐ রাস্তা সংক্রান্ত খবর ছাপে এমন একটি জার্নাল
Ⓑ নিউইয়র্ক থেকে প্রকাশিত একটি আন্তর্জাতিক দৈনিক
Ⓒ লন্ডন ভিত্তিক অর্থনৈতিক গবেষণা পত্রিকা
Ⓓ একটি বিখ্যাত দেয়াল পত্রিকা

Ⓑ Solve দ্য ওয়াল স্ট্রিট জার্নাল একটি আন্তর্জাতিক দৈনিক পত্রিকা যা নিউইয়র্ক সিটি থেকে প্রকাশিত হয়। ওয়াল স্ট্রিট জার্নাল মূলত যুক্তরাষ্ট্রের অর্থনীতি, আন্তর্জাতিক বাণিজ্য এবং অর্থনৈতিক খবরাদি ও কার্যক্রমগুলোকে ভিত্তি করে প্রকাশিত হয়।

31. মোনালিসা চিত্রটির চিত্রকর কে?

Ⓐ পিকাসো Ⓑ লিওনার্দো দা ভিঞ্চি
Ⓒ মাইকেল এঞ্জেলো Ⓓ ক্লদ মেনেত

Ⓑ Solve বিখ্যাত চিত্রশিল্পী ও চিত্রকর্ম :

| চিত্রশিল্পীর নাম | দেশ | চিত্রকর্ম |
|---|---|---|
| লিওনার্দো দ্য ভিঞ্চি | ইতালি | মোনালিসা, দ্য লাস্ট সাপার |
| মাইকেলেঞ্জেলো | ইতালি | সিস্টিন চ্যাপেল সিলিং, ক্রিয়েশন অব অ্যাডাম |
| পাবলো পিকাসো | স্পেন | গোয়ার্নিকা, দ্য ওল্ড গিটারিস্ট |
| ক্লদ মেনেত | ফ্রান্স | ইমপ্রেশন সানরাইজ, দ্য ওয়াটার লিলি পন্ড |

32. বিশ্ব নারী দিবস-

Ⓐ ১ মার্চ Ⓑ ৮ মার্চ Ⓒ ১৫ মার্চ Ⓓ ৩১ মার্চ

Ⓑ Solve দিবস বিষয়ক তথ্য :

| | |
|---|---|
| ৮ মার্চ | বিশ্ব নারী দিবস |
| ২১ ফেব্রুয়ারি | আন্তর্জাতিক মাতৃভাষা দিবস |
| ২২ এপ্রিল | বিশ্ব ধরিত্রী দিবস |
| ৫ জুন | বিশ্ব পরিবেশ দিবস |
| ১০ ডিসেম্বর | বিশ্ব মানবাধিকার দিবস |

33. ক্যাম্প ডেভিড চুক্তি কত সালে স্বাক্ষরিত হয়?

Ⓐ ১৯৭৫ Ⓑ ১৯৭৮ Ⓒ ১৯৮০ Ⓓ ১৯৯০

Ⓑ Solve ১৭ সেপ্টেম্বর ১৯৭৮ সালে মিসর ও ইসরায়েল এর মধ্যে যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ডে অবস্থিত ক্যাম্প ডেভিডে এ চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তির মধ্যস্থতাকারী ছিলেন যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট জিমি কার্টার। চুক্তির মূল উদ্দেশ্য ছিল মধ্যপ্রাচ্যে শান্তি স্থাপন। এ চুক্তির ফলে মিশরকে আরব লীগ থেকে বহিষ্কার করা হয় যদিও ১৯৮৯ সালে পুনরায় সদস্য পদ ফিরিয়ে দেওয়া হয়।

34. প্যারাডাইস রিগেইনড- এর লেখক ছিলেন

Ⓐ জন হপকিনস Ⓑ জন মিল্টন Ⓒ প্লেটো Ⓓ লিও টলস্টয়

Ⓑ Solve বিখ্যাত লেখক ও গ্রন্থ :

| লেখক | বই / গ্রন্থ |
|---|---|
| জন মিল্টন | প্যারাডাইস লস্ট, প্যারাডাইস রিগেইনড |
| লিও টলস্টয় | ওয়ার এণ্ড পিস, আন্না কারেনিনা |
| প্লেটো | রিপাবলিক |

জন হপকিনস একজন ইংরেজ প্রাণরসায়নবিদ। ভিটামিন আবিষ্কারের জন্য ১৯২৯ সালে নোবেল পুরস্কার পান।



CamScanner

**35. রেড ক্রসের প্রতিষ্ঠাতা ছিলেন-**

Ⓐ নেলসন Ⓑ রোনাল্ড এ্যামুন্ডসন
Ⓒ বিসমার্ক Ⓓ জাঁ হেনরি ডুনান্ট

**Ⓓ Solve** বিশ্বের দুস্থ মানবতার সেবায় নিয়োজিত আন্তর্জাতিক সংস্থা রেডক্রস ১৮৬৩ সালের ৮ মে প্রতিষ্ঠিত হয়। এর সদর দফতর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত। রেডক্রসের প্রতিষ্ঠাতা হলেন হেনরি ডুনান্ট। বিসমার্ক আধুনিক জার্মান সাম্রাজ্যের নায়ক। দক্ষিণ আফ্রিকার বর্ণবাদবিরোধী নেতা হলেন নেলসন ম্যান্ডেলা।

**36. প্রথম শিল্প বিপ্লব শুরু হয়েছিল-**

Ⓐ ইতালি Ⓑ রাশিয়া Ⓒ ইংল্যান্ড Ⓓ জাপান

**Ⓒ Solve** ইংল্যান্ডের ইতিহাসে মোটামুটি ১৭৫০-১৮৫০ সালে কৃষি এবং বাণিজ্যিক ব্যবস্থা হতে আধুনিক শিল্পায়নের দিকে গতি শুরু হওয়ার অর্থনৈতিক কর্মকাণ্ডে বিস্ময়কর পরিবর্তন ঘটে। আর এ পরিবর্তনই শিল্প বিপ্লব নামে পরিচিত।

**37. নোবেল প্রাপ্ত প্রথম মুসলিম মহিলা-**

Ⓐ শিরিন এবাদি Ⓑ মিথিলা আশরাফি
Ⓒ মরিয়ম আনসারী Ⓓ সোফিয়া হেলেন

**Ⓐ Solve** শিরিন এবাদি, ইরানের একজন আইনজীবী ও মানবাধিকার কর্মী। তিনি ২০০৩ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। তিনি প্রথম মুসলিম মহিলা যিনি নোবেল পেয়েছিলেন।

**38. বিশ্বের বৃহত্তম দেশ কোনটি?**

Ⓐ অস্ট্রেলিয়া Ⓑ কানাডা Ⓒ রাশিয়া Ⓓ আমেরিকা

**Ⓒ Solve** দেশ বিষয়ক তথ্য :

| | |
|---|---|
| আয়তনে বৃহত্তম দেশ | রাশিয়া |
| জনসংখ্যায় বৃহত্তম দেশ | চীন |
| আয়তনে ক্ষুদ্রতম দেশ | ভ্যাটিকান |
| জনসংখ্যায় ক্ষুদ্রতম দেশ | ভ্যাটিকান |

**39. কিয়োটো প্রোটোকল স্বাক্ষরিত হয়েছিল-**

Ⓐ ১৯৮৭ সালে Ⓑ ১৯৯৭ সালে Ⓒ ১৯৯১ সালে Ⓓ ২০০২ সালে

**Ⓑ Solve** বিশ্বের পরিবেশ রক্ষা করার জন্য বিশ্ব উষ্ণতা রোধে ১১ ডিসেম্বর ১৯৯৭ সালে জাপানের কিয়োটোতে কিয়োটো চুক্তি স্বাক্ষরিত হয়। যুক্তরাষ্ট্র কিয়োটো চুক্তি থেকে নিজেকে প্রত্যাহার করে নেয়। বাংলাদেশ ২০০১ সালে এ চুক্তিতে স্বাক্ষর করে এবং তা ২০০৫ সালে কার্যকর হয়।

**40. আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের বর্তমান প্রেসিডেন্টের নাম-**

Ⓐ ডেভিড মরগান Ⓑ জহির আব্বাস
Ⓒ রবার্ট ম্যাকনামারা Ⓓ রবার্ট বি. জুয়েল্লিক

**Ⓑ Solve** আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের বর্তমান চেয়্যারম্যান ভারতের জয় শাহ। এই সংস্থাটি ১৯০৯ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদরদপ্তর সংযুক্ত আরব আমিরাতের দুবাই শহরে অবস্থিত।

**41. জাপানের পার্লামেন্টের নাম-**

Ⓐ ডায়েট Ⓑ সিনেট Ⓒ চেম্বার Ⓓ মজলিস

**Ⓐ Solve** দেশ ও পার্লামেন্ট বিষয়ক তথ্য :

| দেশ | পার্লামেন্ট | দেশ | পার্লামেন্ট |
|---|---|---|---|
| জাপান | ডায়েট | ডেনমার্ক | ফোকেটিং |
| ইসরাইল | নেসেট | মালদ্বীপ | পিপলস মজলিস |

**42. গ্রেট হল অবস্থিত-**

Ⓐ মস্কো Ⓑ চীন Ⓒ বার্লিন Ⓓ ইংল্যান্ড

**Ⓑ Solve** গ্রেট হল- চীনের রাজধানী বেইজিং এ অবস্থিত। ওয়েস্ট মিনিস্টার- লন্ডনে অবস্থিত। ব্রিটিশ পার্লামেন্ট ভবন অবস্থিত। ক্রেমলিন- মস্কোতে অবস্থিত রুশ সরকারের প্রধান কার্যালয়। ব্রান্ডেন বার্গ গেট- বার্লিনে অবস্থিত। পূর্বের দুই জার্মানির প্রধান গেট।

**43. WHO-এর প্রধান কার্যালয় অবস্থিত-**

Ⓐ নিউইয়র্ক Ⓑ ওয়াশিংটন Ⓒ লন্ডন Ⓓ জেনেভা

**Ⓓ Solve** বিভিন্ন সংস্থা ও সদর দপ্তর :

| প্রতিষ্ঠান | সদর দপ্তর |
|---|---|
| World Health Organization (WHO) | জেনেভা, সুইজারল্যান্ড |
| World Bank (বিশ্ব ব্যাংক) | ওয়াশিংটন ডি.সি. যুক্তরাষ্ট্র |
| United Nation (জাতিসংঘ) | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র |
| Amnesty International (AI) | লন্ডন, ইংল্যান্ড |

**44. ২০১৬ সালে অলিম্পিক গেমস্ অনুষ্ঠিত হবে-**

Ⓐ টোকিও Ⓑ লন্ডন Ⓒ রিও ডি জেনেরিও Ⓓ মা

**Ⓒ Solve** আধুনিক অলিম্পিক গ্রিসের রাজধানী এথেন্সে শুরু হয়। ইন্টারন্যাশনাল অলিম্পিক কমিটির প্রধান কার্যালয় সুইজারল্যান্ডের লুজান শহরে অবস্থিত। ৩৩তম গ্রীষ্মকালীন অলিম্পিক গেমস অনুষ্ঠিত হয় ২৬ জুলাই - আগস্ট ২০২৪ সালে ফ্রান্সের প্যারিসে। ২০২৮ সালে ৩৪তম গ্রীষ্মকালীন অলিম্পিক অনুষ্ঠিত হবে যুক্তরাষ্ট্রের লস এঞ্জেলসে।

**45. ইউরোপিয়ান ইউনিয়নের বর্তমান সদস্য সংখ্যা**

Ⓐ ২০ Ⓑ ২৪ Ⓒ ২৮ Ⓓ ৩০

**Blank Solve** ম্যাসট্রিচট চুক্তির ফলে ইউরোপীয় ইউনিয়ন চালু হয়। সদস্য দেশ ২৭টি এবং বেলজিয়ামের ব্রাসেলসে এর সদরদপ্তর অবস্থিত। ইউরোপীয় ইউনিয়নভুক্ত একমাত্র এশীয় দেশ সাইপ্রাস।

**46. স্ট্যাচু অব পিচ কোথায় অবস্থিত?**

Ⓐ নাগাসাকি Ⓑ নিউইয়র্ক
Ⓒ টরেন্টো Ⓓ হিরোশিমা

**Ⓐ Solve** বিখ্যাত স্থাপত্য ও অবস্থান :

| স্থাপত্য | অবস্থান |
|---|---|
| স্ট্যাচু অব পিস | নাগাসাকি (জাপান) |
| স্ট্যাচু অব লিবার্টি | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র |
| মাদারল্যান্ড | মস্কো, রাশিয়া |
| স্ট্যাচু অব ডেমোক্রেসি | হংকং, চীন। |

**47. কোন্ দেশটি আরব লীগের অন্তর্ভুক্ত নয়?**

Ⓐ জর্ডান Ⓑ লেবানন Ⓒ ইরান Ⓓ সিরিয়া

**Ⓒ Solve** ইরান আরব লীগের সদস্য নয়। ১৯৪৫ সালে আরব লীগ প্রতিষ্ঠিত হয়। এর সদরদপ্তর মিসরের কায়রো শহরে অবস্থিত। আরব লীগের বর্তমানে ২২টি সদস্য রাষ্ট্র রয়েছে।

**48. যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের মেয়াদ কত বছর?**

Ⓐ ৩ বছর Ⓑ ৪ বছর Ⓒ ৫ বছর Ⓓ ৬ বছর

**Ⓑ Solve** ইতালির নাবিক কলম্বাস ১৪৯২ সালে আমেরিকা আবিষ্কার করেন। আমেরিকা ৪ জুলাই ১৭৭৬ সালে ব্রিটেনের কাছ থেকে স্বাধীনতা লাভ করে। জর্জ ওয়াশিংটন যুক্তরাষ্ট্রের প্রথম প্রেসিডেন্ট ছিলেন। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের মেয়াদ ৪ বছরের।

**49. ইইউ এর সদরদপ্তর -**

Ⓐ ব্রিসবেন Ⓑ প্যারিস Ⓒ বার্লিন Ⓓ ব্রাসেলস

**Ⓓ Solve** ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) এর সদর দফতর বেলজিয়ামের ব্রাসেলসে। বর্তমান সদস্য সংখ্যা ২৭টি দেশ। প্রতিষ্ঠাকাল ১ জানুয়ারি ১৯৯৫ সালে।

**50. কোন দেশটি গ্রুপ অব সেভেন (G-7) এর সদস্য নয়?**

Ⓐ কানাডা Ⓑ ইতালি Ⓒ সুইডেন Ⓓ জাপান

**Ⓒ Solve** পূর্ণরূপ- Group of Seven. প্রতিষ্ঠাকাল ১৯৭৫ সালে। সদরদপ্তর: নেই। সদস্য: ৭ টি। যথা: যুক্তরাষ্ট্র, কানাডা, ব্রিটেন, জাপান, জার্মানি, ইতালি, ফ্রান্স (রাশিয়া স্থগিত)।



CamScanner

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা : ২০০৮-২০০৯; ইউনিট: খ

### বাংলা

01. 'The patient will come round soon' বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ-
Ⓐ রোগীটি তাড়াতাড়ি এসে যাবে Ⓑ রোগী শীঘ্রই আরোগ্য লাভ করবে
Ⓒ তাড়াতাড়ি রোগীটি ঘুরে ফিরে আসবে Ⓓ শীঘ্রই ধৈর্যের অবসান হবে
**B Solve** কয়েকটি বঙ্গানুবাদ :

| | |
|---|---|
| Grasp all lose all | অতিলোভে তাঁতি নষ্ট |
| To the pure all things are pure | আপনি ভালো তো জগৎ ভালো |
| Nothing venture, Nothing have | ঝুঁকি না নিলে লাভ হয় না। |

02. 'Civil War' এর পারিভাষিক শব্দ –
Ⓐ গৃহযুদ্ধ Ⓑ নগর যুদ্ধ Ⓒ দাঙ্গা Ⓓ জনযুদ্ধ
**A Solve** কতিপয় পারিভাষিক শব্দ :

| | | | |
|---|---|---|---|
| Cold-Ware | স্নায়ুযুদ্ধ | Cordon | বেষ্টনী |
| Constitution | সংবিধান | Counsel | পরামর্শক |

03. 'ভিজে সাল মুড়ি দিয়া আবার বাহিরে এসে বসিলাম।' চলিত রীতির বাক্যে ভুলের সংখ্যা-
Ⓐ চার Ⓑ দুই Ⓒ পাঁচ Ⓓ তিন
**A Solve** চলিত রীতির বাক্যটিতে ভুলের সংখ্যা ৪টি। অশুদ্ধ শব্দের শুদ্ধ রূপ : শাল, দিয়ে, বাইরে, বসলাম।

04. 'কাকের মাংস কাকে খায় না।' প্রবাদটির অর্থ-
Ⓐ নিজের ক্ষতি কেউ করে না Ⓑ আপন মানুষকে কেউ সম্মান করে না
Ⓒ স্বজাতির ক্ষতি কেউ করে না Ⓓ মিত্রতা বজায় রাখে
**C Solve** কয়েকটি প্রবাদের অর্থ : কাকের মাংস কাকে খায় না (স্বজন বা স্বগোত্রের প্রতি অনুরাগ), কাঙালের ঘোড়া রোগ (সাধ্যের অতিরিক্ত সাধ), কাঁচা বাঁশে ঘুণ ধরা (অল্প বয়সেই স্বভাব নষ্ট হওয়া)।

05. কোনটি নির্ভুল?
Ⓐ সকল অতিথি মণ্ডলীকে স্বাগত Ⓑ সকল অতিথিদের স্বাগত
Ⓒ সকল অতিথিকে স্বাগত Ⓓ অতিথিবর্গ সবাইকে স্বাগত
**C Solve** বহুবচনের অপপ্রয়োজনিত কয়েকটি বাক্যের শুদ্ধ রূপ :

| অশুদ্ধ বাক্য | শুদ্ধ বাক্য |
|---|---|
| যাবতীয় প্রাণীবৃন্দ এ গ্রহের বাসিন্দা। | যাবতীয় প্রাণী এ গ্রহের বাসিন্দা। |
| সকল মানুষেরাই মরণশীল। | সকল মানুষই মরণশীল। |
| সকল দর্শকমণ্ডলীকে স্বাগত জানাই। | সকল দর্শককে স্বাগত জানাই |

06. 'ইতিহাসের পূর্বের' এক কথায় প্রকাশ করলে হবে-
Ⓐ ইতিহাস পূর্ব Ⓑ প্রাক-ঐতিহাসিক
Ⓒ প্রাগৈতিহাসিক Ⓓ প্রাগ-ঐতিহাসিক
**C Solve** এক কথায় প্রকাশ : ইতিহাস রচনা করেন যিনি = ঐতিহাসিক; ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি = ইতিহাসবেত্তা; ইন্দ্রিয়কে জয় করেছে যে = জিতেন্দ্রিয়; ইহলোক বিষয়ক = ঐহিক।

07. বাক্যে সম্বোধন পদ থাকলে তার পরে যে চিহ্ন বসে-
Ⓐ দাঁড়ি Ⓑ সেমিকোলন Ⓒ কমা Ⓓ কোলন
**C Solve** কমার (,) ব্যবহার : ■ সামান্য বিরতি বোঝাতে ■ শব্দ, বর্গ ও অধীন বাক্যকে আলাদা করতে ■ সমজাতীয় একাধিক পদকে আলাদা করতে প্রত্যেকটি পদের শেষে কমা বসবে ■ সম্বোধন পদের পরে কমা বসে ■ মাসের তারিখ, বার ও সাল লিখতে কমা বসে ■ উদ্ধরণ চিহ্নের পূর্বে কমা বসে।

08. 'কবির কাজ হচ্ছে কাব্য সৃষ্টি করা।' 'কাব্য' এর কারক ও বিভক্তি-
Ⓐ কর্তায় শূন্য Ⓑ কর্মে শূন্য Ⓒ করণে শূন্য Ⓓ অধিকরণে শূন্য
**B Solve** 'কী' বা 'কাকে' দ্বারা প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাকে কর্ম কারক বলে।

09. প্রত্যয়জাত শব্দ –
Ⓐ দুশ্চিন্তা Ⓑ সৌজন্য Ⓒ পরান Ⓓ প্রবাস
**B Solve** সৌজন্য = সুজন + য (সংস্কৃত তদ্ধিত প্রত্যয় যোগে গঠিত)।

10. ধ্বন্যাত্মক দ্বিরুক্তির উদাহরণ –
Ⓐ বউ বউ Ⓑ জ্বর জ্বর Ⓒ ঝিম ঝিম Ⓓ টিম টিম
**C Solve** কোনো কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতিবিশিষ্ট শব্দের রূপকে ধ্বন্যাত্মক শব্দ বলে। যেমন : ঝিমঝিম (ক্ষীণ ধারায় বৃষ্টি পড়ার শব্দ)। অনুভূতিজাত কাল্পনিক ধ্বনি 'টিমটিম' (আলোকের অনুজ্জ্বলতা প্রকাশক ভাব)।

11. 'বিচ্ছিন্ন' শব্দের সন্ধিবিচ্ছেদ-
Ⓐ বি + ছিন্ন Ⓑ বিদ + ছিন্ন Ⓒ বিঃ + ছিন্ন Ⓓ বিৎ + ছিন্ন
**A Solve** পূর্বপদের শেষে যদি স্বরধ্বনি থাকে এবং পরপদের প্রথম ধ্বনি ছ হয় তবে দুইয়ের সন্ধিতে ছ ধ্বনি চ্ছ হয়ে যায়। স্বরধ্বনি চ্ছ-এর সঙ্গে যুক্ত হয়। যেমন : বি + ছিন্ন = বিচ্ছিন্ন, কথা + ছলে = কথাচ্ছলে।

12. বিদেশি ভাষা থেকে আগত-
Ⓐ রুটি Ⓑ তন্দুল Ⓒ অন্ন Ⓓ আহার
**Blank Solve** 'তন্দুল' শব্দটি ঠিক নয়। শুদ্ধ শব্দ 'তন্দুর'। 'তন্দুর' ফারসি শব্দ। এর অর্থ : রুটি, পাউরুটি, বিস্কুট ইত্যাদি তাপ দিয়ে বানাবার উপযোগী করার চুল্লি। 'অন্ন, আহার' – সংস্কৃত শব্দ। 'রুটি'– দেশি শব্দ।

13. 'অশ্ব' এর প্রতিশব্দ –
Ⓐ কয় Ⓑ হয় Ⓒ জয় Ⓓ পয়
**B Solve** 'অশ্ব'-এর প্রতিশব্দ : ঘোটক, ঘোড়া, বাজী, তুরগ, তুরঙ্গম, হেষা ইত্যাদি।

14. ভিন্নার্থক শব্দ–
Ⓐ বাত্যা Ⓑ ঝঞ্ঝা Ⓒ ঘূর্ণিবায়ু Ⓓ বান
**D Solve** 'ঘূর্ণিঝড়'-এর সমার্থক : বাত্যা, ঝঞ্ঝা, ঘূর্ণিবায়ু। 'বান' অর্থ : বন্যা।

15. 'সুন্দর' অর্থে উপসর্গঘটিত শব্দ–
Ⓐ সুলভ Ⓑ সুদক্ষ Ⓒ স্বরূপ Ⓓ সুকান্ত
**D Solve** 'সুকান্ত' শব্দটি 'সু' উপসর্গযোগে গঠিত, যার অর্থ সুন্দর। 'সুন্দর' শব্দের সমার্থক শব্দ : মনোরম, শোভন, চারু, সুদর্শন, ললিত, কান্তিমান, সুকান্ত।

16. 'প্রতিবাদ' শব্দটি যে সমাসযোগে নিষ্পন্ন–
Ⓐ অব্যয়ীভাব Ⓑ কর্মধারয় Ⓒ তৎপুরুষ Ⓓ দ্বিগু
**A Solve** সমাস নির্ণয় :

| সমস্তপদ | ব্যাসবাক্য | সমাসের নাম |
|---|---|---|
| প্রতিবাদ | বিরুদ্ধ বাদ | অব্যয়ীভাব |

17. কোনটি অস্তিবাচক বাক্য–
Ⓐ প্রচলিত ধর্মকর্মে তার প্রবল অনাস্থা Ⓑ তাঁর আদেশ না মেনে উপায় নেই
Ⓒ কথাটার অর্থ সে বুঝতে পারেনি Ⓓ কিন্তু বরফ গলল না
**A Solve** 'না' 'নেই' 'নি' শব্দ যুক্ত না করেই বাক্যের অর্থ নেতিবাচক করা হলে সেই বাক্যকে অস্তিবাচক বাক্য বলে।

18. রাজা দুষ্মন্ত তপোবনে প্রবেশ করতে চাইলেন কেন?
Ⓐ রমণীয় প্রাকৃতিক দৃশ্য দেখার জন্য
Ⓑ আত্মাকে পবিত্র করার জন্য Ⓒ হরিণটিকে ধরার জন্য
Ⓓ শকুন্তলার সঙ্গে সাক্ষাতের জন্য **Ans B**

19. 'ভরা নদী ক্ষুরধারা খরপরশা' -'খরপরশা' শব্দের দ্বারা বোঝানো হয়েছে-
Ⓐ গভীর Ⓑ তীব্র Ⓒ পরিষ্কার Ⓓ ধারালো
**D Solve** পঙ্‌ক্তিটিতে 'খরপরশা' শব্দের অর্থ : ধারালো বর্শার মতো।

20. 'বাংলাদেশ' কবিতায় সভ্যতার ভাষা রদ করার ব্যাপারে কাদের দায়ী করা হয়েছে?
Ⓐ অসভ্য বর্বরদের Ⓑ মানবতাবিরোধীদের
Ⓒ পররাজ্যগ্রাসীদের Ⓓ পাকিস্তানি হানাদারদের
**D Solve** 'বাংলাদেশ' কবিতাটির রচয়িতা অমিয় চক্রবর্তী। এটি তাঁর 'অনিঃশেষ' কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত। বাংলাদেশের মুক্তিযুদ্ধের প্রেক্ষাপটে কবিতাটি রচিত।



CS CamScanner

**21. পাঞ্জেরির ভুল করার কারণ-**
Ⓐ দিকভ্রান্তি Ⓑ কুয়াশা Ⓒ অন্ধকার রাত Ⓓ অবহেলা
B Solve ফররুখ আহমদের 'পাঞ্জেরী' কবিতায় পাঞ্জেরি জাতির কর্ণধারের প্রতীক। কবির মতে, পাঞ্জেরির ভুলের কারণ অসীম কুয়াশা।

**22. বাতাবি লেবুর ফুলের কথা আছে কোন কবিতায়?**
Ⓐ কবর Ⓑ তাহারেই পড়ে মনে
Ⓒ জীবন-বন্দনা Ⓓ বাংলাদেশ
B Solve সুফিয়া কামালের 'তাহারেই পড়ে মনে' কবিতায় বাতাবি লেবুর ফুলের কথা বলা হয়েছে। প্রাসঙ্গিক অংশ:
বাতাবি নেবুর ফুল ফুটেছে কি? ফুটেছে কি আমের মুকুল?/দখিনা সমীর তার গন্ধে গন্ধে হয়েছে কি অধীর আকুল?

**23. 'বাবু এলাকার সবচেয়ে ভালো ইংরেজি কইয়ে-বলিয়ে।' সৌদামিনী মালো' গল্পে ব্যক্তিটি কে?**
Ⓐ মনোরঞ্জন মালো Ⓑ জগদীশ মালো Ⓒ ব্রাদার জন Ⓓ হরিদাস
A Solve শওকত ওসমানের 'সৌদামিনী মালো' গল্পে মনোরঞ্জন মালো সম্পর্কে বলা হয়েছে, "বাবু এলাকার সবচেয়ে ভালো ইংরেজি কইয়ে-বলিয়ে।"

**24. বেগম রোকেয়া তাঁর প্রবন্ধে কোন দুই দলকে অলস বলেছেন?**
Ⓐ স্ত্রীলোক ও বিদ্যার্থী Ⓑ গরীব ও ধনী
Ⓒ দাতা ও ভিক্ষুক Ⓓ ভিক্ষুক ও ধনবান
D Solve বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন 'ভিক্ষুক ও ধনবান' এই দুই দলকে অলস বলেছেন।

**25. 'বায়ু পরিবর্তন আবশ্যক, নহিলে হঠাৎ একটা শক্ত ব্যামো হইতে পারে।' 'হৈমন্তী' গল্পে উক্তিটি-**
Ⓐ অপুর Ⓑ হৈমন্তীর বাবার
Ⓒ ডাক্তারের Ⓓ বনমালী বাবুর
C Solve রবীন্দ্রনাথ ঠাকুরের 'হৈমন্তী' গল্পের থেকে উক্তিটি নেওয়া হয়েছে।

## English

**(Answer each question by choosing the best options)**
**Read the passage and answer questions 1 to 6**

In all cultures, music is evident as a form of human behaviour. These behaviours vary widely. They are studied by scholars who may approach the study of music from these different yet overlapping perspectives. The study of music of other cultures, as well as own, can involve describing it in musical terms. The problem with this approach is that our musical language is not universal. It is geared to Western European musical concepts and cannot describe equally well music from other parts of the world. To study music in culture, however suggests much more describing music. It involves a consideration of the context of music in a society, music as it relates to human behaviour, and the general attitudes of the people about their music.

**01. A suitable title for the passage would be ——.**
Ⓐ World Music Ⓑ Power of Music
Ⓒ Study of Music Ⓓ Importance of Music
C Explanation সঙ্গিত চর্চা (study of music) হচ্ছে এই passage এর মূলবিষয়।

**02. Music is ——.**
Ⓐ the same all over the world
Ⓑ not the same all over the world
Ⓒ a part of the natural of animal world
Ⓓ a part of the Western European World only
B Explanation সারাবিশ্বে সঙ্গিত একরকম নয়।

**03. In order to understand and analyze music, one has to ——**
Ⓐ learn to play the particular of music
Ⓑ learn to play different musical instruments
Ⓒ learn to describe it in musical terms
Ⓓ limit the study only to Western music
C Explanation কাউকে সঙ্গিত গবেষণা এবং বুঝতে হলে তাকে music term বর্ণনা করা শিখতে হবে।

**04. A problem with using the current musical language analyze world music is that ——.**
Ⓐ the musical language is not universal
Ⓑ the musical language is still developing
Ⓒ the musical language does not exist
Ⓓ the musical language does not exist
A Explanation বিশ্বমানের সঙ্গিত গবেষণা করতে, বর্তমানে বাদ্যযন্ত্রের ভ ব্যবহার করা একটা সমস্যা কারণ musical language সার্বজনীন নয়।

**05. People who study music in culture must focus on ——.**
Ⓐ a description of music in terms of sounds
Ⓑ the different musical styles
Ⓒ a description of musical instruments
Ⓓ the relation of music to a society and the attitude of the people to their styles
Ans D

**06. The word 'overlapping' means ——.**
Ⓐ related Ⓑ competing
Ⓒ consecutive Ⓓ running
A Explanation 'Overlapping' means related.

**07. It is important that the Dean's office — your admission.**
Ⓐ will confirm Ⓑ confirm
Ⓒ confirms Ⓓ must confirm
B Explanation এটি গুরুত্বপূর্ণ যে Dean's office তোমার admission নিশ্চত করা।

**08. We had hoped — the game, but the other team played very well.**
Ⓐ Dhaka Cricket Team to win
Ⓑ that Dhaka Cricket Team win
Ⓒ that Dhaka Cricket Team would win
Ⓓ Dhaka Cricket Team will win
C Explanation আমরা আশা করেছিলাম যে Dhaka Cricket Team খেলায় জিতবে, কিন্তু অন্য দল played very well ভালো খেলেছিল (জয়লাভ করেছিল)।

**09. Most Bangladeshis --- rice everyday.**
Ⓐ used to eating Ⓑ are used to eat
Ⓒ are used to eating Ⓓ use to eat
C Explanation অধিকাংশ বাংলাদেশি প্রতিদিন ভাত খেতে অভ্যস্ত (are used to eating)।

**10. Jashim appears ---- happy with his examination result.**
Ⓐ to be Ⓑ be Ⓒ been Ⓓ having been
A Explanation পরীক্ষার ফলাফল পেয়ে জসিমের উৎফুল্ল দেখাচ্ছে।

**11. What is the correct past particple of the verb 'to lead'?**
Ⓐ led Ⓑ leaded Ⓒ lade Ⓓ leaden
A Explanation Lead এর past এবং past participle form হচ্ছে 'led'।

**12. Choose the correct spelling.**
Ⓐ mountainous Ⓑ mountenous
Ⓒ mountainious Ⓓ mountainus
A Explanation Several correct spellings: mountainous, medieval, mediocre, millennium, millionaire, mischievous, misspell, mnemomic, mosquito, miscellaneous, moustache, manoeuvre, mathematics, etc.



CamScanner

**13. We were asked to write a ----- essay on child labour.**
Ⓐ five-hundred words Ⓑ five-hundred word
Ⓒ five-hundreds words Ⓓ five-hundreds word
Ⓑ Explanation এখানে five-hundred word একটি adjective phrase তাই এর সাথে কোনো s বা es যুক্ত হবে না। সাধারনত s বা es যুক্ত হয় noun এর সাথে।

**14. In 'Jerry' we get to know that Jerry found a cubbyhole**
Ⓐ on the side alley Ⓑ behind the house
Ⓒ beside the fireplace Ⓓ at the doorstep Ans Ⓒ

**15. The pressure cooker ---- explode.**
Ⓐ is meant to Ⓑ is going to
Ⓒ has been Ⓓ is near to
Ⓑ Explanation Pressure cooker টি বিস্ফোরণ হতে যাচ্ছে।

**16. The idiom 'from frying pan to fire' means–**
Ⓐ to jump Ⓑ to be in a worse position
Ⓒ to get hurt badly Ⓓ to get excited
Ⓑ Explanation 'From frying pan to fire' means to be in a worse position (খারাপ থেকে আরো খারাপ অবস্থার দিকে যাচ্ছে).

**17. 'Fair daffodils, we --- to see/You --- away so soon.'**
Ⓐ weep, haste Ⓑ stay, go
Ⓒ cry, die Ⓓ pray, fade Ans Ⓐ

**18. 'He is a green horn in politics' means, he is quite —.**
Ⓐ experienced Ⓑ inexperienced
Ⓒ efficient Ⓓ nervous
Ⓑ Explanation 'Green horn' means inexperienced (অনভিজ্ঞ)। অর্থাৎ, তিনি রাজনীতিতে অনভিজ্ঞ।

**19. His friends mourned ---- the death --- his mother.**
Ⓐ on, over Ⓑ at, for Ⓒ over, of Ⓓ of, of
Ⓒ Explanation Mourned over – মৃত্যুতে শোকাহত। তাঁর মায়ের মৃত্যুতে তাঁর বন্ধু শোকাহত।

**20. Fill in the blank spaces in 'What --- the show --- me had brought' taken from 'I Wandered Lonely as a Cloud.'**
Ⓐ pleasure, to Ⓑ wealth, to
Ⓒ delight, for Ⓓ surprise, in Ans Ⓑ

**21. Choose the correct sentence.**
Ⓐ One of my friends are lawyers
Ⓑ One of my friend is lawyer
Ⓒ One of my friends is a lawyer
Ⓓ One of my friends are a lawyer
Ⓒ Solve কোনো বাক্যের subject যদি everybody, everyone, each, one of ইত্যাদি হয় তবে তৎপরবর্তী verb singular হবে।

**22. 'On First Looking into Chapman's Homer' was written by**
Ⓐ William Shakespeare Ⓑ B. S. T. Coleridge
Ⓒ William Keats Ⓓ None of A, B and C
Ⓓ Explanation 'On First Looking into Chapman's Homer' was written by John Keats.

**23. Choose the translation of the sentence- 'তিন দিন ধরে বৃষ্টি হইতেছে।'**
Ⓐ It has been raining for three days
Ⓑ It has been rained for three days
Ⓒ It has been raining from three days
Ⓓ It has been raining since three days
Ⓐ Explanation Present Perfect Continuous Tense -এ ধরে বা যাবত বোঝালে সময়ের পূর্বে preposition for বসে।

**24. The Japanese love --- take part --- sports.**
Ⓐ to, for Ⓑ with, in Ⓒ for, on Ⓓ to, in
Ⓓ Explanation To take part অর্থ অংশগ্রহণ করা। সাধারনত sports এর পূর্বে preposition 'in' বসে।

**25. Choose the passive form of 'We will not admit children under ten.'**
Ⓐ Children under ten will not admit by us
Ⓑ Children under ten would not be admitted by us
Ⓒ Children under ten will not be admitted by us
Ⓓ A child under ten will not be admitted by us
Ⓒ Explanation এখানে 'Children under ten' noun phrase টি subject হিসেবে + will not be + $v_3$ + preposition + extension হয়েছে।

## সাধারণ জ্ঞান

**01. কোন সংশোধনীর মাধ্যমে বাংলাদেশে রাষ্ট্রপতি শাসন ব্যবস্থা চালু করা হয়?**
Ⓐ তৃতীয় Ⓑ চতুর্থ Ⓒ পঞ্চম Ⓓ দশম
Ⓑ Solve বাংলাদেশ সংবিধানের এ পর্যন্ত ১৭টি সংশোধনী আনা হয়েছে। সংবিধান সংশোধন বিল রাষ্ট্রপতি ৭ দিনের মধ্যে পাস করবে। ১৯৭৫ সালের ২৫ জানুয়ারি চতুর্থ সংশোধনীর মাধ্যমে রাষ্ট্রপতি শাসিত শাসন পদ্ধতি চালু করা হয়।

**02. বাংলাপিডিয়ার প্রকাশক-**
Ⓐ বাংলা একাডেমি Ⓑ ঢাকা বিশ্ববিদ্যালয়
Ⓒ এন সি টি বি Ⓓ বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি
Ⓓ Solve ৩ জানুয়ারি ১৯৫২ সালে এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয়। এই প্রতিষ্ঠান থেকে "বাংলাপিডিয়া" প্রকাশ করা হয়। বাংলাদেশের এশিয়াটিক সোসাইটির বর্তমান সভাপতি অধ্যাপক আমিরুল ইসলাম চৌধুরী।

**03. কোন সংস্থা ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করেছে?**
Ⓐ ইউএনডিপি Ⓑ ইউনিসেফ Ⓒ জাতিসংঘ Ⓓ ইউনেস্কো
Ⓓ Solve UNESCO'র পূর্ণরূপ: United Nations Educational, Scientific and Cultural Organization. প্রতিষ্ঠিত ১৬ নভেম্বর ১৯৪৫ সালে। সদর দফতর ফ্রান্সের প্যারিসে। বাংলাদেশ সদস্যপদ লাভ করে : ১৯৭২ সালে। কার্যক্রম : বিশ্বে শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতির প্রসার এবং উন্নয়নের মাধ্যমে মানুষের জীবন মানের উন্নয়ন ঘটানো। এই সংস্থাটি একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ১৯৯৯ সালের ১৭ নভেম্বর ঘোষণা দেয়।

**04. যমুনা সেতুর দৈর্ঘ্য কত কিলোমিটার?**
Ⓐ ৪.৬ Ⓑ ৪.৭ Ⓒ ৪.৮ Ⓓ ৬.৪
Ⓒ Solve ১৯৯৮ সালে যমুনা সেতু নির্মিত হয়। এর দৈর্ঘ্য ৪.৮ কি. মি এবং প্রস্থ ১৮.৫০ মিটার। যমুনা সেতুর স্থায়ীত্বকাল ১২০ বছর।

**05. দহগ্রাম ছিটমহল অবস্থিত-**
Ⓐ লালমনিরহাট Ⓑ রংপুর Ⓒ কুড়িগ্রাম Ⓓ ঠাকুরগাঁও
Ⓐ Solve দহগ্রাম ছিটমহলটি লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলায় অবস্থিত। এর আয়তন ৩৫ বর্গ মাইল। দক্ষিণ বেরুবাড়ীর বিনিময়ে দহগ্রাম ছিটমহলবাসীকে চলাচলের জন্য ভারত সরকার তিনবিঘা করিডোর ইজারা দেয়া। ১ আগস্ট ২০১৫ সালে ছিটমহল বিনিময় হয়।

**06. বাংলাদেশের সংবিধান এ পর্যন্ত সংশোধিত হয়েছে-**
Ⓐ ১৩ বার Ⓑ ১৪ বার
Ⓒ ১৫ বার Ⓓ ১৬ বার
Blank Solve বাংলাদেশের সংবিধান এ পর্যন্ত ১৭বার সংশোধিত হয়েছে। ষোড়শ সংশোধনীর বিষয়বস্তু হলো: বিচারপতিদের অপসারণের ক্ষমতা পুনরায় জাতীয় সংসদের উপর ন্যস্ত।

**07. জাতীয় কৃষি দিবস কবে উদযাপিত হয়-**
Ⓐ ১০ নভেম্বর Ⓑ ১৫ নভেম্বর
Ⓒ ১৬ নভেম্বর Ⓓ ১৭ নভেম্বর
Ⓑ Solve বাংলাদেশে কৃষিপ্রধান দেশ। দেশের ৮০ ভাগ লোক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কৃষির উপর নির্ভরশীল। পহেলা অগ্রহায়ণ বা ১৫ নভেম্বর জাতীয় কৃষি দিবস হিসেবে পালন করা হয়।



CamScanner

08. পরিবেশ রক্ষার জন্য কাজ করে-

Ⓐ বাপা Ⓑ ব্লাস্ট Ⓒ আশা Ⓓ ব্রাক

A Solve পরিবেশ রক্ষার জন্য কাজ করে বাংলাদেশের পরিবেশ আন্দোলন (বাপা)। এটি ২০০০ সালে প্রতিষ্ঠিত একটি অলাভজনক প্রতিষ্ঠান। ব্রাক ১৯৭২ সালে ফজলে হাসান আবেদ কর্তৃক প্রতিষ্ঠিত হয়। আশাও একটি এনজিও প্রতিষ্ঠান। বাংলাদেশের লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত একটি জাতীয় আইন সহায়তা ও মানবাধিকার সংগঠন।

09. সত্য ও জবাবদিহিতা কমিশনের চেয়ারম্যান কে?

Ⓐ বিচারপতি হাবিবুর রহমান খান Ⓑ বিচারপতি গোলাম রব্বানী
Ⓒ বিচারপতি মোস্তফা কামাল Ⓓ বিচারপতি মঈন উদ্দিন

Blank Solve বিগত তত্ত্বাবধায়ক সরকারের সময় অধ্যাদেশের মাধ্যমে ২০০৮ সালের ৩ জুলাই সত্য ও জবাবদিহিতা কমিশন বা ট্রুথ কমিশন প্রতিষ্ঠিত হয়। কিন্তু দেশের সর্বোচ্চ আদালত এই কমিশনকে অবৈধ ঘোষণা করেন। সংস্থাটি বর্তমানে বিলুপ্ত।

10. বাংলাদেশ এক হাজার টাকার নোট চালু করে-

Ⓐ ৭ অক্টোবর, ২০০৮ Ⓑ ১৫ অক্টোবর, ২০০৮
Ⓒ ২৮ অক্টোবর, ২০০৮ Ⓓ ৩১ অক্টোবর, ২০০৮

C Solve উপমহাদেশে লর্ড ক্যানিং প্রথম কাগজে মুদ্রা চালু করেন। বাংলাদেশে ৪ মার্চ ১৯৭২ সালে নোট চালু হয়। সিকিউরিটি প্রিন্টিং প্রেস একমাত্র টাকা ছাপানোর প্রেস। বাংলাদেশ ব্যাংক ২৮ অক্টোবর ২০০৮ সালে ১০০০ টাকার নোট বাজারে ছাড়ে।

11. বাংলাদেশের কুমির প্রজনন খামারটি কোন জেলায় অবস্থিত?

Ⓐ চট্টগ্রাম Ⓑ খুলনা Ⓒ ময়মনসিংহ Ⓓ ঢাকা

C Solve ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলার হাতিবেড় গ্রামে দক্ষিণ এশিয়ার একমাত্র কৃত্রিম কুমির প্রজনন খামার রয়েছে। দেশের একমাত্র সরকারি কুমির প্রজনন কেন্দ্র সুন্দরবনে অবস্থিত।

12. ওয়ারি-বটেশ্বরের প্রত্নাবশেষ কোন সময়কার?

Ⓐ ৩০০ খ্রি: পূ: Ⓑ ৪০০ খ্রি: পূ: Ⓒ ৫০০ খ্রি: পূ: Ⓓ ৬০০ খ্রি: পূ:

C Solve উয়ারী-বটেশ্বর বাংলাদেশের নরসিংদীর বেলাব উপজেলার আড়াই হাজার বছরের পুরনো একটি প্রত্নতাত্ত্বিক স্থান। ২০০০ সালে আবিষ্কৃত প্রত্নতাত্ত্বিক নিদর্শনসমূহ পরীক্ষার প্রেক্ষিতে উয়ারীর বসতিকে ৪৫০-৫০০ খ্রিষ্টপূর্বাব্দের সময়কার বলে নিশ্চিত করা হয়েছে।

13. বাংলাদেশ বিমানের প্রতীকটি কে ডিজাইন করেন?

Ⓐ কামরুল হাসান Ⓑ কাইউম চৌধুরী
Ⓒ আমিনুল ইসলাম Ⓓ শফিউদ্দিন আহমেদ

A Solve কামরুল হাসান "পটুয়া কামরুল হাসান" নামে পরিচিত। তিনি বাংলাদেশ বিমানের প্রতীকের ডিজাইন করেন। মুক্তিযুদ্ধের সময় ইয়াহিয়ার মুখমণ্ডল সম্বলিত পোস্টার" এই জানোয়ারদের হত্যা করতে হবে" এবং স্বৈরতন্ত্র বিরোধী "দেশ আজ বিশ্ববেহায়ার খপ্পরে" স্কেচ আঁকেন। তিন কন্যা, নাইওর তাঁর উল্লেখযোগ্য চিত্রকর্ম।

14. নিচের কোন দেশটির সঙ্গে বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ক আছে কিন্তু কূটনৈতিক সম্পর্ক নেই?

Ⓐ ইসরাইল Ⓑ তাইওয়ান Ⓒ হংকং Ⓓ ম্যাকাও

B Solve দ্বৈত রাজনৈতিক দেশ হিসেবে পরিচিত তাইওয়ানের পুরাতন নাম হলো ফরমোজা। বাংলাদেশের সাথে তাইওয়ানের বাণিজ্যিক সম্পর্ক আছে, কিন্তু কূটনৈতিক সম্পর্ক নেই। আর ইসরায়েল এর সাথে কেনো ধরনের সম্পর্ক নেই বাংলাদেশের। হংকং ও ম্যাকাও চীনের অধীভুক্ত।

15. SIM শব্দের অর্থ কী?

Ⓐ সুপিরিয়র এন্ড ইন্টেলিজেন্ট মেশিন Ⓑ সাবস্ক্রাইবারস্ আইডেন্টিটি মড্যুল
Ⓒ সাবস্ক্রাইবারস্ ইনডিভিজুয়াল মড্যুল Ⓓ সাবস্ক্রাইবারস্ ইন্টিলিজেন্ট মেশিন

B Solve সিম কার্ড মূলত এক ধরনের সাবক্রাইবার আইডেন্টিটি মোডিউল (SIM – Subscriber Identity Module)। এটি মূলত ছোট আকারের কার্ড। যেখানে একটি ছোট চিপ লাগানো থাকে এবং এই কার্ডের মধ্যে সকল তথ্য থাকে।

16. বিআরটিএ শব্দের অর্থ কী?

Ⓐ বাংলাদেশ রিসার্চ এ্যান্ড ট্রেনিং অথরিটি
Ⓑ বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
Ⓒ বাংলাদেশ রুবাল টেলিকম্যুনিকেশন অথরিটি
Ⓓ বাংলাদেশ রুরাল টেলিকম্যুনিকেশন এ্যাসোসিয়েশন

B Solve বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (BRTA) ১৯৮৮ সা... জানুয়ারি থেকে কার্যক্রম শুরু করে। সুষ্ঠ সড়ক পরিবহন ব্যবস্থাপনা, স... পরিবহন সেক্টরে শৃঙ্খলা এবং সড়ক নিরাপত্তা বিধানকল্পে বিআরটিএ গঠন করা হ...

17. ঢাকা কত খ্রিস্টাব্দে প্রথম বাংলার রাজধানী হয়েছিল?

Ⓐ ১১৯১ Ⓑ ১২০৩ Ⓒ ১৫৯৩ Ⓓ ১৬১০

D Solve ঢাকা এ পর্যন্ত পাঁচবার রাজধানী হওয়ার মর্যাদা লাভ ক... ১৬১০, ১৬৬০, ১৯০৫, ১৯৪৭ এবং স্বাধীনতার যুদ্ধে জয় লাভের পরে। ১৬... সালে সুবেদার ইসলাম খান ঢাকায় বাংলার রাজধানী স্থানান্তর করেন এবং স... জাহাঙ্গীরের নামানুসারে ঢাকার নামকরণ করেন।

18. আন্তর্জাতিক তারিখ রেখা বাংলাদেশের কোন জেলার উপর দিয়ে গিয়েছে?

Ⓐ সিলেট Ⓑ চট্টগ্রাম Ⓒ ফরিদপুর Ⓓ কোনটিই নয়

D Solve আন্তর্জাতিক তারিখরেখা একটি কাল্পনিক রেখা। বস্তুত ১৮... দ্রাঘিমা বা মধ্যরেখা যেখানে দিনের আনুষ্ঠানিক সূচনা বা সমাপ্তি ধরা হয়।

19. ধানসিঁড়ি নদী কোন জেলায় অবস্থিত?

Ⓐ ঢাকা Ⓑ রাজশাহী Ⓒ বরিশাল Ⓓ নোয়াখালী

C Solve ধানসিঁড়ি নদী বাংলাদেশের বরিশাল বিভাগের ঝালকা... জেলায় অবস্থিত। একদা প্রমত্তা নদীটি এখন ক্ষীণকায়। বাংলা সাহিত্যে ধানসিঁড়ি নদীটি প্রেম এবং ভালবাসার প্রতীক হিসেবে ব্যবহৃত হয়। "আবা... আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে এই বাংলায়" প্রকৃতিবাদী কবি জীবনান... দাশের কবিতায় নদীটির পরিচয় পাওয়া যায়।

20. 'হার্মাদ' শব্দটি কোন ভাষা থেকে আগত?

Ⓐ স্পেনীয় Ⓑ পর্তুগিজ Ⓒ বার্মিজ Ⓓ আরাকানি

A Solve স্পেনীয় শব্দ — হার্মাদ
পর্তুগিজ শব্দ — আলপিন, পাউরুটি, ইংরেজ, সাবান, বালতি।
বার্মিজ শব্দ — লুঙ্গি, ফুঙ্গি।

21. বাংলায় প্রথম চৈনিক পরিব্রাজক কে?

Ⓐ ই-সিং Ⓑ ফা হিয়েন Ⓒ ইউয়েন সাং Ⓓ জেন ডং

B Solve দ্বিতীয় চন্দ্রগুপ্তের সময়ে সর্বপ্রথম চৈনিক পরিব্রাজক ফা-হিয়েন বাংলায় আসেন। মরক্কোর অধিবাসী ইবনে বতুতা ফখরুদ্দীন মোবারক শাহের সময়ে বাংলায় আসেন।

22. মহাস্থানগড় এবং প্রাচীন পুণ্ড্রবর্ধন নগরী যে একই কে এটি সনাক্তকরণ করেন?

Ⓐ কানিংহাম Ⓑ মার্শাল
Ⓒ রাখালদাস বন্দোপাধ্যায় Ⓓ রেনেল

B Solve পুণ্ড্র বলতে বগুড়া, রাজশাহী, রংপুর ও দিনাজপুর অঞ্চলকে বোঝায়। পুণ্ড্র জনপদের রাজধানী ছিল মহাস্থানগড়। মহাস্থানগড় এবং প্রাচীন পুণ্ড্রবর্ধন যে একই, মার্শাল এটি উল্লেখ করেন।

23. বার্লিন দেয়ালের পতন ঘটে কত সালে?

Ⓐ ১৯৮৮ Ⓑ ১৯৮৯ Ⓒ ১৯৯০ Ⓓ ১৯৯১

B Solve বার্লিন দেয়াল বা প্রাচীর ইতিহাসে পরিচিত হয়ে আছে পশ্চিম জার্মানি ও পূর্ব জার্মানির একটি সীমানা প্রাচীর। ১৯৬১ সালে পূর্ব জার্মানি এটি নির্মাণ করে। ১৯৮৯ সালে বার্লিন দেয়ালের পতন হয় এবং ৩ অক্টোবর, ১৯৯০ সালে দুই জার্মানি একত্রিত হয়।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

24. ডব্লিও. টি. ও. অর্থ হচ্ছে-
Ⓐ ওয়ার্ল্ড ট্যুরিস্ট অর্গানাইজেশন
Ⓑ ওয়ার্ল্ড টেলিকমিউনিকেশন অর্গানাইজেশন
Ⓒ ওয়ার্ল্ড ট্যাক্সেশন অর্গানাইজেশন
Ⓓ ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশন

D Solve পূর্ণরূপ World Trade organization (WTO)। প্রতিষ্ঠাকাল ১ জানুয়ারি ১৯৯৫। সদর দপ্তর জেনেভা, সুইজারল্যান্ড। বাংলাদেশ WTO এর সদস্যপদ লাভ করে - ১ জানুয়ারি ১৯৯৫।

25. হাওয়াই যে রাষ্ট্রের অংশ-
Ⓐ যুক্তরাজ্য Ⓑ জাপান Ⓒ অস্ট্রেলিয়া Ⓓ যুক্তরাষ্ট্র

D Solve হাওয়াই মার্কিন যুক্তরাষ্ট্রের একটি অঙ্গরাজ্য। ১৯৫৯ সালে যুক্তরাষ্ট্রের ৫০তম অঙ্গরাজ্য হিসেবে অন্তর্ভুক্ত হয়। এর রাজধানীর নাম হনুলুলু। এটি যুক্তরাষ্ট্রের দক্ষিণ - পশ্চিমাংশে, প্রশান্ত মহাসাগরে অবস্থিত।

26. বিশ্ব মানবাধিকার দিবস পালিত হয় কবে?
Ⓐ ৫ জুন Ⓑ ২৪ অক্টোবর Ⓒ ৭ নভেম্বর Ⓓ ১০ ডিসেম্বর

D Solve মানবাধিকার দিবস জাতিসংঘের নির্দেশনায় বিশ্বের সকল দেশে প্রতি বছর ১০ ডিসেম্বর পালিত হয়। ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস। ২৪ অক্টোবর জাতিসংঘ দিবস। ৭ নভেম্বর বিপ্লব ও সংহতি দিবস।

27. ২০০৮ সনের সাহিত্যে নোবেল পুরস্কার বিজয়ী-
Ⓐ মারতি আখতিজারিⒷ পল ক্রুগম্যান Ⓒ ল্য ক্লেজিও Ⓓ হ্যারল্ড পিন্টার

C Solve ২০২৪ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন দক্ষিণ কোরিয়ান লেখক হান কাং। ডিনামাইট আবিষ্কারক আলফ্রেড নোবেল কর্তৃক নোবেল পুরস্কারের প্রবর্তন হয়। ১৯০১ সালে প্রথম নোবেল পুরস্কার দেয়া হয়। সাহিত্যে নোবেল পুরস্কার সুইডিশ একাডেমি কর্তৃক প্রদান করা হয়। ভারতীয় উপমহাদেশে সর্বপ্রথম রবীন্দ্রনাথ ঠাকুর ১৯১৩ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।

28. ইউরোপিয়ান ইউনিয়নের সদরদপ্তর কোথায়?
Ⓐ প্যারিস Ⓑ ব্রাসেলস Ⓒ লন্ডন Ⓓ বন

B Solve ইউরোপীয় দেশসমূহের সর্ববৃহৎ অর্থনৈতিক জোট ইউরোপীয় ইউনিয়ন ১ জানুয়ারি, ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদরদপ্তর ব্রাসেলস (বেলজিয়াম)। ইউনেস্কোর সদরদপ্তর প্যারিসে অবস্থিত। অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এর সদরদপ্তর লন্ডনে অবস্থিত।

29. অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল কোন ধরনের সংস্থা?
Ⓐ অর্থনৈতিক Ⓑ মানবাধিকার Ⓒ সাহিত্য Ⓓ দুর্নীতি

B Solve অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল মানবাধিকার বিষয়ক একটি আন্তর্জাতিক সংস্থা যা ১৯৬১ সালে প্রতিষ্ঠিত হয়েছিল। ১৯৭৭ সালে এটি শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছিল। বাংলাদেশি আইরিন খান এর সাবেক মহাসচিব ছিলেন।

30. সার্ক দারিদ্র্য দূরীকরণ বর্ষ ছিল কোন বছর
Ⓐ ২০০৬ Ⓑ ২০০৪ Ⓒ ২০০৭ Ⓓ ১৯৯৫

D Solve দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা (সার্ক) ১৯৮৫ সালে ৮ ডিসেম্বর প্রতিষ্ঠিত হয়। বর্তমানে সার্কের ৮টি সদস্যরাষ্ট্র রয়েছে। ১৯৯৫ সালকে সার্ক দারিদ্র্য দূরীকরণ বর্ষ হিসেবে ঘোষিত হয়েছিল। ২০০৬-২০১৫ সার্ক দারিদ্র্য বিমোচন দশক হিসেবে ঘোষিত হয়েছে।

31. বিশ্বের সবচেয়ে বেশি কফি উৎপাদনকারী দেশ কোনটি?
Ⓐ ব্রাজিল Ⓑ ঘানা Ⓒ আর্জেন্টিনা Ⓓ কলম্বিয়া

A Solve বিশ্বের সবচেয়ে বেশি কফি উৎপাদনকারী দেশ ব্রাজিল। ব্রাজিল দক্ষিণ আমেরিকার বৃহত্তম দেশ। মাদকদ্রব্য উৎপাদন ও চোরাচালানের জন্য কলম্বিয়া সবচেয়ে আলোচিত দেশ। ঘানা পূর্বে গোল্ড কোস্ট নামে পরিচিত ছিল।

32. টাইমস কোন দেশের সংবাদপত্র?
Ⓐ যুক্তরাষ্ট্র Ⓑ যুক্তরাজ্য Ⓒ অস্ট্রেলিয়া Ⓓ কানাডা

B Solve সংবাদপত্র বিষয়ক তথ্য :

| সংবাদপত্র | দেশ | সংবাদপত্র | দেশ |
|---|---|---|---|
| টাইমস | যুক্তরাজ্য | দ্য অস্ট্রেলিয়ান | অস্ট্রেলিয়া |
| আশাহি শিমবুন | জাপান | হেরাল্ড ট্রিবিউন | যুক্তরাষ্ট্র |

33. ২০১০ সালে বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয়-
Ⓐ ব্রাজিলে Ⓑ আর্জেন্টিনায় Ⓒ দক্ষিণ আফ্রিকায় Ⓓ যুক্তরাজ্যে

C Solve ২০১০ সালে ১৯তম বিশ্বকাপ দক্ষিণ আফ্রিকায় অনুষ্ঠিত হয়। ২০২২ সালে ২২তম বিশ্বকাপ অনুষ্ঠিত হয় কাতারে। ২০২৬ সালে ২৩তম বিশ্বকাপ ফুটবল যৌথভাবে যুক্তরাষ্ট্র, ম্যাক্সিকো এবং কানাডায় অনুষ্ঠিত হবে।

34. কোনটি ২০০৭ সালের অস্কারবিজয়ী প্রামান্য চলচ্চিত্র?
Ⓐ এ্যান ইনকনভেনিসেন্ট ট্রুথ Ⓑ দি ডিপার্টেড
Ⓒ দ্য চাইল্ড Ⓓ দি লাস্ট কিং অফ স্কটল্যান্ড

B Solve বিশ্বের চলচ্চিত্র জগতের শ্রেষ্ঠ পুরস্কার অস্কার ১৯২৯ সাল থেকে প্রদান করা হয়। ২০২৪ সালে ওপেনহেইমার ছবিটি শ্রেষ্ঠ চলচ্চিত্র হিসেবে অস্কার লাভ করে। ২০০৭ সালে দি ডিপার্টেড অস্কার বিজয়ী প্রামাণ্য চলচ্চিত্র। এর পরিচালক ছিলেন মার্টিন স্কোরসি।

35. কোন দেশে ল্যুভর মিউজিয়াম অবস্থিত?
Ⓐ যুক্তরাজ্য Ⓑ যুক্তরাষ্ট্র Ⓒ রাশিয়া Ⓓ ফ্রান্স

D Solve জাদুঘর সর্ম্পকিত তথ্য :

| জাদুঘর | অবস্থান | দেশ |
|---|---|---|
| দি ল্যুভর মিউজিয়াম | প্যারিস | ফ্রান্স |
| আমেরিকান মিউজিয়াম অব ন্যাচারল হিস্ট্রি | নিউইয়র্ক | যুক্তরাষ্ট্র |
| দি ব্রিটিশ মিউজিয়াম | লন্ডন | যুক্তরাজ্য |
| গিমে মিউজিয়াম | প্যারিস | ফ্রান্স |

36. বিশ্বে কোন দেশে মানুষের জীবন প্রত্যাশা সবচেয়ে বেশি?
Ⓐ মার্কিন যুক্তরাষ্ট্র Ⓑ সুইডেন Ⓒ জাপান Ⓓ ডেনমার্ক Ans C

37. কোন দেশে সাম্প্রতিক অতীতে নারী প্রধানমন্ত্রী ছিলেন?
Ⓐ জার্মানি Ⓑ নিউজিল্যান্ড Ⓒ অস্ট্রেলিয়া Ⓓ কানাডা

B Solve নিউজিল্যান্ডের বর্তমান ৪২তম প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সন।

38. কে প্রথম চাঁদে পা রাখেন?
Ⓐ ইউরি গ্যাগারিন Ⓑ নীল আর্মস্ট্রং
Ⓒ ভ্যালেনটিনা তেরেসকোভা Ⓓ মাইকেল কলিংস

B Solve ২১ জুলাই ১৯৬৯ সালে চাঁদে মানুষ প্রথম অবতরণ করে। নীল আর্মস্ট্রং ছিলেন চাঁদের অবতরণকারী প্রথম মানুষ। বিশ্বের প্রথম মহাকাশচারী রাশিয়ার ইউরি গ্যাগারিন এবং প্রথম মহাশূন্যচারিণী ভেলেন্তিনা তেরেসকোভা।

39. কিয়োটো চুক্তির গুরুত্বের বিষয় কী ছিল?
Ⓐ জনসংখ্যা হ্রাস Ⓑ দারিদ্র্য হ্রাস Ⓒ নিরস্ত্রীকরণ Ⓓ বিশ্ব উষ্ণতা হ্রাস

D Solve ১১ ডিসেম্বর ১৯৯৭ সালে কিয়োটো চুক্তি স্বাক্ষরিত হয়। ২০২০ সালে কিয়োটো প্রটোকলের মেয়াদ শেষ হয়।

40. ব্রিকলেন উপন্যাসটির লেখক কে?
Ⓐ সালমান রুশদি Ⓑ অরুন্ধতী রায় Ⓒ গার্সিয়া মারকেজ Ⓓ মনিকা আলি

D Solve মনিকা আলী হলেন বাংলাদেশি বংশোদ্ভূত ব্রিটিশ লেখক ও ঔপন্যাসিক। তাঁর প্রথম উপন্যাস ব্রিকলেন। ব্রিকলেন লন্ডনের একটি রাস্তার নাম। সালমান রুশদির গ্রন্থসমূহ: মিডনাইট চিলড্রেন, দ্য স্যাটানিক ভার্সেস প্রভৃতি। গড অব স্মল থিংস বইয়ের লেখক অরুন্ধতী রায়।

41. দি লাস্ট সাপার চিত্রটির চিত্রকর কে?
Ⓐ মাইকেল এ্যাঞ্জেলো Ⓑ লিওনার্দো দ্যা ভিঞ্চি
Ⓒ পিকাসো Ⓓ ক্লদ মোনেত

B Solve বিখ্যাত চিত্রশিল্পী ও চিত্রকর্ম :

| চিত্রশিল্পী | চিত্রকর্ম |
|---|---|
| লিওনার্দো দ্যা ভিঞ্চি | মোনালিসা, দি লাস্ট সাপার, ভিট্রুভিয়ান ম্যান। |
| মাইকেল অ্যাঞ্জেলা | দি ক্রিয়েশন অব অ্যাডাম, লা পিয়েটা |
| পাবলো পিকাসো | গোয়ার্নিকা, দি ওল্ড গিটারিস্ট |
| ক্লদ মোনেত | Impression Sunrise, Water Lilies. |

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

42. পৃথিবীর কোন দেশে সবচেয়ে বেশি এইডস রোগী আছে?
Ⓐ দক্ষিণ আফ্রিকা Ⓑ বতসোয়ানা Ⓒ জিম্বাবুয়ে Ⓓ সোয়াজিল্যান্ড
Ⓐ Solve এইডস মারাত্মক রোগ যা HIV নামক ভাইরাসের কারণে সৃষ্ট হয়। এইডস হলে দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস পায়। ১৯৮১ সালে আমেরিকাতে এইডস রোগী সনাক্ত করা হয়। অনিয়ন্ত্রিত যৌন মিলন, আক্রান্ত রোগীর ব্যবহৃত সূচ, রক্ত নিলে এইডস আক্রান্ত হয়।

43. জনসংখ্যার দিক থেকে পৃথিবীর সবচেয়ে বড় নগর কোনটি?
Ⓐ টোকিও Ⓑ নিইউনিয়র্ক Ⓒ মেক্সিকো সিটি Ⓓ মুম্বাই
Ⓐ Solve টোকিওর বর্তমান জনসংখ্যা ৩৯ মিলিয়ন বা ৩৯০ লক্ষ বা ৩.৯০ কোটি।

44. সুবর্ণভূমি কোন দেশের বিমানবন্দর?
Ⓐ ভারত Ⓑ ইন্দোনেশিয়া Ⓒ নেপাল Ⓓ থাইল্যান্ড
Ⓓ Solve দেশ ও বিমান বন্দর :

| দেশ | বিমান সংস্থা | বিমানবন্দর |
|---|---|---|
| ইন্দোনেশিয়া | গারুদা | সুকর্ণ হাত্তা |
| ভারত | এয়ার ইন্ডিয়া | ইন্দিরাগান্ধী বিমানবন্দর |
| থাইল্যান্ড | থাই ইন্টারন্যাশনাল | সুবর্ণভূমি বিমানবন্দর |
| জার্মানি | লুফথানসা | ফ্রাঙ্কফুর্ট বিমানবন্দর |

45. বাংলাদেশ কতবার জাতিসংঘ নিরাপত্তা পরিষদের সদস্য হয়েছে?
Ⓐ ১ Ⓑ ২ Ⓒ ৩ Ⓓ ৪
Ⓑ Solve বাংলাদেশ ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর ১৩৬তম দেশ হিসেবে জাতিসংঘের সদস্যপদ লাভ করে। ১৯৭৯- ৮০ সাল এবং ২০০০-২০০১ সাল মোট ২ বার বাংলাদেশ জাতিসংঘ নিরাপত্তা পরিষদের সদস্য হিসেবে দায়িত্ব পালন করে।

46. বাংলাদেশ ক্রিকেট দলের বর্তমান কোচ কে?
Ⓐ মাইকেল হোলডিং Ⓑ শন জার্গেনশন
Ⓒ ড্যানিয়েল লিফসান Ⓓ মহিন্দার অমরনাথ
Blank Solve বাংলাদেশ ক্রিকেট দলের বর্তমান প্রধান কোচ ফিল সিমন্স (ওয়েস্ট ইন্ডিজ)।

47. জাতিসংঘ জনসংখ্যা তহবিলের সাম্প্রতিক রিপোর্টে বাংলাদেশের জনসংখ্যা কত কোটি বলা হয়েছে?
Ⓐ ১৫.৮৭ Ⓑ ১৬.০০ Ⓒ ১৬.১৩ Ⓓ ১৬.৭৭
Ⓒ Solve ২০২২ জনশুমারিতে ১৬.৯৮ কোটি জনসংখ্যা। ওয়ার্ল্ড পপুলেশন রিভিউ কর্তৃক প্রকাশিত তথ্য অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা ১৭,৩৫,৬২০০ জন।

48. বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট-
Ⓐ আল গোর Ⓑ গর্ডন ব্রাউন
Ⓒ নিকোলো সারকোজি Ⓓ জিম ইয়াং কিম
Blank Solve বিশ্ব ব্যাংক (World Bank) = International Bank for Reconstruction and Development (IBRD) + International Development Association (IDA)।
সদর দফতর ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র। বিশ্বব্যাংকের বর্তমান প্রেসিডেন্ট অজয় বাঙ্গা।

49. দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট-
Ⓐ থাবো এমবেকি Ⓑ গালেমা মোতলান্থো
Ⓒ নেলসন ম্যান্ডেলা Ⓓ জ্যাকব জুমা
Ⓓ Solve দক্ষিণ আফ্রিকার বর্তমান প্রেসিডেন্ট হলেন সিরিল রামাফোসা (২০১৮-বর্তমান)।

50. জাতিসংঘের বর্তমান মহাসচিব কোন দেশের নাগরিক?
Ⓐ উত্তর কোরিয়া Ⓑ পর্তুগাল
Ⓒ মালয়েশিয়া Ⓓ সিঙ্গাপুর
Ⓑ Solve জাতিসংঘের বর্তমান ৯ম মহাসচিব পর্তুগালের নাগরিক অ্যান্তোনিও গুতেরেস (২০১৭-বর্তমান)। তিনি পর্তুগালের সাবেক প্রধানমন্ত্রী ও কূটনীতিবিদ ছিলেন।

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা : ২০০৭-২০০৮; ইউনিট: খ

### বাংলা

01. 'আমরা ধর্মের কাজ করছি না।' নেতিবাচক বাক্যটির অস্তিবাচক রূপ-
Ⓐ আমরা ধর্মের কাজ যে করছি তা ঠিক।
Ⓑ আমরা অধর্মের কাজ করছি।
Ⓒ আমরা যে ধর্মের কাজ করছি না তা সত্য।
Ⓓ আমরা ধর্মের কাজ করছি।
Ⓑ Solve নেতিবাচক বাক্যকে না, নি, নয়, নাই- এই শব্দগু ব্যবহার না করেই অস্তিবাচক বাক্যে নেতিবাচক অর্থ প্রকাশ করা যায়। যেম মানুষ অমর নয় → মানুষ মরণশীল। তুমি আবার না এলে হবে না → তু আবার এসো।

02. 'আসমান' ও 'আসবাব' শব্দ দুটি যথাক্রমে-
Ⓐ আরবি, আরবি Ⓑ আরবি, ফারসি Ⓒ ফারসি, আরবি Ⓓ ফারসি, তুর্কি
Ⓒ Solve আরবি শব্দ : আদালত, জরুরি, খবর।
ফারসি শব্দ : আইন, আজাদ, গোয়েন্দা ইত্যাদি।

03. কোনটি ভিন্নার্থক?
Ⓐ বাত Ⓑ বালা Ⓒ বায়ু Ⓓ বায়
Ⓑ Solve 'বাতাস'র সমার্থক : বাত, বায়ু ও বায়। 'বালা'র সমার্থক বালিকা, কন্যা, দুহিতা, তরুণী, যুবতি।

04. 'বান্ধব' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় –
Ⓐ বন্ধ + অ Ⓑ বন্ধ + ষ্ণ Ⓒ বন্ধু + অ Ⓓ বন্ধু + ষ্ণ
Ⓒ Solve বান্ধব = বন্ধু + অ। (সংস্কৃত তদ্ধিত প্রত্যয় যোগে গঠিত) এরকম : যদু + অ = যাদব, মনু + অ = মানব।

05. 'অনূদিত' শব্দটির সন্ধিবিচ্ছেদ–
Ⓐ অনু + উদিত Ⓑ অন + উদিত
Ⓒ অনা + উদিত Ⓓ অনু + দিত
Ⓐ Solve সন্ধির ক্ষেত্রে উ-কার বা ঊ-কারের পর উ-কার বা ঊ-কার থাকলে উভয়ে মিলে ঊ-কার হয়।
যেমন : কটু + উক্তি = কটূক্তি, অনু + উদিত = অনূদিত, সু + উক্তি = সূক্তি, ভূ + ঊর্ধ্ব = ভূর্ধ্ব।

06. একাধিক উপসর্গযোগে গঠিত শব্দ–
Ⓐ অতিশয় Ⓑ প্রবেশ Ⓒ আকার Ⓓ নিরপরাধ
Ⓓ Solve নিরপরাধ (নি + অপ)। এরূপ : সমভিব্যাহার (সম্ + অভি + বি + আ) শব্দে ৪টি উপসর্গ আছে।

07. 'ওরে বাছা, মাতৃকোষে রতনের রাজি,' 'বাছা' শব্দটি–
Ⓐ তৎসম Ⓑ তদ্ভব Ⓒ দেশি Ⓓ বিদেশি
Ⓑ Solve 'বাছা' শব্দটি সংস্কৃত 'বৎস' থেকে এসেছে। 'বাছা' অর্থ : অল্পবয়সি সন্তান।

08. 'তাঁরা যে সব উদাসিন গ্রন্থকিট রহিলেন না, সে বিষয়ে আর কোনো সন্দেহ নাই।' চলিত রীতির বাক্যটিতে ভুলের সংখ্যা–
Ⓐ দুই Ⓑ তিন Ⓒ চার Ⓓ পাঁচ
Ⓒ Solve চলিত রীতির বাক্যটিতে ভুলের সংখ্যা ৪টি। বাক্যটির শুদ্ধ রূপ : তাঁরা যে সব উদাসীন গ্রন্থকীট ছিলেন না, সে বিষয়ে আর কোনো সন্দেহ নেই।

09. 'Make-up' শব্দটির বাংলা–
Ⓐ সাজসজ্জা Ⓑ অঙ্গসজ্জা Ⓒ সুসজ্জা Ⓓ রূপসজ্জা
Ⓓ Solve পারিভাষিক শব্দ :

| | | | |
|---|---|---|---|
| Minority | সংখ্যালঘু | Mythology | পুরাণতত্ত্ব |
| Monarchy | রাজতন্ত্র | Metropolis | মহানগরী |



CamScanner

10. [illegible]

11. [illegible]

12. [illegible]

13. [illegible]

14. [illegible]

15. [illegible]

16. [illegible]

17. [illegible]

18. [illegible]

19. [illegible]

20. [illegible]

21. [illegible]

22. [illegible]

23. [illegible]

24. [illegible]

25. [illegible]

## English

**Read the passage below and then answer questions 1-4 :**

As books go digital, new questions, both philosophical and commercial arise. How, physically, will people read books in future? Will technology 'unbind' books, as it has unbundled other media such as music albums? Will reading habits change as a result? Change is least likely in the physical medium of books. Electronic books do exist, but they cannot and will not replace the print books. Perhaps some people will read electronic books if only to 'taste' them, but most of us will continue to buy them in paper form or borrow them from a library. For sure, fiction will never find a better medium than the physical books. Readers immersed in a storyline want above all not to be interrupted and want to read novels in an unhurried way. And, of course, they will continue to read print books for the sheer pleasure of owning them and for leisurely reading.

01. 'Leisurely' ([illegible]) in line 14 has been used as:

Ⓐ an adjective Ⓑ an adverb
Ⓒ a participle Ⓓ a gerund

Explanation: Leisurely শব্দটি adjective এবং adverb উভয়ই। কিন্তু এখানে Leisurely শব্দটি adjective হিসেবে ব্যবহৃত হয়েছে।

02. Which word is closest to 'storyline' (line 11)?

Ⓐ outline Ⓑ plot Ⓒ summary Ⓓ digest

Explanation: Storyline means plot, conspiracy, story, action.

**03. What word does not mean the same thing as 'immersed'? (line 11)**
Ⓐ engrossed Ⓑ absorbed
Ⓒ captivated Ⓓ aloof

Ans Ⓓ Explanation Immersed means engrossed, absorbed, captivated, submerge, plunge, etc. On the other hand, aloof means detached, distant, remote, etc.

**04. The passage suggests that the impact of digital technology on books compared to other media will be:**
Ⓐ substantial Ⓑ comprehensive
Ⓒ wide-ranging Ⓓ minimal Ans Ⓓ

**05. 'Physically' is used in line 2 as:**
Ⓐ an adjective Ⓑ an adverb
Ⓒ a gerund Ⓓ a participle

Ans Ⓑ Explanation Physical (শারীরিক) শব্দটি adjective; physically শব্দটি (শারীরিকভাবে) adverb।

**06. An antonym for 'commercial' in line 2 is:**
Ⓐ unwholesome Ⓑ beneficial
Ⓒ unprofitable Ⓓ financial

Ans Ⓒ Explanation Commercial (বাণিজ্যিক) এর বিপরীত শব্দ unprofitable, professional, artistic, etc.

**07. A suitable substitute for 'go' in line 1 is:**
Ⓐ become Ⓑ depart Ⓒ sets off Ⓓ leaves Ans Ⓐ

**08. The most suitable title for this passage would be:**
Ⓐ Books Go Digital Ⓑ The Future of Print Books
Ⓒ Changing Reading Habits Ⓓ Reading Fiction Leisurely

Ans Ⓑ Explanation The Future of Print Books হচ্ছে এই passage এর মূলবিষয়।

**09. Choose the correct translation of the sentence- 'পলকের মধ্যে রেবা উধাও হয়ে গেলো'।**
Ⓐ Off go Reba in the twinkling of the eye
Ⓑ Off went Reba in the twinkling of an eye
Ⓒ Off goes Reba in the twinkling of eye
Ⓓ Off gone Reba in twinkling of an eye

Ans Ⓑ Explanation Off went অর্থ উধাও হয়ে যাওয়া।

**10. The word 'ecological' is related to-**
Ⓐ demography Ⓑ environment
Ⓒ economy Ⓓ atmosphere

Ans Ⓑ Explanation Ecological (পরিবেশগত) means environment.

**11. The best passive form of the sentence. 'We don't like idle people' is ——.**
Ⓐ We are not liked by idle people
Ⓑ Idle people are not like us
Ⓒ Idle people are not liked by us
Ⓓ Idle people are not of our liking

Ans Ⓒ Explanation সাহায্যকারী verb বিহীন active voice কে passive এ রূপান্তর : Object এর subject + (am/is/are/ was/ were) + verb এর past participle + by + subject এর object.

**12. Choose the correct spelling-**
Ⓐ inflammation Ⓑ inflemation
Ⓒ inflemmation Ⓓ inflametion

Ans Ⓐ Explanation Some correct spellings: idiosyncrasy, illiterate, illogical, immense, innocuous, influenza, interruption, irritated, etc.

**13. He has paid the penalty..... his crimes.....five years in prison**
Ⓐ for, with Ⓑ about, at
Ⓒ at, by Ⓓ after, in

Ans Ⓐ Explanation অপরাধের কারণে পাঁচ বছর কারাগারে সে তাঁর শাস্তি ... করেছে।

**14. In spite of my requests, he did not.....**
Ⓐ fall in Ⓑ give in
Ⓒ get off Ⓓ give forth

Ans Ⓑ Explanation 'Give in' is a phrasal verb that means surrender or yeild to something.

**15. 'If I had known you were coming, ——.**
Ⓐ I would go to the airport
Ⓑ I had gone to the airport
Ⓒ I would have gone to the airport
Ⓓ I would be going to the airport

Ans Ⓒ Explanation সাধারণত 3rd conditional -এর নিয়ম হলো: If + p... perfect tense ... subject + should have/could have/might have $V_3$। কিন্তু, if এর পরিবর্তে, perfect tense এর had -কে প্রথমে বসি... subject + $V_3$ দিয়েও গঠন করা যায়। যেমন: If I had been না লিখে, Had been ও লেখা যায়।

**16. Choose the correct sentence:**
Ⓐ Credit it in my account Ⓑ Credit it at my account
Ⓒ Credit it to my account Ⓓ Credit it with my account

Ans Ⓒ Explanation কারো Bank account এ টাকা জমা রাখা অর্থে 'credi... verb টির সাথে 'to' preposition ব্যবহৃত হয়। **(balance + to account)**। যেমন: Credit Tk. 6000 to my account. কিন্তু, টাকার পরিমা... sentence এর শেষে উল্লেখিত হলে টাকার পরিমাণের পূর্বে with বসে **(accoun... + with + balance)**। যেমন: Your account has been credited wit... 6000 Tk.

**17. Choose the correct spelling:**
Ⓐ discusion Ⓑ disscusion
Ⓒ discussion Ⓓ disscussion

Ans Ⓒ Explanation Some correct spellings: Deceit, Decentralization, Designation, Diagnosis, Diarrhoea, Dilemma, Discipline, Desert, Dessert, Deceive, Diabetes, Dinosaur, etc.

**18. Choose the correct sentence:**
Ⓐ Brazil have won the world cup four times.
Ⓑ Brazil has won the world cup four time.
Ⓒ Brazil has won the world cup four times.
Ⓓ Brazil has won world cup four time.

Ans Ⓒ Explanation Brazil singular pronoun তাই auxiliary verb has আবার time এখানে noun তাই এর সাথে s বা es যুক্ত হয়েছে।

**19. Which word is a reflexive pronoun?**
Ⓐ he Ⓑ his
Ⓒ him Ⓓ himself

Ans Ⓓ Explanation Reflexive pronoun is a word the ends in -self or -selves and is used when the subject and object of a sentence are the same.

**20. He is a man of —— morals.**
Ⓐ loose Ⓑ lose Ⓒ loss Ⓓ less

Ans Ⓐ Explanation এখানে loose শব্দটি adjective হিসেবে morals noun এর পূর্বে ব্যবহৃত হয়েছে।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**21. I look forward to your —— consideration.**
Ⓐ affected Ⓑ interesting
Ⓒ kind Ⓓ conspicuous
Ⓒ Explanation নিম্নলিখিত verbal phrase এর পর verb এর ing form ($v_1$ + ing) ব্যবহৃত হয়। যেমন: feel like, look forward to, would you mind, get used to, can't mind, get through, object to, with a view to, accustomed to, give up, approve of, etc.

**22. 'Look before you leap' means:**
Ⓐ be wary Ⓑ be amazed
Ⓒ be ready Ⓓ be successful
Ⓐ Explanation Be wary- সতর্ক থাকা। ভাবিয়া করিও কাজ, করিয়া ভাবিওনা/কিছু করার আগে ভার করে ভেবে নাও বোঝাতে 'Look before you leap' প্রবাদটি ব্যবহৃত হয়ে থাকে।

**23. Select the correct sentence:**
Ⓐ What is done cannot be undone
Ⓑ What was done cannot become done again
Ⓒ What has been done can not be undid
Ⓓ What have been done cannot be undid
Ans Ⓐ

**24. It was —— good to be true.**
Ⓐ very Ⓑ to Ⓒ too Ⓓ enough
Ⓒ Explanation Too + adjective to + verb এর base form.

**25. He is widely respected —— his principles.**
Ⓐ despite Ⓑ including Ⓒ due Ⓓ because of
Ⓓ Explanation Because of অর্থ কারণে/জন্যে। অর্থাৎ, সে তাঁর নীতির কারণে/জন্যে ব্যাপকভাবে সম্মানিত।

## সাধারণ জ্ঞান

**01. টাটা কবে বাংলাদেশে সর্বপ্রথম আনুষ্ঠানিক বিনিয়োগ প্রস্তাব দেয়?**
Ⓐ ৩০ মে ২০০৫ Ⓑ ২৩ অক্টোবর ২০০৪
Ⓒ ১২ মে ২০০৬ Ⓓ ১৯ আগস্ট ২০০৫
Ⓑ Solve টাটা ভারতের সর্ববৃহৎ ব্যবসা প্রতিষ্ঠান। ছয়টি মহাদেশের ১০০টি দেশে শতাধিক কোম্পানির মাধ্যমে টাটা গ্রুপের ব্যবসা পরিচালিত হচ্ছে। ২৩ অক্টোবর ২০০৪ সালে টাটা বাংলাদেশে সর্বপ্রথম আনুষ্ঠানিক বিনিয়োগের প্রস্তাব দেয়।

**02. বাংলা ভাষার উৎপত্তি হয়েছে যেখান থেকে-**
Ⓐ আর্য Ⓑ ইন্দো-দ্রাবিড়িয়ান
Ⓒ ইন্দো-ইউরোপীয় Ⓓ আর্য-ইউরোপীয়
Ⓒ Solve ইন্দো- ইউরোপীয় ভাষা থেকে বাংলা ভাষার উৎপত্তি হয়েছে। ইন্দো-ইউরোপীয় ভাষার দু'টি ভাগ রয়েছে। যথা: কেন্তম ও শতম। বাংলা ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের শতম শাখার একটি ভাষা।

**03. বাংলাদেশ ট্রান্সএশিয়ান রেলওয়ে নেটওয়ার্কে যোগ দেয় কবে?**
Ⓐ নভেম্বর ২০০৭ Ⓑ জুলাই ২০০৬
Ⓒ অক্টোবর ২০০৬ Ⓓ মার্চ ২০০৫
Ⓐ Solve প্রায় ১৪ হাজার কিলোমিটার দীর্ঘ ট্রান্স এশিয়ান রেলপথটি সিঙ্গাপুর থেকে শুরু হয়ে শেষ হবে ইস্তানবুলে (তুরস্ক)। বাংলাদেশ চট্টগ্রাম থেকে কক্সবাজার ও রামু হয়ে মিয়ানমারের ঘুমধুম পর্যন্ত ১২৮ কি. মি রেলপথ তৈরি সম্পন্ন করলে এ নেটওয়ার্কের সাথে পুরোপুরি সংযুক্ত হবে। বাংলাদেশ ২০০৭ সালে এ রেলপথের নেটওয়ার্কে যোগ দেয়।

**04. বাংলাদেশের সর্ববৃহৎ রপ্তানি বাজার-**
Ⓐ ভারত Ⓑ যুক্তরাজ্য Ⓒ জাপান Ⓓ যুক্তরাষ্ট্র
Ⓓ Solve বাংলাদেশের সর্ববৃহৎ রপ্তানি বাজার মার্কিন যুক্তরাষ্ট্র। দেশ হিসেবে জাপান বাংলাদেশকে সবচেয়ে বেশি সাহায্য করে। গোষ্ঠী বা সংস্থা হিসেবে IDA বাংলাদেশকে বেশি ঋণ প্রদান করে। চীন থেকে বাংলাদেশ টাকার অংকে সবচেয়ে বেশি আমদানি করে।

**05. সাভার জাতীয় স্মৃতিসৌধের স্থপতির নাম-**
Ⓐ লুই কান Ⓑ নিতুন কুন্ডু
Ⓒ মাইনুল হোসেন Ⓓ শামসুদ্দিন খালেদ
Ⓒ Solve সাভারে অবস্থিত জাতীয় স্মৃতিসৌধকে সম্মিলিত প্রয়াস বলা হয়। জাতীয় স্মৃতিসৌধের ৭টি ফলক এবং উচ্চতা ৪৬.৫ মিটার বা ১৫০ ফুট। সৈয়দ মাইনুল হোসেন জাতীয় স্মৃতিসৌধের স্থপতি।

**06. PRSP পূর্ণাঙ্গ রূপ কী?**
Ⓐ Poverty Reduction Strategy Papers
Ⓑ Poverty Reduction Strategic Policy
Ⓒ Poverty Reduction Strategic Program
Ⓓ Poverty Reduction Short-term Policy
Ⓐ Solve Poverty Reduction Strategy Papers (দারিদ্র্য বিমোচন কৌশল পত্র)। PRSP-এর রূপরেখা দেয় বিশ্বব্যাংক।

**07. একুশের উপর সর্বপ্রথম কবিতা রচনা করেন-**
Ⓐ আব্দুল গাফফার চৌধুরী Ⓑ আল মাহমুদ
Ⓒ মাহবুব-উল আলম চৌধুরী Ⓓ মহাদেব সাহা
Ⓒ Solve মাহবুব- উল আলম চৌধুরী একুশের উপর সর্বপ্রথম কবিতা "কাঁদতে আসিনি ফাঁসির দাবি নিয়ে এসেছি" রচনা করেন। আব্দুল গাফফার চৌধুরী শহিদদের স্মরণে "আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি" অমর গানটি রচনা করেন। আল মাহমুদ সোনালি কাবিন, লোক লোকান্তর, কালের কলস প্রভৃতি কাব্যগ্রন্থ রচনা করেন।

**08. বাংলাদেশের জন্য সর্ববৃহৎ দ্বিপাক্ষিক দাতা দেশ-**
Ⓐ জাপান Ⓑ জার্মানি
Ⓒ যুক্তরাষ্ট্র Ⓓ যুক্তরাজ্য
Ⓐ Solve বাংলাদেশের জন্য সর্ববৃহৎ দ্বিপাক্ষিক দাতা দেশ জাপান এবং আইডিএ (IDA) সর্ববৃহৎ দাতা গোষ্ঠী। বাংলাদেশের সর্ববৃহৎ রপ্তানি বাজার যুক্তরাষ্ট্র।

**09. বাংলাদেশে নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগের পৃথকীকরণ কার্যকর হয়-**
Ⓐ ১ ডিসেম্বর ২০০৭ Ⓑ ১ নভেম্বর ২০০৭
Ⓒ ১৫ মার্চ ২০০৭ Ⓓ ৩০ নভেম্বর ২০০৭
Ⓑ Solve মোহাম্মদ মাজদার হোসেন ও ৪৪০ জন বিচারকের মামলার ফলাফলস্বরূপ ১ নভেম্বর ২০০৭ সালে বাংলাদেশে নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ পৃথক হয়। বিচার বিভাগের কাজ হলো আইনের ব্যাখা দেওয়া। বাংলাদেশের সর্বোচ্চ আদালত হলো সুপ্রিম কোর্ট। সংবিধান হলো সর্বোচ্চ আইন।

**10. ২০০৮-এ বাংলাদেশ থেকে আর্থ চ্যাম্পিয়ন পুরস্কার বিজয়ী-**
Ⓐ ফিলিপ গাইন Ⓑ আতিক রহমান
Ⓒ মোজাফ্ফর আহমদ Ⓓ আতিউর রহমান
Ⓑ Solve জাতিসংঘ পরিবেশ কর্মসূচির (ইউএনইপি) "চ্যাম্পিয়নস অব দ্য আর্থ ২০০৮" পুরস্কার পান বাংলাদেশের পরিবেশবিদ ও গবেষক ড. আতিক রহমান। বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা দ্বিতীয় ব্যক্তি হিসেবে এই পুরস্কার লাভ করেন টেকসই উন্নয়ন এবং জলবায়ু পরিবর্তন রোধে ভূমিকা পালনের জন্য।

**11. বাংলায় কৃত্তিবাসকে রামায়ণ অনুবাদের অনুরোধ করে-**
Ⓐ নাসির উদ্দীন শাহ্ Ⓑ গিয়াসুদ্দিন আজম শাহ্
Ⓒ আলাউদ্দিন খলজী Ⓓ শাহ্ মোহাম্মদ সগীর
Ⓐ Solve বাল্মীকির রামায়ণের প্রথম ও শ্রেষ্ঠ অনুবাদক হলেন কৃত্তিবাস ওঝা। নাসির উদ্দীন শাহ-এর অনুরোধে কৃত্তিবাস রামায়ণ অনুবাদ করেন। পরাগল খাঁ এর অনুরোধে কবীন্দ্র পরমেশ্বর মহাভারত অনুবাদ করেন।

**12. প্রাচীন বাংলায় পুণ্ড্র নামটি ছিল একটি-**
Ⓐ জনপদের Ⓑ প্রদেশের Ⓒ গ্রামের Ⓓ নগরের
Ⓐ Solve প্রাচীন বাংলায় যেসব ছোট ছোট স্বাধীন অঞ্চল গড়ে উঠেছিল তাকেই ঐতিহাসিকভাবে জনপদ বলা হয়। যেমন: বঙ্গ, পুণ্ড্র, গৌড়, রাঢ়, সমতট, হরিকেল, বরেন্দ্র ও বাকেরগঞ্জ। প্রাচীনকালে পুণ্ড্র জনপদটি উত্তরবঙ্গের বগুড়া, রাজশাহী, রংপুর ও দিনাজপুর অঞ্চল নিয়ে গড়ে উঠেছিল।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

13. বাংলাদেশের সংবিধান অনুসারে কে যুদ্ধ ঘোষণা করতে পারে?
Ⓐ রাষ্ট্রপতি Ⓑ প্রধানমন্ত্রী
Ⓒ সামরিক বাহিনী প্রধান Ⓓ জাতীয় সংসদ
**D Solve** বাংলাদেশের আইনসভার নাম জাতীয় সংসদ (House of The Nation)। বাংলাদেশের সংবিধান অনুসারে সংসদের সম্মতি ছাড়া যুদ্ধ ঘোষণা করা যাবে না বা প্রজাতন্ত্র কোনো যুদ্ধে অংশগ্রহণ করবে না। বাংলাদেশের রাষ্ট্রীয় কার্যক্রম রাষ্ট্রপতির নামে পরিচালিত হয়।

14. বাংলাদেশে সিডর (Sidr) আঘাত হানে ২০০৭ সালের-
Ⓐ ১৫ এপ্রিল Ⓑ ২৩ জুন Ⓒ ১৫ নভেম্বর Ⓓ ২৮ ডিসেম্বর
**C Solve** সিডর শ্রীলংকান শব্দ যার অর্থ হল চোখ। বঙ্গোপসাগর এলাকায় সৃষ্ট সিডর ২০০৭ সালের ১৫ নভেম্বর উপকূলে আঘাত হানে।

15. DND বাঁধের পুরো নাম কী?
Ⓐ ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা Ⓑ ঢাকা-নাটোর-দিনাজপুর
Ⓒ ঢাকা-নরসিংদী-ডিমলা Ⓓ ঢাকা-নড়াইল-দিনাজপুর
**A Solve** DND (ঢাকা- নারায়ণগঞ্জ- ডেমরা) প্রকল্প ১৯৬৮ সালে হাতে নেওয়া হয়েছিল বৃহত্তর পরিসরে।

16. যে দেশের সাথে বাংলাদেশের কূটনৈতিক সম্পর্ক নেই-
Ⓐ নামিবিয়া Ⓑ আর্জেন্টিনা
Ⓒ ইসরাইল Ⓓ তিউনিসিয়া
**C Solve** বেলফোর ঘোষণার প্রেক্ষিতে ১৯৪৮ সালের ১৪ মে ইসরায়েল রাষ্ট্রের জন্ম হয়। এটি এশিয়ার একমাত্র ইহুদি বসতি রাষ্ট্র যার সাথে বাংলাদেশের কূটনৈতিক ও রাজনৈতিক কোনো সম্পর্ক নেই।

17. মধ্যপাড়া কঠিন শিলা খনি কোন জেলায় অবস্থিত?
Ⓐ সিলেট Ⓑ রংপুর Ⓒ দিনাজপুর Ⓓ জয়পুরহাট
**C Solve** মধ্যপাড়া কঠিন শিলা খনি দিনাজপুরের পার্বতীপুর উপজেলায় অবস্থিত। রংপুর জেলার বদরগঞ্জ ও মিঠাপুকুরে কঠিন শিলা পাওয়া গেছে।

18. কখন থেকে গ্রামীণ ব্যাংক আনুষ্ঠানিকভাবে কাজ শুরু করে?
Ⓐ ১৯৮৩ Ⓑ ১৯৭৬ Ⓒ ১৯৭৯ Ⓓ ১৯৮০
**A Solve** বাংলাদেশের গ্রামীণ এলাকার ভূমিহীন জনসাধারণের মধ্যে আর্থিক ঋণ প্রদানের জন্য ১৯৮৩ সালে গ্রামীণ ব্যাংক প্রতিষ্ঠিত হয়। এর প্রতিষ্ঠাতা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুস। ২০০৬ সালে মুহাম্মদ ইউনুস ও গ্রামীণ ব্যাংক যৌথভাবে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন।

19. বাংলাদেশ নেভাল একাডেমি কোথায় অবস্থিত?
Ⓐ পতেঙ্গা Ⓑ মংলা Ⓒ কক্সবাজার Ⓓ কুয়াকাটা
**A Solve** চট্টগ্রামের পতেঙ্গায় বাংলাদেশ নেভাল একাডেমি অবস্থিত। কক্সবাজারে বিশ্বের দীর্ঘতম সমুদ্রসৈকত অবস্থিত। মোংলা বাংলাদেশের সমুদ্রবন্দর এবং কুয়াকাটাকে সাগর কন্যা বলা হয়।

20. বাংলাদেশের বর্তমান অ্যাটর্নি জেনারেল-
Ⓐ মোহাম্মদ আলী Ⓑ হাসান আরিফ Ⓒ ফিদা কামাল Ⓓ মাহবুবে আলম
**Solve** বাংলাদেশের বর্তমান অ্যাটর্নি জেনারেল হলেন মোহাম্মদ আসাদুজ্জামান। বাংলাদেশের সংবিধান (অনুচ্ছেদ ৬৪) অনুসারে রাষ্ট্রপতি অ্যাটর্নি জেনারেল নিয়োগ দেন। অ্যাটর্নি জেনারেল রাষ্ট্রের প্রধান আইনজীবী হিসেবে রাষ্ট্রের পক্ষে আদালতে লড়েন।

1. বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি কোথায় অবস্থিত?
Ⓐ গাজীপুর Ⓑ চট্টগ্রাম Ⓒ খুলনা Ⓓ কুমিল্লা
**A Solve** বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি গাজীপুরে অবস্থিত। চট্টগ্রামে বাংলাদেশ নেভাল একাডেমি, ময়নামতি কুমিল্লায় অবস্থিত।

. কোন বছর কাপ্তাই জলবিদ্যুৎ কেন্দ্র কার্যক্রম শুরু করে?
Ⓐ ১৯৫৯ Ⓑ ১৯৬২ Ⓒ ১৯৭৩ Ⓓ ১৯৮৫
**B Solve** ২৩০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাসম্পন্ন কাপ্তাই জলবিদ্যুৎ কেন্দ্র ১৯৬২ সালে কার্যক্রম শুরু করে। এটি রাঙ্গামাটি জেলায় অবস্থিত দেশের একমাত্র জলবিদ্যুৎ কেন্দ্র।

23. সম্রাট আকবর বাংলার শাসনভার গ্রহণ করে কত সালে?
Ⓐ ১৫৭৫ Ⓑ ১৫৭২ Ⓒ ১৫৫৬ Ⓓ ১৫৭৬
**C Solve** মহামতি আকবর ১৫৫৬ সালে বাংলার শাসনভার গ্র... করেন। তিনি "মনসবদারি প্রথা" চালু এবং জিজিয়া ও তীর্থকর রহিত করেন।

24. বরেন্দ্র জাদুঘর কোথায় অবস্থিত?
Ⓐ বগুড়া Ⓑ রাজশাহী Ⓒ নাটোর Ⓓ রংপুর
**B Solve** ১৯১০ সালে রাজশাহীতে বাংলাদেশের প্রথম জাদুঘর বরে... জাদুঘর প্রতিষ্ঠিত হয়। ঢাকার শাহবাগে বাংলাদেশের জাতীয় জাদুঘর অবস্থি... লোকশিল্প জাদুঘর সোনারগাঁয়ে অবস্থিত।

25. সোনালী কাবিন এর লেখক কে?
Ⓐ হেলাল হাফিজ Ⓑ আব্দুল মান্নান সৈয়দ
Ⓒ আল মাহমুদ Ⓓ হাসনাত আব্দুল হাই
**C Solve** আল মাহমুদের প্রকৃত নাম মির আব্দুল শুকুর আল মাহমুদ। তাঁর উল্লেখযোগ্য কাব্যগ্রন্থসমূহঃ সোনালী কাবিন, লোক লোকান্তর, কালে কলস, বখতিয়ারের ঘোড়া, পাখির কাছে ফুলের কাছে প্রভৃতি। উপন্যাস: উপমহাদেশ, আগুনের মেয়ে, কাবিলের বোন।

26. প্রেসিডেন্ট পদপ্রার্থী বারাক ওবামা যে মার্কিন অঙ্গরাজ্যের সিনেটর-
Ⓐ আলাবামা Ⓑ দক্ষিণ ক্যারোলিনা
Ⓒ ইলিনয় Ⓓ ভার্জিনিয়া
**C Solve** বারাক ওবামা যুক্তরাষ্ট্রের ৪৪তম এবং প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট নির্বাচিত হন। তিনি ইলিনয় অঙ্গরাজ্যের সিনেটর ছিলেন। The Audacity of Hope, Dreams from My Father, Change we can Believe In তাঁর উল্লেখযোগ্য গ্রন্থসমূহ।

27. রাশিয়ার বর্তমান প্রেসিডেন্ট-
Ⓐ পুতিন Ⓑ গর্বাচেভ Ⓒ ইয়েলৎসিন Ⓓ লেনিন
**A Solve** ভ্লাদিমির পুতিন বর্তমানে রাশিয়ার প্রেসিডেন্ট। বরিস ইয়েলৎসিন ছিলেন রাশিয়ার জনগণের সরাসরি ভোটে নির্বাচিত প্রথম প্রেসিডেন্ট। মিখাইল গর্বাচেভ গ্লাসনস্ত ও পেরেস্ত্রইকো নীতির প্রবর্তক এবং লেনিন রুশ বিপ্লবের নেতৃত্ব দানকারী ব্যক্তি ছিলেন।

28. ওকিনাওয়া দ্বীপ যে দেশের মালিকানাধীন-
Ⓐ চীন Ⓑ যুক্তরাষ্ট্র
Ⓒ জাপান Ⓓ দ. কোরিয়া
**C Solve** ওকিনাওয়া দ্বীপ জাপানের মালিকাধীন একটি দ্বীপ। এ দ্বীপে বর্তমানে দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী নিরাপত্তা চুক্তি অনুযায়ী ৫৩,০০০ মার্কিন সেনা ঘাঁটি গেড়ে আছে। স্পাটলি দ্বীপপুঞ্জ চীনের মালিকাধীন যা দক্ষিণ চীন সাগরে অবস্থিত।

29. থাই মুসলমানদের সিংহভাগ সে দেশের যে অংশে বাস করে-
Ⓐ উত্তর Ⓑ পশ্চিম Ⓒ পূর্ব Ⓓ দক্ষিণ
**C Solve** থাইল্যান্ড শব্দের অর্থ মুক্তভূমি। দক্ষিণ পূর্ব এশিয়ার একমাত্র দেশ যা কারো শাসনাধীন ছিল না। থাই মুসলমানদের সিংহভাগ সে দেশের পূর্ব ভাগে বাস করে।

30. যে ইরাকি জনগোষ্ঠীর উপর সাদ্দাম হুসেন ১৯৮৮ সনে রাসায়নিক অস্ত্র প্রয়োগ করেছিলেন-
Ⓐ শিয়া Ⓑ কুর্দি Ⓒ সুন্নি Ⓓ মার্শ
**A Solve** শিয়া জনগোষ্ঠীর উপর সাদ্দাম হুসেন ১৯৮৮ সালে রাসায়নিক অস্ত্র প্রয়োগ করেছিলেন। প্রায় ২৪ বছর শাসনকারী সাদ্দাম হুসেনের ২০০৬ সালে ফাঁসি কার্যকর হয়। তাঁকে গ্রেফতার করার জন্য মার্কিন বাহিনী "অপারেশন রেড ডন" নামে অভিযান চালায়।

31. ২০০৬ সনে কোন গেরিলাদের সাথে যুদ্ধ করার জন্য ইসরাইলি সৈন্যরা লেবাননে প্রবেশ করে?
Ⓐ হামাস Ⓑ হিযবুল্লাহ Ⓒ পিএলও Ⓓ তালেবান
**B Solve** হিজবুল্লাহ লেবানন ভিত্তিক একটি গেরিলা সংগঠন। এদেশের বিরুদ্ধে "অপারেশন স্প্রিং স্ট্রর্ম" নামে ইসরাইল সৈন্যরা লেবাননে প্রবেশ করে এবং অপারেশন চালায়।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

32. যে শহরটি আফগানিস্তানের মধ্যে অবস্থিত নয়-
Ⓐ হেরাত Ⓑ কান্দাহার Ⓒ কোয়েটা Ⓓ মাজার-ই-শরীফ

Ⓒ Solve আফগানিস্তানের উল্লেখযোগ্য স্থানসমূহ: হেরাত, কান্দাহার, মাজার-ই-শরীফ, মুসা কালা প্রভৃতি। পাকিস্তানের প্রদেশ বেলুচিস্তানের রাজধানী হলো কোয়েটা।

33. যে দেশটি শ্রীলঙ্কান সরকার ও এলটিটিই মধ্যকার ব্যর্থ শান্তি আলোচনায় জড়িত ছিল-
Ⓐ নরওয়ে Ⓑ সুইডেন Ⓒ ভারত Ⓓ কানাডা

Ⓐ Solve ১৯৭৮ সালে ভিলুপিল্লাই প্রভাকরণ কর্তৃক এল. টি. টি. ই প্রতিষ্ঠিত হয়। এদের চাওয়া ছিল জাফনা দ্বীপের স্বাধীনতা। নরওয়ের উদ্যোগে শ্রীলঙ্কা সরকার ও এলটিটিই মধ্যকার শান্তি আলোচনা হয়েছিল । কিন্তু তা আলোর মুখ দেখেনি। ২০০৯ সালে এলটিটি'র নেতা মারা যাওয়ায় এই সংগঠন স্তিমিত হয়ে যায়।

34. হো চি মিন যে দেশের স্বাধীনতা সংগ্রামের সাথে জড়িত-
Ⓐ কিউবা Ⓑ চীন Ⓒ ভিয়েতনাম Ⓓ দ.কোরিয়া

Ⓒ Solve হো চি মিন ছিলেন ভিয়েতনামের একজন কমিউনিস্ট বিপ্লবী নেতা, যিনি পরবর্তীকালে ভিয়েতনামের প্রধানমন্ত্রী ও রাষ্টপতির পদের আসীন ছিলেন। কিউবার স্বাধীনতা সংগ্রামের সাথে ফিদেল কাস্ত্রো, চীনের সাথে মাও-সেতুং, বাংলাদেশের সাথে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জড়িত।

35. আন্তর্জাতিক আণবিক শক্তি এজেন্সির সদর দফতর-
Ⓐ জেনেভা Ⓑ ভিয়েনা Ⓒ বার্লিন Ⓓ দি হেগ

Ⓑ Solve আন্তর্জাতিক আণবিক শক্তি এজেন্সি (International Atomic Energy Agency) এর সদর দপ্তর ভিয়েনায় (অস্ট্রিয়া) অবস্থিত। IAEA শান্তিতে নোবেল পুরস্কার পায় ২০০৫ সালে। বাংলাদেশ সদস্যপদ লাভ করে ১৯৭২ সালে।

36. স্থলবেষ্টিত দেশ-
Ⓐ লাওস Ⓑ ভিয়েতনাম Ⓒ কম্বোডিয়া Ⓓ থাইল্যান্ড

Ⓐ Solve সমুদ্রবন্দরবিহীন দেশসমূহকে স্থলবেষ্টিত দেশ বলা হয়। যেমন: নেপাল, ভুটান, লাওস, কসোভা, বলিভিয়া প্রভৃতি। ভিয়েতনাম, কম্বোডিয়া, থাইল্যান্ডের সমুদ্রবন্দর রয়েছে।

37. স্বাধীনতা লাভের আগে পূর্ব তিমুর যে দেশের অংশ ছিল-
Ⓐ অস্ট্রেলিয়া Ⓑ পাপুয়া নিউগিনি
Ⓒ ইন্দোনেশিয়া Ⓓ পর্তুগাল

Ⓒ Solve স্বাধীনতা লাভের আগে পূর্ব তিমুর ইন্দোনেশিয়ার অংশ ছিল কিন্তু উপনিবেশ ছিল পর্তুগালের । অস্ট্রেলিয়া ব্রিটেনের উপনিবেশ ছিল। পাপুয়া নিউগিনি ছিল অস্ট্রেলিয়ার উপনিবেশ। ইন্দোনেশিয়া ছিল নেদারল্যান্ডের উপনিবেশ।

38. ছয় দিনের যুদ্ধ যে সনে সংঘটিত হয়-
Ⓐ ১৯৫৬ Ⓑ ১৯৬৭ Ⓒ ১৯৭৩ Ⓓ ১৯৮২

Ⓑ Solve ১৯৬৭ সালে তৃতীয় আরব-ইসরায়েল যুদ্ধ ছয় দিন স্থায়ী ছিল । ১৯৫৬ সালে দ্বিতীয় আরব-ইসরাইল যুদ্ধ হয়। ১৯৭৩ সালে ৪র্থ আরব ইসরায়েল যুদ্ধে মিসর সিনাই পুনর্দখল করে। এ যুদ্ধ ১৮ দিন স্থায়ী ছিল।

39. কসোভোর রাজধানী
Ⓐ প্রিস্টিনা Ⓑ তিরানা Ⓒ বুদাপেস্ট Ⓓ নিকোশিয়া

Ⓐ Solve দেশ ও রাজধানী বিষয়ক তথ্য :

| দেশ | রাজধানী | দেশ | রাজধানী |
|---|---|---|---|
| কসোভো | প্রিস্টিনা | হাঙ্গেরি | বুদাপেস্ট |
| আলবেনিয়া | তিরানা | সাইপ্রাস | নিকোশিয়া |

40. কোন অস্ট্রেলিয়ান প্রধানমন্ত্রী সম্প্রতি সে দেশের আদিবাসীদের নিকট ক্ষমা প্রার্থনা করেন-
Ⓐ কেভিন রাড Ⓑ জন হাওয়ার্ড
Ⓒ গর্ডন ব্রাউন Ⓓ জন স্মিথ

Ans Ⓐ

41. ভুটানের জনগণ সে দেশের ইতিহাসে প্রথমবারের মত কখন ভোটাধিকার প্রয়োগ করেন-
Ⓐ মে ০৫ Ⓑ জুন ০৬ Ⓒ এপ্রিল ০৭ Ⓓ জানুয়ারি ০৮

Ⓓ Solve ভুটান ১৯৪৯ সালে ব্রিটেনের কাছ থেকে স্বাধীনতা লাভ করে। সে দেশের নাগরিক জানুয়ারি, ২০০৮ সালে প্রথমবারের মত ভোটাধিকার প্রয়োগ করে। ভুটানের রাষ্ট্রীয় ভাষার নাম জোংখা।

42. মহামন্দা মোকাবিলার জন্য যে মার্কিন প্রেসিডেন্ট নিউ ডিল (New Deal) ব্যবস্থা প্রবর্তন করেন-
Ⓐ হুভার Ⓑ উইলসন Ⓒ নিক্সন Ⓓ ফ্রাঙ্কলিন রুজভেল্ট

Ⓓ Solve যুক্তরাষ্ট্রের ডক্টরেট ডিগ্রীধারী একমাত্র প্রেসিডেন্ট উড্রো উইলসন মহামন্দা মোকাবিলার জন্য নিউ ডিল ( New Deal) ব্যবস্থা প্রবর্তন করেন। তিনি ১৯১৯ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন।

43. যে চুক্তির মাধ্যমে ইউরোপীয় ইউনিয়ন প্রতিষ্ঠিত হয়-
Ⓐ প্যারিস Ⓑ ব্রাসেলস Ⓒ বন Ⓓ ম্যাসট্রিক্ট

Ⓓ Solve ইউরোপীয় দেশসমূহের সর্ববৃহৎ অর্থনৈতিক জোট ইউরোপীয় ইউনিয়ন ১ জানুয়ারি ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত হয়। এটি ম্যাসট্রিকট চুক্তির মাধ্যমে প্রতিষ্ঠা লাভ করে। এর সদস্য দেশ ২৭টি এবং ব্রাসেলস শহরে সদর দফতর অবস্থিত।

44. লিওপোল্ড মোৎসার্ট ছিলেন-
Ⓐ বিখ্যাত সঙ্গীতজ্ঞ Ⓑ বিখ্যাত বক্তা
Ⓒ অস্ট্রিয়ার প্রেসিডেন্ট Ⓓ রাজনীতিবিদ

Ⓐ Solve লিও পোল্ড মোৎসার্ট ছিলেন বিখ্যাত জার্মান সুরকার।

45. ইনকা সভ্যতার ধ্বংসাবশেষ পাওয়া গেছে-
Ⓐ ব্রাজিলে Ⓑ ভেনিজুয়েলায় Ⓒ পেরুতে Ⓓ বলিভিয়ায়

Ⓒ Solve ইনকা সাম্রাজ্য প্রে-কলাম্বিয়ান আমেরিকাতে বৃহত্তম সাম্রাজ্য ছিল । এর রাজধানী ছিল কোস্কা শহর । পেরুর পাহাড়ি এলাকায় ১৩০০ শতকের দিকে ইনকা সভ্যতার সূচনা হয়।

46. ওয়ালস্ট্রিট কোথায় অবস্থিত-
Ⓐ লন্ডন Ⓑ নিউইয়র্ক Ⓒ জুরিখ Ⓓ ওয়াশিংটন ডিসি

Ⓑ Solve ফ্লিটস্ট্রিট লন্ডনে অবস্থিত।

47. যে দুটো দেশের মধ্যে গোলান মালভূমি নিয়ে বিরোধ-
Ⓐ ইসরাইল-মিসর Ⓑ ইসরাইল-জর্দান
Ⓒ ইসরাইল-সিরিয়া Ⓓ ইসরাইল-লেবানন

Ⓒ Solve ইসরায়েল, জর্ডান ও সিরিয়ার মধ্যবর্তী এলাকায় ঐতিহাসিক গোলান মালভূমি অবস্থিত। ১৯৬৭ সালের পূর্ব পর্যন্ত এ মালভূমির মালিকানা ছিল সিরিয়ার। ১৯৬৭ সালে তৃতীয় আরব ইসরায়েল যুদ্ধে গোলান মালভূমি ইসরায়েলের দখলে চলে যায়।

48. সেন্ট পিটার্সবার্গ শহরের প্রাক্তন নাম-
Ⓐ লেনিনগ্রাড Ⓑ স্টালিনগ্রাড Ⓒ মস্কো Ⓓ তিউলা

Ⓐ Solve সেই পিটার্সবার্গ শহরের প্রাক্তন নাম লেনিনগ্রাড। এটি রাশিয়ার ২য় বৃহত্তম শহর এবং বাল্টিক সাগরের তীরে একটি সমুদ্র বন্দর। মস্কো হল রাশিয়ার বর্তমান রাজধানী।

49. যে বছর রাশিয়ায় বলশেভিক বিপ্লব সংঘটিত হয়-
Ⓐ ১৯১৬ Ⓑ ১৯১৭ Ⓒ ১৯৪৯ Ⓓ ১৯৬২

Ⓑ Solve অক্টোবর বিপ্লব বা বলশেভিক বিপ্লব হলো রাশিয়ায় ঘটিত একটি রাজনৈতিক বিপ্লব যা ১৯১৭ সালের রুশ বিপ্লবের একটি অংশবিশেষ। এই বিপ্লব ৭ নভেম্বর ১৯১৭ সালে সেন্টপিটার্সবার্গে একটি সশস্ত্র অভ্যুত্থানের মাধ্যমে সংঘটিত হয়েছিল।

50. ২০০৮ সনের আফ্রিকান নেশনস কাপ ফুটবল টুর্নামেন্ট জয়ী দেশ-
Ⓐ মিশর Ⓑ ক্যামেরুন Ⓒ ঘানা Ⓓ আইভরি কোস্ট

Ⓐ Solve ২০২৩ সালে আফ্রিকান নেশনস কাপ চ্যাম্পিয়ন হয় আইভরি কোস্ট।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা : ২০০৬-২০০৭; ইউনিট: খ

### বাংলা

01. বসন্ত-বন্দনা কণ্ঠে শোনানোর মিনতি করেছেন–
Ⓐ কাজী নজরুল ইসলামকে Ⓑ রবীন্দ্রনাথ ঠাকুরকে
Ⓒ সুফিয়া কামালকে Ⓓ সুকান্ত ভট্টাচার্যকে
Ⓒ Solve 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবি সুফিয়া কামাল প্রকৃতি ও মানবমনের সম্পর্কের একটি গুরুত্বপূর্ণ দিক উপস্থাপন করেছেন। প্রকৃতিতে বসন্ত এলেও উদাসীন কবি বসন্তকে বরণ করে নেননি। তাই কবিভক্ত কবিকে বলেছে, "ওগো কবি! রচিয়া লহ না আজও গীতি,/ বসন্ত – বন্দনা তব কণ্ঠে শুনি – এ মোর মিনতি।"

02. মনুষ্যসৃষ্ট দুর্যোগ–
Ⓐ ভূমিকম্প Ⓑ বন্যা
Ⓒ তেজস্ক্রিয় দুর্ঘটনা Ⓓ খরা
Ⓒ Solve ভূমিকম্প, বন্যা, খরা এগুলো প্রাকৃতিক দুর্যোগ। কিন্তু তেজস্ক্রিয় দুর্ঘটনা মনুষ্যসৃষ্ট দুর্যোগের মধ্যে পড়ে।

03. 'গোলাপফুল' সমাসবদ্ধ পদটির ব্যাসবাক্য–
Ⓐ গোলাপ নামের ফুল Ⓑ গোলাপের ফুল
Ⓒ গোলাপি ফুল Ⓓ গোলাপি রঙের ফুল
Ⓐ Solve সমাস নির্ণয় :

| সমস্তপদ | ব্যাসবাক্য | সমাসের নাম |
|---|---|---|
| গোলাপফুল | গোলাপ নামের ফুল | মধ্যপদলোপী কর্মধারয় |

04. 'দ্যুলোক' এর বিপরীতার্থক শব্দ–
Ⓐ গোলক Ⓑ ত্রিলোক
Ⓒ ভূলোক Ⓓ দোলক
Ⓒ Solve 'দ্যুলোক' : অর্থ : স্বর্গলোক; 'ভূলোক' অর্থ : পৃথিবী।

05. কোনটি অনুসর্গ?
Ⓐ যেতে Ⓑ হতে Ⓒ মতে Ⓓ ফতে
Ⓑ Solve অনুসর্গ : দিয়া, দিয়ে, কর্তৃক, সঙ্গে, হইতে, হতে, থেকে, চেয়ে, পাছে, ভিতর, ভেতর।

06. আরবি থেকে আগত শব্দ–
Ⓐ খবর Ⓑ বেতার Ⓒ পেয়ারা Ⓓ গুদাম
Ⓐ Solve আরবি শব্দ : আদালত, ইদ, উকিল, ওজর, এজলাস, কিতাব, নগদ, বাকি, মহকুমা, মোক্তার ইত্যাদি।

07. 'অনতিবৃহৎ' শব্দটি কয়টি উপসর্গযোগে গঠিত হয়েছে?
Ⓐ একটি Ⓑ দুইটি
Ⓒ তিনটি Ⓓ চারটি
Ⓑ Solve অনতিবৃহৎ = অন্ + অতি + বৃহৎ। এখানে 'অন' এবং 'অতি' উপসর্গ।

08. 'আকাশে তো আমি রাখি নাই মোর উড়িবার ইতিহাস।' এ বাক্যে 'আকাশে' শব্দটি কোন কারকে কোন বিভক্তির উদাহরণ?
Ⓐ কর্মকারকে সপ্তমী Ⓑ অপাদান কারকে পঞ্চমী
Ⓒ অধিকরণ কারকে সপ্তমী Ⓓ কর্তৃকারকে পঞ্চমী
Ⓒ Solve 'আকাশে' এখানে বিস্তৃত জায়গা (স্থান) বুঝিয়েছে।

09. সমধাতুজ কর্মের উদাহরণ আছে কোন বাক্যে?
Ⓐ সে এক মজার লেখা লিখেছে Ⓑ সে এক মজার বই পড়েছে
Ⓒ সে খেলা ছেড়ে দিয়েছে Ⓓ সে কাজ ছেড়ে আসতে পারছে না
Ⓐ Solve বাক্যের ক্রিয়া ও কর্ম একই ধাতু থেকে গঠিত হলে, ঐ কর্মপদকে 'সমধাতুজ কর্ম' বা 'ধাত্বর্থক' কর্মপদ বলে। যেমন : সে এক মজার লেখা লিখেছে। সে খুব আরামের ঘুম ঘুমিয়েছে।

10. 'চেহারা নিষ্প্রভ।' বাক্যটির নেতিবাচক রূপ–
Ⓐ চেহারা সপ্রভ Ⓑ চেহারা কদাকার
Ⓒ চেহারা উজ্জ্বল নয় Ⓓ চেহারা সুন্দর নয়
Ⓒ Solve নিষ্প্রভ-এর বিপরীত অর্থবোধক শব্দ উজ্জ্বল। অর্থ অপরিবর্তিত রেখে বাক্যকে নেতিবাচক বাক্যে পরিবর্তন করার সময় বিশেষণ শব্দের বিপরীত অর্থবোধক শব্দ এবং না, নি, নয় ইত্যাদি না-সূচক – শব্দ যোগ করতে হবে। যেমন :

| অস্তিবাচক বাক্য | নেতিবাচক বাক্য। |
|---|---|
| মেয়েটি সুন্দর। | মেয়েটি অসুন্দর নয়। |
| মানুষ মরণশীল। | মানুষ অমর নয়। |

11. কোনো সংখ্যা বা পরিমাণের স্বল্পতা বোঝাতে কোন পদাশ্রিত নির্দেশক ব্যবহৃত হয়?
Ⓐ টে Ⓑ গুলো Ⓒ পাটি Ⓓ কেতা
Ⓐ Solve কোনো সংখ্যা বা পরিমাণের স্বল্পতা বোঝাতে টে, টুক, টুকুন, টো, গোটা ইত্যাদির প্রয়োগ হয়। যেমন : চারটে ভাত, দুধটুকু, দুধটুকুন, গোটাচারেক আম ইত্যাদি।

12. সম্বোধনের পরে বসে–
Ⓐ ড্যাশ Ⓑ সেমিকোলন Ⓒ বিস্ময়চিহ্ন Ⓓ কমা
Ⓓ Solve সম্বোধনের পরে কমা বসাতে হয়। যেমন : রাশিদ, এদিকে এসো। উল্লেখ্য, হৃদয়াবেগ প্রকাশ করতে হলে সম্বোধন পদের পরে বিস্ময় (!) চিহ্ন বসে। যেমন : আহা! কী চমৎকার দৃশ্য।

13. 'নশ্বর' এর সন্ধিবিচ্ছেদ–
Ⓐ ন + শ্বর Ⓑ নশ্ + বর
Ⓒ নশ্ব + র Ⓓ নঃ + বর
Ⓑ Solve প্রকৃতপক্ষে 'নশ্বর' প্রত্যয় সাধিত শব্দ। শব্দটির প্রকৃতি-প্রত্যয় হলো : √ নশ্ + বর। 'নশ্বর' শব্দের অর্থ : বিনাশশীল, অনিত্য।

14. 'ভাতি'র সমার্থক শব্দ–
Ⓐ রাত Ⓑ আঁধার Ⓒ ভোর Ⓓ আলো
Ⓓ Solve 'আলো'র সমার্থক শব্দ : রশ্মি, কিরণ, কর, জ্যোতি, দ্যুতি, ভাতি, দীপ্তি, বিভা, রোশনাই, নুর।

15. কোন বানানটি অশুদ্ধ?
Ⓐ ব্যায়াম Ⓑ গবেষণা Ⓒ মুহূর্ত Ⓓ পানিনি
Ⓓ Solve কতিপয় প্রমিত বানান : পাণিনি, পরিপক্ব, পয়স্বিনী, পক্ষ, পরিষ্কার, পর্যদ, পতঙ্গ, প্রত্যঙ্গ, ব্যত্যয়।

16. 'স্বখাত সলিলে' বাগ্‌ধারাটির অর্থ–
Ⓐ দুঃখে কষ্টে পড়া Ⓑ পানির গভীরে যাওয়া
Ⓒ বিনা দোষে শাস্তি পাওয়া Ⓓ স্বীয় কর্মের ফল ভোগ
Ⓓ Solve বাগ্‌ধারার অর্থ : সপ্তমে চড়া (প্রচণ্ড উত্তেজনা), সবুরে মেওয়া (ধৈর্যে সুফল), সাতকাহন (প্রচুর পরিমাণ)।

17. 'Index' এর পরিভাষা–
Ⓐ ফর্দ Ⓑ সূচি Ⓒ নির্ঘণ্ট Ⓓ পঞ্জি
Ⓒ Solve কয়েকটি পারিভাষিক শব্দ :

| | |
|---|---|
| Immigrant – অভিবাসী | Interim – অন্তর্বর্তীকালীন |
| Invoice – চালান | Irrigation – সেচ |

18. 'He saw himself the next leader.' বাক্যটির বঙ্গানুবাদ–
Ⓐ সে নিজেকে পরবর্তী নেতা হিসেবে ভাবল।
Ⓑ সে নিজেকে পরবর্তী নেতা রূপে গ্রহণ করল।
Ⓒ সে পরবর্তী নেতৃত্ব গ্রহণ করল।
Ⓓ সে তাকে পরবর্তী নেতা মনে করল।
Ⓐ Solve কয়েকটি বঙ্গানুবাদ : Honesty is the best policy – সততাই সর্বোৎকৃষ্ট পন্থা, A stitch in time saves nine – সময়ের এক ফোঁড় অসময়ের দশ ফোঁড়, He is out of luck – তার পোড়া কপাল।



CamScanner

19. 'জেল-টেল খেটে গ্রামে ফিরে সে নামে স্বদেশি বাবু রইল।' 'সৌদামিনী মালো' গল্পে চরিত্রটি কে?
Ⓐ মনোরঞ্জন Ⓑ ব্রাদার জন Ⓒ জগদীশ Ⓓ জনৈক স্বদেশি
Ⓐ Solve 'সৌদামিনী মালো' গল্পটির লেখক শওকত ওসমান। গল্পে মনোরঞ্জন মালোর স্বদেশি বাবু হয়ে ওঠার প্রসঙ্গে বলা হয়েছে, "সে স্বদেশি করত। ... জেল-টেল খেটে গ্রামে ফিরে সে নামে স্বদেশি বাবু রইল।"

20. 'পথে পথে অনশনে অন্তিম যন্ত্রণা রোগে ত্রাসে' চরণটি যে রচনার–
Ⓐ আঠারো বছর বয়স Ⓑ তাহারেই পড়ে মনে
Ⓒ বাংলাদেশ Ⓓ পাঞ্জেরি
Ⓒ Solve ১৯৭১ সালে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের প্রেক্ষাপটে অমিয় চক্রবর্তী রচনা করেন 'বাংলাদেশ' কবিতাটি। এটি তাঁর 'অনিঃশেষ' কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত। পাকিস্তানি হানাদার বাহিনীর আক্রমণের ভয়াবহ চিত্র তুলে ধরে কবি বলেছেন, "লক্ষ লক্ষ হা-ঘরে দুর্গত / ঘৃণ্য যম-দূত-সেনা এড়িয়ে সীমান্তপারে ছোটে / পথে পথে অনশনে অন্তিম যন্ত্রণা রোগে ত্রাসে/ সহস্রের অবসান, হন্তারক বারুদে বন্দুকে।"

21. 'ঠিক যেন শৈল চূড়ার বরফের উপর সকালের আলো ঠিকড়িয়া পড়িয়াছে, কিন্তু বরফ এখনো গলিল না।' হৈমন্তী চরিত্রের কোন দিকটি সম্বন্ধে বলা হয়েছে?
Ⓐ পবিত্রতা Ⓑ দৃঢ়তা Ⓒ সততা Ⓓ সৌন্দর্য
Ⓐ Solve 'হৈমন্তী' রবীন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত ছোটগল্প। 'অপু, হৈমন্তী, গৌরীশংকর' এই গল্পের চরিত্র।

22. 'দূর ব্যাটা হতভাগা!' 'ভাষার কথা' প্রবন্ধস্থিত বাক্যটির ভাব–
Ⓐ ক্রোধ Ⓑ স্নেহ
Ⓒ অবজ্ঞা Ⓓ আদেশ
Ⓑ Solve 'দূর ব্যাটা হতভাগা!' বাক্যটির দ্বারা স্নেহ প্রকাশিত হয়েছে।

23. বিপ্লব-অভিযানের প্রসঙ্গ আছে যে কবিতায়–
Ⓐ বাংলাদেশ Ⓑ পাঞ্জেরী
Ⓒ একটি ফটোগ্রাফ Ⓓ জীবন-বন্দনা
Ⓓ Solve কাজী নজরুল ইসলামের 'জীবন-বন্দনা' কবিতায় বিপ্লব-অভিযানের প্রসঙ্গ আছে। প্রাসঙ্গিক অংশ : "আমি মরু-কবি-গাহি সেই বেদে-বেদুঈনদের গান, যুগে যুগে যারা করে অকারণ বিপ্লব-অভিযান।"

24. 'লোকটি এমনিতেই হুজুগে মানুষ।' 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পে লোকটি কে?
Ⓐ কাদের Ⓑ মোদাব্বের Ⓒ হাবিবুল্লা Ⓓ ইউনুস
Ⓑ Solve সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পটি '৪৭ এর দেশভাগের প্রেক্ষাপটে রচিত।

25. 'পেলা' শব্দের অর্থ–
Ⓐ কৌপীন Ⓑ পেয়ালা
Ⓒ ওজন Ⓓ পারিতোষিক
Ⓓ Solve 'পেলা' শব্দের অর্থ : ১. নৃত্যগীতাদির আসর বা অনুষ্ঠানে শ্রোতৃবর্গ কর্তৃক শিল্পীদের প্রদত্ত অর্থাদি বা পুরস্কার। ২. ঠেকনা, ঠেস, অবলম্বন।

## English

**Read the following passage carefully and then answer question 01–06: by choosing the correct options:**

In many ways the quality of our environment has deteriorated with each new advance of the economy. Increase in electric power production means the burning of more coal and fuel oil, and hence the discharge of more sulphur dioxide into the air. The growth of the paper industry has brought a vast increase in trash. The production of polythenes has resulted in non-degradable bags that are a major source of pollution. The increase in new and reconditioned cars, trucks, and buses has resulted in choked cities. In short, economic progress can have one unwelcome side effect: it may lead to unhealthy living conditions.

01. **"Advance" in line 2 means :**
Ⓐ give a loan; Ⓑ be ahead of;
Ⓒ improve; Ⓓ step forward.
Ⓓ Explanation Advance (অগ্রসর হওয়া) means step froward, push forward, press on, etc.

02. **The word "hence" is used in line 4 as :**
Ⓐ an adjective Ⓑ an adverb
Ⓒ a noun Ⓓ a conjunction
Ⓑ Explanation **Adverb of Reason :** যে adverb দ্বারা ক্রিয়া সংঘটিত হওয়ার কারণ নির্দেশ করে তাকে adverb of reason বলে। যেমন : As, because, consequently, hence, in order to, lest, since, so that, therefore, thus etc.

03. **An antonym of "deteriorated" is :**
Ⓐ degraded Ⓑ distant Ⓒ improved Ⓓ choked
Ⓒ Explanation Deteriorated (অবনতি) এর বিপরীত শব্দ improved, upgrade (উচ্চতর স্তরে উন্নীত করা)।

04. **A good title for the passage would be-**
Ⓐ cars and our environment
Ⓑ electricity and health
Ⓒ the paper industry and trash
Ⓓ economic progress and environmental degradation.
Ⓓ Explanation অর্থনৈতিক উন্নতি এবং পরিবেশের অধঃপতন হলো এই passage এর মূলবিষয়।

05. **A "choked city" is one that is-**
Ⓐ short of cash Ⓑ short of oxygen
Ⓒ short of electricity Ⓓ short of fuel
Ⓑ Explanation 'Choked city' means short of oxygen (শ্বাস রুদ্ধকর অবস্থা).

06. **A synonym for "trash" in the passage:**
Ⓐ garbage Ⓑ learning Ⓒ profits Ⓓ disposable
Ⓐ Explanation Synonym of trash is garbage (আবর্জনা).

07. **Choose the correct option: He took it —— .**
Ⓐ personally Ⓑ personal Ⓒ personnel Ⓓ person
Ⓐ Explanation এখানে took verb কে modify করতে একটি adverb (personally) এর প্রয়োজন।

08. **His integrity was —— question.**
Ⓐ to Ⓑ off Ⓒ at Ⓓ beyond
Ⓓ Explanation তাঁর সততা ছিল সন্দেহতীত (beyond question)।

09. **The correct spelling is-**
Ⓐ calendar Ⓑ calandar Ⓒ calander Ⓓ kalender
Ⓐ Explanation Some examples: committee, camouflage, cadaverous, conscientious, chauvinism, chancellor, caffeine, ceiling, chocolate, condescend, consciousness, connoisseur, cigarette, counterfeit, etc.

10. **Choose the correct option: He is not to —— .**
Ⓐ be blamed Ⓑ blamed
Ⓒ be blamed for Ⓓ be blamed to
Ⓐ Explanation বাক্যটি passive বিধায় to be blamed হবে।

11. **Fill in the blank: Take —— time.**
Ⓐ you Ⓑ your Ⓒ you're Ⓓ yourself
Ⓑ Explanation এখানে time noun এর possessive adjective হিসেবে 'your time' হবে।

12. **'The minister said that the —— situation was very serious.**
Ⓐ economy Ⓑ economics Ⓒ economical Ⓓ economic
Ⓓ Explanation শূন্যস্থানে একটি adjective প্রয়োজন যা situation noun কে নির্দেশ (modify) করে।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**13. 'Before the plane takes off, passengers must —— their seat belts.**
Ⓐ fasten Ⓑ loose Ⓒ tight Ⓓ lighten
Ⓐ Explanation Fasten অর্থ বেধে রাখা বা বেধে নেওয়া।

**14. The translation of – কাজটি ভাল করনি**
Ⓐ The work is not good Ⓑ It was not good to do this
Ⓒ You did a bad work Ⓓ It was poor of you Ans Ⓑ

**15. Choose the correct interrogative-**
Ⓐ Which book you are reading?
Ⓑ Which book you reading?
Ⓒ Which book are you reading?
Ⓓ Which book are your reading?
Ⓒ Explanation Interrogative question এ auxiliary verb তারপর noun/pronoun এর subjective form হয়।

**16. Fill in the blank: Can I count —— your help?**
Ⓐ at Ⓑ with Ⓒ upon Ⓓ after
Ⓒ Explanation Count upon অর্থ নির্ভর করা।

**17. If I were you, I —— their offer.**
Ⓐ should accept Ⓑ accept
Ⓒ would accepted Ⓓ would accept
Ⓓ Explanation সাধারণত 2nd conditional -এর নিয়ম হলো: If + $V_2$ ... subject + should/could/might + $v_1$।

**18. 'He has left the country for ——.**
Ⓐ permanent Ⓑ fear Ⓒ good Ⓓ bad
Ⓒ Explanation For good অর্থ চিরতরে বা চিরদিনের জন্য।

**19. Choose the correct sentence:**
Ⓐ He was hunged for murder
Ⓑ He has been hunged for murder
Ⓒ He was hanged for murder
Ⓓ He was been hanged for murder
Ⓒ Explanation ফাঁসিতে ঝোলানো বোঝাতে hanged for, অন্যদিকে, কাপড় বা অন্যকিছু টানানোর ক্ষেত্রে hung হয়।

**20. Fill in the blank: I found out that Rahim did — in the test.**
Ⓐ worse Ⓑ bad Ⓒ poor Ⓓ badly
Ⓓ Explanation এখানে did verb কে modify করতে badly (adverb) এর প্রয়োজন।

**21. With any vaccine or drug, ——— possibility of severe reactions or even death exists.**
Ⓐ a Ⓑ there is a Ⓒ so a Ⓓ that a Ans Ⓐ

**22. ——, but also it filters out harmful sun rays.**
Ⓐ The atmosphere gives us air to breathe
Ⓑ Not only the atmosphere gives us air to breathe
Ⓒ The atmosphere which gives us air to breathe
Ⓓ Not only does the atmosphere give us air to breathe
Ⓑ Explanation এখানে বাক্যটি not only .... but also এর নিয়মানুযায়ী করা হয়েছে।

**23. Choose the correct antonym for "Vague".**
Ⓐ unclear Ⓑ clear Ⓒ indefinite Ⓓ confusing
Ⓑ Explanation Vague এর কিছু antonyms হলো: clear, transparent, glassy, limpid, etc।

**24. Choose the correct meaning of the following expression 'call it a day'**
Ⓐ open an event Ⓑ fix an appointment
Ⓒ spent the time Ⓓ finish work
Ⓓ Explanation 'Call it a day' means finish work কাজ শেষ করা বা আজকের মতো শেষ করা)।

**25. Fill in the blank: Give the clothes to —— needs them.**
Ⓐ who Ⓑ whomever Ⓒ whoever Ⓓ whom
Ⓒ Explanation Whoever needs অর্থ যাদের প্রয়োজন।

## সাধারণ জ্ঞান

**01. বাংলাদেশের সংবাদ সংস্থা-**
Ⓐ এপি Ⓑ রয়টার্স Ⓒ ইউএনবি Ⓓ এএফপি
Ⓒ Solve ফ্রান্স ভিত্তিক সংবাদ সংস্থা এএফপি (AFP) বিশ্বের প্রাচীন সংবাদ সংস্থা। বাংলাদেশের প্রধান সংবাদ সংস্থা হলো বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)। বাংলাদেশের অন্যান্য সংবাদ সংস্থা গুলো হলো: ইস্টার্ন নিউজ এজেন্সি (এনা), ইউনাইটেড নিউজ অব বাংলাদেশ (ইউএনবি), নিউজ মিডিয়া, বি.এন.এস প্রভৃতি।

**02. BIMSTEC- এর সদস্য নয়-**
Ⓐ ভারত Ⓑ পাকিস্তান Ⓒ বাংলাদেশ Ⓓ থাইল্যান্ড
Ⓑ Solve Bay of Bengal Initiative for Multi Sectoral Technical and Economic Co- operation. (BIMSTEC) প্রতিষ্ঠাকাল ৬ জুন ১৯৯৭। সদস্য দেশ ৭টি। যথা: বাংলাদেশ, ভারত, মিয়ানমার, শ্রীলংকা, থাইল্যান্ড, নেপাল ও ভুটান। বিমসটেকের সদর দপ্তর ঢাকায় অবস্থিত।

**03. বাংলাদেশে বসবাস করে না-**
Ⓐ রাখাইনরা Ⓑ মণিপুরিরা Ⓒ খাসিয়াগণ Ⓓ নাগারা
Ⓓ Solve বাংলাদেশের মোট জনসংখ্যার ১.১০ ভাগ উপজাতি। বাংলাদেশে ৫০টি উপজাতি জনগোষ্ঠীর মধ্যে চাকমা উপজাতির জনসংখ্যা বেশি। বাংলাদেশে বসবাসরত উপজাতিরা হল: চাকমা, সাঁওতাল, গারো, মারমা, খুমী, চক, হাজং, খাসিয়া, রাজবংশী, মণিপুরী, পাঙন, মুরং, বনজোগী, মৌরালী প্রভৃতি। নাগা উপজাতি ভারতের নাগাল্যান্ডেও বসবাস করে।

**04. বাংলাদেশ যেটির সদস্য নয়-**
Ⓐ আইএমএফ Ⓑ আইএলও Ⓒ ওআইসি Ⓓ ওপেক
Ⓓ Solve বিভিন্ন সংস্থা ও সদস্যপদ প্রাপ্তির তারিখ :

| সংস্থা | বাংলাদেশের সদস্যপদ লাভের তারিখ/সন |
|---|---|
| আই এম এফ | ১০ মে ১৯৭২ সালে |
| আই এল ও | ২২ জুন ১৯৭২ সালে |
| ও আই সি | ফেব্রুয়ারি ১৯৭৪ সালে |

Organization of Petroleum Exporting Countries (OPEC) ১৯৬০ সালের তেলভিত্তিক ৫টি দেশ নিয়ে গঠিত। এর সদর দপ্তর অস্ট্রিয়ার ভিয়েনায় অবস্থিত। বর্তমান সদস্য ১২টি।

**05. বাংলাদেশি আইরিন খান যে আন্তর্জাতিক সংস্থাটির সাবেক প্রধান?**
Ⓐ ILO Ⓑ UNIFEM Ⓒ AI Ⓓ TI
Ⓒ Solve বাংলাদেশি আইরিন খান মানবাধিকার বিষয়ক আন্তর্জাতিক সংস্থা অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল (AI) এর প্রধান ছিলেন। এটি ১৯৬১ সালে পিটার বেনেনসন কর্তৃক প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর লন্ডনে অবস্থিত। অ্যাগনেস ক্যালামার্ড, ফ্রান্স এ সংস্থার বর্তমান মহাসচিব।

**06. কোন সংগঠনটির নেতৃত্বে বাংলাদেশ উন্নয়ন ফোরামের বৈঠক অনুষ্ঠিত হয়?**
Ⓐ এডিবি Ⓑ বিশ্বব্যাংক Ⓒ আইএমএফ Ⓓ আইডিএ
Ⓑ Solve বিশ্বব্যাংকের নেতৃত্বে বাংলাদেশ উন্নয়ন ফোরামের বৈঠক অনুষ্ঠিত হয়। ৫টি অঙ্গ সংগঠনের সমন্বয়ে গঠিত হয় World Bank।
১) International Bank for Reconstruction and Development (IBRD).
৩) International Development Association (IDA).
২) International Finance Corporation (IFC).
৪) Multilateral Investment Gurantee Agency (MIGA).
৫) International Center for Settlement of Investment Disputes (ICSID).

**07. সাঙ্গু গ্যাসফিল্ড থেকে কবে জাতীয় গ্রিডে গ্যাস সরবরাহ করা হয়?**
Ⓐ ১৪ জুন ১৯৯৭ Ⓑ ১২ জুন ১৯৯৮
Ⓒ ২৪ জুন ১৯৯৭ Ⓓ ১ জানুয়ারি ১৯৯৭
Ⓑ Solve সাঙ্গু বাংলাদেশের প্রথম সামুদ্রিক গ্যাসক্ষেত্র। ১২ জুন, ১৯৯৮ সালে সাঙ্গু গ্যাস ফিল্ড থেকে সরাসরি জাতীয় গ্রিডে গ্যাস সরবরাহ করা হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

**08. ইনডেমনিটি অধ্যাদেশ জারি করা হয় কবে?**

Ⓐ ১২ নভেম্বর ১৯৯৬ Ⓑ ২৫ জানুয়ারি ১৯৭৪
Ⓒ ২৬ সেপ্টেম্বর ১৯৭৫ Ⓓ ১৫ সেপ্টেম্বর ১৯৯১

**Ⓒ Solve** ইনডেমনিটি হচ্ছে দায়মুক্তি অধ্যাদেশ। ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যা করার পর ১৯৭৫ সালের ২৬ সেপ্টেম্বরে তৎকালীন রাষ্ট্রপতি খন্দকার মোশতাক এ অধ্যাদেশ জারি করেন খুনিদের রক্ষার্থে।

**09. উপজাতিদের প্রতিনিধি হিসেবে কে পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তিতে স্বাক্ষর করেন?**

Ⓐ মানবেন্দ্র নারায়ণ লারমা Ⓑ রাজা দেবাশীষ রায়
Ⓒ সন্তু লারমা Ⓓ বীণা চাকমা

**Ⓒ Solve** পার্বত্য অঞ্চলে শান্তি স্থাপনের জন্য বাংলাদেশ সরকার ১৯৯৭ সালের ২ ডিসেম্বর পার্বত্য শান্তিচুক্তি করেন। বাংলাদেশ সরকারের পক্ষে চিফ হুইপ আবুল হাসনাত আবদুল্লাহ এবং পার্বত্য চট্টগ্রামের উপজাতিদের প্রতিনিধি হিসেবে জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা (সন্তু লারমা) পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তিতে স্বাক্ষর করেন।

**10. বাংলাপিডিয়ার প্রকাশক কে?**

Ⓐ এশিয়াটিক সোসাইটি Ⓑ ঢাকা বিশ্ববিদ্যালয়
Ⓒ নজরুল একাডেমি Ⓓ বাংলা একাডেমি

**Ⓐ Solve** ৩ জানুয়ারি ১৯৫২ সালে এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয়। এর প্রতিষ্ঠাতা স্যার উইলিয়াম জোন্স। উন্নততর গবেষণা এবং মানুষ ও প্রকৃতি সমন্ধে গভীর জ্ঞান অনুসন্ধানের লক্ষ্যে গড়ে উঠেছে। বাংলাপিডিয়া এশিয়াটিক সোসাইটি কর্তৃক প্রকাশিত হয়।

**11. দাবা খেলায় বাংলাদেশ থেকে সর্বশেষ গ্রান্ডমাস্টার কে?**

Ⓐ নিয়াজ মোরশেদ Ⓑ জিয়াউর রহমান
Ⓒ রানী হামিদ Ⓓ রিফাত বিন সাত্তার

Note: সঠিক উত্তর- এনামুল হোসেন রাজীব (৫ম)।

**12. বাংলাদেশ থেকে কে জাতিসংঘের সাধারণ পরিষদের প্রেসিডেন্টের দায়িত্ব পালন করেছেন?**

Ⓐ ফারুক চৌধুরী Ⓑ খাজা কায়সার
Ⓒ হুমায়ুন রশিদ চৌধুরী Ⓓ ইফতেখার চৌধুরী

**Ⓒ Solve** ১৯৮৬ সালে বাংলাদেশ থেকে হুমায়ুন রশীদ চৌধুরী জাতিসংঘের সাধারণ পরিষদের প্রেসিডেন্টের দায়িত্ব পালন করেছেন। বাংলাদেশ ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর জাতিসংঘের সদস্যপদ লাভ করে।

**13. বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবি কে উত্থাপন করেন?**

Ⓐ শেরে বাংলা Ⓑ মওলানা ভাসানী
Ⓒ খাজা সালিমুল্লাহ্ Ⓓ ধীরেন্দ্রনাথ দত্ত

**Ⓓ Solve** পাকিস্তানের গণপরিষদে উর্দুর পাশাপাশি বাংলাকে রাষ্ট্রভাষা করার জন্য ধীরেন্দ্রনাথ দত্ত ১৯৪৮ সালের ২৫ ফেব্রুয়ারিতে দাবি করেছিলেন। খাজা নাজিমউদ্দীনসহ আরও অনেকে এই দাবির বিরোধিতা করেছিলেন। অবশেষে ২৩ মার্চ ১৯৫৬ সালে বাংলাকে রাষ্ট্রভাষার মর্যাদা দেয়া হয়েছিল।

**14. বাংলাদেশের সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে বাকশাল প্রতিষ্ঠিত হয়েছিল?**

Ⓐ চতুর্থ Ⓑ একাদশ Ⓒ দ্বাদশ Ⓓ চতুর্দশ

**Ⓐ Solve** বাংলাদেশের সংবিধান ১৯৭২ সালের ৪ নভেম্বর গৃহীত হয়। এ সংবিধানের ১১টি ভাগ, ১৫৩টি অনুচ্ছেদ এবং ৭টি তফসিল রয়েছে। বাংলাদেশের সংবিধানের চতুর্থ সংশোধনীর মাধ্যমে বাকশাল প্রতিষ্ঠিত হয়েছিল।

**15. এদেশে সতীদাহ প্রথা নিবারণ করেন কে?**

Ⓐ লর্ড ক্লাইভ Ⓑ ওয়ারেন হেস্টিংস Ⓒ লর্ড কর্নওয়ালিস Ⓓ লর্ড বেন্টিংক

**Ⓓ Solve** ১৮২৯ সালে লর্ড বেন্টিংক সতীদাহ বা সহমরণ প্রথা নিবারণ করেন। লর্ড ক্লাইভ দ্বৈতশাসন ব্যবস্থা এবং লর্ড কর্নওয়ালিস চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করেন।

**16. রানীপুকুর কয়লাক্ষেত্র বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?**

Ⓐ কুমিল্লা Ⓑ দিনাজপুর Ⓒ বগুড়া Ⓓ রংপুর

**Ⓓ Solve** দিনাজপুর জেলার দীঘিপাড়ায় বাংলাদেশের সবচেয়ে বড় কয়লাখনি অবস্থিত। রংপুর জেলায় রানীপুকুর কয়লাক্ষেত্রে রয়েছে। উন্নতমানের বিটুমিনাস কয়লা দিনাজপুরের বড় পুকুরিয়া কয়লা খনিতে পাওয়া যায়।

**17. ইবনে বতুতার আগমনের সময় বাংলার শাসক ছিলেন-**

Ⓐ ফখরুদ্দিন মুবারক শাহ Ⓑ গিয়াসুদ্দিন আজম শাহ
Ⓒ আলাউদ্দিন হুসেন শাহ Ⓓ শায়েস্তা খান

**Ⓐ Solve** মরক্কোর অধিবাসী ইবনে বতুতা ১৩৪৬ সালে বাংলার প্রথম স্বাধীন সুলতান ফখরুদ্দিন মোবারক শাহর শাসনামলে বাংলায় আসেন। গিয়াসউদ্দীন আযম শাহ এর সাথে পারস্যের কবি হাফিজের পত্রালাপ হতো। শায়েস্তা খানের সময়ে টাকায় আটমণ চাল পাওয়া যেত।

**18. যমুনা সেতুর উপর দিয়ে দেশের পশ্চিমাঞ্চলে ও পূর্বাঞ্চলের মধ্যে ট্রেন চলাচল শুরু হয় কত সালে?**

Ⓐ ২০০১ Ⓑ ২০০২ Ⓒ ২০০৩ Ⓓ ২০০৪

**Ⓒ Solve** যমুনা নদীর উপর নির্মিত যমুনা সেতু ২৩ জুন, ১৯৯৮ সালে যাত্রা শুরু করে। এর দৈর্ঘ্য ৪.৮ কি.মি। ২০০৩ সালে যমুনা সেতু দিয়ে ট্রেন চলাচল শুরু করে।

**19. বাংলাদেশের সংসদ ভবনের স্থপতি কে?**

Ⓐ লুই আই কান Ⓑ হামিদুর রহমান
Ⓒ এফ আর খান Ⓓ জামিল রেজা

**Ⓐ Solve** শেরে বাংলা নগরে ২১৫ একর জমির উপর বাংলাদেশের জাতীয় সংসদ ভবন ১৯৬২ সালে প্রতিষ্ঠা করা হয়। আমেরিকান নাগরিক লুই-আই-কান জাতীয় সংসদ ভবনের নকশা তৈরি করেন।

**20. USA-র প্রেসিডেন্ট ক্লিনটন কবে বাংলাদেশ সফরে আসেন?**

Ⓐ ১ মার্চ ২০০০ Ⓑ ২০ মার্চ ২০০০
Ⓒ ১ জানুয়ারি ২০০১ Ⓓ ১৭ এপ্রিল ২০০১

**Ⓑ Solve** আমেরিকার ৪২তম প্রেসিডেন্ট বিল ক্লিনটন প্রথম মার্কিন প্রেসিডেন্ট হিসেবে ২০ মার্চ ২০০০ সালে বাংলাদেশ সফর করেন। "মাই লাইফ" বিল ক্লিনটনের আত্মজীবনীমূলক গ্রন্থ।

**21. মুজিবনগর কোন জেলায় অবস্থিত?**

Ⓐ কুষ্টিয়া Ⓑ চুয়াডাঙ্গা Ⓒ মেহেরপুর Ⓓ যশোর

**Ⓒ Solve** মুজিবনগর মেহেরপুর জেলায় অবস্থিত। মুজিবনগরের পূর্বনাম ছিল বৈদ্যনাথতলার ভবের পাড়া। তাজউদ্দীন আহমদ বৈদ্যনাথতলার নাম রাখেন মুজিবনগর। মুজিবনগরে ১৯৭১ সালের ১৭ এপ্রিল প্রথম অস্থায়ী সরকার শপথগ্রহণ করেন।

**22. ২০০৭ সালে সাহিত্যে একুশে পদক কে পায়?**

Ⓐ সৈয়দ শামসুল হক Ⓑ বিচারপতি হাবিবুর রহমান
Ⓒ হুমায়ুন আহমেদ Ⓓ মুহাম্মদ জাফর ইকবাল

**Ⓑ Solve** ২০২৪ সালে ভাষা ও সাহিত্যে একুশে পদক পান পাঁচ জন বিশিষ্ট ব্যক্তি।

**23. দক্ষিণ তালপট্টি দ্বীপ কোন নদীতে ছিল?**

Ⓐ কর্ণফুলী Ⓑ হাড়িয়াভাঙ্গা Ⓒ পদ্মা Ⓓ মেঘনা

**Ⓑ Solve** দক্ষিণ তালপট্টি দ্বীপ বা নিউমুর আইল্যান্ড বঙ্গোপসাগরের একটি ছোট দ্বীপ। দ্বীপটি বাংলাদেশ ও ভারতকে বিভক্তকারী হাড়িয়াভাঙ্গা নদীর মোহনায় অবস্থিত। সম্প্রতি ২০১৪ সালে ৭ জুলাই আন্তর্জাতিক সালিশি আদালত এর রায় অনুযায়ী দ্বীপটি ভারতের সমুদ্রসীমায় পড়েছে। তবে ২০১০ সালে দ্বীপটি তলিয়ে যায়।



CamScanner

**24. বাংলাদেশ জাতীয় সংসদের ১ম নির্বাচন কবে হয়?**

Ⓐ ১৯৭১ Ⓑ ১৯৭২ Ⓒ ১৯৭৩ Ⓓ ১৯৭৪

**Ⓒ Solve** ৭ মার্চ ১৯৭৩ সালে বাংলাদেশের প্রথম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। সর্বশেষ ৭ জানুয়ারি ২০২৪ সালে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়।

**25. বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?**

Ⓐ জয়দেবপুর Ⓑ ময়মনসিংহ Ⓒ ঢাকা Ⓓ দিনাজপুর

**Ⓐ Solve** ১ অক্টোবর ১৯৭০ সালে গাজীপুরের জয়দেবপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। দেশের ক্রমবর্ধমান খাদ্য চাহিদা পূরণের জন্য উন্নতমানের ধান উদ্ভাবন করাই এর প্রধান লক্ষ্য।

**26. গ্রিক দার্শনিক নন-**

Ⓐ প্লেটো Ⓑ অ্যারিস্টটল Ⓒ সক্রেটিস Ⓓ ভলটেয়ার

**Ⓓ Solve** গ্রিক দার্শনিক: সক্রেটিস, প্লেটো, এরিস্টটল।
ফরাসি দার্শনিক: রুশো, ভলটেয়ার।

**27. যুক্তরাজ্য কত সনে চীনের নিকট হংকং হস্তান্তর করে?**

Ⓐ ১৯৯৫ Ⓑ ১৯৯৬ Ⓒ ১৯৯৭ Ⓓ ১৯৯৮

**Ⓒ Solve** ১৫৬ বছর যুক্তরাজ্যের অধীনে থাকার পর ১ জুলাই, ১৯৯৭ সালে হংকং, চীনের সাথে একত্রিত হয়। ২০৪৭ সাল পর্যন্ত হংকং ও চীনের মধ্যে "এক দেশ দুইনীতি" চালু থাকবে।

**28. এবারের সেরা চলচ্চিত্রে অস্কার পুরস্কার পেয়েছে-**

Ⓐ দ্যা ডিপার্টেড Ⓑ বাবেল Ⓒ দ্যা কুইন Ⓓ লিটল মিস সানশাইন

**Solve** ২০২৪ সালের (৯৬তম) অস্কার পুরস্কার লাভ করে ওপেনহেইমার চলচ্চিত্রটি।

**29. মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষের বর্তমান স্পিকার-**

Ⓐ ন্যান্সি পেলোসি Ⓑ হিলারি ক্লিনটন
Ⓒ পল রাইয়ান Ⓓ আরনল্ড শোয়ার্জনেগার

**Solve** মাইক জনসন মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষের স্পিকার। হিলারি ক্লিনটন ছিলেন আমেরিকার ইতিহাসের প্রথম নারী প্রেসিডেন্ট প্রার্থী এবং বারাক ওবামা প্রশাসনের সাবেক পররাষ্ট্রমন্ত্রী। আরনল্ড শোয়ার্জনেগার একজন হলিউডের প্রখ্যাত অভিনেতা।

**30. 'Par' শব্দটি কোন খেলার সাথে সম্পৃক্ত?**

Ⓐ ব্রিজ Ⓑ বিলিয়ার্ড Ⓒ গলফ Ⓓ হকি

**Ⓒ Solve** খেলাধুলার সাথে জড়িত শব্দাবলি-
ব্রিজ : Clubs, Diamonds, Hearts, Bid, Pass, Dummy.
বিলিয়ার্ড : Pot, In of, Lugger, Break, Corom, Connom.
গলফ : Caddie, Par, Thee up, Fair Way.
হকি : Circle, Bully, Penalty, Hat-trick.

**31. বিশ্বের প্রথম টেস্টটিউব বেবির জন্ম হয় কোথায়?**

Ⓐ মার্কিন যুক্তরাষ্ট্র Ⓑ আয়ারল্যান্ড Ⓒ ফ্রান্স Ⓓ ব্রিটেন

**Ⓓ Solve** বিশ্বের প্রথম টেস্টটিউব বেবি লুইস ব্রাউনের ইংল্যান্ডে/ব্রিটেনে জন্ম হয় ১৯৭৮ সালে। বাংলাদেশে ২০০১ সালে মোঃ আবু হানিফ ও ফিরোজা বেগম দম্পতি প্রথম টেস্টটিউব বেবি নেন। হিরা, মনি ও মুক্তা বাংলাদেশে জন্মগ্রহণকারী প্রথম টেস্ট টিউব শিশু।

**32. OPEC- এর সদরদপ্তর কোথায়?**

Ⓐ ভিয়েনা Ⓑ তেহরান Ⓒ জেদ্দা Ⓓ ম্যানিলা

**Ⓐ Solve**

| | |
|---|---|
| পূর্ণনাম | Organization of Petroleum Exporting Countries (OPEC) |
| প্রতিষ্ঠা | ১৯৬০ সাল |
| সদর দপ্তর | ভিয়েনা (অস্ট্রিয়া) |
| সদস্য দেশ | ১২টি |

**33. ইরাকের প্রেসিডেন্ট সাদ্দাম হোসেনের ফাঁসি হয় কখন?**

Ⓐ ২৮ ডিসেম্বর ২০০৬ Ⓑ ২৯ ডিসেম্বর ২০০৬
Ⓒ ৩০ ডিসেম্বর ২০০৬ Ⓓ ৩১ ডিসেম্বর ২০০৬

**Ⓒ Solve** সাদ্দাম হোসেন ১৯৭৯ সালে ইরাকের প্রেসিডেন্ট হন ও ২০০৩ সালে ক্ষমতাচ্যুত হন। দুজাইল হত্যা মামলায় ৩০ ডিসেম্বর সালে সাদ্দাম হোসেনের ফাঁসি কার্যকর হয়। ২০০৩ সালের ২০ মার্চ ইরাক আক্রমণ করে ইঙ্গো-মার্কিনরা।

**34. নিম্নের কোনটি স্ক্যান্ডিনেভীয় দেশ নয়?**

Ⓐ ডেনমার্ক Ⓑ ইতালি Ⓒ নরওয়ে Ⓓ সুইডেন

**Ⓑ Solve** স্ক্যান্ডিনেভিয়ান দেশসমূহ হচ্ছে ফিনল্যান্ড, ডেনমার্ক, আইসল্যান্ড, সুইডেন, নরওয়ে। মনে রাখুন- ফিডে আসুন।

**35. সিমলা চুক্তি কোন সনে স্বাক্ষরিত হয়?**

Ⓐ ১৯৭২ Ⓑ ১৯৭৩ Ⓒ ১৯৭৪ Ⓓ ১৯৭৫

**Ⓐ Solve** ভারত ও পাকিস্তানের মধ্যে ১৯৭২ সালের ৩ জুলাই ভারতের হিমাচল প্রদেশের রাজধানী সিমলাতে সিমলা চুক্তি স্বাক্ষরিত হয়। ভারত ও পাকিস্তানের মধ্যে শান্তি স্থাপনই ছিল এ চুক্তির লক্ষ্য ও উদ্দেশ্য।

**36. বিশ্বব্যাংকের বর্তমান প্রেসিডেন্ট কে?**

Ⓐ জেমস উলফেনসন Ⓑ রবার্ট ম্যাকনামারা
Ⓒ ইউজিন ব্যাক Ⓓ জিম ইয়াং কিম

**Ⓓ Solve** বিশ্ব ব্যাংক (World Bank) = International Bank for Reconstruction and Development (IBRD) + International Development Association (IDA) । সদর দফতর ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্রে। বর্তমান প্রেসিডেন্ট অজয় বাঙ্গা।

**37. কিয়োটো প্রটোকল কোন সনে স্বাক্ষরিত হয়?**

Ⓐ ১৯৯৭ Ⓑ ১৯৯৮ Ⓒ ১৯৯৯ Ⓓ ২০০০

**Ⓐ Solve** জাপানের কিয়োটোতে বিশ্বের ১৭৪টি দেশের মধ্যে ১১ ডিসেম্বর ১৯৯৭ সালে কিয়োটো চুক্তি স্বাক্ষরিত হয়। কিয়োটো প্রটোকলের ২০১২-তে শেষ হলেও এর মেয়াদ ২০২০ সাল পর্যন্ত বাড়ানো হয়। বাংলাদেশ ২০০১ সালে কিয়োটো চুক্তিতে স্বাক্ষর করে এবং ২০০৫ সালে কার্যকর হয়।

**38. Perestrioika ও Glasnost এর উদ্যোক্তা কে?**

Ⓐ ক্লিনটন Ⓑ বুশ Ⓒ গর্বাচেভ Ⓓ ইয়েলৎসিন

**Ⓒ Solve** মিখাইল গর্বাচেভ ১৯৮৫ সালে Perestrioika ও Glasnost নীতি প্রবর্তন করেন। Perestrioika মানে সংস্কারমূলক বা উন্নয়নমূলক আলোচনা এবং Glasnost মানে খোলামেলা আলোচনা করা।

**39. পর্তুগালের রাজধানী কোথায়?**

Ⓐ মাদ্রিদ Ⓑ লিসবন Ⓒ রোম Ⓓ তিরানা

**Ⓑ Solve** দেশ ও রাজধানী বিষয়ক তথ্য :

| দেশ | রাজধানী | দেশ | রাজধানী |
|---|---|---|---|
| পর্তুগাল | লিসবন | ইতালি | রোম |
| স্পেন | মাদ্রিদ | আলবেনিয়া | তিরানা |

**40. ইরানের বর্তমান প্রেসিডেন্ট কে?**

Ⓐ মাহমুদ আহমেদিনেজাদ Ⓑ হামিদ কারজাই
Ⓒ মাহমুদ আব্বাস Ⓓ হাসান রুহানি

**Solve** ইরানের পূর্বনাম পারস্য। ইরান ব্রিটেনের উপনিবেশ ছিল। ইরানের পতাকা কখনো অর্ধনমিত করা হয় না। ইরানের বর্তমান প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান।

**41. জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা কত?**

Ⓐ ১৮৯টি Ⓑ ১৯০টি Ⓒ ১৯১টি Ⓓ ১৯৩টি

**Ⓓ Solve** ১৯৪৫ সালের ২৪ অক্টোবর জাতিসংঘ গঠিত হয়। ২৪ অক্টোবর জাতিসংঘ দিবস পালন করা হয়। জাতিসংঘের বর্তমানে ১৯৩টি সদস্যদেশ রয়েছে। ১৪ জুলাই ২০১১ সালে দক্ষিণ সুদান সর্বশেষ সদস্যপদ লাভ করে।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

42. The Prince গ্রন্থটির লেখক কে?
Ⓐ প্লেটো Ⓑ ম্যাকিয়াভেলি Ⓒ হবস Ⓓ রুশো

Ⓑ Solve নিকোলো ম্যাকিয়াভেলি "The Prince" গ্রন্থের লেখক। এই গ্রন্থের মূল প্রতিপাদ্য বিষয় হচ্ছে, রাষ্ট্র পরিচালনায় সাফল্যের জন্য একজন শাসককে নৈতিক মূল্যবোধ সম্পূর্ণ বিসর্জন দিতে হবে এবং নির্ভর করতে হবে শক্তি ও কৌশলের উপর।

43. হিরোশিমার উপর কখন আণবিক বোমা নিক্ষিপ্ত হয়?
Ⓐ ১ আগস্ট, ১৯৪৫ Ⓑ ৬ আগস্ট, ১৯৪৫
Ⓒ ৯ আগস্ট, ১৯৪৫ Ⓓ ১৪ আগস্ট, ১৯৪৫

Ⓑ Solve দ্বিতীয় বিশ্বযুদ্ধে ব্রিটেন, ফ্রান্স, রাশিয়া, পোল্যান্ড, আমেরিকা ছিল মিত্রশক্তি আর অপরদিকে জার্মানি, ইতালি ও জাপান ছিল অক্ষশক্তি। ১৯৪১ সালের ৭ ডিসেম্বর জাপান পার্ল হারবারে আক্রমণ করলে আমেরিকা ২য় বিশ্বযুদ্ধে সরাসরি জড়িয়ে পড়ে। ৬ আগস্ট ১৯৪৫ সালে আমেরিকা জাপানের হিরোশিমাতে আণবিক বোমা নিক্ষেপ করে।

44. নিচের কোনটি স্থলবেষ্টিত দেশ নয়?
Ⓐ আফগানিস্তান Ⓑ নেপাল Ⓒ মঙ্গোলিয়া Ⓓ ভিয়েতনাম

Ⓓ Solve সমুদ্রবন্দরবিহীন দেশসমূহকে স্থলবেষ্টিত দেশ বলা হয়। যেমন: আফগানিস্তান, নেপাল, মঙ্গোলিয়া, ভুটান, দক্ষিণ সুদান, হাঙ্গেরি, প্রভৃতি। অপরদিকে ভিয়েতনামের সমুদ্রবন্দর আছে। যথা: হো চি মিন সিটি।

45. প্রথম বিশ্বযুদ্ধের সমাপ্তির পর জার্মানির সাথে কোন চুক্তিটি স্বাক্ষরিত হয়?
Ⓐ ইয়াল্টা Ⓑ লন্ডন Ⓒ ভার্সাই Ⓓ বার্লিন

Ⓒ Solve ১৯১৯ সালে ফ্রান্সের ভার্সাই নগরীতে প্রথম বিশ্বযুদ্ধের মিত্রশক্তি ও জার্মানির মধ্যে দ্বিতীয় ভার্সাই চুক্তি স্বাক্ষরিত হয়। জার্মানিকে যুদ্ধ অপরাধী হিসেবে চিহ্নিত করা এবং ক্ষতিপূরণ আদায় করাই ছিল এ চুক্তির লক্ষ্য ও উদ্দেশ্য।

46. ২০০৬ সনে অর্থনীতিতে কে নোবেল পুরস্কার পান?
Ⓐ অ্যাডাম স্মিথ Ⓑ ডেভিড রিকার্ডো
Ⓒ পল স্যামুয়েলসন Ⓓ এডমন্ড ফেলপ্স

Ⓓ Solve ২০২৪ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার পেয়েছেন ড্যারন অ্যাসেমোগ্লু, সাইমন জনসন এবং জেমস এ রবিনসন।

47. WTO-র বর্তমান সদস্য সংখ্যা কত?
Ⓐ ১৪৮ Ⓑ ১৪৯ Ⓒ ১৫০ Ⓓ ১৬৪

Ⓓ Solve WTO বিষয়ক তথ্য :

| | |
|---|---|
| পূর্ণরূপ | World Trade Organization (WTO). |
| প্রতিষ্ঠা | ১ জানুয়ারি, ১৯৯৫। |
| সদর দপ্তর | জেনেভা, সুইজারল্যান্ড। |
| সদস্য দেশ | ১৬৬টি। (সর্বশেষ পূর্ব তিমুর) |
| বাংলাদেশ ১ জানুয়ারি ১৯৯৫ সালে WTO এর সদস্যপদ লাভ করে। | |

48. সর্বশেষ পারমাণবিক বিস্ফোরণকারী দেশ কোনটি?
Ⓐ ভারত Ⓑ পাকিস্তান Ⓒ ইরান Ⓓ উত্তর কোরিয়া

Ⓓ Solve এশিয়া মহাদেশের দূরপ্রাচ্যে অবস্থিত উত্তর কোরিয়া পারমাণবিক ক্ষমতাধর দেশ। সম্প্রতি অষ্টম দেশ হিসেবে পারমাণবিক অস্ত্রের অধিকারী হয়। কিম জং ইন হলেন উত্তর কোরিয়ার সর্বোচ্চ নেতা।

49. ২০০৬ সনে কে বুকার পুরস্কার পান?
Ⓐ সালমান রুশদী Ⓑ মনিকা আলী Ⓒ কিরণ দেশাই Ⓓ অরুন্ধতী রায়

Ⓒ Solve ভারতীয় লেখিকা কিরণ দেশাই 'The Inheritance of Loss' গ্রন্থের জন্য ২০০৬ সালে বুকার পুরস্কার লাভ করেন। ২০২৪ সালে ব্রিটিশ লেখিকা সামান্থা হার্ভে তার 'অরবিটাল' গ্রন্থের জন্য বুকার পুরস্কার পান।

50. জাতিসংঘের মহাসচিব বান কি মুন কোন দেশের?
Ⓐ চীন Ⓑ দক্ষিণ কোরিয়া Ⓒ উত্তর কোরিয়া Ⓓ জাপান

Ⓑ Solve দক্ষিণ কোরিয়ার অধিবাসী বান কি মুন জাতিসংঘের অষ্টম মহাসচিব ছিলেন। এশিয়া থেকে দ্বিতীয় ব্যক্তি। বান কি মুনের আগে মিয়ানমারের উথান্ট এশিয়া থেকে মহাসচিব হয়েছিলেন। পর্তুগালের নাগরিক অ্যান্তোনিও গুতেরেস জাতিসংঘের বর্তমান ও নবম মহাসচিব।

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়
## ভর্তি পরীক্ষা : ২০০৫-২০০৬; ইউনিটঃ খ

### বাংলা

01. 'যাদের শাসনে হলো সুন্দর কুসুমিতা মনোহরা।' চরণটিতে বিশেষণের সংখ্যা–
Ⓐ ১ Ⓑ ২ Ⓒ ৩ Ⓓ ৪

Ⓒ Solve নির্ণীত বিশেষণ : যাদের শাসনে হলো সুন্দর কুসুমিতা মনোহরা।

02. ধ্বনি প্রত্যঙ্গ নয়–
Ⓐ মুখ Ⓑ ঠোঁট Ⓒ দাঁত Ⓓ কান

Ⓓ Solve মানবদেহের যেসব প্রত্যঙ্গ ধ্বনি উৎপাদনে ব্যবহৃত হয় সেগুলোকে বাক্‌প্রত্যঙ্গ বলে। মুখ, ঠোঁট, দাঁত, ফুসফুস, শ্বাসনালি, গলবিল, জিভ, আলজিভ, মূর্ধা ইত্যাদি বাগ্‌যন্ত্রের অন্তর্ভুক্ত।

03. 'আঠারো বছর বয়স' হলো–
Ⓐ ভীরু Ⓑ নির্ভয় Ⓒ সংশয়ী Ⓓ বিনয়ী

Ⓑ Solve সুকান্ত ভট্টাচার্য তাঁর 'আঠারো বছর বয়স' কবিতায় আঠারো বছর বয়সের স্বভাব-বৈশিষ্ট্যকে জাতীয় জীবনের চালিকাশক্তি হিসেবে উপস্থাপন করেছেন। আঠারো বছর বয়স অসীম সাহস আর অকুতোভয় মানসিকতায় ভরপুর।

04. 'এমন উন্মনা তুমি? কোথা তব নব পুষ্পসাজ?' এ জিজ্ঞাসা আছে যে কবিতায়–
Ⓐ তাহারেই পড়ে মনে Ⓑ সোনার তরী
Ⓒ জীবন-বন্দনা Ⓓ বাংলাদেশ

Ⓐ Solve কবি সুফিয়া কামালের 'তাহারেই পড়ে মনে' কবিতার অংশবিশেষ : কহিলাম, "কেন কবি আজ/ এমন উন্মনা তুমি? কোথা তব নব পুষ্পসাজ?"

05. 'চুলোয় দেওয়া' বাগ্‌ধারাটির অর্থ–
Ⓐ পোড়ানো Ⓑ নষ্ট করা Ⓒ পরিত্যাগ করা Ⓓ নিশ্চিহ্ন করা

Ⓓ Solve বাগ্‌ধারা ও অর্থ : চোরাবালি (অদৃশ্য বিপদের আশঙ্কা), চড়া – পড়া (নদীতে চর সৃষ্টি হওয়া), চক্ষের পুতলি (আদরের ধন)।

06. বহুব্রীহি সমাসের দৃষ্টান্ত–
Ⓐ পুত্রলাভ Ⓑ তপোবন Ⓒ প্রিয়ংবদা Ⓓ অনসূয়া

Ⓓ Solve সমাস নির্ণয় :

| সমস্তপদ | ব্যাসবাক্য | সমাসের নাম |
|---|---|---|
| অনসূয়া | নেই অসূয়া যার | নঞ্‌ বহুব্রীহি |

07. 'সে অপরাধ করেনি।' নেতিবাচক বাক্যটির অস্তিবাচক রূপ–
Ⓐ সে অপরাধ করেছে Ⓑ সে অপরাধ না করে পারেনি
Ⓒ সে নিরপরাধ Ⓓ সে অপরাধী নয়

Ⓒ Solve কয়েকটি নেতিবাচক বাক্যকে অস্তিবাচক বাক্যে রূপান্তর : তিনি গতকাল সভায় উপস্থিত ছিলেন না → তিনি গতকাল সভায় অনুপস্থিত ছিলেন। রোগীটি বেঁচে নেই → রোগীটি মারা গেছে। আমি মিথ্যা বলা পছন্দ করি না → আমি মিথ্যা বলা অপছন্দ করি।

08. বাক্যে সমজাতীয় একাধিক পদের ব্যবহার হলে যে বিরামচিহ্ন বসে–
Ⓐ কমা Ⓑ সেমিকোলন Ⓒ হাইফেন Ⓓ কোলন

Ⓐ Solve কমার (,) ব্যবহার :
- সমজাতীয় একাধিক পদকে পৃথক করার জন্য প্রতিটি পদের পরে কমা বসে।
- বাক্য পাঠকালে সুস্পষ্টতার জন্য স্বল্প বিরতির প্রয়োজন হলে কমা বসে।
- উদ্ধরণ চিহ্নের পূর্বে কমা বসে।
- সম্বোধন পদের পরে কমা বসে।


JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CamScanner

09. ফরাসি থেকে আগত শব্দ-

Ⓐ চাঁদা Ⓑ তরফ
Ⓒ ইংরেজ Ⓓ হিম

Solve চাঁদা- হিন্দি শব্দ। হিম- সংস্কৃত (তৎসম) শব্দ, তরফ- ফারসি শব্দ এবং ইংরেজ- পর্তুগিজ শব্দ। কয়েকটি ফরাসি শব্দ : কার্তুজ, কুপন, ডিপো, রেস্তোরাঁ।

10. উপরি + উক্ত = কী হবে?

Ⓐ উপরিউক্ত Ⓑ উপর্যুক্ত
Ⓒ উপরুক্ত Ⓓ উপরোক্ত

(B) Solve সন্ধির ক্ষেত্রে 'পরি' উপসর্গের পর 'ই' ও 'ঈ' ভিন্ন অন্য স্বর থাকলে 'পরি' শব্দের রি এবং পরবর্তী স্বর মিলে 'র্য' হয়। যেমন : পরি + অয় = পর্যয়, পরি + অন্ত = পর্যন্ত, উপরি + উক্ত = উপর্যুক্ত, উপরি + উপরি = উপর্যুপরি।

11. 'সম্মার্জনী' শব্দের অর্থ-

Ⓐ গ্রামের মূল্য Ⓑ সন্ন্যাসী
Ⓒ ঝাড়ু Ⓓ সম্মানসূচক উপহার

(C) Solve শব্দার্থ : সম্মার্জনী = যার সাহায্যে ময়লা পরিষ্কার করা হয়, ঝাঁটা, বুরুশ, ঝাড়ু। সম্মার্জন = পরিষ্করণ। সম্মার্জিত = ঝাঁট দেওয়া হয়েছে এমন, পরিষ্কৃত। সম্মার্জনা = ঘষে-মেজে পরিষ্কার করা।

12. 'দারিদ্র্য' এর বিপরীতার্থক শব্দ-

Ⓐ সম্পদ Ⓑ ধনী
Ⓒ ঐশ্বর্য Ⓓ উন্নয়ন

(C) Solve 'দারিদ্র্য' (বিশেষ্য)-এর বিপরীত শব্দ 'ঐশ্বর্য' (বিশেষ্য)। অপরদিকে, 'দরিদ্র' (বিশেষণ) এর বিপরীত শব্দ 'ধনী'।

13. কোন বাক্যে কর্তৃকারকে সপ্তমী বিভক্তির উদাহরণ আছে?

Ⓐ লোকে পাপ, পাপে মৃত্যু
Ⓑ লোকে বলে মাঘের শেষে বৃষ্টি হলে দেশের কল্যাণ হয়
Ⓒ শীত এলে বসন্ত কি দূরে থাকে
Ⓓ রোদে কাপড় শুকায়

(B) Solve বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে তা ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক। 'লোকে বলে' অংশটিতে 'লোকে কর্তৃকারকে সপ্তমী বিভক্তি। তাই 'লোকে বলে মাঘের শেষে বৃষ্টি হলে দেশের কল্যাণ হয়।' - কর্তৃকারকে সপ্তমী বিভক্তির উদাহরণ।

14. সাধু ভাষা ও চলিত ভাষার মূল পার্থক্য -

Ⓐ ক্রিয়াপদ ও সর্বনাম পদের রূপে Ⓑ তৎসম শব্দের ব্যবহারের তারতম্যে
Ⓒ আধুনিক ও সেকেলে দৃষ্টিভঙ্গিতে Ⓓ বাক্যের গঠন রীতিতে

(A) Solve সাধু ও চলিত রীতিতে বেশ কিছু পার্থক্য থাকলেও প্রধান পার্থক্য ক্রিয়াপদ ও সর্বনাম পদের ব্যবহারের ক্ষেত্রে। সাধু রীতিতে ক্রিয়াপদ ও সর্বনাম পূর্ণাঙ্গরূপে ব্যবহৃত হয়, কিন্তু চলিত রীতিতে ক্রিয়াপদ ও সর্বনাম সংক্ষিপ্ত রূপে ব্যবহৃত হয়।

15. উপসর্গঘটিত শব্দ -

Ⓐ বিহার Ⓑ বিলাত
Ⓒ বিমার Ⓓ বিষাক্ত

(A) Solve কতিপয় উপসর্গঘটিত শব্দ : বিহার, বিদায়, অবজ্ঞা, অনুতাপ, অনুকূল, অনুকম্পা, নির্ভর, নির্ণয়।

16. অব্যক্ত ভাব প্রকাশক অব্যয়-

Ⓐ ঝম ঝম Ⓑ শন শন Ⓒ খাঁ খাঁ Ⓓ ঢং ঢং

(C) Solve 'খাঁ খাঁ' শব্দটি দ্বারা শূন্যতা, ব্যাকুলতা, উৎকণ্ঠা প্রভৃতি অব্যক্ত ভাব প্রকাশ পায়। অন্যদিকে ঝমঝম (বৃষ্টি পড়ার শব্দ), শনশন (বাতাসের শব্দ), ঢং ঢং (ঘণ্টা বাজানোর শব্দ) বস্তুর ধ্বনির অনুকার।

17. 'প্রকৃতি দার্শনিক কি বিজ্ঞানী কেবল নিজের ব্যবহারের জন্য সত্য আবিষ্কার করতে ব্রতি হন নাই'- চলিত রীতির বাক্যটিতে ভুলের সংখ্যা-

Ⓐ ১ Ⓑ ২
Ⓒ ৩ Ⓓ ৪

(C) Solve বাক্যটিতে অশুদ্ধ শব্দের শুদ্ধ রূপ : প্রকৃত, ব্রতী, হননি।

18. 'Super power' এর পরিভাষা-

Ⓐ অতিশক্তি Ⓑ ক্ষমতাশালী রাষ্ট্র
Ⓒ একচ্ছত্র Ⓓ পরাশক্তি

(D) Solve পরিভাষা : Super power - পরাশক্তি, মহাশক্তি ; Superman - অতিমানব ; Surgery - শল্যচিকিৎসক ; Suspect - সন্দেহভাজন।

19. 'I took him to be a man of taste' বাক্যটির যথাযথ বাংলা অনুবাদ-

Ⓐ আমি তাঁকে একজন রুচিশীল মানুষ মনে করেছিলাম
Ⓑ আমি তাঁকে এক মজার মানুষ হিসেবে গ্রহণ করেছিলাম
Ⓒ আমি মনে করলাম, তিনি বোধ হয় মজার লোক
Ⓓ আমি তাঁকে একজন সংস্কৃতিবান মানুষ হিসেবে নিয়েছিলাম

(A) Solve Man of taste অর্থ : রুচিশীল মানুষ।

20. সৌদামিনী মালোর স্বামী ছিল-

Ⓐ কেরানি Ⓑ আরদালি
Ⓒ খানসামা Ⓓ পেয়াদা

(B) Solve শওকত ওসমানের 'সৌদামিনী মালো' গল্পে সৌদামিনী মালোর স্বামী জগদীশ মালো ছিল পেশায় আরদালি।

21. 'যৌবনের গান'-এ যাঁর উল্লেখ আছে-

Ⓐ সানইয়াৎ Ⓑ হিটলার
Ⓒ স্টালিন Ⓓ চার্চিল

(A) Solve 'যৌবনের গান' কাজী নজরুল ইসলামের একটি 'অভিভাষণ'।

22. 'হাত পেয়েছি কত দেখি পাঞ্জেরি' এ বাক্যটি 'পাঞ্জেরি' কবিতায় কয়বার ব্যবহৃত হয়েছে?

Ⓐ ২ Ⓑ 3
Ⓒ ৪ Ⓓ ৫

(C) Solve 'পাঞ্জেরী' কবিতাটির রচয়িতা কবি ফররুখ আহমদ।

23. 'ধন্যবাদ' কবিতার কথক 'ডলি' নামটিকে মনে করেছিল-

Ⓐ একটি কুকুরের নাম Ⓑ একটি পুতুলের নাম
Ⓒ একটি ছোট মেয়ের নাম Ⓓ উপরওয়ালার মেয়ের নাম

(D) Solve 'ধন্যবাদ' কবিতাটি কবি আহসান হাবীব রচনা করেছেন।

24. 'বাড়ি যেতে হয় আপনি যান। ও যাবে না।' 'একুশের গল্প'-এ কথাটি বলেছিল-

Ⓐ তপু Ⓑ রেণু
Ⓒ রাহাত Ⓓ রুনী

(C) Solve 'একুশের গল্প' জহির রায়হানের রচিত গল্প, যা ১৯৫২ সালের ভাষা আন্দোলনের প্রেক্ষিতে লেখা।

25. 'পাথুরে কয়লা হীরার সবর্ণ না হলেও সগোত্র।' বাক্যটির রচয়িতা-

Ⓐ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় Ⓑ প্রমথ চৌধুরী
Ⓒ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓓ বেগম রোকেয়া

(B) Solve প্রমথ চৌধুরী তাঁর 'সাহিত্যে খেলা' প্রবন্ধে বলেছেন, "আমাদের শিক্ষকদের প্রসাদে আমাদের এ জ্ঞান লাভ হয়েছে যে, পাথুরে - কয়লা হীরার সবর্ণ না হলেও সগোত্র ; অপরপক্ষে হীরক ও কাচ যমজ হলেও সগোত্র নয়।"



CamScanner

## English

**Read the following passage and answer questions 1 - 5**

Men are the cleverest and most dangerous animals on earth. Rats come second. Men kill their enemies. They have killed millions of men since ancient times– but rats have killed hundreds of millions of men. Rats carry diseases. Black rats carry fleas, and these fleas give men bubonic plague. Bubonic plague still kill thousands of Asians and Africans today– as it killed millions of Europeans in the past, until brown rats came to Europe and pushed the black rats out. There is no plague in Europe today, but brown rats carry thirty-five diseases– typhus for example. Typhus has killed 200 million people in the last 400 years. Rats are dangerous, they not only carry diseases into men's homes, they also take men's food. They eat 33 million tons of grain every year. That is enough grain to feed 200 million people– so men die of hunger because rats eat their food. Rats are clever, too. They have good leaders. Men try to poison them, but if their leader tell them that food is dangerous they do not eat it. So our cities and villages are full of rats. We can go to the moon, but we cannot kill this dangerous enemy. Why? Is it because we are not clean?

**01. There isn't —— plague in Europe today.**
Ⓐ some Ⓑ any Ⓒ the Ⓓ no
B Explanation আজ ইউরোপে কোনো Plague নাই। Here any is used as a determiner.

**02. Plague —— millions of men since ancient times.**
Ⓐ killed Ⓑ kills
Ⓒ is killing Ⓓ has killed
D Explanation প্রাচীনকালে Plague -এ লক্ষ লক্ষ মানুষ মারা গেছে।

**03. Rats are clever enough to-**
Ⓐ know when food has got poison in it
Ⓑ have good leaders and tell them what to do
Ⓒ eat food that is dangerous
Ⓓ kill men who try to kill them
A Explanation ইদুর অনেক চালাক বা বোঝে কখন খাবারে বিষ থাকে।

**04. Men are —— than other animals on earth**
Ⓐ more clever Ⓑ cleverer
Ⓒ clever Ⓓ cleverest
B Explanation Clever এর comparative form হলো cleverer। তাছাড়া বাক্যে than থাকলে adjective এর comparative form হয়।

**05. There are not black rats in Europe today because-**
Ⓐ they got plague in the Middle Ages
Ⓑ they live in America, Asia and Africa now
Ⓒ men killed them all with diseases
Ⓓ brown rats took their place
D Explanation ইউরোপে এখন কোনো কালো ইদুর নাই কারণ, brown rats তাদের জায়গা দখল করে নিয়েছে।

***Choose the correct spelling:***

**06.** Ⓐ succesful Ⓑ sucessful
Ⓒ succesfool Ⓓ successful
D Explanation Several examples: sacrilegious, sandwich, satellite, scissors, secretariat, soliloquy, souvenir, supersede, surveillance, supercilious, etc.

**07.** Ⓐ dimention Ⓑ dymension
Ⓒ dimension Ⓓ dimansion
C Explanation Some examples: dehydration, descend, descendant, diabetes, diarrhoea/diarrhea, dilemma, dinosaur, disastrous, disease, dysentery, etc.

***Choose the appropriate preposition:***

**08. I will be back —— an hour.**
Ⓐ in Ⓑ with Ⓒ from Ⓓ to
A Explanation নির্দিষ্ট সময়ের মধ্যে বোঝাতে preposition 'in' বসে।

**09. The scientist talked —— his new theory.**
Ⓐ with Ⓑ at Ⓒ about Ⓓ to
C Explanation কোনো বিষয়ে বা কোনো কিছু সম্বন্ধে কিছু বলা বা করা অর্থে talk about হয়।

***Choose the appropriate article:***

**10. He lives —— comfortable life.**
Ⓐ a Ⓑ the Ⓒ an Ⓓ no article
A Explanation এখানে সাধারণ অর্থে consonant word এর পূর্বে article 'a' বসেছে।

**11.** Ⓐ Will you go to the park? Ⓑ You go will to the park?
Ⓒ Will go you to the park? Ⓓ Go will you to the park?
A Explanation নির্দিষ্ট করে বুঝায় এমন common noun এর singular ও plural number এর পূর্বে The বসে।

**12. Which sentence is punctuated properly?**
Ⓐ I am shocked at what is going on, nonetheless, I will continue to work here.
Ⓑ I am shocked at what is going on; nonetheless, I will continue to work here.
Ⓒ I am shocked at what is going on nonetheless I will continue to work here.
Ⓓ I am shocked at what is going on nonetheless, I will continue to work here.
Ans B

**13. He was rejected —— his young age.**
Ⓐ not only Ⓑ because of
Ⓒ but also Ⓓ because
B Explanation বয়স কম হওয়ার কারনে তাকে বাদ দেওয়া হয়েছিল।

**14. Choose the word that is spelled incorrectly.**
Ⓐ criticized Ⓑ curiosity Ⓒ attendence Ⓓ carefully
C Explanation Some examples: committee, camouflage, cadaverous, conscientious, chauvinism, chancellor, caffeine, ceiling, chocolate, condescend, consciousness, connoisseur, cigarette, counterfeit, etc.

**15. Find the correct antonym for 'superficial'.**
Ⓐ artificial; Ⓑ sufficient; Ⓒ indifferent; Ⓓ deep
D Explanation Superficial এর কিছু antonyms: deep, profound, bottomless, fathomless, etc.

**16. To build castles in the air is to ——.**
Ⓐ to work on a massive scale Ⓑ to make a fortune
Ⓒ to be a dreamer/day dreamer Ⓓ to work selflessly
C Explanation 'To build castles in the air' means to be a day dreamer (আকাশ-কুসুম কল্পনা করা)।

**17. Select from the alternatives the word that is closest in meaning to "indigenous".**
Ⓐ foreign; Ⓑ locale; Ⓒ native; Ⓓ distant
C Explanation Closest meanings of indigenous are native, local, domestic, aboriginal, etc.



CamScanner

**18. Select the correct form of the following sentence; He said to me, "You are always unreliable."**

Ⓐ He said to me that I am going to be unreliable
Ⓑ He told me that I was always unreliable
Ⓒ He told me that I had been always unreliable
Ⓓ He told me that I would be unreliable

Ⓑ Explanation Reporting verb এর পর comma'র পরিবর্তে that এবং reported speech এর subject (you) follow করে Reporting verb এর object (me) কে। তাই you এর পরিবর্তে I হয়েছে এবং সাহায্যকারী verb tense অনুযায়ী are পরিবর্তিত হয়ে were হয়েছে।

**19. I ——— him long ago.**

Ⓐ see Ⓑ have saw Ⓒ saw Ⓓ have seen

Ⓒ Explanation Ago, long ago, long since, yesterday, etc. ইত্যাদি থাকলে বাক্যে verb এর past form হয়।

**20. He seems ——— his best for the test.**

Ⓐ to trying Ⓑ to have tried
Ⓒ had tried Ⓓ trying to

Ⓑ Explanation পরীক্ষার জন্য সর্বোচ্চ চেষ্টা করতে হবে বলে সে মনে করছিল।

**21. Choose the correct preposition for the following sentence: Armed thieves descended ——— the harmless travellers.**

Ⓐ on Ⓑ in Ⓒ at Ⓓ into

Ⓐ Explanation Descended on অর্থ আকস্মিকভাবে আক্রমণ করা।

**22. Choose the correct option: Do not repeat the mistake ———**

Ⓐ once again Ⓑ again
Ⓒ against Ⓓ no word / phrase needed

Ⓓ Explanation এখানে repeat শব্দটি থাকার কারণে আর কোনো repeat/again word আসবে না।

**23. Choose the correct meaning of the underlined idiom: Do not nurse a grudge against him.**

Ⓐ to bear ill will Ⓑ to look after carefully
Ⓒ to be relucant Ⓓ to be ready to admire

Ⓐ Explanation 'Nurse a grudge' means to bear ill will, to harbor persistent and continual resentment or ill feelings toward one, etc.

**24. Each of the workers has done ——— job.**

Ⓐ his Ⓑ their Ⓒ there Ⓓ himself

Ⓐ Explanation 'Each of the workers' noun phrase টির subject (Each) singular এবং এর possessive form 'his'.

**25. Complete the following sentence: His speech inspired me immensely and I became ———.**

Ⓐ reluctant Ⓑ depressed Ⓒ passive Ⓓ alert

Ⓓ Explanation তাঁর বক্তব্য আমাকে অত্যন্ত বিস্মিত করেছিল এবং আমি সতর্ক হয়েছিলাম।

## সাধারণ জ্ঞান

## Bangladesh & International Affairs

**01. কোন শহরে জাতিসংঘ সনদ স্বাক্ষরিত হয়?**

Ⓐ লন্ডন Ⓑ প্যারিস Ⓒ নিউইয়র্ক Ⓓ সানফ্রান্সিসকো

Ⓓ Solve ১৯৪৫ সালের ২৬ জুন সানফ্রান্সিসকো শহরে জাতিসংঘ সনদ স্বাক্ষরিত হয় এবং ১৯৪৫ সালের ২৪ অক্টোবর এ সনদ কার্যকর হয়। তাই ২৪ অক্টোবর জাতিসংঘ দিবস। বর্তমানে জাতিসংঘের মহাসচিব পর্তুগালের সাবেক প্রধানমন্ত্রী অ্যান্টেনিও গুতেরেস। বাংলাদেশ জাতিসংঘের ২৯তম অধিবেশনে ১৩৬তম দেশ হিসেবে ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর সদস্যপদ লাভ করে। জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা ১৯৩টি। সর্বশেষ সদস্য দক্ষিণ সুদান (২০১১)।

**02. সর্বশেষ ফারাক্কা পানি বণ্টন চুক্তি কখন স্বাক্ষরিত হয়?**

Ⓐ ১২ ডিসেম্বর, ১৯৯৬ Ⓑ ২৩ মার্চ, ১৯৯৭
Ⓒ ১৪ ডিসেম্বর, ১৯৯৮ Ⓓ ৩১ জানুয়ারি, ২০০১

Ⓐ Solve নয়াদিল্লির হায়দ্রাবাদ হাউজে ১৯৯৬ সালের ১২ ডি... বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ভারতের সাবেক প্র... এইচ.ডি দেবগৌড়ার মধ্যে ৩০ বছরের জন্য ফারাক্কা বা গঙ্গা পানি বণ্ট... স্বাক্ষরিত হয়। এ চুক্তির প্রধান উদ্দেশ্য গঙ্গার পানির ন্যায্য হিস্যা বণ্টন।

**03. বাংলাদেশের সংবিধানের দ্বাদশ সংশোধনীর বিষয়বস্তু কী?**

Ⓐ বাকশাল প্রতিষ্ঠা Ⓑ রাষ্ট্রধর্ম ইসলাম
Ⓒ জরুরী অবস্থা ঘোষণা Ⓓ সংসদীয় সরকার পদ্ধতি প্রবর্ত...

Ⓓ Solve বাংলাদেশের সংবিধানে এ পর্যন্ত ১৭টি সংশোধনী হয়েছে। সংবিধান সংশোধনের জন্য দুই-তৃতীয়াংশ ভোটের প্রয়োজন। দ্বাদশ সংশোধনীতে বাংলাদেশে সংসদীয় গণতন্ত্রের উত্তরণ ঘটে।

**04. সম্প্রতি ঢাকায় কততম সার্ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়?**

Ⓐ নবম Ⓑ দশম Ⓒ দ্বাদশ Ⓓ ত্রয়োদ...

Solve ২০১৭ সালে পাকিস্তানে ১৯তম সার্ক শীর্ষ সম্মেলন অনু... হওয়ার কথা ছিল যা স্থগিত করা হয়েছে।

**05. WTO কখন যাত্রা শুরু করে?**

Ⓐ ১ জানুয়ারি, ১৯৯২ Ⓑ ১ জানুয়ারি, ১৯৯৪
Ⓒ ১ জানুয়ারি, ১৯৯৫ Ⓓ ১ জানুয়ারি, ১৯৯৬

Ⓒ Solve World Trade Organization (WTO) প্রতিষ্ঠিত হ... জানুয়ারি ১৯৯৫। বাংলাদেশ একই দিনে সদস্য পদ লাভ করে। WTO-... পূর্বসূরি GATT।

**06. বাংলা সনের প্রবর্তক কে ছিলেন?**

Ⓐ সম্রাট আকবর Ⓑ সম্রাট আশোক Ⓒ হর্ষবর্ধন Ⓓ ঈশা খাঁ

Ⓐ Solve সম্রাট আকবর ১৫৫৬ সালে ১৩ বছর বয়সে দিল্লির সিংহা... বসেন। তিনি বাংলা সনের প্রবর্তন করেন। দ্বীন-ই-ইলাহী সম্রাট আকব... প্রবর্তিত নতুন ধর্মমতের নাম।

**07. Mein Kampf এর লেখক কে?**

Ⓐ উইনস্টন চার্চিল Ⓑ কার্ল মার্কস Ⓒ এডলফ হিটলার Ⓓ আবুল কালাম

Ⓒ Solve অস্ট্রিয়ায় জন্মগ্রহণকারী এডলফ হিটলার ১৯৩৩ সালে জা... চ্যান্সেলর হন। তিনি দ্বিতীয় বিশ্বযুদ্ধের নায়ক এবং ১৯৪৫ সালের ৩০ এপ্রি... আত্মহত্যা করেন। "Mein kampf" এডলফ হিটলারের আত্মজীবনীমূলক বই।

**08. ২০০৫ সনে ব্যক্তি হিসেবে কে নোবেল শান্তি পুরস্কার পান?**

Ⓐ আল বারাদি Ⓑ নে উইন
Ⓒ ইয়াসির আরাফাত Ⓓ হেনরি কিসিঞ্জার

Ⓐ Solve উল্লিখ্য, ২০১৭ সালে নোবেল শান্তি পুরস্কার পায় ICAN... ২০২৪ সালে শান্তিতে নোবেল পায় জাপানি পারমাণবিক নিরস্ত্রীকরণ সংস্থা নিহ... হিদানকিও।

**09. কোন্ সনে বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ লাভ করে?**

Ⓐ ১৯৭২ সালে Ⓑ ১৯৭৩ সালে Ⓒ ১৯৭৪ সালে Ⓓ ১৯৭৫ সালে

Ⓒ Solve

United Nation (জাতিসংঘ) প্রতিষ্ঠিত হয় ২৪ অক্টোবর ১৯৪৫ সা... সদরদপ্তর যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অবস্থিত। সদস্য সংখ্যা ১৯৩টি দেশ... বাংলাদেশ ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর ১৩৬তম দেশ হিসেবে জাতিসংঘে... সদস্যপদ লাভ করে।

**10. বাংলাদেশের সংবিধান গৃহীত হবার সময় রাষ্ট্রপতি কে ছিলেন?**

Ⓐ জনাব মোহাম্মদ উল্লাহ Ⓑ শেখ মুজিবুর রহমান
Ⓒ বিচারপতি আবু সাঈদ চৌধুরী Ⓓ বিচারপতি আহসানউদ্দীন চৌধুরী

Ⓒ Solve বাংলাদেশের সংবিধান ১৯৭২ সালের ৪ নভেম্বর গৃহীত হয় এবং তা ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর কার্যকর হয়। সংবিধান গৃহীত হবার সময় রাষ্ট্রপতি ছিলেন বিচারপতি আবু সাঈদ চৌধুরী এবং প্রধানমন্ত্রী ছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।



CamScanner

**11. ডেটন শান্তি চুক্তি কোন সংকটের অবসান ঘটায়?**

Ⓐ কসোভো Ⓑ বসনীয় Ⓒ সোমালীয় Ⓓ চেচনীয়

B Solve ১৯৯৫ সালে বসনিয়া, সার্বিয়া ও ক্রোয়েশিয়ার মধ্যে ডেটন চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তির উদ্যোক্তা ছিলেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন। এ চুক্তির ফলে বসনিয়া ও হার্জেগোভিনার যুদ্ধ অবসান হয়।

**12. আন্তর্জাতিক আদালতের কার্যালয় কোথায় অবস্থিত?**

Ⓐ বন Ⓑ হেগ Ⓒ জেনেভা Ⓓ অসলো

B Solve স্থায়ী সালিশি আদালত নামে পরিচিত আন্তর্জাতিক আদালতের সদর দপ্তর নেদারল্যান্ডের হেগে অবস্থিত। আন্তর্জাতিক আদালতের বিচারকের সংখ্যা ১৫ জন। আদালতে ৩ বছরের জন্য সভাপতি নির্বাচিত হন।

**13. বঙ্গোপসাগরের কোন অঞ্চলে গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়েছে?**

Ⓐ সাঙ্গু Ⓑ কুতুবদিয়া Ⓒ নিঝুম দ্বীপ Ⓓ কুয়াকাটা

A Solve বর্তমানে বাংলাদেশে ২৯টি গ্যাসক্ষেত্র রয়েছে। প্রথম গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়েছিলো ১৯৫৫ সাল সিলেটের হরিপুরে। সাঙ্গু গ্যাসক্ষেত্র বাংলাদেশের একটি সামুদ্রিক গ্যাসক্ষেত্র যা বঙ্গোপসাগরে অবস্থিত।

**14. চিরস্থায়ী বন্দোবস্ত কোন সনে প্রবর্তিত হয়?**

Ⓐ ১৭৭৫ Ⓑ ১৭৯২ Ⓒ ১৭৯৩ Ⓓ ১৮৫৭

C Solve সূর্যাস্ত আইন নামে পরিচিত চিরস্থায়ী বন্দোবস্ত ১৭৯৩ সালের ২২ মার্চ লর্ড কর্ণওয়ালিস প্রবর্তন করেন। এ ব্যবস্থায় সূর্য অস্ত যাওয়ার আগে কর দিতে ব্যর্থ হলে জমিদারি কেড়ে নেওয়া হতো।

**15. বিশ্ব পরিবেশ দিবস কোনটি?**

Ⓐ ৫ মার্চ Ⓑ ৫ মে Ⓒ ৫ জুন Ⓓ ৫ জুলাই

C Solve

আনুষ্ঠানিক নাম : জাতিসংঘ বিশ্ব পরিবেশ দিবস
অন্য নাম : ইকো দিবস, পরিবেশ দিবস
শুরু : ৫ জুন, ১৯৭৪
তারিখ : ৫ জুন।

দিবসটি বিশ্বের বা একটি নির্দিষ্ট দেশের সম্মুখীন পরিবেশগত সমস্যা সম্পর্কে বিশ্বব্যাপী সচেতনতা সৃষ্টি করতে পালন করা হয়।

**16. কোন তারিখে বাবরি মসজিদ ধ্বংস করা হয়?**

Ⓐ ১৪ আগস্ট, ১৯৯০ Ⓑ ১৭ নভেম্বর, ১৯৯১
Ⓒ ৭ মার্চ, ১৯৯২ Ⓓ ৬ ডিসেম্বর, ১৯৯২

D Solve বাবরি মসজিদ ভারতের উত্তর প্রদেশের ফৈজাবাদ জেলার অযোধ্যা শহরের রামকোট হিলের উপর অবস্থিত একটি মসজিদ। এটি ভারতের উগ্রপন্থী হিন্দুদের দ্বারা ১৯৯২ সালের ৬ ডিসেম্বর ধ্বংসপ্রাপ্ত হয়। মসজিদটি ১৫২৭ সালে ভারতের প্রথম মুঘল সম্রাট বাবরের আদেশে নির্মিত হয়।

**17. নিচের কোনটি স্থলবেষ্টিত দেশ নয়?**

Ⓐ নেপাল Ⓑ আফগানিস্তান Ⓒ ভুটান Ⓓ ভিয়েতনাম

D Solve বিশ্বের মোট ৪৪টি দেশের নিজস্ব সমুদ্রবন্দর নেই। সমুদ্রবন্দরবিহীন দেশ সমূহকে স্থলবেষ্টিত দেশ বলা হয়। যেমন: নেপাল, ভুটান, আফগানিস্তান, লাওস প্রভৃতি।

**18. বড়পুকুরিয়া কোন জেলায় অবস্থিত?**

Ⓐ সিলেট Ⓑ দিনাজপুর Ⓒ রংপুর Ⓓ পাবনা

B Solve বড় পুকুরিয়া কয়লাখনি বাংলাদেশের সবচেয়ে বড় কয়লাখনি। এটি আবিষ্কৃত হয় ১৯৮৫ সালে।

**19. নিচের কোন দেশটি বলকান উপদ্বীপে অবস্থিত নয়?**

Ⓐ পর্তুগাল Ⓑ বসনিয়া Ⓒ ক্রোয়েশিয়া Ⓓ সার্বিয়া

A Solve বলকান রাষ্ট্রসমূহ: (১) বুলগেরিয়া, (২) রুমানিয়া, (৩) আলবেনিয়া, (৪) গ্রিস, (৫) সার্বিয়া, (৬) যুগোস্লাভিয়া, (৭) মেসিডোনিয়া, (৮) স্লোভেনিয়া, (৯) ক্রোয়েশিয়া, (১০) বসনিয়া হার্জেগোভিনা, (১১) হাঙ্গেরী।

**20. বাংলাদেশ ব্যাংকের বর্তমান গভর্নর কে?**

Ⓐ ড. ফখরুদ্দিন আহমেদ Ⓑ ফজলে কবির
Ⓒ ড. মোঃ ফরাসউদ্দিন Ⓓ ড. সোহরাব আলম

B Solve বাংলাদেশ ব্যাংক বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক। এটি ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশ ব্যাংকের প্রথম গভর্নর ছিলেন আ.ন.ম হামিদুল্লাহ এবং সর্বশেষ ১৩তম গভর্নর আহসান এইচ মনসুর।

**21. মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশ মোট কয়টি সেক্টরে বিভক্ত ছিল?**

Ⓐ ৯ Ⓑ ১০ Ⓒ ১১ Ⓓ ১৩

C Solve মুজিবনগর সরকারের তৎকালীন প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের নির্দেশে প্রধান সেনাপতি এম.এ.জি ওসমানী দেশকে ১১টি সেক্টরে ভাগ করেন। এর মধ্যে ১০ নম্বর সেক্টরটি ব্যতিক্রম ছিল। এটি নৌ সেক্টর হিসেবে ব্যবহৃত হতো এবং কোনো নিয়মিত সেক্টর কমান্ডার ছিল না।

**22. বাংলার প্রথম স্বাধীন সুলতান কে ছিলেন?**

Ⓐ ফখরুদ্দিন মুবারক শাহ Ⓑ গিয়াসুদ্দিন আজম শাহ
Ⓒ শামসুদ্দিন ফিরোজ শাহ Ⓓ আলাউদ্দিন হুসেন শাহ

A Solve ১৩৩৮ সালে বাহরাম খানের মৃত্যুর পর তাঁর রাজকর্মচারী ফখরুদ্দীন মোবারক শাহ সোনারগাঁয়ের সিংহাসনে বসেন এবং সোনারগাঁয়ের স্বাধীনতা ঘোষণা করেন। তিনি প্রথম বাংলায় স্বাধীন সুলতানি যুগের সূচনা করেন। তাঁর সময়ে মরক্কোর পরিব্রাজক ইবনে বতুতা বাংলায় আসেন।

**23. 'Operation Defensive Shield' কাদের বিরুদ্ধে পরিচালিত হয়েছিল?**

Ⓐ ফিলিস্তিন Ⓑ ইরাকি Ⓒ আফগান Ⓓ কাশ্মিরি

A Solve ২০০২ সালে ইসরাইল সেনাবাহিনী কর্তৃক ফিলিস্তিনিদের বিরুদ্ধে পরিচালিত অভিযান।

**24. কোন্ দেশের সংবিধান প্রধানত অলিখিত?**

Ⓐ মার্কিন যুক্তরাষ্ট্র Ⓑ যুক্তরাজ্য Ⓒ ফ্রান্স Ⓓ রাশিয়া

B Solve ব্রিটেন, নিউজিল্যান্ড, স্পেন ও সৌদি আরবের কোনো লিখিত সংবিধান নেই। বাংলাদেশের সংবিধান লিখিত ও দুষ্পরিবর্তনীয়। বিশ্বের সবচেয়ে বড় সংবিধান ভারতের এবং সবচেয়ে ছোট সংবিধান মার্কিন যুক্তরাষ্ট্রের।

**25. আফ্রিকা ও ইউরোপ মহাদেশদ্বয়কে বিভক্তকারী প্রণালি কোনটি?**

Ⓐ মালাক্কা Ⓑ জিব্রাল্টার Ⓒ পক Ⓓ বেরিং

B Solve জিব্রাল্টার প্রণালী আফ্রিকা ও ইউরোপকে পৃথক করেছে এবং উত্তর সাগর ও বেরিং সাগরকে সংযুক্ত করেছে।

## সাধারণ জ্ঞান

**01. রাষ্ট্রের প্রতি নাগরিকদের প্রধান কর্তব্য কী?**

Ⓐ আইন মান্য করা Ⓑ ভোট দান Ⓒ আনুগত্য প্রকাশ করা Ⓓ কর প্রদান করা

C Solve রাষ্ট্রের চারটি উপাদানের মধ্যে জনসমষ্টি গুরুত্বপূর্ণ। জনসমষ্টি বা নাগরিক রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ, আইন মান্য তথা রাষ্ট্রের জন্য কল্যাণকর কাজ করবে।

**02. "গণতন্ত্র শ্রেষ্ঠ ও উৎকৃষ্ট শাসনব্যবস্থা"- উক্তিটি কার?**

Ⓐ মিল Ⓑ প্লেটো Ⓒ অ্যারিস্টটল Ⓓ লর্ডব্রাইস

D Solve "গণতন্ত্র শ্রেষ্ঠ ও উৎকৃষ্ট শাসনব্যবস্থা" - লর্ড ব্রাইস।

**03. বহুস্বামী বিবাহ ভিত্তিক পরিবার কোন্ সমাজে দেখা যায়?**

Ⓐ মঙ্গোলীয় Ⓑ ভারতীয় Ⓒ গারো Ⓓ টোডা উপজাতি

D Solve একজন মহিলার যখন একই সময়ে একাধিক স্বামী থাকে সেই বিবাহকে বহুস্বামী বিবাহ বলা হয়। ভারতের টোডা উপজাতির মধ্যে বহুস্বামী বিবাহ প্রচলিত আছে।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

04. কত সালে বাংলাদেশে প্রথম কাগজকল স্থাপিত হয়?
(A) ১৯৪৯ সালে (B) ১৯৫০ সালে (C) ১৯৫৩ সালে (D) ১৯৬২ সালে
C Solve বাংলাদেশের প্রথম কাগজ কল কর্ণফুলী পেপার মিল ১৯৫৩ সালে রাঙামাটির চন্দ্রঘোনায় স্থাপিত হয়। এ মিল পরিচালনা দিয়েছে শিল্প মন্ত্রণালয়।

05. কোন ব্রিটিশ শাসকের সময়ে ভারত উপমহাদেশ স্বাধীন হয়?
(A) লর্ড মাউন্টব্যাটেন (B) লর্ড কর্নওয়ালিস (C) লর্ড ক্লাইভ (D) লর্ড ডালহৌসী
A Solve ভারতের সর্বশেষ ব্রিটিশ ভাইসরয় ছিলেন লর্ড মাউন্টব্যাটেন। তাঁর সময়ে ভারতীয় উপমহাদেশ স্বাধীন হয়। তিনি স্বাধীন ভারতের প্রথম গভর্নর জেনারেল ছিলেন।

06. ডেনমার্কের রাজধানীর নাম কী?
(A) বন (B) লন্ডন (C) কোপেনহেগেন (D) ভিয়েনা
C Solve স্ক্যান্ডিনেভিয়ান দেশগুলোর মধ্যে ডেনমার্ক অন্যতম। কোপেনহেগেন ডেনমার্কের রাজধানী।

07. পৌরনীতির অন্যতম আলোচ্য বিষয় কী?
(A) নাগরিক অধিকার (B) নাগরিক কর্তব্য
(C) নাগরিকদের রাজনৈতিক অধিকার (D) নাগরিক অধিকার ও কর্তব্য
D Solve পৌরনীতির অন্যতম আলোচ্য বিষয় হলো নাগরিক অধিকার ও কর্তব্য।

08. রাষ্ট্রের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ উপাদান কোনটি?
(A) নির্দিষ্ট ভূখণ্ড (B) জনসমষ্টি (C) সরকার (D) সার্বভৌমত্ব
D Solve রাষ্ট্রের উপাদান ৪টি। যথা: (১) নির্দিষ্ট ভূ-খণ্ড, (২) জনসমষ্টি, (৩) সরকার, (৪) সার্বভৌমত্ব। সার্বভৌমত্ব হলো কোনো দেশের বহিঃশত্রুর আক্রমণ থেকে নিজেদের রক্ষা করার শক্তি/সামর্থ্য।

09. সমাজের উৎপত্তি কোথা থেকে?
(A) রাষ্ট্র থেকে (B) পরিবার থেকে (C) সমাজ থেকে (D) শহর থেকে
C Solve মানুষের ক্ষেত্রে একাধিক ব্যক্তি একক হয়ে লিখিত কিংবা অলিখিত নিয়ম কানুন তৈরি করত। এরকম একত্র বসবাসের অবস্থাকে সমাজ বলে। সমাজ থেকে সমাজের উৎপত্তি হয়।

10. কোন বন্দরকে বাংলাদেশের প্রবেশদ্বার বলা হয়?
(A) চট্টগ্রাম (B) মংলা (C) ঢাকা (D) চাঁদপুর
A Solve বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের চট্টগ্রাম জেলায় চট্টগ্রামবন্দর অবস্থিত। এটি বাংলাদেশের প্রবেশদ্বার এবং অন্যতম সমুদ্রবন্দর।

11. উৎপাদনের উপকরণ কয়টি?
(A) একটি (B) দুটি (C) চারটি (D) পাঁচটি Ans C

12. কুমিল্লায় পল্লি উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠিত হয় কত সালে?
(A) ১৯৫৯ সালে (B) ১৯৭০ সালে (C) ১৯৭২ সালে (D) ১৯৭৫ সালে
A Solve বাংলাদেশের পল্লি এলাকার চরম দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ১৯৫৯ সালে অধ্যক্ষ আখতার হামিদ খান Bangladesh Academy for Rural Development (BARD) প্রতিষ্ঠা করেন। এটি কুমিল্লার কোটবাড়িতে অবস্থিত।

13. জাতীয় অপরাধ কোনটি?
(A) রাজনীতি করা (B) ঘুষ নেওয়া ও দেওয়া
(C) ঠিক সময় অফিসে না যাওয়া (D) বিবাহ বিচ্ছেদ করা Ans B

14. কোন সালে মুসলিম লীগ গঠিত হয়?
(A) ১৯০৪ সালে (B) ১৯০৫ সালে (C) ১৯০৯ সালে (D) ১৯০৬ সালে
D Solve মুসলমানদের বিভিন্ন দাবি দাওয়া আদায়ের লক্ষ্যে এবং বঙ্গভঙ্গের পক্ষে জনসমর্থন তৈরির জন্য ১৯০৬ সালে নবাব সলিমুল্লাহ কর্তৃক ঢাকায় মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়।

15. আন্তর্জাতিক আদালতের সদরদপ্তর কোথায়?
(A) নিউইয়র্ক (B) নেদারল্যান্ডের হেগ শহরে
(C) জেনেভা (D) প্যারিস Ans B

16. বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির অর্থনৈতিক কারণ কোনটি?
(A) জীবনযাত্রার নিম্নমান (B) সামাজিক কুসংস্কার
(C) চিত্তবিনোদনের অভাব (D) অল্পবয়সে বিবাহ

17. ভারতের মুসলিম জাগরণের প্রথম অগ্রদূত কে?
(A) এ, কে ফজলুল হক (B) স্যার সৈয়দ আহমদ খান
(C) নবাব সলিমুল্লাহ (D) আবুল কালাম আজাদ
B Solve আলীগড় আন্দোলনের প্রবক্তা স্যার সৈয়দ আহমদ খান ভারতের মুসলিম জাগরণের প্রথম অগ্রদূত। তিনি ১৮৭৫ সালে অ্যাংলো ওরিয়েন্টাল কলেজ" প্রতিষ্ঠা করেন।

18. কুরআনের প্রথম বাংলা বঙ্গানুবাদ করেন কে?
(A) নাসিরউদ্দিন (B) কেশব চন্দ্র (C) আকরাম খান (D) ভাই গিরিশচন্দ্র
D Solve ভাই গিরিশচন্দ্র সেন (জন্ম : ১৮৩৪ - মৃত্যু : ... নারায়ণগঞ্জের পাঁচদোনায় জন্মগ্রহণ করেন। তাঁর প্রধান পরিচয় ইসলাম ... পবিত্র ধর্মগ্রন্থ কুরআন- এর প্রথম বাংলা অনুবাদক হিসেবে।

19. কোন অর্থনীতিবিদ অর্থনীতিকে 'সম্পদের বিজ্ঞান' নামে অভিহিত করেন?
(A) অ্যাডাম স্মিথ (B) আলফ্রেড মার্শাল (C) এল, রবিনস (D) কেয়ানস ...
A Solve আধুনিক অর্থশাস্ত্রের জনক অ্যাডাম স্মিথ স্কটল্যান্ডের ... ছিলেন। তিনি অর্থনীতিকে "সম্পদের বিজ্ঞান" নামে অভিহিত করেন।

20. নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্যপদ কয়টি?
(A) ৭টি (B) ৫টি (C) ৯টি (D) ১৫টি
B Solve জাতিসংঘের নিরাপত্তা পরিষদ স্বস্তি পরিষদ নামে পরিচিত। ৫টি স্থায়ী এবং ১০টি অস্থায়ী সদস্যদেশসহ মোট ১৫টি সদস্যদেশ রয়েছে। ... ৫টি দেশ হলো: যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, রাশিয়া, ফ্রান্স ও চীন।

21. স্বাভাবিক ও কাঙ্ক্ষিত আচরণের পরিপন্থী আচরণই হলো-
(A) অপরাধ (B) শৃঙ্খলা (C) বিচ্যুতি (D) সহমর্মিতা Ans C

22. যেকোনো দেশের অর্থনৈতিক উন্নয়নে কোন সম্পদ গুরুত্বপূর্ণ?
(A) প্রাকৃতিক সম্পদ (B) খনিজ সম্পদ (C) জনসম্পদ (D) বনজ সম্পদ
A Solve প্রকৃতিতে পাওয়া যে সকল সম্পদ মানুষ তার চাহিদা পূরণের জন্য ব্যবহার করে থাকে তাকে প্রাকৃতিক সম্পদ বলে।

23. অর্থনীতিতে 'বাজার' বলতে কী বুঝায়?
(A) জিনিসপত্র ক্রয়-বিক্রয়ের স্থানকে বুঝায়
(B) দ্রব্য বিক্রয়ের কোনো এলাকাকে বোঝায়
(C) একটি দ্রব্য, তার ক্রেতা ও বিক্রেতা এবং দামকে বোঝায়
(D) দ্রব্যের ক্রয়-বিক্রয় নিয়ে দর কষাকষিকে বোঝায়
C Solve অর্থনীতিতে বাজার বলতে একটি দ্রব্য তার ক্রেতা ও বিক্রেতা এবং দামকে বোঝায়।

24. 'দ্য প্রিন্স' গ্রন্থের লেখক কে?
(A) অ্যারিস্টটল (B) ম্যাকিয়াভেলি (C) জন লক (D) রুশো
B Solve "দ্য প্রিন্স" গ্রন্থের লেখক নিকোলো ম্যাকিয়াভেলি। এর মূল প্রতিপাদ্য বিষয় হচ্ছে রাষ্ট্র পরিচালনায় সাফল্যের জন্য একজন প্রশাসকের নৈতিক মূল্যবোধ সম্পূর্ণ বিসর্জন দিতে হবে এবং নির্ভর করতে হবে শক্তি ও কৌশলের উপর।

25. ফরাসি বিপ্লব সংঘটিত হয়-
(A) ১৮৮৯ সালে (B) ১৯৮৯ সালে (C) ১৯৮৯ সালে (D) ১৭৮৯ সালে
D Solve ১৭৮৯ সালের ১৪ জুলাই ফরাসি বিপ্লব সংঘটিত হয়। এ সময় ষোড়শ লুই ফ্রান্সের রাজা ছিলেন। রুশো ও ভলটেয়ার এই দুইজন দার্শনিক লেখনির মাধ্যমে ফরাসি বিপ্লবকে অনুপ্রেরণা দান করেছিল।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner